# লেখক ও সম্পাদকের অভিধান



আনন্দবাজার পত্রিকা ব্যবহার বিধি

ভাষা, বাক্য, শব্দ, অর্থ, ব্যাকরণবিধি ও বাগ্‌ধারা, এবং প্রাসঙ্গিক অন্যান্য নানা ক্ষেত্রে যা শুদ্ধ রীতি বলে মান্য হবার যোগ্য, তারই সন্ধান-কর্মে নিযুক্ত রয়েছে 'আনন্দবাজার পত্রিকা ব্যবহারবিধি'র অন্তর্ভূত গ্রন্থমালা। ভাষা যদি হয় একের ভাবনাকে অন্যের কাছে পৌঁছে দেবার মাধ্যম, তা হলে কীভাবে সেই মাধ্যমকে ব্যবহার করা সংগত, বাক্যের গঠন ও শব্দনির্বাচনই বা কেমন হওয়া উচিত, আবার যা আমাদের স্বাভাবিক বাগ্‌ধারা, তার সঙ্গেই বা আমাদের ভাষার সংগতি কীভাবে রক্ষিত হতে পারে, এই গ্রন্থমালা বস্তুত তারই পন্থা নির্দেশ করছে।

ভাষার উদ্‌ভব, বিকাশ ও রূপান্তর—একে-একে সবই এসে যাচ্ছে এই গ্রন্থমালার পরিকল্পিত বৃত্তে। একই সঙ্গে ভাবা হচ্ছে এমন কয়েকটি কোষগ্রন্থ ও শব্দাভিধানের কথাও, ঠিক যে-ধরনের কোষগ্রন্থ ও অভিধান ইতিপূর্বে অন্তত বাংলা ভাষায় রচিত হয়নি। যাঁর যে-বিষয়ে চর্চা অথবা অধিকার, তাঁরই উপরে ন্যস্ত সেই বিষয়ে গ্রন্থরচনার দায়িত্ব।

ব্যবহারবিধি-গ্রন্থমালায় প্রকাশিত প্রতিটি অভিমতই যে আনন্দবাজার পত্রিকার, এমন নয়। কিন্তু তাতে কিছু আসে-যায় না। এই পত্রিকা আসলে এ-ক্ষেত্রেও তৈরি করে তুলতে চায় এমন একটি পরিমণ্ডল, নানা বিষয়ে পারঙ্গম ব্যক্তিরা যেখানে সম্পূর্ণ স্বাধীনভাবে আপনাপন অভিমত ও সিদ্ধান্ত ব্যক্ত করতে পারবেন।

ISBN 81-7215-244-2

যাঁরাই লেখেন, তাঁরাই অনুভব করেন যে, লিখতে গেলে কত ধরনের সমস্যা দেখা দেয়। ২৫শে বৈশাখ লিখব, না ২৫ বৈশাখ? ২ মার্চ না ২রা মার্চ? সাল বোঝাতে ৯৪ না '৯৪? তেলেগু না তেলুগু? প্লাষ্টার না প্লাস্টার? ইংগট না ইনগট?
মনেই পড়ে না, কবে বেরিয়েছিল রবীন্দ্রনাথের 'নৌকাডুবি' বা নজরুলের 'অগ্নিবীণা' কিংবা ক্ষীরোদাপ্রসাদের 'আলিবাবা'। কবে জন্মেছিলেন কবি তরু দত্ত? মৃত্যুই বা কোন্ সালে? কখন কমা, হাইফেনই বা কখন?
একই ধরনের সমস্যা দেখা দেয় সম্পাদনার ক্ষেত্রেও। সতর্ক, অসতর্ক, বানান-জানা, না-জানা—হরেক লেখকের হরেক বিষয়ে লেখার প্রেসকপি তৈরি করেন সম্পাদক। তথ্যের যথার্থতা, যতিচিহ্নের শুদ্ধতা, বানানের সমতা—প্রতিটি ক্ষেত্রে লক্ষ রাখতে হয় তাঁকে। লেখকরা যেমন, সম্পাদকরাও তেমনই তাঁদের লেখালেখি ও সম্পাদনার কাজের সূত্রে তাই কেবলই হাতড়ে বেড়ান নানান কোষগ্রন্থ, অভিধান, আনুষঙ্গিক গ্রন্থরাজি।
ইংরেজি ভাষার লেখক-সম্পাকদের হাতের নাগালে কিন্তু নানান সহায়ক অভিধান। যেমন, অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেসের রাইটার্জ ডিকশনারি কিংবা পেঙ্গুইন ডিকশনারি ফর রাইটার্জ অ্যান্ড এডিটর্জ। সংশয় দেখা দিলেই এই ধরনের অভিধানের উপর একবার চোখে বুলিয়ে নেন তাঁরা। অথচ বাংলা ভাষায় এই জাতীয় অভিধান একটিও নেই।
সেই অভাব মেটাতেই এই সংগ্রহের পরিকল্পনা। বাংলা ভাষার প্রতিটি লেখক, পাঠক, সম্পাদকের নিয়ত প্রয়োজনের কথা ভেবে রচিত হয়েছে অনন্য এই অভিধান। এখানে রয়েছে বহু ধরনের তথ্য, বহু সংশয়ের নিরসন। শব্দ ও ভাষা ব্যবহারের, বানান ও বিরামচিহ্নের প্রয়োগের নিয়মকৌশল। এমন বহু কিছু, জরুরি সব-কিছু।



# বাংলা

## লেখক ও সম্পাদকের

# অ ভি ধা ন

আনন্দবাজার পত্রিকা ব্যবহারবিধি
গ্রন্থমালা

আনন্দ

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা | ৭ |
| কেন এই অভিধান ? | ৯ |
| কী আছে এই অভিধানে ? | ১১ |
| এই অভিধান ব্যবহারের নিয়ম | ১৫ |
| সহায়ক গ্রন্থের তালিকা | ১৭ |
| এই অভিধানে ব্যবহৃত সংকেতের ব্যাখ্যা | ১৯ |
| লেখক ও সম্পাদকের অভিধান | ২১ |
| পরিশিষ্ট ১ | ১৮৫ |
| পরিশিষ্ট ২ | ১৯০ |
| পরিশিষ্ট ৩ | ১৯১ |
| পরিশিষ্ট ৪ | ১৯২ |

# ভূমিকা

এই অভিধানটির পরিকল্পনা আনন্দবাজার পত্রিকা লিমিটেডের প্রধান সম্পাদক শ্রী অভীক সরকারের। বাংলাভাষায় এই ধরনের একখানি অভিধান সংকলিত হলে একদিকে বাংলাভাষা-চর্চায় নতুন মাত্রা যেমন যোজিত হবে, তেমনই অন্যদিকে পাঠক লেখক সম্পাদক সকলেই হাতের কাছে এমন একটি বই পেয়ে উপকৃত হবেন এই ছিল পরিকল্পনাটির ভিত্তি। এক হিসাবে এটি বাংলায় অভিনব অভিধান। এবং এমন একটি অভিধান রচনার দায়িত্ব দিয়ে শ্রীসরকার আমাকে সম্মানিত করেছেন নিঃসন্দেহে। শুধু তাই নয়, প্রয়োজনীয় বই জুগিয়ে তিনি আমার কাজ সহজও করে দিয়েছেন। তাঁর কাছে আমি গভীরভাবে কৃতজ্ঞ।

এই অভিধান রচনার বিভিন্ন পর্যায়ে এবং সাধারণভাবে আমার অভিধানচর্চায় অনেকের কাছ থেকেই উপদেশ পরামর্শ ও সাহায্য পেয়েছি। তাঁদের মধ্যে শ্রীনীরেন্দ্রনাথ চক্রবর্তী, শ্রীশঙ্খ ঘোষ, শ্রীপবিত্র সরকার এবং শ্রীরমেন ভট্টাচার্যের নাম সর্বাগ্রগণ্য। এসব ক্ষেত্রে শ্রীনিখিল সরকার (শ্রীপান্থ) আড়ালে থাকতেই ভালোবাসেন। কিন্তু তাঁর অভিভাবকসুলভ নির্দেশনা আমার মস্ত সহায়। আর শ্রীবাদল বসুর সাহায্য ও পরামর্শ তো অবিস্মরণীয়। এই বইয়ের প্রকাশন-সংক্রান্ত যাবতীয় বিশেষজ্ঞতার অধিকারী তিনি।

**সুভাষ ভট্টাচার্য**

# কেন এই অভিধান ?

বাংলাভাষায় সম্প্রতি অভিধানচর্চায় একটা উল্লেখযোগ্য ব্যস্ততা ও অগ্রগতি সচেতন পাঠকমাত্রেই লক্ষ করে থাকবেন। সুবৃহৎ অভিধানের যেমন অভাব নেই, তেমনই সংক্ষিপ্ত নিয়তব্যবহার্য অভিধানও আছে। তবু কেন এই অভিধান ? কী আছে এই অভিধানে যা অন্য অভিধানে অপ্রাপণীয় ? কোথায় এই অভিধানের অসংশয়িত স্বাতন্ত্র্য ?

বলা বাহুল্য, এই অভিধান ইতিপূর্বে প্রকাশিত অন্য সমস্ত, বাংলা অভিধান থেকে স্বতন্ত্র। অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেসের রাইটার্জ ডিকশনারি এবং পেঙ্গুইন ডিকশনারি ফর রাইটার্জ অ্যান্ড এডিটর্জ এর আদলে পরিকল্পিত, কিন্তু সম্পূর্ণভাবে বাংলার পাঠক লেখক ও সম্পাদকদের বিশেষ প্রয়োজন মেটাবার জন্য রচিত হয়েছে এই অভিধান। ইংরেজি ভাষায় নানা ধরনের স্টাইলশিট আছে, আছে রাইটার্জ ম্যানুয়েল যাতে থাকে লেখক পাঠক সম্পাদকদের সাহায্যের জন্য বহু রকমের তথ্য, থাকে বহু সংশয়ের নিরসন। যেমন আছে শিকাগো ম্যানুয়েল অব স্টাইল, দ্য র‍্যানডম হাউজ হ্যান্ডবুক, প্রেনটিস-হল হ্যান্ডবুক ফর রাইটার্জ এবং টুরাবিয়ান-এর বিখ্যাত ম্যানুয়েল ফর রাইটার্জ প্রভৃতি বইয়ে। এইসব ম্যানুয়েল বা হ্যান্ডবুকে শব্দ ও ভাষাব্যবহারের নানান নিয়ম ও কৌশলের বিবৃতি পাঠক ও লেখকদের প্রচুর সাহায্য করে। বানান ও বিরামচিহ্ন ব্যবহারের নিয়ম, সংখ্যাশব্দ লেখার নিয়ম, শীর্ষক শব্দের (abbreviation) নিয়ম, উদ্ধৃতিচিহ্ন প্রয়োগের নিয়ম প্রভৃতি বহু উপকারী তথ্য পরিবেষিত হয় ওইসব গ্রন্থে। তবে এইসব তথ্য সেখানে বর্ণানুক্রমিকভাবে সাজানো থাকে না, বিষয়-অনুসারে পরপর বিবৃত হয়। অন্যদিকে রাইটার্জ ডিকশনারিতে এইসব তথ্যের বিবৃতি ও সমাবেশ বর্ণানুক্রমিক এবং সেই কারণে পাঠকের পক্ষে বেশি সুবিধাজনক।

আমাদের এই অভিধানটি বাংলাভাষার প্রথম লেখক-সম্পাদকের অভিধান। একথা অস্বীকার করা যাবে না যে এর মূল পরিকল্পনায় উপরে উল্লিখিত কোনো-কোনো রাইটার্জ ডিকশনারি ও ম্যানুয়েলের প্রভাব আছে। তবে একথাও বলা প্রয়োজন যে এই অভিধানটি সম্পূর্ণভাবে বাঙালি পাঠক লেখক ও সম্পাদকদের প্রয়োজনের কথা মনে রেখেই রচিত হয়েছে। বাংলাভাষায় যিনি যৎকিঞ্চিৎ'ও লিখে থাকেন, তিনিও এই অভিধানটিকে অপরিহার্য বিবেচনা করবেন এমন আশা করা অনুচিত বা অযৌক্তিক নয়। এমন-কী যাঁদের বাংলাভাষা চর্চা নিছক কিছু চিঠিপত্র রচনায় সীমাবদ্ধ এই অভিধান তাঁদেরও বিমুখ করবে না।

# কী আছে এই অভিধানে ?

অন্য সমস্ত অভিধান থেকে এটি যে স্বতন্ত্র সেকথা আগেই বলা হয়েছে। কিন্তু কীসে স্বতন্ত্র কেন স্বতন্ত্র সেকথাও তো বলা প্রয়োজন। এই অভিধানের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে সাজিয়ে দেওয়া যাক।

## ক. বাংলা শব্দের বানানের নির্দেশ

বাংলা শব্দের, বিশেষত অসংস্কৃত শব্দের, বানানের প্রশ্নটি আজও অমীমাংসিত ও অনির্ধারিত। আনন্দবাজার পত্রিকা ব্যবহারবিধি অর্থাৎ নীরেন্দ্রনাথ চক্রবর্তী সম্পাদিত 'বাংলা কী লিখবেন কেন লিখবেন', রমেন ভট্টাচার্যের 'বাংলা বানানের নিয়ম ও অনিয়ম', পরেশচন্দ্র মজুমদারের 'বাঙলা বানানবিধি', প্রভৃতি গ্রন্থ বানানের বিশৃঙ্খলা ও জটিলতা দূরীকরণে নিশ্চয় সাহায্য করবে। কিন্তু সংশয় ও অনিশ্চয়তা এখনও এতটাই বেশি যে একটি শব্দের ভুল ও শুদ্ধ নানান বানানের মধ্যে কোনটি লেখ্য, কোনটি গ্রহণীয় তার স্পষ্ট নির্দেশ সাধারণ পাঠকের পক্ষে অতীব প্রয়োজনীয়। অনেক ক্ষেত্রে একটি শব্দের যেসব বানান এখনও অল্পাধিক প্রচলিত সেগুলির কোনোটিকেই হয়তো ভুল বলা চলে না। সেসব ক্ষেত্রে কোন বানানটি সংগত তারও নির্দেশ থাকা জরুরি। এই অভিধানে ঠিক সেই কাজটিই করা হয়েছে। অভিধানের ভিতর থেকে কয়েকটি শব্দের বানান সম্বন্ধে বিবৃতি যেমন-যেমন আছে ঠিক সেইভাবেই দেখানো হল—

**আতশ**। 'আতস' বর্জিত।
**ঘুটঘুট, ঘুটঘুটে**। -ট্- নয়।
**দায়ী** -য়ি নয়।
**চুলকানো** ক্রি·বি· -ন নয়।

বহু শব্দের বানান সুনির্দিষ্ট হলেও পাঠক ও লেখকদের সংশয় অসম্ভব নয়। তাঁদের সংশয়-নিরসনেরও ব্যবস্থা আছে—

**পুলস্ত্য** পৌরাণিক ঋষিবিশেষ। য-ফলা আবশ্যিক।
**পুলোমা** পুরাণোক্ত ভৃগুমুনির পত্নী। 'পুলমা' নয়।
**পূর্বফল্গুনী** নক্ষত্রবিশেষ। একটি শব্দ। 'পূর্বফাল্গুনী' নয়।

বিদেশি ভাষা থেকে আগত শব্দের বানান কেমন হবে তার নিয়মাবলিও সম্পূর্ণ নিরূপিত হয়নি। তবে যুক্তি ও প্রচলনের মধ্যে সামঞ্জস্য অনুযায়ী বিদেশি শব্দের বানান বা প্রতিবর্ণীকরণের নির্দেশও এই অভিধানে পাওয়া যাবে—

**অডিসি** Odyssey. 'ওডিসি' নয়।
**অপারেটর** operator. 'অপারেটার' নয়।
**জন্ডিস** কিংবা **জনডিস** jaundice. -ণ্ডি- নয়।

কতকগুলি ক্ষেত্রে শব্দটির যথার্থ লেখ্য রূপটিই কেবল দেখিয়ে দেওয়া হয়েছে—

**অক্সফোর্ড** Oxford.
**অ্যাক্সিস** axis.
**প্লাস্টার** plaster.
**ফজ্জা** Foggia. দক্ষিণ ইতালির শহর।

আবার অনেক ক্ষেত্রে প্রচলিত ভ্রান্ত ধারণার নিরসন করে সংগত রূপটি দেখিয়ে দেওয়া হয়েছে—

**ইংগট** ingot. ধাতুপিণ্ড, ধাতুর বাট। 'ইনগট' নয়।
**গায়ানা** Guyana. পূর্ববর্তী British Guyana-র বর্তমান নাম। 'গিয়ানা' নয়।

**তেলুগু** বর্তমান অন্ধ্রপ্রদেশের প্রধান ভাষা। 'তেলেগু' নয়।

## খ. বিখ্যাত ভারতীয় ও বিদেশি ব্যক্তিবর্গের নাম, জন্ম-মৃত্যু ও কৃতির পরিচয়

এঁদের মধ্যে আছেন সাহিত্যিক, বিজ্ঞানী, দার্শনিক, রাজনীতিবিদ, সংগীতস্রষ্টা প্রভৃতি।

**ওআট, জেমস** James Watt 1736-1819. স্কটিশ আবিষ্কারক।
**ওয়েভেল, আর্চিবল্ড পার্সিভ্যাল** Archibald Percival Wavell 1883-1950. ভারতে ব্রিটিশ শাসনের অন্তিমপর্বের বড়লাট। 'ওয়াভেল' নয়।
**গারিবালদি, জুসেপ্পে** Giuseppe Garibaldi 1807-1882. ইতালীয় দেশপ্রেমিক ও বিপ্লবী।
**তরু দত্ত** ১৮৫৬-১৮৭৭ বাঙালি কবি, লিখেছেন ইংরেজি ভাষায়।

কতকগুলি ক্ষেত্রে বাহুল্যবোধে বা অপ্রয়োজনীয়বোধে শুধু জন্ম-মৃত্যুর হদিশই দেওয়া হয়েছে—

**জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর** ১৮৪৯-১৯২৫।
**দ্বিজেন্দ্রলাল রায়** ১৮৬৩-১৯১৩।
**রবীন্দ্রনাথ ঠাকুর** ১৮৬১-১৯৪১।
**শেকসপিয়ার, উইলিয়াম** William Shakespeare 1564-1616.

আবার কোনো-কোনো ব্যক্তির প্রধান কৃতির উল্লেখও করা হয়েছে—

**অক্ষয়কুমার বড়াল** ১৮৬০-১৯১৯ কবি। প্রধান কাব্য 'এষা', 'প্রদীপ', 'কনকাঞ্জলি'।
**ফণীশ্বরনাথ রেণু** ১৯২১-১৯৭৭ হিন্দি সাহিত্যিক, প্রকৃত নাম ফণীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বিখ্যাত গ্রন্থ 'ময়লা আঁচল'।

## গ. বিখ্যাত গ্রন্থাদির পরিচয়, লেখকের নাম ও প্রকাশকাল

এই অভিধানে বহু বিখ্যাত গ্রন্থের নাম, রচয়িতার নাম ও প্রকাশকাল পাওয়া যাবে। নমুনা হিসাবে কয়েকটির উল্লেখ করা যাক—

**'অগ্নিবীণা'** নজরুল ইসলামের কাব্য (১৯২২)।
**'আলিবাবা'** ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ রচিত নাটক (১৮৯৭)।
**'ক্রন্দসী'** সুধীন্দ্রনাথ দত্তের কাব্য (১৯৩৭)।
**'নৌকাডুবি'** রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস (১৯০৬)।

## ঘ. সাহিত্য রাজনীতি সংবাদপত্র প্রভৃতিতে ব্যবহৃত শব্দের বিবৃতি

অবশ্য এই জাতীয় অভিধানে ব্যাখ্যা সচরাচর সংক্ষিপ্ত হয়ে থাকে। এই অভিধানে ব্যাখ্যা সংক্ষিপ্ত বটে, তবে যথাযথ ও নির্ভুল।

**ট্যাবলয়েড** কিংবা **ট্যাবলয়ড** tabloid. বড় বড় টাইপে শিরোনাম ও প্রচুর ছবিসহ মুদ্রিত স্বাভাবিকের অর্ধেক মাপেব সংবাদপত্র।
**মলমাস** যে মাসে দুটি অমাবস্যা পড়ে অথচ যে মাস রবিসংক্রান্তি-বর্জিত এবং এইজন্য সেই মাসে শুভকার্য নিষিদ্ধ।
**মহাবিষুব** vernal equinox. সূর্যের মেষরাশিতে সংক্রমণ বা চৈত্রসংক্রান্তি।
**সংসদীয় গণতন্ত্র** যে গণতন্ত্রে সংসদ বা প্রতিনিধি-সভা বা পার্লামেন্টই প্রকৃত ক্ষমতার অধিকারী, parliamentary democracy.

## ঙ. সংলগ্ন ও অসংলগ্ন শব্দ

বাংলায় সমাসবদ্ধ শব্দের প্রাচুর্য লক্ষ করা যায়। শুধু গম্ভীর আলোচনাধর্মী ভাষাতেই সমাসবদ্ধ শব্দের প্রয়োগ সীমিত থাকে না। বস্তুতপক্ষে, হালকা ও কথ্যভঙ্গির রচনায়ও সমাসবদ্ধ শব্দের প্রয়োগ অপ্রচুর নয়। বাংলায় সমাসবদ্ধ শব্দ বলতে সচরাচর বুঝি দুটি বা তার বেশি শব্দকে একসঙ্গে জুড়ে একটি শব্দে লেখা কিংবা হাইফেনযুক্ত শব্দ হিসাবে লেখা। আধুনিক বাংলায়

আরও এক রকমের সমাসবদ্ধ শব্দ দেখতে পাওয়া যায়। দুটি বা তিনটি পরস্পর সম্বন্ধযুক্ত শব্দকে একসঙ্গে না জুড়ে পৃথকভাবে লেখা। একে অসংলগ্ন সমাস বলে। কিন্তু কখন একাধিক শব্দকে জুড়ব, কখন হাইফেন দেব আর কখন অসংলগ্ন সমাস হিসাবে পৃথকভাবে লিখব ? এই অভিধানে তারও হদিশ পাওয়া যাবে।

**অকটবিকট** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**অক্ষরজ্ঞান** একটি শব্দ। অনুরূপভাবে, **অক্ষরপরিচয়, অক্ষরবিন্যাস, অক্ষরবৃত্ত, অক্ষরমাত্রিক**।
**দিন-দিন** কিংবা **দিনদিন** ক্রি-বিণ. ক্রমশ। তবে প্রথমটিই অধিকতর সংগত।
**তাইরে-নাইরে** হাইফেন বাঞ্ছিত।
**ঘনবসতি** একটি শব্দ।
**চূড়ামণিযোগ** একটি শব্দ।
**সারস্বত সমাজ** দুটি পৃথক শব্দ।

কোনো গাছ পাখি বা অন্য প্রাণীর নামের সঙ্গে পরপদে যদি -পাখি, -গাছ, -পাতা ইত্যাদি থাকে, তবে দুটি অসংলগ্ন শব্দ হবে, না কি একটি শব্দ হবে তা নির্ভর করবে শব্দটি যথেষ্ট ছোট না বড় তার উপর। যেমন, উটপাখি, কিন্তু মাছরাঙা পাখি।

**বটগাছ** একটি শব্দ। অনুরূপভাবে, **বেলগাছ, জামগাছ, আমগাছ**। কিন্তু **জামরুল গাছ, নারকেল গাছ**।

## চ. বানান সম্বন্ধে গৃহীত নীতি

এই অভিধানে বানান সম্বন্ধে যে নীতি গৃহীত হয়েছে তাতে প্রচলন ও ঔচিত্যের মধ্যে সামঞ্জস্য রক্ষার প্রয়াস লক্ষ করা যাবে। এও লক্ষ করা যাবে যে কয়েকটি ক্ষেত্র ছাড়া অধিকাংশ ক্ষেত্রেই আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড প্রকাশিত এবং শ্রীনীরেন্দ্রনাথ চক্রবর্তী সম্পাদিত 'বাংলা কী লিখবেন কেন লিখবেন' বইয়ে গৃহীত নীতির সঙ্গে আমাদের এই অভিধানে গৃহীত নীতির মিল রয়েছে। পার্থক্যও রয়েছে অবশ্য। সেকথা পরে বলা যাবে। প্রথমে মূল নীতির কথাই বলা যাক—

১. তৎসম শব্দের বানানে রেফের পরে দ্বিত্ব বর্জিত হয়েছে, এমন-কী আচার্য, কার্তিক, বার্ধক্য প্রভৃতি শব্দেও।
২. তৎসম শব্দের অন্ত্য বিসর্গ বর্জিত হয়েছে। উল্লেখযোগ্য ব্যতিক্রম— শনৈঃ শনৈঃ, পুনঃ পুনঃ।
৩. তৎসম শব্দের অন্তে হস্‌চিহ্ন বর্জিত হয়েছে।
৪. তৎসম শব্দের দুটি বিকল্প বানান থাকলে এবং দুটিই প্রায় সমান প্রচলিত হলে সহজতর বিকল্পটি গ্রহণের সুপারিশ করা হয়েছে অর্থাৎ দীর্ঘ-ঈ, দীর্ঘ-ঊ প্রভৃতি বর্জনের যোগ্য বিবেচিত হয়েছে।
৫. তৎসম শব্দে অনুস্বার ও ঙ বৈকল্পিক হলে অনুস্বারই সমর্থনীয় বিবেচিত হয়েছে।
৬. অতৎসম শব্দে দীর্ঘ-ঈ, দীর্ঘ-ঊ বর্জিত হয়েছে।
৭. বিদেশি শব্দে ঋ এবং ঋ-কার বর্জিত হয়েছে, তার পরিবর্তে র-ফলা সমর্থিত হয়েছে (বৃটিশ নয়। ব্রিটিশ গ্রহণীয়)।
৮. অতৎসম শব্দে মূর্ধন্য-ণ বর্জিত হয়েছে।
৯. অতৎসম শব্দে মূর্ধন্য-ষকে সম্পূর্ণ বর্জন করা না গেলেও তার প্রয়োগ কেষ্ট, বিষ্টু, মিষ্টি ইত্যাদি কতকগুলি শব্দের মধ্যে সীমিত রাখার চেষ্টা হয়েছে।
১০. যেসব অতৎসম শব্দে বর্গীয়-জ এবং অন্তঃস্থ-য বৈকল্পিক সেসব শব্দে বর্গীয়-জকেই সমর্থন করা হয়েছে (জোগাড়, জোগান)।
১১. বাংলা ক্রিয়াপদে অনুজ্ঞায় ও-কার সমর্থন করা হয়েছে।
১২. ক্রিয়া-বিশেষ্য -নো গ্রহণীয় (জাগানো, কাঁদানো), কিন্তু অন্যত্র ও-কার নয় (খেলছ, খেলত,

খেলল)।

১৩. অর্থভেদে কি ও কী এই দুয়ের পার্থক্য অবশ্যই বজায় রাখতে হবে।

১৪. নঞর্থক ক্রিয়াপদে না-কে আলাদা রাখতে হবে (যাবে না, খেয়ো না)। কিন্তু -নি যুক্তভাবে ব্যবহৃত হবে (হয়নি, করেনি)।

১৫. কিনা (যেহেতু অর্থে এবং কথার লব্‌জ হিসাবে) এবং কি না (কিংবা না) এই দুয়ের মধ্যে তফাত বজায় রাখা উচিত।

১৬. অতৎসম শব্দে খণ্ড-ৎ বর্জনীয় (নহবত, কাতলা, মতলব)। কিন্তু কয়েকটি ধ্বন্যাত্মক শব্দে খণ্ড-ৎ থাকবে (মচাৎ, কড়াৎ)।

১৭. অ-বাংলা উত্তর-ভারতীয় স্থাননাম ও ব্যক্তিনামের প্রতিবর্ণীকরণে নাগরী লিপিতে যেভাবে লিখিত হয় আমরা সাধারণভাবে তাই আপাতত অনুসরণের পক্ষপাতী ; তবে কয়েকটি ক্ষেত্রে বিকল্পের কথাও বলেছি। কোনো-কোনো ক্ষেত্রে ব্যক্তিবিশেষের নিজস্ব বানানপদ্ধতি আমরাও অনুসরণ করেছি।

১৮. অতৎসম শব্দে পৃথক বর্ণ হিসাবে ঙ-র বদলে অনুস্বারই আমরা গ্রহণীয় মনে করি। ব্যাং, রং, ক্যানিং, ফড়িং)। তবে আকার, ইকার প্রভৃতি যোগ হবে ঙ-র সঙ্গেই (রঙের, বাঙালির, ব্যাঙের)।

কয়েকটি ক্ষেত্রে পূর্বোক্ত 'বাংলা কী লিখবেন কেন লিখবেন' বইয়ে গৃহীত নীতির সঙ্গে এই অভিধানের নীতির পার্থক্য আছে। আবার কোথাও কোথাও 'ধীরে চলো' নীতির পক্ষপাতী হয়ে আমরা বিকল্পের সমর্থন করেছি। আমরা (১) কোনো এবং কোনও এর মধ্যে প্রথমটিকেই অধিকতর সংগত মনে করি। 'কোনোই' বলে বাংলায় একটি শব্দ আছে। সেটি লেখার পক্ষে 'কোনওই' সুন্দর নয়। তবু 'কোনও' বানানকে আমরা বিকল্প হিসাবে গ্রহণ করেছি। (২) গ্রিক, গ্রিস, শিল্ড প্রভৃতি বিদেশি শব্দে হ্রস্ব-ইকার সমর্থন করলেও চীন শব্দে দীর্ঘ-ঈকারই বাঞ্ছনীয় বলে মনে করি আমরা। কেননা, শব্দটির উৎস যাই হোক না কেন, ওটি সংস্কৃতে চীন বানানেই গৃহীত (তু. চীনাংশুক)। অতএব চীন শব্দটিকে একটি তৎসম শব্দ বলেই মনে করা উচিত। (৩) সদৃশ অর্থে মতো যদি মেনে নিতে পারি, তবে একই যুক্তিতে ভালো ও ভাল এই দুটি শব্দকেও পৃথক রাখা যেতে পারে।

বানান বিষয়ে একটি কথা বিশেষ উল্লেখ দাবি করে। সেটি অতৎসম শব্দের স্ত্রীলিঙ্গের বানান। ভেড়ার স্ত্রীলিঙ্গে ভেড়ি, মেথর এর স্ত্রীলিঙ্গে মেথরানি এবং মাসি, কাকি, পিসি ইত্যাদি শব্দে হ্রস্ব ইকারই বাংলার স্বভাবসংগত। এইসব শব্দে দীর্ঘ-ঈকার একদা প্রচলিত ছিল একথা সত্য। বহু ব্যক্তি সেই অভ্যাস সহজে ত্যাগ করতে পারেন না একথাও সত্য। কিন্তু স্ত্রীলিঙ্গ শব্দ হলেই তাতে দীর্ঘ-ঈ দিতে হবে বাংলায় এমন নিয়ম নেই। তাই সরলতার স্বার্থে আমরা এসব ক্ষেত্রে দীর্ঘ-ঈ বর্জনের পক্ষপাতী। বাড়ী, কুমীর, দারী, বাঁশী প্রভৃতি শব্দে দীর্ঘ-ঈকার যখন বর্জন করা গেছে, তখন তদ্‌ভব বা দেশি শব্দের স্ত্রীলিঙ্গেও দীর্ঘ-ঈকার বর্জন করা সম্ভব হবে বলেই মনে করি। মীড়, মীরাট, মুর্গী প্রভৃতি দীর্ঘ-প্রচলিত বানানের বদলে মিড়, মিরাট (কিংবা মেরঠ), মুরগি প্রভৃতি লেখা বহু পাঠক ও লেখকের পক্ষেই প্রথম প্রথম অস্বস্তির কারণ হয়ে উঠতে পারে। কিন্তু বাংলা বানানের যুক্তি, সরলতা ও একরূপতার বিচারে এইসব বানানই যে সংগত তা মেনে নেওয়াই সুবিবেচনার কাজ।

# এই অভিধান ব্যবহারের নিয়ম

এই অভিধান ব্যবহারের বিশেষ কোনো নিয়ম নেই। যা আছে তা 'কী আছে এই অভিধানে ?' পরিচ্ছেদটি পড়লেই পাঠক বুঝে নিতে পারবেন। তবে তা ছাড়াও কয়েকটি কথা এই বইয়ের পাঠককে মনে রাখতে বলি।

১. এই অভিধানে একটি শব্দের নানান রূপের বা বানানের মধ্যে কোনটি সর্বাপেক্ষা গ্রহণীয় তাই নির্দেশ করা হয়েছে। কিন্তু এই ধরনের অভিধানে তার কারণ বিশদভাবে ব্যাখ্যা করা হয় না। তাই কারণ বা যুক্তি কোথাও কোথাও থাকলেও বিশদ ব্যাখ্যা নেই।

২. পাঠক লক্ষ করবেন যে গ্রন্থাদির নাম উদ্‌ধৃতিচিহ্নের মধ্যে দেখানো হয়েছে।

৩. অনেক ক্ষেত্রে মুখশব্দ বা entry word-ই যদি সঠিক রূপ হয়, তবে সচরাচর যেসব ভুল বা অসংগত বানান বা রূপ দেখা যায়, সেগুলি সংক্ষেপে দেখানো হয়েছে—
**স্বায়ত্ত** নিজ অধিকারভুক্ত। **স্বায়ত্তশাসন** নিজের পরিচালনা। সা- নয়, -ত্ত্ব নয়, -ত্ব নয়।

৪. আনন্দবাজারে যেসব বানান অনুসরণ করা হয় সেগুলি ছাড়াও কোনো বানানকে যদি আমরা সংগত বিকল্প বলে মনে করি, তবে আনন্দবাজারের বানানটির পাশে বন্ধনীর মধ্যে (আ·বা·প·) লেখা থাকবে।

# সহায়ক গ্রন্থের তালিকা


অশোক মুখোপাধ্যায় — সমার্থ শব্দকোষ, ১৯৮৮
কুন্তক — শব্দ নিয়ে খেলা, ১৩৮৭
চিন্তাহরণ চক্রবর্তী — ভাষা সাহিত্য সংস্কৃতি ১৩৬৭
জ্ঞানেন্দ্রমোহন দাস — বাঙ্গালা ভাষার অভিধান, পুনর্মুদ্রণ ১৯৭৯
নীরেন্দ্রনাথ চক্রবর্তী সম্পাদিত — বাংলা কী লিখবেন কেন লিখবেন, ১৯৯১
পবিত্র সরকার — বাংলা বানান সংস্কার : সমস্যা ও সম্ভাবনা, ১৯৮৭
পরেশচন্দ্র মজুমদার — বাঙলা বানানবিধি, ১৯৮২
বিজনবিহারী ভট্টাচার্য — বাগর্থ, ১৯৭৭
— বঙ্গভাষা ও বঙ্গসংস্কৃতি, ১৯৮৫
মণীন্দ্রকুমার ঘোষ — বাংলা বানান, ১৩৮৫
মাহবুবুল হক — বাংলা বানানের নিয়ম, ১৯৯১
যোগেশচন্দ্র রায়, বিদ্যানিধি — বাঙ্গালা শব্দকোষ, পুনঃপ্রকাশ ১৩৯৭
রবীন্দ্রনাথ ঠাকুর — বাংলা শব্দতত্ত্ব, ১৩৯১
রমেন ভট্টাচার্য — বাংলা বানানের নিয়ম ও অনিয়ম, ১৯৯১
রাজশেখর বসু — চলন্তিকা ১৩৬৯
— চলন্তিকা, পরশুরাম গ্রন্থাবলী, ১৩৭৭
— বিচিন্তা, „
— লঘুগুরু, „
শৈলেন্দ্র বিশ্বাস — সংসদ বাঙ্গালা অভিধান, ১৯৮৭
শ্রীসরস্বতী প্রেসের কম্পোজিটর ও রীডারদিগের জ্ঞাতব্য নিয়মাবলী, ১৩৬৪
সুকুমার সেন — ভাষার ইতিবৃত্ত, ১৯৭৫
সুনীতিকুমার চট্টোপাধ্যায় — ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ, ১৩৯৪
— বাঙ্গালা ভাষা প্রসঙ্গে, ১৯৭৫
সুভাষ ভট্টাচার্য — আধুনিক বাংলা প্রয়োগ অভিধান, ১৯৮৬
— বাংলা ভাষার সাত-সতেরো, ১৯৮৭
— বাংলাভাষা চর্চা, ১৯৯২
হরিচরণ বন্দ্যোপাধ্যায় — বঙ্গীয় শব্দকোষ, ১৯৬৬
Allen, R.E — The Oxford Writers' Dictionary, 1990
Apte, V.S — The Practical Sanskrit-English Dictionary, 1965
Chicago Manual of Style — Chicago University Press, 1982
Concise Science Dictionary, Oxford, 1991
Crews, F — The Random House Handbook, New York, Random, 1980
Fowler, H.W — A Dictionary of Modern English Usage, 1965
Fowler, H.W and Fowler, F.G — The Concise Oxford English Dictionary of Current English, 1990
— The King's English, 1963
Gowers, Ernest — Complete Plain Words, 1963
Jones, Daniel — Everyman's English Pronouncing Dictionary, 1964
Legett, Mead and Charvat — Prentice-Hall Handbook for Writers, 1982

Monier-Williams — A Sanskrit English Dictionary, 1974
Partridge, Eric — Usage and Abusage, 1963
Turabian, Kate L — A Manual for Writers of Term Papers, Theses and Dissertations, The University of Chicago Press, 1987
Yule and Burnel —Hobson-Jobson, edited by William Crooke, Calcutta, 1986
অরুণ সেন — বানানের অভিধান, ১৯৯৩
ক্ষুদিরাম দাস — বানান বানানোর বন্দরে, ১৯৯৩

# এই অভিধানে ব্যবহৃত সংকেতের ব্যাখ্যা

| | |
|---|---|
| অন্নদাশঙ্কর | অন্নদাশঙ্কর রায় |
| অপ্র· | অপ্রচলিত |
| আঞ্চ· | আঞ্চলিক প্রয়োগ |
| আনু· | আনুমানিক |
| আ·বা·প· | আনন্দবাজার পত্রিকা |
| আল· | আলংকারিক প্রয়োগ |
| উচ্চা· | উচ্চারণ |
| উদা· | উদাহরণ |
| ক্রি-বিণ· | ক্রিয়া-বিশেষণ |
| তু· | তুলনীয় |
| দর্শ· | দর্শন/ দর্শন-সংক্রান্ত |
| পরি· | পরিভাষা |
| ফা. | ফারসি |
| বর্ত· | বর্তমানে |
| বাং· | বাংলা |
| বি· | বিশেষ্য |
| বিজ্ঞা· | বিজ্ঞান |
| বিণ· | বিশেষণ |
| বু·ব· | বুদ্ধদেব বসু |
| ব্যাক· | ব্যাকরণে |
| মধু· | মধুসূদন দত্ত |
| রবীন্দ্র | রবীন্দ্রনাথ ঠাকুর |
| সচ· | সচরাচর |
| সত্যেন্দ্র | সত্যেন্দ্রনাথ দত্ত |
| সর্ব· | সর্বনাম |
| সুকুমার | সুকুমার রায় |
| < | পূর্ববর্তী শব্দটি এখান থেকে এসেছে |
| > | পরবর্তী শব্দটি পূর্ববর্তী শব্দ থেকে এসেছে। |
| স্ত্রী | স্ত্রীলিঙ্গে |

# অ

**অংক** দ্র **অঙ্ক**।
**অংকন** দ্র **অঙ্কন**।
**অংগ** দ্র **অঙ্গ**।
**অংগাংগি** দ্র **অঙ্গাঙ্গি**।
**অংশগ্রহণ** একটি শব্দ।
**অংশানো** বর্তানো। 'অংশান' নয়।
**অংশীদার** -শি- নয়। **অংশীদারি** -রী নয়।
**অংশীদারি কারবার** দুটি শব্দ। অনুরূপভাবে, **অংশীদারি ব্যাবসা**।
**অকটবিকট** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**অকথা**। 'আকথা' আঞ্চ. প্রয়োগ।
**অকথ্যকথন** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**অকম্পিত কণ্ঠে** দুটি পৃথক শব্দ।
**অকর্তৃক** (ব্যাক·) কর্তৃহীন।
**অকর্মার ধাড়ি** -ড়ী নয়।
**অকষ্টকল্পনা** একটি শব্দ, হাইফেন নয়।
**অকাট্য প্রমাণ** দুটি শব্দ। অনুরূপভাবে, **অকাট্য যুক্তি**।
**অকালকুষ্মাণ্ড** একটি শব্দ। অনুরূপভাবে, **অকালকুসুম, অকালপক্ব, অকালবৃদ্ধ, অকালবোধন, অকালমৃত্যু**।
**অকালি** অকাল পুরুখ অর্থাৎ অনন্ত ঈশ্বরের উপাসক শিখগোষ্ঠী।
**অকিঞ্চন** নিঃস্ব, দরিদ্র। **আকিঞ্চন** দারিদ্র্য।
**অকূপার** সমুদ্র। 'অকুপার' নয়।
**অকূলপাথার** একটি শব্দ, হাইফেন নয়। কিন্তু **অকূল দরিয়া** পৃথকভাবে লেখ্য।
**অকৃতদার** একটি শব্দ। অনুরূপভাবে, **অকৃতবিবাহ** একটি শব্দ।
**অকৃতী** অক্ষম, ব্যর্থ। 'অকৃতি' নয়।
**অক্কা** -ক্বা নয়। **অক্কাপ্রাপ্তি** একটি শব্দ। কিন্তু **অক্কা পাওয়া** দুটি পৃথক শব্দ।
**অক্টারলোনি, সার ডেভিড** Sir David Ochterlony 1757-1825. ভারতে ব্রিটিশ সৈন্যাধ্যক্ষ, যাঁর স্মৃতিতে অক্টারলোনি মনুমেন্ট (বর্তমান শহিদ মিনার) নির্মিত হয়েছিল।
**অক্টেভ** octave. 'অকটেভ' নয়।
**অক্টোপাস** octopus.
**অক্টোবর** October.
**অক্ষয়কুমার দত্ত** ১৮২০-১৮৮৬ তত্ত্ববোধিনী পত্রিকার সম্পাদক, প্রবন্ধকার, বাংলা গদ্যের অন্যতম রূপকার।
**অক্ষয়কুমার বড়াল** ১৮৬০-১৯১৯ কবি। প্রধান কাব্য 'এষা', 'প্রদীপ', 'কনকাঞ্জলি'।
**অক্ষয়চন্দ্র সরকার** ১৮৪৬-১৯১৭ জাতীয়তাবাদী ভাবধারার পৃষ্ঠপোষক, 'সাধারণী' ও 'নবজীবন' পত্রিকাদুটির প্রতিষ্ঠাতা-সম্পাদক।
**অক্ষয়তৃতীয়া** একটি শব্দ। অনুরূপভাবে, **অক্ষয়বট, অক্ষয়লোক, অক্ষয়স্বর্গ**।
**অক্ষরজীবী** -বি নয়।
**অক্ষরজ্ঞান** একটি শব্দ। অনুরূপভাবে, **অক্ষরপরিচয়, অক্ষরবিন্যাস, অক্ষরবৃত্ত, অক্ষরমাত্রিক**।
**অক্ষশক্তি** The Axis. দ্বিতীয় মহাযুদ্ধের প্রাক্কালে জার্মানি ইতালি ও জাপানের আঁতাঁত।
**অক্ষাংশ** বিষুববৃত্ত থেকে পৃথিবীপৃষ্ঠের উপরের কোনো স্থানের কৌণিক দূরত্ব। **অক্ষরেখা** ও **অক্ষাংশ** সমার্থক নয়। **অক্ষরেখা** নিরক্ষরেখার সমান্তরাল এবং এক ডিগ্রি অন্তর কল্পিত ক্ষুদ্রতর বৃত্ত।
**অক্ষিপক্ষ্ম** চোখের পাতার লোম। 'অক্ষিপক্ষ' নয়।
**অক্ষিপট** retina (পরি.)।
**অক্ষৌহিণী** অক্ষ+ঊহিণী। বিকল্প বানান নেই। পুরাণমতে পদাতি অশ্ব হস্তী ও রথ মিলিয়ে ২১৮৭০০ সৈন্যে এক অক্ষৌহিণী।
**অক্সফোর্ড** Oxford.
**অক্সাইড, অক্সিজেন, অক্সিডাইজ**। 'অকসাইড' নয়, 'অকসিজেন' নয়, 'অকসিডাইজ' নয়।
**অখণ্ড অবসর** দুটি পৃথক শব্দ।
**অখণ্ড, অখণ্ড্য** দুটিই বিশেষণ। প্রথমটির অর্থ খণ্ডিত নয়, দ্বিতীয়টির অর্থ খণ্ডিত করা যায় না এমন। দুটি শব্দের অর্থের পার্থক্য স্মরণীয়।
**অখণ্ডমণ্ডল** সম্পূর্ণ গোলাকার। একটি শব্দ।
**অখদ্যে অবদ্যে** বাগ্‌ধারাবিশেষ। পৃথক শব্দ হিসাবে লেখা সংগত, হাইফেন নয়।
**অখিল আত্মা** দুটি পৃথক শব্দ।
**অখিল বিশ্ব, অখিলবিশ্ব** দুভাবেই লেখা যায়,

প্রথমটিই অধিকতর প্রচলিত, তবে হাইফেন নয়।

**অগড়বগড়** একসঙ্গে লেখাই সংগত।

**অগণন** তৎসম শব্দ, এই বানান বিকল্পহীন। অনুরূপভাবে **অগণনীয়, অগণিত, অগণ্য** লিখতে হবে।

**অগম্যাগমন** একটি শব্দ।

**অগরু** অপ্র.। **অগুরু** প্রচলিত।

**অগস্ত্যযাত্রা**। পৃথকভাবে 'অগস্ত্য যাত্রা' নয়।

**অগস্ট, আগস্ট** (আ.বা.প.) দুভাবেই লেখা যেতে পারে। 'অগাস্ট' নয়, 'অগষ্ট' নয়, 'আগষ্ট' নয়।

**অগাদির** মরক্কোর বন্দর, Agadir.

**অগুনতি** 'অগুন্তি' নয়। **অগনতি**-ও লেখা যায়।

**অগুরু—অগরু**-র প্রচলিত রূপভেদ।

**অগোছালো**। 'আগোছালো' নয়।

**অগ্নি-অবতার** হাইফেন চাই।

**অগ্নিকোণ** পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ। এর দিকপাল অগ্নি।

**অগ্নিনিরোধক** একটি শব্দ, হাইফেন নয়।

**অগ্নিপরীক্ষা, অগ্নিপুরাণ, অগ্নিসংস্কার, অগ্নিস্ফুলিঙ্গ** প্রতিটি একটি শব্দ হিসাবে লিখতে হবে।

**'অগ্নিবীণা'** নজরুল ইসলামের কাব্য (১৯২২)।

**অগ্নিসংযোগ** বিশেষ্য হিসাবে একটি শব্দ। 'করা' ক্রিয়াপদ যোগ করতে হলে **অগ্নিসংযোগ করা** কিংবা **অগ্নি সংযোগ করা** লেখা যেতে পারে।

**অগ্ন্যস্ত্র** (অগ্নি+অস্ত্র)।

**অগ্ন্যাধান, অগ্ন্যাশয়** (pancreas)। 'অগ্নাধান' নয়, 'অগ্নাশয়' নয়।

**অগ্ন্যুৎপাত** 'অগ্ন্যুৎপাত' নয়, 'অগ্নুৎপাত' নয়।

**অগ্ন্যুদ্গম** কিংবা **অগ্ন্যুদ্গম**।

**অগ্রপশ্চাৎ** একটি শব্দ, পৃথকভাবে নয়, হাইফেন নয়। **অগ্রপশ্চাৎ বিবেচনা** পৃথকভাবে লিখতে হবে।

**অগ্রসরমাণ** অসিদ্ধ হলেও শব্দটি সুপ্রচলিত। এর পরিবর্তে **অগ্রসর** বা **আগুয়ান** লেখা যেতে পারে। তবে 'অগ্রসরমান' কদাপি নয়।

**অগ্রিয়, অগ্রীয়** দুই বানানই শুদ্ধ।

**অগ্র্য** আদ্য, শ্রেষ্ঠ ; অগ্র পুরোভাগ, আগা।

**অঘটন-ঘটন-পটীয়সী** হাইফেন।

**অঘোর** শিব। **অঘোরপন্থী** শিবের উপাসক সম্প্রদায়।

**অঘোষ ধ্বনি, অঘোষ বর্ণ** পৃথকভাবে লেখাই সংগত।

**অঘ্রান** অগ্রহায়ণ। 'অঘ্রাণ' বর্জিত বানান।

**অঙ্ক**। 'অংক' ভুল।

**অঙ্কন**। 'অংকন' ভুল।

**অঙ্কুর**। 'অংকুর' ভুল।

**অঙ্কুশ**। 'অংকুশ' ভুল।

**অঙ্গ, অঙ্গপ্রত্যঙ্গ**। এসব শব্দে অনুস্বার ভুল। অনুরূপভাবে **অঙ্গভঙ্গি, অঙ্গমর্দন, অঙ্গসজ্জা, অঙ্গসৌষ্ঠব**।

**অঙ্গন, অঙ্গণ** দুটিই শুদ্ধ, তবে প্রথম বানান অধিকতর প্রচলিত।

**অঙ্গাঙ্গি**। 'অঙ্গাঙ্গী' নয়।

**অঙ্গার**। 'অংগার' নয়।

**অঙ্গীকার**। 'অঙ্গিকার' নয়।

**অঙ্গীভবন, অঙ্গীভূত**। 'অঙ্গিভবন' নয়, 'অঙ্গিভূত' নয়।

**'অঙ্গুত্তরনিকায়'** বৌদ্ধ ধর্মগ্রন্থবিশেষ, সুত্তপিটকের চতুর্থ নিকায়।

**অঙ্গুরি, অঙ্গুরী** দুই বানানই শুদ্ধ, প্রথমটি ক্রমশ প্রচলিত হচ্ছে। তবে **অঙ্গুরীয়** বিকল্পহীন, 'অঙ্গুরিয়' নয়।

**অঙ্গুলিনির্দেশ, অঙ্গুলিসংকেত** একটি শব্দ হিসাবে লেখা উচিত। অনুরূপভাবে **অঙ্গুলিহেলন**।

**অঙ্ঘ্রি** পা, চরণ। বিকল্প বানান নেই।

**অচর্ব্য** চিবানো যায় না এমন। 'অচর্ব' নয়।

**'অচলপত্র'** দীপ্তেন্দ্রকুমার সান্যাল প্রতিষ্ঠিত (১৯৪৮) ও সম্পাদিত মাসিকপত্র।

**'অচলায়তন'** রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক (১৯১২)।

**অচলিত ভাষা, অচলিত রচনা, অচলিত শব্দ** পৃথক শব্দ হিসাবেই লেখা উচিত।

**অচিকিৎসনীয়**। য-ফলা নেই। কিন্তু **অচিকিৎস্য** (চিকিৎসার বাইরে) শব্দে য-ফলা চাই।

**অচিন্তনীয়**। কিন্তু **অচিন্ত্য**। অনীয়-প্রত্যয় যোগ করা হলে য-ফলা আসে না।

# অ

**অচিন্ত্যকুমার সেনগুপ্ত** ১৯০৪-১৯৭৬, কল্লোলযুগের কথাসাহিত্যিক ও কবি।

**অচিরজীবী** বিণ·। 'অচিরজীবি' নয়। কিন্তু বি· **অচিরজীবিতা**।

**অচ্ছদ** আবরণহীন, অনাবৃত। **অচ্ছোদ** যার জল স্বচ্ছ।

**অচ্ছুত**। 'অচ্ছুৎ' নয়। শব্দটি তৈরি হয়েছে এইভাবে— (বাংলা অ+ (হিন্দি) ছুত, সন্ধির নিয়মে অচ্ছুত। খণ্ড-ৎ অপ্রয়োজনীয়।

**অছি পরিষদ** পৃথকভাবে লিখতে হবে। হাইফেন অপ্রয়োজনীয়।

**অছিয়তনামা**। 'অছিয়ৎ নামা' নয়।

**অজজীবক**। অন্য বানান নেই।

**অজন্তা, অজণ্টা** দুভাবেই লেখা যেতে পারে। তবে মরাঠি উচ্চারণ অনুসারে **অজিণ্ঠা** (আ.বা.প.) অধিকতর গ্রহণীয়।

**অজ পাড়াগাঁ** দুটি পৃথক শব্দ।

**অজবীথি** -বীথী বর্জিত বানান।

**অজমিড়, আজমিড়** দুভাবেই লেখা যায়। তবে আদ্য ধ্বনির উচ্চারণ অনুসারে প্রথমটিই সংগত। -র নয়, -মী- নয়।

**অজয়কুমার ঘোষ** ১৯০৯-১৯৬২ ভারতের কমিউনিস্ট পার্টির অন্যতম পুরোধা-পুরুষ।

**অজহৎলিঙ্গ, অজহল্লিঙ্গ** দুভাবেই লেখা যায়। তবে সন্ধিবদ্ধ শব্দ হিসাবে দ্বিতীয়টিই সংগত।

**অজিতকুমার চক্রবর্তী** ১৮৮৬-১৯১৮ সাহিত্য সমালোচক। প্রধান গ্রন্থ— 'রবীন্দ্রনাথ', 'কাব্যপরিক্রমা'।

**অজিফা** বৃত্তি, ধর্মশাস্ত্রপাঠ। 'আজিফা' নয়।

**অজীবিক** ধর্মীয় সম্প্রদায়বিশেষ। বিকল্প বানান নেই।

**অজীর্ণ** বদহজম। বিশেষ্য। 'অজীর্ণতা' ভুল।

**অজৈব** inorganic.

**অজ্ঞাতকুলশীল** একটি শব্দ। অনুরূপভাবে, **অজ্ঞাতপরিচয়, অজ্ঞাতবাস**।

**অজ্ঞাত রাশি** unknown quantity (পরি·)। দুটি শব্দ।

**অজ্ঞাতসারে** -সাড়ে নয়।

**অজ্ঞান** বিণ· চেতনাহীন ; বি· অজ্ঞতা। বিশেষ্যে অজ্ঞতা অর্থে 'অজ্ঞানতা' ভুল এবং পরিহার্য।

**অজ্ঞানতিমির** একটি শব্দ।

**অজ্ঞাপিত** বিণ· জানানো হয়নি বা বিজ্ঞপ্তি দেওয়া হয়নি এমন।

**অজ্ঞাবাদ** agnosticism (পরি·)।

**অজ্ঞেয়বাদ** জগতের পরমতত্ত্ব বা জ্ঞান মানুষের বোধের অতীত এই মতবাদ।

**অঝর, অঝোর** দুইই লেখা যায়।

**অঞ্চলনিধি** একটি শব্দ। অনুরূপভাবে, **অঞ্চলপ্রভাব**।

**অঞ্জলি** -লী নয়। তু· **গীতাঞ্জলি, শ্রদ্ধাঞ্জলি**।

**অঞ্জলিবদ্ধ** বিণ· হাত জোড় করা হয়েছে এমন।

**অঞ্জলিবন্ধ, অঞ্জলিবন্ধন** বি· হাত জোড় করা, অঞ্জলি।

**অঞ্জাম** বর্জিত শব্দ। দ্র **আঞ্জাম**।

**অঞ্জীর** বর্জিত। **আঞ্জির** দ্র।

**অঞ্জুমান** বর্জিত। **আঞ্জুমান** দ্র।

**অটবি, অটবী** দুইই শুদ্ধ। প্রথমটিই গ্রহণীয়।

**অটল বিশ্বাস** পৃথকভাবে লিখতে হবে।

**অটুট স্বাস্থ্য** পৃথকভাবে লিখতে হবে।

**অটপসি** autopsy. 'অটোপসি' নয়।

**অটোক্রেসি, অটোক্র্যাট, অটোগ্রাফ, অটোনমি, অটোবায়োগ্রাফি, অটোম্যাটিক, অটোমেশন, অটোমোবাইল** এইভাবে লেখাই সংগত।

**অটোমান** ওসমান বা ওথমান নামক তুর্কি নেতার (১২৯০-১৩২৬) নেতৃত্বাধীন তুর্কিরা এই নামে পরিচিত ছিল।

**অডিটর**। 'অডিটার' নয়।

**অডিসি** Odyssey। 'ওডিসি' নয়।

**অডেন, উইস্টান** Wystan Auden. 1907-1973 ইংরেজ কবি।

**অড়হর, অড়র** দুভাবেই লেখা যায়। তবে দ্বিতীয়টি মূলত কথ্য।

**অণিমা**। 'অনিমা' ভুল বানান।

**অণীক, অনীক** দুটি শব্দের অর্থে এক সময় যে-পার্থক্য ছিল বর্তমানে তা আর নেই। বর্তমানে এ-দুটি একই শব্দের বানানভেদ হিসাবে গ্রহণীয়। তবে দ্বিতীয় বানান অধিকতর প্রচলিত।

**অণু** molecule; ক্ষুদ্র অংশ। **অণুতরঙ্গ অণুবীক্ষণ, অণুমাত্র** (কণামাত্র)।

# অ

**অণুচ্ছেদ, অনুচ্ছেদ** প্যারাগ্রাফ। দুই বানানই শুদ্ধ, তবে দ্বিতীয়টিই অধিকতর প্রচলিত।
**অণুভা** বিদ্যুৎ, অল্পক্ষণ আলো দেয় এই অর্থে। 'অনুভা' ভুল বানান।
**অতর্কিত** বিণ· অলক্ষিত। অকস্মাৎ বা হঠাৎ অর্থ ভুল। উদা· অতর্কিত আক্রমণ। অর্থাৎ অলক্ষিতে আক্রমণ।
**অতলস্পর্শ** বিণ· অতিগভীর, অগাধ। 'অতলস্পর্শী' প্রচলিত কিন্তু অপ্রয়োজনীয়।
**অতলান্তিক** নতুন শব্দ। অর্থ গভীর ও অনন্ত। Atlantic এর বাংলা রূপ হিসাবে শব্দটি গ্রহণীয় নয়। সেক্ষেত্রে আটলান্টিক, কিংবা অ্যাটল্যান্টিক লেখাই সংগত।
**অতসী** বিকল্প বানান নেই।
**অতিকোমল** স্বর। কিন্তু মেয়েটির মনটি **অতি কোমল**।
**অতিচালাক** একটি শব্দ। অনুরূপভাবে, **অতিনাটকীয়তা, অতিপ্রাকৃত, অতিভোজন, অতিমানব, অতিরঞ্জন**।
**অতিথিপরায়ণ** একটি শব্দ। অনুরূপভাবে, **অতিথিবৎসল**।
**অতিপ্রজ** বিণ· overpopulated. বি· **অতিপ্রজতা**।
**অতিবৃষ্টি** একটি শব্দ। অনুরূপভাবে, **অতিভক্তি**।
**অতিবেগনি রশ্মি** ultra-violet ray. -বেগুনি নয়।
**অতিরিক্ত সময়** extra time. দুটি পৃথক শব্দ।
**অতিসার** উদরাময়। 'অতীসার' শুদ্ধ কিন্তু অপ্র·।
**অতীতকাল** একটি শব্দ। কিন্তু **বর্তমান কাল, ভবিষ্যৎ কাল** পৃথকভাবে লেখ্য।
**অতীন্দ্রিয়** অতি+ইন্দ্রিয়। অন্য বানান নেই।
**অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান** ৯৮০-১০৫৩। একাদশ শতকের বাঙালি বৌদ্ধ পণ্ডিত, মৃত্যু তিব্বতে।
**অতুলচন্দ্র গুপ্ত** ১৮৮৪-১৯৬১ বিদগ্ধ প্রাবন্ধিক ও সাহিত্য সমালোচক। প্রধান গ্রন্থ 'কাব্যজিজ্ঞাসা', 'নদীপথে', 'ইতিহাসের মুক্তি'।
**অতুলপ্রসাদ সেন** ১৮৭১-১৯৩৪। সংগীত-রচয়িতা ও সুরকার। প্রধান গ্রন্থ 'কয়েকটি গান' ও 'গীতিগুঞ্জ'।
**অতুল বসু** ১৮৯৮-১৯৭৭। চিত্রশিল্পী, গভর্নমেন্ট স্কুল অব আর্ট-এর অধ্যক্ষ।
**অতৃপ্ত বাসনা** দুটি পৃথক শব্দ।
**অত্বর** বিণ· বিলম্বিত। **অত্বরা** বি· ধীরতা, মন্থরতা।
**অত্যধিক** অতি+অধিক। 'অত্যাধিক' নয়।
**অত্যহিত** অতি+অহিত। **অত্যাহিত** অতিবড় বিপদ ; মহাভয়।
**অত্যাজ্য**। 'অত্যজ্য' নয়।
**অত্যুগ্র** অতি+উগ্র। দীর্ঘ-ঊ নয়।
**অত্রত্য** এই স্থানের, এই স্থানে আছে এমন। মূলত চিঠিপত্রাদিতে ব্যবহৃত।
**অত্রস্ত** ত্রস্ত নয়, ভীত নয়। **অত্রস্থ** এই স্থানের।
**অত্রি** এই নামে দুজন পৌরাণিক ব্যক্তি ছিলেন— ঋষিবিশেষ ; ব্রহ্মার মানসপুত্র, দক্ষকন্যা অনসূয়ার পতি।
**অথই** গভীর। 'অথৈ' ক্রমশ বর্জিত হচ্ছে।
**অথর্ববেদ** একটি শব্দ। অনুরূপভাবে, **সামবেদ, যজুর্বেদ, ঋগ্‌বেদ** কিংবা **ঋগ্বেদ**।
**অথান্তর** < সং· অবস্থান্তর। বিপদ, মুশকিল। **আতান্তর** সমার্থক। কথ্য ও আঞ্চ. হলেও **আতান্তর** অধিকতর প্রচলিত।
**অদরকারি**। 'অ-দরকারি' নয়, -রী নয়।
**অদলবদল** একটি শব্দ, হাইফেন নয়।
**অদিতিতনয়** একটি শব্দ। অনুরূপভাবে, **অদিতিনন্দন, অদিতিপুত্র**।
**অদূরদর্শী** বিণ·, কিন্তু বিশেষ্যে **অদূরদর্শিতা** এবং স্ত্রীলিঙ্গে **অদূরদর্শিনী**।
**অদূরবর্তী, অদূরবর্তিতা, অদূরবর্তিনী**।
**অদূর ভবিষ্যৎ** near future. পৃথক শব্দ অর্থাৎ অসংলগ্ন সমাস হিসাবে লেখাই সংগত, হাইফেন অপ্রয়োজনীয়।
**অদৃষ্টবাদী**। বিশেষ্যে **অদৃষ্টবাদিতা**।
**অদৃষ্টলিপি** ভাগ্যের লিখন। একসঙ্গে সমাসবদ্ধভাবে লেখ্য।
**অদ্ভুত**। 'অদ্ভূত' নয়।
**অদ্ভুতকর্মা** সমাসবদ্ধভাবে, একটি শব্দ হিসাবে লেখ্য। 'অদ্ভুত-কর্মা' নয়, 'অদ্ভুত কর্মা' নয়।
**অদ্ভুত ঘটনা** পৃথকভাবে লেখ্য।

# অ

**অদ্ভুতদর্শন** একটি সমাসবদ্ধ শব্দ হিসাবে লেখ্য।
**'অদ্ভুত সাগর'** দ্বাদশ শতকে বল্লাল সেন রচিত গ্রন্থ।
**অদ্যাপি** অদ্য+অপি। 'অদ্যপি' নয়। কিন্তু **যদ্যপি** যদি+অপি।
**অদ্যাবধি** অদ্য+অবধি। 'অদ্যবধি' নয়।
**অদ্রীশ** অদ্রি + ঈশ ; শিব, হিমালয়। 'অদ্রিশ' নয়।
**অধঃক্রম, অধঃক্ষিপ্ত, অধঃক্ষেপণ, অধঃপতন, অধঃপতিত, অধঃপাত, অধঃশিরা** (যার মাথা নিম্নদিকে রয়েছে)। শব্দগুলিতে বিসর্গ চাই।
**অধঃস্থ, অধঃস্থিত** বিসর্গ আবশ্যিক।
**অধমর্ণ** ঋণ করেছে যে। বিপ· শব্দ **উত্তমর্ণ।** মূর্ধন্য-ণ এর বিকল্প নেই।
**অধমুখ** ভুল বানান। **অধো** দ্র।
**অধরচুম্বন, অধরপল্লব, অধরমদিরা, অধরমধু, অধরসুধা** একটি শব্দ হিসাবে লিখতে হবে, হাইফেন নয়।
**অধরোষ্ঠ** (অধর+ওষ্ঠ)। বিশেষ্যে 'অধরৌষ্ঠ' বিরল। বিশেষণে **অধরৌষ্ঠ্য** য-ফলা আবশ্যিক।
**অধর্মাচারী** অধার্মিক, অন্যায়কারী। **অধর্মাচারিতা।**
**অধর্মী** পাপী। **অধর্মিতা।** স্ত্রীলিঙ্গে **অধর্মিণী।**
**অধর্ম্য** বিণ· ধর্মবিরুদ্ধ।
**অধশ্চর** বিণ· অধোগামী, অধোচারী।
**অধশ্চৌর** বি· চোর, সিঁধেল চোর।
**অধস্তন** নিম্নপদস্থ। অধঃ- ভুল।
**অধিকর্ম** তত্ত্বাবধান। **অধিকর্মিক** তত্ত্বাবধায়ক।
**অধিকার-অনধিকার** হাইফেন অপরিহার্য।
**অধিকার-ক্ষেত্র** কিংবা **অধিকারক্ষেত্র।** অনুরূপভাবে, **অধিকার-ভূমি** কিংবা **অধিকারভূমি।**
**অধিকারচ্যুত** হাইফেন নয়।
**অধিপ** অধিপতি। 'অধীপ' নয়।
**অধিবাস** বিবাহ পূজা প্রভৃতির আগের দিন পালনীয় মাঙ্গলিক অনুষ্ঠান।
**অধিরাজ।** 'অধিরাজা' নয়।
**অধিরোহ, অধিরোহণ** আরোহণ। **অধিরোহণী** সিঁড়ি, মই। **অধিরোহী** আরোহী।

**অধিশয়িত** শুয়ে আছে এমন। **অধিশায়িত** শুইয়ে রাখা হয়েছে এমন।
**অধিশ্রয়** আধার, স্থান ; focus. **অধিশ্রয়ণ** রান্না ; focus.
**অধিশ্রয়ণী, অধিশ্রয়িণী** উনুন। দ্বিতীয়টি বিরল।
**অধিষ্ঠাত্রী দেবী** পৃথকভাবে লেখাই সংগত।
**অধীত বিদ্যা, অধীত-বিদ্যা,** দুইভাবেই লেখা যেতে পারে।
**অধীন।** স্ত্রীলিঙ্গে **অধীনা** কিংবা **অধিনী।**
**অধীনতামূলক মিত্রতা** লর্ড ওয়েলসলি কর্তৃক ঘোষিত Subsidiary Alliance এর বাংলা নাম।
**অধীয়ান** বিণ· বিদ্বান।
**অধীশ্বর** (অধি+ঈশ্বর)। 'অধিশ্বর' নয়।
**অধোগতি, অধোগামী, অধোগামিতা, অধোদৃষ্টি, অধোদেশ, অধোনমন, অধোনমিত, অধোবদন, অধোবায়ু, অধোমুখ, অধোমুখী, অধোলোক।**
**অধ্যবসায়। অধ্যবসায়ী** অধ্যবসায়যুক্ত।
**অধ্যশন** অতিভোজন। 'অধ্যাশন' নয়।
**অধ্যাত্মচেতনা, অধ্যাত্মতত্ত্ব, অধ্যাত্মবাদ** সমাসবদ্ধভাবে একসঙ্গে এবং হাইফেন না দিয়ে।
**অধ্যাদেশ** ordinance.
**অধ্যাস** ভ্রান্ত বোধ বা উপলব্ধি, illusion (পরি·)।
**অধ্যুষিত** উপনিবিষ্ট। দীর্ঘ-ঊকার নয়।
**অনঙ্গ, অনঙ্গমোহন।** 'অনংগ' নয়।
**অনন্তকৃষ্ণ আইয়ার** ১৮৬১-১৯৩৭ নৃতাত্ত্বিক।
**অনচ্ছ** অস্বচ্ছ, opaque. **অনচ্ছতা** opacity.
**অনটন।** 'অনাটন' আঞ্চ· প্রয়োগ।
**অনধিকারচর্চা, অনধিকার চর্চা** দুইভাবেই লেখা চলে, কিন্তু হাইফেন অনাবশ্যক।
**অনধিকার প্রবেশ** অসংলগ্ন সমাস, কিংবা **অনধিকারপ্রবেশ।**
**অনন্তকাল, অনন্ত কাল** শাশ্বত বা নিরবধি কালকে বোঝাতে হলে প্রথমটি, কাল-কে বিশেষণযুক্ত করতে হলে দ্বিতীয়টি।
**অনন্তচতুর্দশী, অনন্তনিদ্রা, অনন্তশয্যা।**

# অ

প্রত্যেকটি একটি শব্দ হিসাবে লেখ্য।

**অনন্যগতি, অনন্যচিত্ত, অনন্যদৃষ্টি, অনন্যবৃত্তি, অনন্যব্রত, অনন্যমনা, অনন্যসাধারণ।** একসঙ্গে এবং হাইফেন ছাড়া।

**অনপরাধ** নিরপরাধ ; অপরাধহীনতা। **অনপরাধী** সংস্কৃতমতে অশুদ্ধ কিন্তু বাংলায় সুপ্রচলিত এবং গ্রহণীয়। স্ত্রী· **অনপরাধিনী।**

**অনবধান** অসাবধানতা, অসতর্কতা। 'অনবধানতা' ভুল।

**অনভিলাষ, অনভিলাষী** কিন্তু **অনভিলষিত** এবং **অনভিলষণীয়।**

**অনলংকৃত, অনলঙ্কৃত** দ্বিতীয়টি বর্জনীয়।

**অনলশিখা।** 'অনল শিখা' নয়।

**অনশনক্লিষ্ট, অনশনব্রত** দুটিই একটি শব্দ হিসাবে লেখ্য। কিন্তু **অনশন ধর্মঘট** পৃথকভাবে। **অনশনভঙ্গ** একটি শব্দ হিসাবে।

**অনসূয়া।** 'অনুসূয়া' নয়।

**অনাকাঙ্ক্ষা, অনাকাঙ্ক্ষিত।** বিকল্প বানান নেই।

**অনাকুল** নিরুদ্বিগ্ন, অবিচলিত। 'অনাকূল' নয়।

**অনাক্রমণ চুক্তি,** Non-aggression Pact. পৃথকভাবে লেখাই সংগত, হাইফেন অপ্রয়োজনীয়।

**অনাগত কাল** কিংবা **অনাগতকাল** দুইভাবেই লেখা চলে। অনুরূপভাবে, **অনাগত যুগ** কিংবা **অনাগতযুগ।** অবশ্যই প্রথমটি অধিকতর প্রচলিত।

**অনাটন— অনটন**-এর আঞ্চ· রূপ।

**অনাথ আশ্রম** কিংবা **অনাথাশ্রম।** কিন্তু **অনাথনিবাস, অনাথশরণ।**

**অনাথা, অনাথিনী** দ্বিতীয়টি সংস্কৃতমতে অশুদ্ধ হলেও বাংলায় বহুলপ্রচলিত এবং গ্রহণীয়।

**অনাদায়ি** যা আদায় করা হয়নি। আদায় শব্দটি তৎসম নয় বলে 'অনাদায়ী' অপ্রয়োজনীয়।

**অনাদায়ি অর্থ** পৃথক শব্দ হিসাবে লেখ্য।

**অনাদিকাল** একটি শব্দ হিসাবে লেখ্য। উদা· 'অনাদিকাল অনন্তগগন' : রবীন্দ্র।

**অনাবাদি** চাষের অযোগ্য ; অকর্ষিত। 'অনাবাদী' নয়।

**অনাবাসী** ন+আবাস+ইন্। **অনাবাসী ভারতীয়।** কিন্তু **অনাবাসিক** (ন+আবাসিক)।

**অনামুখ, অনামুখো।** স্ত্রীলিঙ্গে **অনামুখি।** 'অনামুখী' নয়।

**অনাম্নী** নামহীনা, **অনামা**-র স্ত্রীলিঙ্গে।

**অনায়াসগম্য, অনায়াসবোধ্য, অনায়াসলভ্য, অনায়াসসাধ্য।** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য। কিন্তু **অনায়াস দক্ষতা** পৃথক শব্দ হিসাবে।

**অনারারি** honorary. 'অনারারী' নয়।

**অনারেবল** honourable. 'অনারেব্‌ল' নয়।

**অনার্দ্র** anhydrous (পরি·)।

**অনার্য।** 'অনার্য্য' বর্জিত বানান।

**অনার্স** honours. 'অনারস' নয়।

**অনিদ্রারোগ** একটি শব্দ, পৃথকভাবে নয়।

**অনিন্দনীয়।** কিন্তু **অনিন্দ্য, অনিন্দ্যকান্তি।**

**অনিবার্য।** 'অনিবার্য্য' নয়। রেফ থাকলে য-ফলা বর্জিত।

**অনির্দিষ্ট কাল** পৃথকভাবে লেখাই সংগত।

**অনিশ** অবিরাম, সর্বদা এবং **অনীশ** নাস্তিক, ঈশ্বরবিরোধী। এই দুটি শব্দের পার্থক্য স্মরণীয়।

**অনিষ্টকর, অনিষ্টজনক** এবং **অনিষ্টকারী** সমার্থক।

**অনীক** সৈন্য, যুদ্ধ। 'অণীক' সমার্থক শব্দ হলেও বর্ত· প্রথমটিই প্রচলিত।

**অনীশ** দ্র **অনিশ।**

**অনীহ** বিণ· নিস্পৃহ। **অনীহা** বি· নিস্পৃহতা, উৎসাহের অভাব। বিকল্প বানান নেই।

**অনুকার অব্যয়** পৃথক শব্দ হিসাবে লেখ্য। এক শব্দ হিসাবে নয়, হাইফেন নয়। অনুরূপভাবে, **অনুকার ধ্বনি, অনুকার শব্দ।**

**অনুক্রম** পারম্পর্য, পরম্পরা, পর্যায়ক্রম। বিণ· **আনুক্রমিক, অনুক্রমী** ক্রমানুসারী, পরপর।

**অনুক্ষণ** সর্বদা, সতত। **অনুখন** কোমল রূপ, কাব্যে। 'অনুখণ' বর্জিত।

**অনুগামী** অনুসারী ; সমর্থনকারী। স্ত্রীলিঙ্গে **অনুগামিনী।**

**অনুঘটক** catalyst (পরি·)। **অনুঘটন্** catalysis.

**অনুচিন্তন, অনুচিন্তা** বিশেষ চিন্তা, ধ্যান,

প্রণিধান। 'অণুচিন্তন' নয়, 'অণুচিন্তা' নয়।

**অনুজীবী** আশ্রিত, অধীন। বিশেষ্যে **অনুজীবিতা**।

**অনুজ্জ্বল** ম্লান। বিশেষ্যে **অনৌজ্জ্বল্য, অনুজ্জ্বলতা**।

**অনুৎকর্ষ** উৎকর্ষের অভাব। বিণ· **অনুৎকৃষ্ট**।

**অনুৎসাহ** উৎসাহের অভাব। **অনুৎসাহী** বিণ· উদ্যমহীন, নিশ্চেষ্ট। বি· **অনুৎসাহিতা**।

**অনুদিত** উদিত বা প্রকাশিত হয়নি এমন।

**অনুদ্বায়ী** উবে যায় না এমন। বি· **অনুদ্বায়িতা**।

**অনুদ্ভিন্নযৌবনা** যে মেয়ে যৌবনপ্রাপ্ত হয়নি। একটি শব্দ হিসাবে লেখ্য।

**অনুধেয়** ও **অনুধ্যেয়** সমার্থক শব্দ, অর্থ অনুধ্যানের যোগ্য বা অনুধাবনের যোগ্য। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**অনুধ্যান** গভীর চিন্তা, চিন্তন। বিণ· **অনুধ্যায়ী**।

**অনুনয়বিনয়** কিংবা **অনুনয়-বিনয়**। প্রথমটি সংগততর।

**অনুনাদ** (সংগীতে) resonance.

**অনুনাসিক**। 'আনুনাসিক' নয়। কিন্তু **সানুনাসিক** (স+অনুনাসিক)।

**অনুপ[১], অনূপ** জলময় স্থান। প্রথমটি অবশ্যই অধিকতর প্রচলিত।

**অনুপ[২]** তুলনাহীন, উপমাহীন।

**অনুপপত্তি** অসংগতি। বিণ· **অনুপপন্ন**।

**অনুপযোগী**। বি· **অনুপযোগিতা**।

**অনুপুঙ্খ** (< পুঙ্খানুপুঙ্খ)। বর্তমানে একটি খণ্ডিত শব্দ (clipped word) হিসাবে পুঙ্খানুপুঙ্খ অর্থেই প্রচলিত। বিশেষণে শব্দটির প্রয়োগ বাঞ্ছনীয় নয়। বিশেষ্যে 'প্রতিটি অংশ' (every detail) অর্থে গ্রহণীয়—প্রতিটি অনুপুঙ্খের বর্ণনা। কিন্তু 'অনুপুঙ্খ বর্ণনা' প্রয়োগ গ্রহণীয় নয়। **সানুপুঙ্খ বর্ণনা** নির্দোষ।

**'অনুপূর্বা'** যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতাসংকলন (১৯৪৬)।

**অনুবর্তন** বি· অনুসরণ, অনুগমন। বিণ· **অনুবর্তী** অনুগামী। বি· **অনুবর্তিতা**। স্ত্রীলিঙ্গে **অনুবর্তিনী**।

**অনুবীক্ষণ** ভুল। **অণুবীক্ষণ** একমাত্র বানান।

**অনুভা** ভুল। **অণুভা** একমাত্র বানান।

**অনুভূমিক** horizontal. 'আনুভূমিক' নয়।

**অনুমত্যনুসারে** (অনুমতি+অনুসারে)। 'অনুমত্যানুসারে' নয়।

**অনুমৃতা** মৃত স্বামীর সঙ্গে একই চিতায় মৃত্যুবরণকারিণী, সহমৃতা।

**অনুরণন**। **অনুরণিত**। 'অণুরণন', 'অণুরণিত' নয়।

**অনুরথ্যা** চোরাগলি।

**অনুরাধপুর** শ্রীলঙ্কার শহর, সিংহলের প্রাচীন রাজধানী। 'অনুরাধাপুর' নয়।

**অনুলিখন** কপি, নকল, অনুলিপি। **অনুলেখন** বাংলামতে গঠিত ও প্রচলিত।

**অনুল্লিখিত**। 'অনুল্লেখিত' নয়।

**অনুশীলন বৃত্তি** দুটি শব্দ।

**অনুশীলন সমিতি** বিপ্লবী সংগঠন, কলকাতায় স্থাপিত (১৯০২)।

**অনুষ্ণ** বিণ· উষ্ণ নয় এমন। মূর্ধন্য-ষ এবং মূর্ধন্য-ণ, ঞ নয়।

**অনুষ্টুপ, অনুষ্টুভ**। বানানভেদ, তবে দ্বিতীয়টি বিরল, প্রায় বর্জিত। হস্‌চিহ্ন বর্জিত।

**অনুষ্ঠাতৃ, অনুষ্ঠাতা** অনুষ্ঠানকারী। স্ত্রী· **অনুষ্ঠাত্রী**।

**অনুসন্ধানী দৃষ্টি** পৃথকভাবে লেখ্য।

**অনুসারী** অনুসরণকারী ; অনুযায়ী।

**অনুসূর** কক্ষপথের যে-বিন্দুতে কোনো গ্রহ সূর্যের থেকে নিকটতম স্থানে অবস্থিত, perihelion. তু· **অপসূর**।

**অনুসৃতি** অনুসরণ। **অনুসৃত** অনুসরণ করা হয়েছে এমন।

**অনুস্বর, অনুস্বার** বিকল্প বানান। তবে বর্ত· দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**অনুস্মৃতি** পশ্চাৎস্মরণ, recollection. একই অর্থে **অনুস্মরণ**।

**অনূঢ়** অবিবাহিত। স্ত্রী· **অনূঢ়া**।

**অনূদিত** ভাষান্তরিত। **অনুবাদিত** ণিজন্ত প্রয়োগ, অন্যের দ্বারা ভাষান্তরিত। অনূদিত অর্থে অনুবাদিত লেখা যায় না।

**অনূপ**। **অনুপ[১]** দ্র।

**অনূর্ধ্ব** অনধিক। **অনূর্ধ্ব তেইশ, অনূর্ধ্ব পঁচিশ**

ইত্যাদি পৃথক শব্দ হিসাবে লেখা উচিত।

**অনেক কথা, অনেক রকম** এবং **অনেক সন্ন্যাসী**, প্রতিটি পৃথকভাবে লেখ্য। **অনেক কাল** কিংবা **অনেককাল, অনেক দিন** কিংবা **অনেকদিন**। **অনেকবিধ, অনেকরূপ** এক শব্দ হিসাবে।

**অন্তঃকলহ**। 'অন্তর্কলহ' নয়। তু· **অন্তঃকরণ**।

**অন্তঃপাতী** অন্তর্বর্তী। 'অন্তঃপাতি' নয়।

**অন্তঃপ্রবিষ্ট অন্তঃরাষ্ট্রিক, অন্তঃশীল, অন্তঃশীলা, অন্তঃশুল্ক, অন্তঃসলিলা, অন্তঃসত্ত্বা, অন্তঃসার, অন্তঃস্থ** (মধ্যবর্তী)। প্রত্যেকটি শব্দে বিসর্গ আবশ্যিক।

**'অন্তঃশীলা'** ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় রচিত উপন্যাস (১৯৩৫)।

**অন্তঃস্থ বর্ণ** একসঙ্গে নয়, হাইফেন নয়।

**অন্তত** কমপক্ষে, নিদেনপক্ষে। 'অন্ততঃ' বর্জিত। **অন্ততপক্ষে** একটি শব্দ হিসাবে লেখ্য।

**অন্তরকলন** differential calculus. 'অন্তর কলন' নয়।

**অন্তরণ** আটক, internment. বিশেষণে **অন্তরিন, অন্তরিত**।

**অন্তরস্থ** ভিতরের, মনের। বিসর্গ নয়।

**অন্তরায়ণ** আটক, internment, অন্তরণ।

**অন্তরালবর্তী** অন্তরালে রয়েছে এমন, বিণ·। বিশেষ্যে **অন্তরালবর্তিতা**। স্ত্রীলিঙ্গে **অন্তরালবর্তিনী**।

**অন্তরিত, অন্তরিন** দ্র **অন্তরণ**

**অন্তরীক্ষ, অন্তরিক্ষ** দুটিই শুদ্ধ, তবে প্রথমটি অধিকতর প্রচলিত।

**অন্তরীণ** অশুদ্ধ এবং বর্জনীয়। **অন্তরণ** দ্র।

**অন্তরীপ** cape. দীর্ঘ-ঈ আবশ্যিক।

**অন্তরীয়** অধোবাস, নিম্নাঙ্গের পরিধেয়। তু· বিপ· **উত্তরীয়**।

**অন্তর্কলহ** ভুল সন্ধি। **অন্তঃকলহ** লেখ্য।

**অন্তর্গূঢ়** ভিতরে গুপ্ত রয়েছে এমন। **অন্তর্গূঢ় স্নেহ, অন্তর্গূঢ় করুণা**।

**অন্তর্গ্লানি** ভিতরে ভিতরে গ্লানিবোধ।

**অন্তর্ঘাত** গোপনে নাশকতামূলক কাজ। বিণ· **অন্তর্ঘাতমূলক, অন্তর্ঘাতী** অন্তর্ঘাত করে এমন। **অন্তর্ঘাতক** যে অন্তর্ঘাত করে, অন্তর্ঘাতকারী, saboteur.

**অন্তর্জগৎ** ভাবনার জগৎ, মনোজগৎ।

**অন্তর্জলি** মুমূর্ষুর জন্য মাঙ্গলিক ক্রিয়াবিশেষ।

**অন্তর্জাতীয়, অন্তর্দেশীয়** সমার্থক শব্দ।

**অন্তর্দর্শন** introspection. একই অর্থে, **অন্তর্দৃষ্টি**।

**অন্তর্দেশীয় পত্র** inland letter. দুটি পৃথক শব্দ।

**অন্তর্বাণিজ্য** inland trade.

**অন্তর্বাহী** ভিতরের দিকে আকৃষ্ট হচ্ছে এমন, afferent. বি. **অন্তর্বাহিতা**।

**অন্তর্বিবাহ** স্বজাতির মধ্যে বিবাহ, endogamy.

**অন্তর্ভুক্ত** অন্তর্গত, মধ্যস্থিত। একই অর্থে **অন্তর্ভূত**। **অন্তর্ভূত কোণ** included angle. 'অন্তর্ভুক্ত কোণ' নয়।

**অন্তর্মুখ, অন্তর্মুখী** কেন্দ্রাভিগ, afferent. বি· **অন্তর্মুখতা, অন্তর্মুখিতা**।

**অন্তর্যামী** -মি নয়।

**অন্তস্তল** অভ্যন্তর, ভিতর ; মন। উদা· অন্তরের অন্তস্তলে। 'অন্তস্থল' নয়।

**অন্তস্থ** বিণ· শেষের, শেষে অবস্থিত।

**অন্তাক্ষরী** দ্র **অন্ত্যাক্ষরী**।

**অন্তিক** অন্ত্য, শেষের বা প্রান্তের ; চরম, extreme. বি· ও বিণ·।

**অন্তিমকাল** একটি শব্দ। অনুরূপভাবে, **অন্তিমদশা**। কিন্তু **অন্তিম সময়**।

**অন্ত্যধ্বনি, অন্ত্যপদ**।

**অন্ত্যবর্ণ, অন্ত্যানুপ্রাস** অন্ত্য+বর্ণ,+অনুপ্রাস।

**অন্ত্যাক্ষরী** শেষ অক্ষর বা বর্ণ অবলম্বনে রচিত কবিতা বা গান। **অন্ত্যাক্ষরি** সংগততর বানান। 'অন্তাক্ষরী' নয়।

**অন্ত্যেষ্টি**। 'অন্তেষ্টি' নয়। **অন্ত্যেষ্টিক্রিয়া** একটি শব্দ।

**অন্ত্যোদয়** অহিংস আন্দোলনবিশেষ। 'অন্তোদয়' নয়।

**অন্দরমহল** একটি শব্দ, হাইফেন নয়।

**অন্ধকূপ, অন্ধবেগ, অন্ধবিশ্বাস** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য। উদা· 'অন্ধবেগে বহুদূরে লঙ্ঘি চলি যাই' : রবীন্দ্র। কিন্তু **অন্ধ আবেগ** পৃথক

শব্দ হিসাবে।

**অন্দিসন্দি** হাইফেন নয়। 'অন্দিসন্দি' আঞ্চ· প্রয়োগ।

**অন্ত্রপ্রদেশ** কিংবা **আন্ত্রাপ্রদেশ।** একটি শব্দ হিসাবে।

**অন্ধ্রেরন্ধ্রে** একটি শব্দ।

**অন্নকূট।** 'অন্নকুট' নয়।

**অন্নজল** একটি শব্দ, হাইফেন নয়। **অন্নজল ত্যাগ করা।**

**'অন্নদামঙ্গল'** মঙ্গলকাব্যের রীতিতে ভারতচন্দ্র রায় রচিত কাব্য। 'অন্নদা মঙ্গল' নয়।

**অন্ননালি।** 'অন্ননালী' অপ্রয়োজনীয়।

**অন্নময় কোষ** স্থূল শরীর। দুটি পৃথক শব্দ হিসাবে লেখ্য।

**অন্নসংস্থান** একটি শব্দ। কিন্তু **অন্নের সংস্থান।**

**অন্বিত** অন্বয়যুক্ত, সম্বন্ধযুক্ত। **অন্বিত বাক্য** দুটি পৃথক শব্দ।

**অন্বিষ্ট** অন্বেষিত ; অন্বেষিত বিষয়। বি· বিণ·।

**'অন্বিষ্ট'** বিষ্ণু দে-র কাব্য (১৯৫০)।

**অন্বেষণ, অন্বেষা, অন্বেষিত, অন্বেষী।** 'অণ্বেষণ' 'অণ্বেষা' 'অণ্বেষিত', 'অণ্বেষী' নয়।

**অন্যকিছু** একটি শব্দ।

**অন্যতম** বিণ· অনেকের মধ্যে এক। শ্রেষ্ঠ অর্থে প্রয়োগ অশুদ্ধ।

**অন্যমনা** অন্যমনস্ক। 'অন্যমনাঃ' বর্জিত।

**অন্যায় আচরণ, অন্যায় উক্তি।** পৃথক শব্দ হিসাবে লেখ্য। কিন্তু **অন্যায়যুদ্ধ** কিংবা **অন্যায় যুদ্ধ** এবং **অন্যায়সমর** কিংবা **অন্যায় সমর।** তবে হাইফেন নয়।

**অন্যূন** বিণ· অন্তত, কমপক্ষে।

**অন্যোন্য** বিণ· mutual. **অন্যোন্য সম্পর্ক** পৃথক দুটি শব্দ। কিন্তু **অন্যোন্যসাপেক্ষ** এক শব্দ। **অন্যোন্যক** reciprocal number.

**অপকৃত** বিণ· ক্ষতিগ্রস্ত। **অপকৃতি** বি· ক্ষতি।

**অপকৃষ্ট** নিকৃষ্ট। বিপ· **উৎকৃষ্ট।**

**অপক্ব।** 'অপক্ক' নয়।

**অপক্রিয়া** কুকাজ।

**অপক্ষপাত** বি· পক্ষপাতহীনতা। **অপক্ষপাতী** বিণ· পক্ষপাতহীন। বি· **অপক্ষপাতিতা, অপক্ষপাতিত্ব।**

**অপচয়ী** বিণ· অপচয় বা অপব্যয় করে এমন। **অপচিত** বিণ· অপব্যয়িত ; ক্ষয়প্রাপ্ত। **অপচিতি** বি· দেহকোষের ক্ষয়, (পরি·) katabolism. **অপচীয়মান** বিণ· ক্ষীয়মাণ ; অপব্যয়িত হচ্ছে এমন। **অপচেতা** বি· বিণ· অপচয়কারী।

**অপচেষ্টা** অন্যায় চেষ্টা।

**অপটিকস** optics, দৃষ্টি- ও আলোক-সংক্রান্ত বিজ্ঞান। বিণ· **অপটিকাল, অপটিক্যাল।** 'অপটিক্স', 'অপ্টিকস' নয়।

**অপত্য-নির্বিশেষে** ক্রি-বিণ· আপন সন্তানের থেকে পৃথক না ভেবে, আপন সন্তানের মতো। হাইফেন জরুরি। কিন্তু **অপত্যস্নেহ** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**অ-পদস্থ** বিণ· পদস্থ অর্থাৎ উচ্চপদস্থ নয় এমন। **অপদস্থ** বিণ· অপমানিত। প্রথমটিতে হাইফেন বাঞ্ছিত, দ্বিতীয়টি একটি শব্দ, হাইফেন নয়। অনুরূপভাবে, **অ-পদার্থ** non-material এবং **অপদার্থ** অকর্মণ্য।

**অপনয়, অপনয়ন** বি· দূরীকরণ, অপনোদন। বিণ· **অপনীত।** 'অপনয়িত' নয়। **অপনেয়** বিণ· দূর করা উচিত এমন, দূর করা যায় এমন। বিপ· **অনপনেয়, দুরপনেয়।**

**অপভ্রংশ** বি· বিকৃতি, বিচ্যুতি। বিণ· **অপভ্রষ্ট।**

**অপরাহ্ণ** মূর্ধন্য-ণ। 'অপরাহ্ন' নয়।

**অপরিণত বুদ্ধি** কাঁচা বুদ্ধি। **অপরিণতবুদ্ধি** কাঁচা বুদ্ধিযুক্ত। **অপরিণতবুদ্ধি বালক।**

**অপরিণামদর্শী** বিণ· অদূরদর্শী। বি· **অপরিণামদর্শিতা।**

**অপরিবাহী** বিণ· non-conducting. বি· **অপরিবাহিতা।**

**অপরিষ্কার, অপরিষ্কৃত।** 'অপরিস্কার', 'অপরিস্কৃত' নয়।

**অপরিস্ফুট** বিণ· অস্পষ্ট। 'অপরিষ্ফুট', 'অপরিস্ফূট' নয়।

**অপরিস্রুত** বিণ· অশোধিত। 'অপরিশ্রুত', অপরিস্রূত' নয়।

**অপর্যাপ্ত** বিণ· অঢেল বা প্রচুর এবং অপ্রচুর দুই অর্থেই প্রচলিত।

**অপলকা** বিণ· পলকা, ভঙ্গুর। 'অপল্কা' নয়।

**অপশ্রুতি** বি· স্বরধ্বনির পরিবর্তনবিশেষ, ablaut.

**অপসংস্কৃতি** নিকৃষ্ট রুচির শিল্প ইত্যাদি বোঝাতে শব্দটি আদৌ সুরচিত নয়, তবে অতিপ্রচলিত।

**অপসারিত** বিণ· অপসারণ করা বা সরিয়ে ফেলা হয়েছে এমন। উদা· —বাধা অপসারিত।

**অপসূর** কক্ষপথের যে বিন্দুতে কোনো গ্রহ সূর্যের থেকে দূরতম স্থানে অবস্থান করে, aphelion. তু· **অনুসূর**।

**অপসৃত** বিণ· অপসারিত ; পালিয়েছে বা চলে গেছে এমন।

**অপসৃয়মাণ, অপস্রিয়মাণ** বিণ· চলে যাচ্ছে বা সরে যাচ্ছে এমন। সংস্কৃতমতে অশুদ্ধ হলেও অতিপ্রচলিত।

**অপাঙ্‌ক্তেয়** জাতিচ্যুত, একঘরে। -পাং নয়।

**অপারেটর** operator. 'অপারেটার' নয়।

**অপেরণ** aberration (পরি·)।

**অপেশাদারি** -রী নয়।

**অপোগণ্ড** বিণ· অপদার্থ, অকর্মণ্য। নাবালক অর্থ বর্ত· অপ্র·।

**অপ্রকৃত ভগ্নাংশ** দুটি শব্দ, একসঙ্গে লেখা যাবে না।

**অপ্রতিদ্বন্দ্বী** সমকক্ষহীন, unrivalled.

**অপ্রতিম** তুলনাহীন, উপমাহীন। 'অপ্রতীম' ভুল বানান।

**অপ্রতুল** বি· অপ্রাচুর্য ; বিণ· অপ্রচুর। **অপ্রতুলতা** বি· অশুদ্ধ, কিন্তু বর্ত· অতিপ্রচলিত এবং গ্রহণীয়।

**অপ্রদীপ** বিণ· প্রদীপহীন ; বি· আলোকহীনতা দুই অর্থেই প্রয়োগযোগ্য। তু· **নিষ্প্রদীপ** বিণ· আলোকহীন, অন্ধকার। উদা·—নিষ্প্রদীপ রাত্রি।

**অপ্রাপণীয়** বিণ· অপ্রাপ্য, অলভ্য। -নীয় নয়।

**অপ্রাপ্তযৌবন** একটি শব্দ। অনুরূপভাবে, **অপ্রাপ্তবয়স্ক, অপ্রাপ্তযৌবনা, অপ্রাপ্তশিক্ষা**।

**অপ্রিয়ভাষণ** একটি শব্দ।

**অপ্সরা** সংগীত ও নৃত্যকলায় পারদর্শিনী দেবযোনি, দেবাসুরের সমুদ্রমন্থনের সময় অপ্‌ বা জল থেকে উঠে আসার জন্য এই নাম।

**অফিস**। 'অফিশ' নয়। **আপিস** কথ্য রূপ।

**অবকাশযাপন** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়। পরে ক্রিয়াপদ থাকলে পৃথক শব্দ হিসাবে ব্যবহার্য। উদা·—অবকাশযাপনের জন্য/অবকাশ যাপন করতে।

**অবজারভেটরি** observatory, মানমন্দির।

**অবজ্ঞা-প্রদর্শন** হাইফেন বাঞ্ছিত। অনুরূপভাবে, **উপেক্ষা-প্রদর্শন**।

**অবতংস** বি· ভূষণ, অলংকার, সচ· আলংকারিক প্রয়োগ। তু· **চন্দ্রবংশাবতংস**। 'অবতংশ' নয়।

**অবতরণিকা** বি· সিঁড়ি ; সূচনা, ভূমিকা, মুখবন্ধ, সচ· গ্রন্থাদির ভূমিকা। **অবতারণা** বি· আলোচনার সূত্রপাত। দুটি শব্দের পার্থক্য লক্ষণীয়।

**অবদমিত** বিণ· অন্তরের বাসনা দমন করা হয়েছে এমন, repressed. বি· **অবদমন** repression.

**অবদান** বি· প্রশংসনীয় কর্ম বা কৃতি, কীর্তি, achievement. Contribution অর্থে বর্ত· অতিপ্রচলিত এবং গ্রহণীয়।

**অবনমন** বি· degradation. বিণ· **অবনমিত,** degraded.

**অবনি, অবনী** বানানভেদ। তবে প্রথমটি ক্রমে দ্বিতীয়টির স্থান দখল করছে।

**অবনিবনা** বি· সম্প্রীতির অভাব। 'অবনিবনাও' মূলানুগ কিন্তু অপ্র·।

**অবনীন্দ্রনাথ ঠাকুর** ১৮৭১-১৯৫১, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী এবং বিশিষ্ট শিশুসাহিত্যিক।

**অবন্তি, অবন্তী** দুইই শুদ্ধ, তবে প্রথমটিই গ্রহণীয়।

**অবভাস** দর্শ· শব্দ। বি· আরোপ, অধ্যাস ; ভান। সাধারণ ব্যবহারের অর্থ প্রকাশ, স্ফুরণ।

**অবমূল্যায়ন** বি· devaluation. এই অর্থে শব্দটি শুদ্ধ নয়, তবে প্রচলিত। 'অবমূল্যায়ণ' নয়।

**অবরে-সবরে** ক্রি-বিণ· কখনও-কখনও, মাঝেসাঝে। হাইফেন আবশ্যিক।

**অবলোকিতেশ্বর** বজ্রযানী বৌদ্ধদের বোধিসত্ত্ববিশেষ।

**অবলোহিত** infra-red (পরি·)।

**অবশ্যকরণীয়** একটি শব্দ। অনুরূপভাবে, **অবশ্যকর্তব্য, অবশ্যপালনীয়**।

**অবসর জীবন, অবসর বিনোদন, অবসর যাপন** পৃথকভাবে লেখা যেতে পারে, অসংলগ্ন সমাস হিসাবে। কিংবা **অবসরযাপন, অবসরবিনোদন, অবসরজীবন** ।

**অবস্থান ধর্মঘট** দুটি পৃথক শব্দ ।

**অবস্থাবিপর্যয়** একটি শব্দ। অনুরূপভাবে, **অবস্থাসংকট, অবস্থাসম্পন্ন** ।

**অবাধ বাণিজ্য** laissez faire. উনিশ শতকে জন স্টুআর্ট মিল ও বেন্থামের প্রচারিত উদারনৈতিক উন্মুক্ত বাণিজ্যের নীতি ।

**অবিচলচিত্ত** বিণ· অবিচলিত। একটি শব্দ। কিন্তু ক্রি-বিণ হলে পৃথক শব্দ হিসাবে। উদা·— অবিচল চিত্তে এই সমস্যার মোকাবিলা করলেন ।

**অবিমৃশ্য** বিণ· অবিবেচক, হঠকারী। 'অবিমৃষ্য' নয়। **অবিমৃশ্যকারী** বিণ·। বি· **অবিমৃশ্যকারিতা** ।

**অবিসংবাদী** অবিতর্কিত। বি· **অবিসংবাদিতা** ।

**'অব্যক্ত'** আচার্য জগদীশচন্দ্র বসুর প্রবন্ধগ্রন্থ (১৯২১)।

**অভাবমোচন, অভাবমোচনের জন্য, অভাবমোচনের ব্যবস্থা** ।

**অভিকর্ষ** gravity (পরি·)।

**অভিজাততন্ত্র** একটি শব্দ ।

**অভিজ্ঞানপত্র** identity card.

**'অভিজ্ঞানশকুন্তলম্'** মহাকবি কালিদাসের কাব্যনাটক ।

**'অবদানকল্পলতা'** বৌদ্ধ অবদান সাহিত্যের ক্ষেমেন্দ্র-রচিত প্রাচীন গ্রন্থ ।

**'অবদানশতক'** বৌদ্ধ অবদান সাহিত্যের প্রাচীনতম গ্রন্থ, রচনাকাল আনু· ১ম-২য় শতক ।

**অভিনন্দনপত্র** একটি শব্দ। অনুরূপভাবে, **অভিনন্দনবাণী** ।

**অভিনবগুপ্ত** দশম শতকের টীকাকার, 'লোচন' ছদ্মনামে 'ধ্বন্যালোক'-এর টীকা রচনা করেছিলেন ।

**অভিনয়দক্ষতা** কিংবা **অভিনয় দক্ষতা** । হাইফেন অপ্রয়োজনীয় ।

**'অভিনয়দর্পণ'** নন্দিকেশ্বর-রচিত অভিনয়- বা নাট্য-বিষয়ক প্রাচীন গ্রন্থ ।

**অভিনিবেশ** বি· একাগ্রতা, মনোযোগ। বিণ· **অভিনিবিষ্ট** একাগ্র, মনোযোগযুক্ত ।

**অভিন্নহৃদয়** বিণ· একটি শব্দ। উদা·— অভিন্নহৃদয় বন্ধু ।

**অভিবাসন** বি· immigration. **অভিবাসী** বিণ· অভিবাসন করেছে এমন, immigrant.

**অভীষ্ট** বি· অভিলাষ ; বিণ· বাঞ্ছিত, ঈপ্সিত। **অভীষ্টলাভ** একটি শব্দ। অনুরূপভাবে, **অভীষ্টসিদ্ধি** ।

**অভ্যন্তরীণ** বিণ· ভিতরের, মধ্যবর্তী। সমার্থ শব্দ **আভ্যন্তর, অভ্যন্তরস্থ, আভ্যন্তরিক** । 'আভ্যন্তরীণ' ভুল ।

**অভ্যর্থনা সমিতি** দুটি শব্দ, অসংলগ্ন সমাস ।

**অভ্যুদয়** বি· উদয় ; উন্নতি। 'অভ্যূদয়' নয় ।

**'অভ্র ও আবীর'** সত্যেন্দ্রনাথ দত্তের কাব্য (১৯১৬)।

**অমনই** বিণ· ক্রি-বিণ· উচ্চা· অমোনি, অর্থ ওই রকমই। উদা·— আমি অমনই একটা জিনিস চেয়েছিলাম ।

**অমনি** বিণ· ক্রি-বিণ· অকারণে, বিনামূল্যে, বিনা আয়াসে, সঙ্গে সঙ্গে। উদা·— 'হাতের কাছে অমনি এল, অমনি যাবে, অমনি যেতে দেবে কে রে' : রবীন্দ্র ; জিনিসটা তোমাকে অমনি দেব না ; ডাক শুনে অমনি ছুটে এল ।

**অমনি-অমনি** ক্রি-বিণ· অকারণে। উদা·— অমনি-অমনি মেরেছে ?

**অমনিবাস** omnibus. 'ওমনিবাস' নয় ।

**'অমরকোষ'** আনু· সপ্তম শতকে অমরসিংহ-রচিত সংস্কৃত শব্দাভিধান। অন্য নাম **অমরার্থচন্দ্রিকা** ।

**অমরাবতী** অন্ধ্রপ্রদেশের গুন্টুর জেলায় অবস্থিত ইতিহাসখ্যাত স্থান, শিল্পস্থাপত্যের কেন্দ্র ।

**'অমরুশতক'** অমরু বা অমরুক রচিত শতাধিক শ্লোকের সংকলন। রচনাকাল আনু· ৭ম-৮ম শতক ।

**অমর্ত্য** বিণ· স্বর্গীয় ; বি· দেবতা। 'অমর্ত' নয়। **অমর্ত্যলোক** একটি শব্দ ।

**অমল হোম** ১৮৯৩-১৯৭৫ সাংবাদিক, সমালোচক, রবীন্দ্র-বিশেষজ্ঞ ।

# অ

**অমলেট** omelet. 'ওমলেট' নয়।
**অমাবস্যা**। 'আমাবস্যা' আঞ্চ· রূপ।
**অমার্জিত** বিণ· অশিষ্ট বা অভদ্র ; অপরিশোধিত বা অসংশোধিত। তবে শেষোক্ত অর্থে **অপরিমার্জিত** লেখা সুবিধাজনক।
**অমিতাচার** বি· অসংযত আচরণ। **অমিতাচারী** বিণ· অসংযত আচরণকারী, আচার-আচরণে সংযম নেই এমন।
**অমিত্রাক্ষর** মধুসূদন দত্ত প্রবর্তিত অন্ত্যমিল-বর্জিত বাংলা ছন্দ।
**অমিয় চক্রবর্তী** ১৯০১-১৯৮৬ কবি। প্রধান কাব্য 'হারানো অর্কিড', 'পালাবদল', 'ঘরে ফেরার দিন'।
**অমিশ্ররাশি** পূর্ণসংখ্যা, whole number. কিংবা **অমিশ্র রাশি**।
**অমুদ্রণীয়** ছাপার অযোগ্য।
**অমৃতলাল বসু** ১৮৫৩-১৯২৯ নাট্যকার, প্রধান গ্রন্থ 'বিবাহ-বিভ্রাট', 'খাসদখল', 'ব্যাপিকা-বিদায়'।
**অমৃতলোক** স্বর্গ। একটি শব্দ।
**অমৃতহ্রদ** সুধা ; অমৃতে পূর্ণ হ্রদ। একটি শব্দ। উদা·— 'মক্ষিকাও গলে না গো পড়িলে অমৃতহ্রদে' : মধু·।
**অমৃতা প্রীতম** জন্ম ১৯১৯ জ্ঞানপীঠ পুরস্কারপ্রাপ্তা কবি।
**অমৃতা শের-গিল** ১৯১৩-১৯৪১ চিত্রশিল্পী।
**অম্বরিষ, অম্বরীষ** যুদ্ধ ; সূর্য ; বিষ্ণু ; শিব। 'অম্বরীশ' ভুল।
**অম্বুবাচী** -চি নয়।
**অম্ভোজ** চাঁদ ; পদ্ম।
**অম্ভোদ** সমুদ্র ; মেঘ।
**অম্লানবদনে** ক্রি-বিণ· একটি শব্দ।
**অযুগ্ম সংখ্যা** বিজোড় সংখ্যা। দুটি পৃথক শব্দ।
**অযোগবাহবর্ণ** ব্যাঞ্জনবর্ণ ও স্বরবর্ণের মধ্যে ধরা হয় না বলে অনুস্বার ও বিসর্গ এই দুই বর্ণের নাম। কিংবা **অযোগবাহ বর্ণ**।
**অয়নবৃত্ত** একটি শব্দ। অনুরূপভাবে, **অয়নমণ্ডল**।
**অয়নান্ত** solstice.
**অয়লক্লথ, অয়লপেন্টিং, অয়লপেপার** যথাক্রমে oilcloth, oilpainting ও oilpaper এর প্রতিবর্ণীকৃত রূপ। 'অয়েল' বানান বাংলামতে কৃত।
**অয়স্কান্তমণি** loadstone. একটি শব্দ।
**অয়েন্টমেন্ট** ointment এর বাংলা রূপান্তর।
**অরগ্যান** organ. কিংবা **অর্গ্যান**। তবে প্রথমটি সংগততর।
**অরচার্ড** orchard. ইংরেজি উচ্চারণে র নেই, তবে বাংলা প্রতিবর্ণীকরণে থাকবে।
**অরডার** order. কিংবা **অর্ডার** (আ·বা·প·)।
**অরডারি** অরডার দেওয়া হয়েছে এমন। উদা·— অরডারি মাল। 'অর্ডারি' নয়, 'অরডারী' নয়।
**অরডিনান্স** ordinance. অধ্যাদেশ (পরি·)।
**অরডিনারি** ordinary.
**অরণি** -ণী নয়।
**অরণ্যে রোদন** দুটি পৃথক শব্দ।
**অরথোগ্রাফি** orthography. বিশুদ্ধ বানানবিদ্যা।
**অরফিউস** Orpheus. গ্রিসের পৌরাণিক কবি ও সংগীতজ্ঞ।
**অরফ্যান** orphan. 'অর্ফ্যান' নয়।
**অরবিট** orbit. কক্ষপথ।
**অরবিন্দ ঘোষ** ১৮৭২-১৯৫০ সংগ্রামী জাতীয়তাবাদী ; ধর্মীয় দ্রষ্টা।
**অরাইয়ন** Orion. কালপুরুষ।
**অরিগন** Oregon, আমেরিকা যুক্তরাষ্ট্রের উত্তর-পশ্চিমস্থ রাজ্য।
**অরিয়োল** oriole. হলদে পাখি, বেনেবউ।
**অরুন্ধতী** নক্ষত্রবিশেষ। -তি নয়।
**'অরূপরতন'** রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক (১৯২০)।
**অরোলজি** orology. পর্বতবিজ্ঞান।
**অর্কিড** orchid. রাস্নাজাতীয় ফুলবিশেষ।
**অর্কেস্ট্রা** orchestra. ঐকতান-বাদ্য।
**'অর্কেস্ট্রা'** সুধীন্দ্রনাথ দত্তের কাব্যগ্রন্থ (১৯৩৫)।
**অর্ঘ** বি· পূজা ; মূল্য। উদা·— মহার্ঘ ; দেবতার অর্ঘ। **অর্ঘ্য** বি· পূজার উপকরণ, উপচার। উদা·— পূজার অর্ঘ্য সাজানো। বিণ· পূজ্য।
**অর্ডারি** দ্র **অরডার**।

# অ

**অর্ডারি** দ্র **অরডারি**।

**অর্থকরী** বিণ· অর্থোপার্জনের সহায়ক। স্ত্রীলিঙ্গ অনাবশ্যক হলেও বহুলপ্রচলিত।

**অর্থকরী বিদ্যা** দুটি শব্দ।

**অর্থনীতি** economics. বিণ· **আর্থনীতিক**। **অর্থনৈতিক** অশুদ্ধ হলেও বহুলপ্রচলিত।

**অর্থ-বিনিয়োগ** হাইফেন বাঞ্ছিত।

**'অর্থশাস্ত্র'** আনু· খ্রিস্টপূর্ব তৃতীয় শতকে কৌটিল্যরচিত রাষ্ট্রতত্ত্ব ও রাষ্ট্রশাসন বিষয়ক গ্রন্থ।

**অর্থসংস্থান** টাকার জোগাড়। একটি শব্দ, হাইফেন নয়।

**অর্থোগ্রাফি** দ্র **অরথোগ্রাফি**।

**অর্ধনিমীলিত** বিণ· আধবোজা।

**অর্ধমাগধী** প্রধানত জৈন গ্রন্থাদিতে ব্যবহৃত প্রাকৃত ভাষাবিশেষ।

**অর্ধশিক্ষিত** বিণ· সচ· নিন্দার্থে ব্যবহৃত।

**অর্ধস্ফুট** বিণ· আধফোটা। 'অর্ধস্ফূট' নয়।

**অলংকরণ, অলংকার, অলংকৃত**। 'অলঙ্করণ', 'অলঙ্কার এবং 'অলঙ্কৃত' বার্জিত।

**অলংকার শাস্ত্র** দুটি পৃথক শব্দ হিসাবে লেখ্য।

**অলকাতিলকা** বি· চন্দন দিয়ে মুখ চিত্রণ। 'অলকাতিলক' বর্ত· অপ্র·।

**অলক্ষুনে**। -ণে নয়।

**অলচিকি** সাঁওতাল ভাষা যে লিপিতে লেখা হয়। অলচিকি লিপির নাম, ভাষার নাম নয়।

**অলডারম্যান** alderman, বিশিষ্ট পৌরসদস্য-বিশেষ।

**অলপ্পেয়ে** গালিবিশেষ, অর্থ স্বল্পায়ু।

**অলবড্ডে** বিণ· হাবাগবা, নির্বোধ ধরনের। 'অলবড্যে' নয়।

**অল-বিরুনি** ৯৭৩-১০৪৮। আরবদেশীয় পণ্ডিত, জ্যোতির্বিদ্যা, গণিত প্রভৃতিতে পারঙ্গম, পর্যটক হয়ে ভারতে এসেছিলেন।

**অলিম্পিক** বর্জিত বানান, **ওলিম্পিক** দ্র।

**অলী** বি· ভ্রমর। **অলি**-র বানানভেদ এবং বর্ত· অপ্র·।

**'অলীকবাবু'** জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর রচিত প্রহসন (১৮৭৭)।

**অলুক** বি· লোপ না পাওয়া এবং বিণ· লোপরহিত। **অলুক সমাস** যে সমাসে বিভক্তিচিহ্ন লোপ পায় না। 'অলুক্' বানান বর্ত· বর্জিত।

**অলোকসাধারণ** এবং **অলোকসামান্য** দুইই বিণ· ও সমার্থক, অর্থ অসাধারণ, অলৌকিক, পৃথিবীতে দেখা যায় না এমন। স্ত্রী· **অলোকসামান্যা**। উদা·— অলোকসামান্যা নারী।

**অলৌকিক শক্তি** দুটি পৃথক শব্দ। **অলৌকিক শক্তিসম্পন্ন, অলৌকিক শক্তির অধিকারী**।

**অল্পে অল্পে** কিংবা, সংগততর **অল্পে-অল্পে** ক্রমশ, ধীরে-ধীরে। একটি শব্দ হিসাবে নয়।

**অল্পেয়ে** বিণ· **অলপ্পেয়ে**-র রূপভেদ।

**অশথ— অশ্বত্থ**-এর কথ্য রূপ।

**অশন** ভোজন, আহার, **অশনবসন** আহার ও পরিচ্ছদ। 'অশনব্যসন' নয়।

**অশরীরী** শরীরহীন।

**অশীতি** ৮০ সংখ্যা। **অশীতিপর** বিণ· আশি বা তার বেশি বয়সী।

**অশোককানন** একটি শব্দ। অনুরূপভাবে, **অশোকবন**।

**অশোকষষ্ঠী** চৈত্রমাসের শুক্লাষষ্ঠী। একটি শব্দ।

**অশোকস্তম্ভ** একটি শব্দ।

**অশ্বখুরাকৃতি হ্রদ** ইংরেজি নাম ox-bow lake.

**অশ্বঘোষ** খ্রিস্টীয় প্রথম শতকের বৌদ্ধ লেখক, প্রাচীন সংস্কৃত লেখকদের মধ্যে শ্রেষ্ঠ বলে বিবেচিত।

**অশ্বিনীকুমার** বিশ্বকর্মার কন্যা সংজ্ঞা ও সূর্যের যমজপুত্র অশ্বিনী ও রেবন্ত, অশ্বিনীকুমার বা অশ্বিনীকুমারদ্বয় নামে পরিচিত।

**অশ্বিনীকুমার দত্ত** ১৮৫৬-১৯২৩ বরিশালের বিখ্যাত স্বাধীনতাসংগ্রামী, 'ভক্তিযোগ', 'কর্মযোগ' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।

**অশ্রদ্ধেয়** বিণ· দুই অর্থ, শ্রদ্ধার অযোগ্য এবং অবিশ্বাস্য। দ্বিতীয় অর্থ বর্ত· অপ্র·।

**অশ্রান্ত অধ্যবসায়** দুটি পৃথক শব্দ। অনুরূপভাবে, **অশ্রান্ত উদ্যম, অশ্রান্ত কর্মপ্রচেষ্টা**।

**অশ্রুজল** চোখের জল। গদ্যে **অশ্রু**। কেবল

কাব্যেই **অশ্রুজল** ব্যবহার্য।
**'অষ্টাধ্যায়ী'** পাণিনি-রচিত আটটি অধ্যায়ে বিভক্ত বিখ্যাত সংস্কৃত ব্যাকরণগ্রন্থ।
**অষ্টাবক্র** মুনিবিশেষ। মাতামহ কাহোড়ের অভিশাপে দেহ আট স্থানে বক্র হওয়ায় এই নাম।
**অষ্টাবিংশ**। 'অষ্টবিংশ' নয়।
**অষ্টাবিংশতি**। 'অষ্টবিংশতি' নয়।
**অষ্টেপৃষ্টে আষ্টেপৃষ্ঠে**-র অপেক্ষাকৃত কম প্রচলিত রূপ।
**অসংকোচ** বিণ· সংকোচহীন। উদা·— অসংকোচ স্বীকারোক্তি। বি· সংকোচহীনতা। উদা·— অসংকোচে মনের কথা বলা। বিণ· **অসংকুচিত** উদা·— অসংকুচিত চিত্তে। 'অসঙ্কোচ', 'অসঙ্কুচিত' বর্জিত।
**অসংগত** বিণ· অনুচিত, অযৌক্তিক। বি· **অসংগতি**। 'অসঙ্গত', 'অসঙ্গতি' বর্জিত।
**অসংবৃত** বিণ· এলোমেলো, আলুথালু। সচ· বেশবাস ও কথাবার্তা সম্বন্ধে প্রয়োগ হয়। 'অসম্বৃত' নয়।
**অসচ্ছল** বিণ· আর্থিক সংগতি নেই এমন। 'অস্বচ্ছল' নয়।
**অসত্যবাদী** বিণ· মিথ্যাবাদী। বি· **অসত্যবাদিতা**।
**অসদাচারী** বিণ·। বি· **অসদাচারিতা, অসদাচার, অসদাচরণ**।
**অসপত্ন** বিণ· শত্রু নেই এমন, শত্রুহীন।
**অসবর্ণ বিবাহ** দুটি পৃথক শব্দ, অসংলগ্ন সমাস।
**অসবোর্ন, জন** John Osborne জন্ম 1929 ইংরেজ নাট্যকার, Look Back in Anger, The Entertainer প্রভৃতির রচয়িতা।
**অসম** বি· ভারতের পূর্বাঞ্চলের রাজ্যবিশেষ। পূর্ব-প্রচলিত 'আসাম'-এর চেয়ে **অসম** সংগততর এবং ক্রমশ অধিকতর প্রচলিত হচ্ছে। অনুরূপভাবে, **অসমিয়া**। 'অসমীয়া' নয়।
**অসম্বদ্ধ** বিণ· সংহতিহীন, ঐক্যহীন, অবিন্যস্ত। 'অসংবদ্ধ' নয়।
**অসম্বন্ধ** বিণ· অসংলগ্ন; সম্বন্ধহীন বা আত্মীয়তাহীন।
**অসহযোগ** বি· সংস্পর্শ বা সম্পর্ক বা সহযোগিতার অভাব। **অসহযোগ আন্দোলন** দুটি পৃথক শব্দ।
**অসহযোগিতা** বি· সহযোগিতা বা সাহায্য না করা। সাধারণ প্রয়োগে **অসহযোগ** এবং **অসহযোগিতা**-র মধ্যে পার্থক্য নেই বললেই চলে।
**অসাংবিধানিক** বিণ· সংবিধান-বহির্ভূত, unconstitutional.
**অসাধ্যসাধন** বি· একটি শব্দ।
**অসার-সুসার** বি· সুবিধা-অসুবিধা। হাইফেন চাই।
**অসিরগড়** মধ্যপ্রদেশের ইতিহাসখ্যাত পার্বত্য দুর্গ, আকবর-কর্তৃক অধিকৃত (১৬০১), ওয়েলসলি-কর্তৃক অধিকৃত (১৮০৩)।
**অসিলোস্কোপ** oscilloscope.
**অসোয়াস্তি** বি· **অস্বস্তি**-র কথ্য রূপ।
**অস্টেন, জেন** Jane Austen 1775-1817 ইংরেজ লেখিকা।
**অস্ট্রেলয়ড** কিংবা **অস্ট্রেলয়েড** Australoid.
**অস্ট্রেলিয়ান** Australian এর প্রতিবর্ণীকৃত রূপ। **অস্ট্রেলীয়** বাংলামতে গঠিত।
**অস্ট্রিয়া** Austria -ষ্ট্রি- নয়। **অস্ট্রিয়ান** Austrian.
**অস্ট্রো-** Austro-. অস্ট্রিয়া বিষয়ক বা অস্ট্রিয়া এবং; উদা·— অস্ট্রো-রুশ।
**অস্তমান** বিণ· অস্তগমনোন্মুখ। বাংলামতে গঠিত শব্দ।
**অস্ত্যর্থক** বিণ· আছে এই অর্থবোধক। অস্তি+অর্থক।
**অস্থাবর** বিণ· যাকে নড়ানো বা সরানো যায়; movable. **অস্থাবর সম্পত্তি** movable property.
**অস্থিতিস্থাপক** বিণ· inelastic (পরি·)।
**অস্থিবিজ্ঞান, অস্থিবিদ্যা** osteology.
**অস্থিরবুদ্ধি** বুদ্ধি স্থির নেই এমন। একটি শব্দ। অনুরূপভাবে, **অস্থিরমতি**। দুটিই বিণ·; উদা·— অস্থিরমতি বালক। কিন্তু অস্থির শব্দ যদি বুদ্ধি বা মতি-র বিশেষণ হয় তবে পৃথকভাবে লেখ্য। উদা· বড়ই অস্থির তার বুদ্ধি। অনুরূপভাবে, **অস্থিরসংকল্প** বিণ·।

# অ

**অস্পৃশ্য** ছোঁয়ার অযোগ্য, যা বা যাকে ছোঁয়া যায় না। **অস্পৃশ্যতা** বি· না-ছোঁয়া, নিম্নজাতীয় ব্যক্তির ছোঁয়াচ বা স্পর্শ এড়িয়ে চলা, untouchability. **অস্পৃষ্ট** বিণ· যা বা যাকে ছোঁয়া হয়নি এমন।

**অস্ফুট**। 'অস্ফূট' নয়।

**অস্বচ্ছন্দ** বিণ· সাবলীল বা স্বস্তিপূর্ণ নয় এমন। 'অসচ্ছন্দ' নয়। বি· **অস্বাচ্ছন্দ্য**। 'অস্বাচ্ছন্দ' নয়, 'অসাচ্ছন্দ্য' নয়।

**অস্মিতা** বি· অহংবোধ, অহংকার ; (পরি·) আমিত্ব, ব্যক্তিত্ব, personality.

**অহংকার, অহংকৃত** 'অহঙ্কার', 'অহঙ্কৃত' বর্জিত।

**অহরহ** ক্রি-বিণ· প্রতিনিয়ত। 'অহরহঃ' বর্জিত।

**অহর্নিশ** ক্রি-বিণ· সারা দিনরাত, অহোরাত্র। শুদ্ধ কিন্তু গদ্যে কম প্রচলিত। **অহর্নিশি** অশুদ্ধ কিন্তু অধিকতর প্রচলিত এবং গ্রহণীয়।

**অহল্যা** রামায়ণোক্ত গৌতমমুনির পত্নী, স্বামীর অভিশাপে যিনি মর্মরমূর্তিতে পরিণত হয়েছিলেন এবং রামচন্দ্রের পাদস্পর্শে যাঁর শাপমুক্তি ঘটেছিল।

**অহিনকুল সম্বন্ধ** দুটি পৃথক শব্দ হিসাবে অথবা **অহিনকুল-সম্বন্ধ,** হাইফেন দিয়ে।

**অহিফেন,—আফিম** বা **আফিং**-এর মার্জিত রূপ।

**অহেতুক, অহৈতুক** দুটিই বিণ· অর্থ অকারণ, অনর্থক। দ্বিতীয়টি স্বল্পব্যবহৃত।

**অহোবল** সপ্তদশ শতকের বিশিষ্ট সংগীততাত্ত্বিক, 'সংগীত-পারিজাত' এর লেখক।

**অহোরাত্র** সর্বদা, দিনরাত। মার্জিত রচনায় ব্যবহৃত। **অহোরাত্রি** ব্যাকরণদুষ্ট হলেও অধিকতর প্রচলিত এবং গৃহীত।

**অ্যাংকর** anchor. -ঙ্ক- নয়, 'এঙ্কর' নয়।

**অ্যাংলিকান** Anglican. ইংল্যান্ডের চার্চ-সংক্রান্ত।

**অ্যাংলো-ইন্ডিয়ান** Anglo-Indian. ইংরেজ ও ভারতীয়ের মিলনের ফলে উৎপন্ন জাতি ; ইঙ্গ-ভারতীয়।

**অ্যাংলো-স্যাক্সন** Anglo-Saxon. অ্যাংগল, স্যাক্সন ও জুটদের মিলনের ফলে উদ্ভূত জাতি ; ইংল্যান্ডে নরমান আক্রমণের পূর্ববর্তী ইংরেজ জাতি।

**অ্যাকটর** actor. **অ্যাকটিং** acting.

**অ্যাকশন** action. 'একশন' নয়।

**অ্যাকসিডেন্ট** accident.

**অ্যাকাউন্ট** account. **অ্যাকাউন্ট্যান্ট** accountant.

**অ্যাকাডেমি** academy-র প্রতিবর্ণীকৃত রূপ। **আকাদেমি** দ্র।

**অ্যাকুসটিকস** accoustics. শ্রুতিবিজ্ঞান।

**অ্যাকোয়ারিয়াম** aquarium.

**অ্যাক্রিলিক** acrylic.

**অ্যাক্সিস** axis.

**অ্যাগ্রিগেট** aggregate. 'এগ্রিগেট' নয়।

**অ্যাগ্রোনমি** agronomy. শস্যউৎপাদন-সম্বন্ধীয় কৃষিবিজ্ঞান।

**অ্যাটর্নি** attorney. 'অ্যাটরনি' নয়, 'অ্যাটর্ণি' নয়, 'এটর্নি' নয়।

**অ্যাটলি, ক্লিমেন্ট** Clement Attlee 1883-1967. ব্রিটিশ রাজনীতিবিদ।

**অ্যাডভান্স** advance, অগ্রিম।

**অ্যানটনি** Anthony. কিংবা **অ্যান্টনি**। 'অ্যানথনি' নয়।

**অ্যানাটমি** anatomy. শারীরস্থান (পরি·)।

**অ্যানোফিলিস** anopheles. ম্যালেরিয়ার জীবাণু বহনকারী মশা।

**অ্যান্টনি** দ্র **অ্যানটনি**।

**অ্যান্টার্কটিক** Antarctic দক্ষিণমেরু, কুমেরু।

**অ্যান্টিবায়োটিক** antibiotic. বিণ· জীবাণু-প্রতিরোধী ; বি· জীবাণু-প্রতিরোধী ওষুধ।

**অ্যান্টেনা** antenna.

**অ্যান্ড** and. 'এন্ড' নয়, 'য়্যান্ড' নয়।

**অ্যান্ডারসন, শেরউড** Sherwood Anderson 1876-1941. মার্কিন ঔপন্যাসিক।

**অ্যান্ড্রুজ, চার্লস ফ্রিয়ার** Charles Freer Andrews 1871-1940. শান্তিনিকেতনবাসী রবীন্দ্রানুরাগী ইয়োরোপীয়বিশেষ।

**অ্যান্ড্রোমিডা** Andromeda. উত্তর আকাশের নক্ষত্রপুঞ্জবিশেষ, বাংলায় উত্তর ভাদ্রপদ।

**অ্যাপারচার** aperture. রন্ধ্র, উন্মেষ (পরি·)।

**অ্যাপারেটাস** apparatus.
**অ্যাপার্টমেন্ট** apartment.
**অ্যাপেনডিকস** কিংবা **অ্যাপেনডিক্স** appendix.
**অ্যাপোলো** Apollo. গ্রিক ও রোমান সূর্যদেব।
**অ্যাফিডেবিট** affidavit. -ভিট নয়, এফি- নয়।
**অ্যাবসট্র্যাক্ট** abstract.
**অ্যাবাকাস** abacus.
**অ্যাবেরেশন** aberration. বিপথগমন ; অপেরণ (পরি·)। 'অ্যাবারেশন' নয়।
**অ্যাভিনিউ** avenue. কিংবা **অ্যাভিনিয়ু**। -ন্যু নয়।
**অ্যামপিয়ার** ampere. বিদ্যুৎপ্রবাহের একক। < ফ· আঁপ্যের Ampère.
**অ্যামপ্লিফায়ার** amplifier.
**অ্যামবিউল্যান্স** ambulance.
**অ্যামিস, কিংসলি** Kingsley Amis জন্ম 1922, ইংরেজ কবি ও ঔপন্যাসিক।
**অ্যামেচার** amateur এর বাংলা রূপান্তর। প্রতিবর্ণীকরণে, **অ্যাম্যাটিয়ার**।
**অ্যামেন্ডমেন্ট** amendment.
**অ্যামোনিয়া** ammonia, গ্যাসীয় যৌগিকবিশেষ।
**অ্যারেস্ট** arrest.
**অ্যারোপ্লেন** কিংবা **এয়ারোপ্লেন** aeroplane, কিন্তু 'এরোপ্লেন' নয়।
**অ্যারোরুট** arrowroot 'এরোরুট' নয়, 'এরারুট' নয়।
**অ্যালকেমি** alchemy, অপ-রসায়ন, কিমিয়াবিদ্যা।
**অ্যালকেলি** alkali.
**অ্যালকোহল** alcohol.
**অ্যালয়** alloy, খাদ ; এক ধাতুর সঙ্গে এক বা একাধিক (নিকৃষ্ট) ধাতুর মিশ্রণ।
**অ্যালসেশিয়ান** Alsatian (< Alsace আলসাস্), আলসাস অঞ্চলের নেকড়েকুকুরের (wolfhound) প্রজাতিবিশেষ।
**অ্যালাউয়েন্স** allowance, ভাতা।
**অ্যালার্ম** alarm. বিপদ-সংকেত।
**অ্যালুমিনিয়াম** aluminium.
**অ্যালোপ্যাথি** alopathy. 'এলোপ্যাথি' নয়।
**'অ্যাশট্রে** ashtray, ছাইদানি।
**অ্যাসফল্ট** asphalt, পিচ, শিলাজতু ; পিচের মতো কালো খনিজবিশেষ।
**অ্যাসিড** acid. 'এসিড' নয়।
**অ্যাসিস্ট্যান্ট** assistant.
**অ্যাস্ট্রোনট** astronaut.

◆

**আই এম এফ** IMF. International Monetary Fund.
**আইখমান, আডলফ** Adolf Eichmann 1906-1962 নাৎসি নেতা।
**আইজেনস্টাইন, সের্গেই** Sergei Eisenstein 1898-1948. রুশ চলচ্চিত্রস্রষ্টা, The Battleship Potemkin, Ivan the Terrible প্রভৃতির নির্মাতা।
**আইডল** idol.
**আইডিয়লজি** ideology. -ডিয়ো- নয়, ইডিয়ো- নয়।
**আইডেনটিটি** identity.
**আইঢাই** -ঢাঁই নয়, আঁই- নয়।
**আইন অমান্য আন্দোলন** তিনটি শব্দ।
**আইন-ই-আকবরি** ফারসি ভাষায় আবুল ফজল রচিত গ্রন্থ।
**আইনজীবী** -বি নয়।
**আইনমাফিক** একটি শব্দ। অনুরূপভাবে, **আইনসংগত, আইনসম্মত**।
**আইনসভা** একটি শব্দ।
**আইনস্টাইন, অ্যালবার্ট** Albert Einstein 1879-1955. বিশ্ববিখ্যাত পদার্থবিজ্ঞানী।
**আইবুড়ো ভাত** দুটি শব্দ।
**আইবেরিয়ান আইল্যান্ড** Iberian Island. স্পেন ও পর্তুগালের মিলিত নাম।
**আইভরি** ivory.

# আ

**আইমা** দিদিমা। 'আয়িমা', 'আয়ীমা' বর্জিত।
**আইয়ন** ion. 'আয়ন' নয়।
**আইয়নোস্ফিয়ার** ionosphere.
**আইয়াচ্চো** Ajaccio, কর্সিকার প্রধান শহর ও রাজধানী। 'আজাচ্চিয়ো' নয়।
**আইয়েন্দে, সালভাদোর** Salvador Allende 1908-1973. চিলির রাজনীতিবিদ।
**আইয়োডিন** iodine. অধাতব মৌলবিশেষ। আয়ো- নয়।
**আইল্যান্ড** island. 'আয়ল্যান্ড' নয়।
**আইসক্রিম** icecream.
**আইসল্যান্ড** Iceland.
**আই সি এস** I.C.S বিন্দুচিহ্ন অপ্রয়োজনীয়।
**আইসোটোপ** isotope.
**আইসোথার্ম** isotherm. সমতাপরেখা, সমোষ্ণরেখা।
**আইসোমেট্রিক** isometric. সমমাপবিশিষ্ট।
**আইসোসিলিস** isosceles. বিণ· সমদ্বিবাহু।
**আউটরাম** দ্র **উট্রাম**।
**আউন্স** ounce, সংক্ষিপ্ত রূপ oz. ওজনের এককবিশেষ, প্রায় ২৮·৩৫ গ্রাম, এই একক বর্ত· অপ্র·।
**আউশ** ধানবিশেষ। -স নয়।
**আওড়ানো** আবৃত্তি করা, বারবার বলা। **আওড়াল, আওড়াচ্ছে, আওড়াত**। কিন্তু **আউড়ে, আউড়েছে**।
**আওরঙ্গজেব** দ্র **ঔরঙ্গজেব**।
**আওলজমি** যে জমিতে সবরকম শস্য ফলানো যায়। 'আউওল' নয়, 'আইয়ল' নয়।
**আংকোরভাট** কিংবা **আঙ্কোরভাট**। প্রাচীন কম্বোজের (বর্ত· কম্বোডিয়া বা কামপুচিয়া) বিশাল মন্দির। অংকোর- নয়।
**আংটি, আংটা** -ঙ- নয়।
**আংরা** -ঙ- নয়।
**আংরাখা** -ঙ- নয়।
**আঁকুপাঁকু** দুটি চন্দ্রবিন্দুই আবশ্যিক।
**আঁঝু** Anjou উত্তর-পশ্চিম ফ্রান্সের প্রদেশ।
**আঁতকে ওঠা**। 'আঁৎকে' নয়।
**আঁতাঁত** entente. দুটি চন্দ্রবিন্দু লক্ষণীয়।
**আঁতেল** intellectual শব্দের বিকৃত ফরাসি উচ্চারণজাত বাংলা শব্দ, কথ্য ও অশোভন।
**আঁপ্যের, আঁদ্রে মারি** André Marie Ampere 1775-1836. ফরাসি পদার্থবিজ্ঞানী, যাঁর নামে **অ্যামপিয়ার**।
**আঁস্তাকুড়** প্রচলিত, **আস্তাকুঁড়** সংগত। < কুণ্ড।
**আকক্টে** বেহিসাবি, অমিতব্যয়ী। -খুটে অপ্র·।
**আকছার**। 'আকচার' কথ্য।
**আকবরি** বিণ· আকবর সম্বন্ধীয়। উদা·— আকবরি মোহর। -রী নয়।
**আকর্ণবিস্তৃত** একটি শব্দ।
**আকর্ষ** tendril.
**আকর্ষণীয়** আকর্ষণ করার যোগ্য। আকর্ষক অর্থে প্রয়োগ অসংগত। উদা·— আকর্ষক প্রস্তাব।
**আকাঙ্ক্ষা**। 'আকাংখা', 'আকাংক্ষা', 'আকাঙ্খা' নয়।
**আকাদেমি, অকাদেমি** দুইই প্রচলিত।
**আকার ইঙ্গিত** দুটি পৃথক শব্দ। **আকারে ইঙ্গিতে**।
**আকার-প্রকার** হাইফেন চাই।
**আকাশকুসুম** একটি শব্দ। **আকাশকুসুম কল্পনা** দুটি শব্দ হিসাবে লেখ্য।
**আকাশগঙ্গা** একটি শব্দ।
**আকাশ-পাতাল** কিংবা **আকাশপাতাল**, কিন্তু পৃথক শব্দ হিসাবে নয়।
**আকাশপ্রদীপ** একটি শব্দ।
**আকাশবাণী** একটি শব্দ।
**আকাশবিহার, আকাশভ্রমণ, আকাশযাত্রা, আকাশযান, আকাশযুদ্ধ** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**আকাশি** বিণ· আকাশ-নীল রঙের। 'আকাশী' বর্জিত।
**আকুলিবিকুলি** কিংবা **আকুলি-বিকুলি**। 'আকুলি বিকুলি' নয়।
**আকৃতি-প্রকৃতি** হাইফেন চাই।
**আক্কেলদাঁত** একটি শব্দ।
**আক্কেলসেলামি** একটি শব্দ।
**আক্রা** Accra. ঘানার রাজধানী।
**আক্রামক** বিণ· আক্রমণমুখী, আক্রমণাত্মক।

# আ

**আখ-মাড়াই** হাইফেন বাঞ্ছিত।
**আখেন** এক্স-লা-শাপেল শহরের জার্মান নাম, Aachen, Aix-la-Chapelle.
**আখেরি চাহার শুমবা** হজরত মোহাম্মদের মৃত্যুর আগের শেষ বুধবার। 'আখেরী' নয়।
**আগমনি** দুর্গাপূজার প্রাক্কালে দুর্গার আগমন-বিষয়ক গান। 'আগমনী' নয়। < আগমন + বাং· ই।
**আগস্ট** (আ.বা.প.) কিংবা **অগস্ট** -ষ্ট নয়।
**আগাপাস্তলা** বি· ক্রি-বিণ· আগাগোড়া, আপাদমস্তক। 'আগাপাছতলা' ব্যুৎপত্তি-অনুগ, কিন্তু অপ্র·।
**আগেপাছে** একটি শব্দ। অনুরূপভাবে, **আগেভাগে।**
**আগ্নেয়** igneous.
**আঙটা, আঙটি, আঙরা** দ্র· **আংটা, আংটি, আংরা।**
**আঙরাখা** দ্র **আংরাখা।**
**আঙিনা।** 'আঙ্গিনা' নয়।
**আঙুল।** 'আঙ্গুল' নয়।
**আঙ্কোরভাট** দ্র **আংকোরভাট।**
**আচার-অনুষ্ঠান** হাইফেন আবশ্যিক।
**আচার-বিচার** কিংবা **আচারবিচার।**
**আচার-ব্যবহার** কিংবা **আচারব্যবহার।**
**আচার্য** -র্য্য নয়।
**আচেবে, চিনুয়া** Chinua Achebe জন্ম 1930, নাইজেরীয় ঔপন্যাসিক।
**আছাড়ি-পিছাড়ি** হাইফেন বাঞ্ছিত।
**আজই।** 'আজি' নয়।
**আজও।** 'আজো' নয়।
**আজগুবি।** 'আজগবি' অপ্র·।
**আজাদ, আবুল কালাম** দ্র **আবুল কালাম আজাদ।**
**আজানুলম্বিত** বিণ· জানু পর্যন্ত লম্বা বা খাড়াই এমন। একটি শব্দ। উদা·— আজানুলম্বিত বাহু।
**আজিফা** দ্র **অজিফা।**
**আজেবাজে** একটি শব্দ।
**আজেরবাইজান** Azerbaijan.
**আঠারো** -র নয়।
**আঠালো** -ল নয়।
**আঠাশ।** 'আটাশ' কথ্য।
**আডবাণী** দ্র **লালকৃষ্ণ আডবাণী।**
**আডেনাউয়ের, কনরাট** Konrad Adenauer 1876-1967 পূর্বতন পশ্চিম জার্মানির চ্যান্সেলর।
**আড়ং ধোলাই** দুটি শব্দ। 'আড়ঙ্গ' নয়।
**আড়ত** বি· গোলা। 'আড়ৎ' নয়।
**আড়তদারি** বি· আড়তদারের পেশা বা কাজ ; বিণ· আড়তদার সংক্রান্ত। -রী বর্জিত।
**আণবিক** বিণ· molecular, অণু-সম্বন্ধীয়। তু· **পারমাণবিক** atomic.
**আণুবীক্ষণিক** microscopic.
**আতঙ্ক।** 'আতংক' নয়।
**আতঙ্কবাদী** সন্ত্রাসবাদী। বর্ত· হিন্দির প্রভাবে বাংলায় ব্যবহৃত।
**আতশ।** 'আতস' বর্জিত।
**আতশকাচ** -কাঁচ নয়।
**আতাগাছ** একটি শব্দ। অনুরূপভাবে, **আমগাছ, জামগাছ, বটগাছ, তালগাছ।** কিন্তু **জামরুল গাছ, নারকেল গাছ।**
**আতান্তর** বিপদ, সঙ্কট। **অথান্তর** মার্জিত কিন্তু স্বল্প-প্রচলিত।
**আতিথেয়তা** অতিথিসেবার গুণ, অতিথিসেবাপরায়ণতা। **আতিথ্য** অতিথির সেবা। দুটি শব্দের অর্থের পার্থক্য লক্ষণীয়।
**আত্তীকরণ** দেহের অঙ্গীভূতকরণ, assimilation (পরি·)। আত্ত (গৃহীত) + √কৃ + চ্বি + অন।
**আত্মীকরণ** অর্থ, আত্মভূত করা।
**আত্মনিয়ন্ত্রণ** self-determination.
**আত্মীকরণ** দ্র **আত্তীকরণ।**
**আত্মীয়সভা** রামমোহন রায়-প্রতিষ্ঠিত (১৮১৫) সংগঠন। **আত্মীয়পরিজন, আত্মীয়স্বজন,** দুটিই একটি শব্দ হিসাবে।
**আথানিয়া, মানুয়েল** Manuel Azaña, 1880-1940, স্পেনীয় রাজনীতিবিদ।
**আথালপাথাল, আথালিপাথালি** একটি শব্দ হিসাবে।
**আদবকায়দা** একটি শব্দ।
**আদমশুমার** লোকগণনা, census. 'আদমশুমারি',

'আদমশুমারী', 'আদমসুমারি' বর্জিত।
**আদমি** লোক, মানুষ। 'আদমী' বর্জিত।
**আদাড়-পাদাড়** হাইফেন।
**আদান-প্রদান** হাইফেন।
**আদি গ্রন্থ** শিখদের অন্যতম ধর্মগ্রন্থ, রচয়িতা অর্জন সিংহ (১৬০৪)। দ্র· **গুরু গ্রন্থ সাহেব**।
**আদেশ-পালন** হাইফেন।
**আদ্দিস আবাবা** Addis Ababa. ইথিয়োপিয়ার রাজধানী।
**আদ্যিকাল**। -দ্দি নয়।
**আদ্যোপান্ত**। 'আদ্যপান্ত' নয়।
**আধবয়সি** (বাংলা ই প্রত্যয়)। 'আধবয়সী' নয়।
**আধিব্যাধি** দেহের ও মনের ব্যাধি বা পীড়া।
**আধুনিকীকরণ** modernization. 'আধুনিকিকরণ' নয়।
**আধো-আধো** অর্ধোচ্চারিত, অস্ফুট। হাইফেন।
**আনছিল**। 'আনছিলো' নয়।
**আনজুস প্যাক্ট** ANZUS Pact. অস্ট্রেলিয়া নিউজিল্যান্ড ও আমেরিকা যুক্তরাষ্ট্রের চুক্তি, ১৯৫১।
**আনদ্ধযন্ত্র** যে বাদ্যযন্ত্রের মুখ চর্মাবৃত অর্থাৎ তবলা, খোল মৃদঙ্গ ইত্যাদি।
**আনন্দবর্ধন** খ্রিস্টীয় নবম শতকের কবি ও অলংকারশাস্ত্রী, বিখ্যাত 'ধ্বন্যালোক'-এর রচয়িতা।
**'আনন্দমঠ'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস (১৮৮২)।
**আনন্দমার্গ** শ্রীশ্রীআনন্দমূর্তি প্রতিষ্ঠিত (১৯৫৫) ধর্মীয় গোষ্ঠী।
**আনন্দমোহন বসু** ১৮৪৭-১৯০৬ ব্রাহ্ম নেতা, সমাজসংস্কারক ও জাতীয়তাবাদী।
**আনম্র** ঈষৎ নম্র বা নমনশীল। উদা·— 'আনম্র শির' (রবীন্দ্র)। অনম্র অর্থে প্রয়োগ ভুল।
**আনশলুস** Anschluss. ১৯৩৮-৪৫ সালে অস্ট্রিয়া ও জার্মানির রাজনীতিক মিলনের নাম।
**আনাক্সাগোরাস** Anaxagoras c500-428 B.C. গ্রিক দার্শনিক।
**আনাচকানাচ** একটি শব্দ, হাইফেন নয়।
**আনাড়ি**। 'আনাড়ী' বর্জিত।
**আনানো** আনিয়ে নেওয়া। 'আনান' নয়। কিন্তু **আনাত, আনাল, আনাব**।
**আনিয়ো** আনয়ন করিয়ে নিয়ো। 'আনিও' নয়।
**আনীল** বিণ· ঈষৎ নীল, নীলাভ।
**আনুই, ঝাঁ** Jean Anouilh 1910-1987, ফরাসি নাট্যকার।
**আনুপূর্বিক** বিণ· ক্রম-অনুযায়ী ; আগাগোড়া।
**আনুষঙ্গিক** বিণ· মূল বিষয়ের সঙ্গে যুক্ত বা সংশ্লিষ্ট।
**আনো** নিয়ে এসো। 'আন' নয়।
**আন্ডারকারেন্ট** undercurrent. -ণ্ডা-নয়।
**আন্ডারগ্রাউন্ড** underground. -ণ্ডা- নয়, -ণ্ড নয়।
**আন্ডেরসেন, হান্স ক্রিস্টিয়ান** Hans Christian Andersen 1805-1875 ডেনীয় শিশুসাহিত্যিক।
**আন্তোনিয়নি, মিকেলাঞ্জেলো** Michelangelo Antonioni জন্ম 1912. ইতালীয় চলচ্চিত্রস্রষ্টা, L'avventura, Blow-up প্রভৃতির নির্মাতা।
**আন্তর্জাতিক** international অর্থে শুদ্ধ নয়, তবে বহুলপ্রচলিত।
**আন্দাজি** আনুমানিক। -জী নয়।
**আন্দ্রেয়োত্তি, জুলিয়ো** Giulio Andreotti জন্ম 1919. ইতালীয় রাজনীতিবিদ।
**আপৎকালীন**। 'আপদকালীন' নয়।
**আপতন** বি· আকস্মিকভাবে ঘটে এমন ঘটনা, incident, accident. বিণ· **আপতিত,** incidental, accidental. **আপতিক** বিণ· আকস্মিকভাবে ঘটেছে এমন।
**আপতিত রশ্মি** incident ray (পরি·)।
**'আপনকথা'** অবনীন্দ্রনাথ ঠাকুরের আত্মকথা (১৩৫০)।
**আপনা-আপনি** হাইফেন বাঞ্ছিত।
**আপরাহ্ণিক** বিণ· অপরাহ্ণ বিষয়ক। -হ্নি- নয়।
**আপলিন্যের, গিইয়োম** Guillaume Apollinaire 1880-1918. ফরাসি কবি।
**আপশোস** চলিত, **আফশোস** মার্জিত।
**আপাত-অসম্ভব** হাইফেন আবশ্যিক।
**আপাতদৃষ্টিতে** একটি শব্দ। অনুরূপভাবে,

**আপাতমধুর** ।

**আপিল** appeal এর বাংলা রূপ ।

**আপেক্ষিক** তুলনামূলক, অপেক্ষাকৃত ; সাপেক্ষ, relative.

**আপেক্ষিক গুরুত্ব** specific gravity (পরি·) । দুটি শব্দ ।

**আপোশ** রফা, মিটমাট । 'আপস' বর্জিত ।

**আপ্তগরজি** একটি শব্দ, হাইফেন নয় ।

**আপ্যায়ন** । বিণ· **আপ্যায়িত** ।

**আফগানি** বি· বিণ· । 'আফগানী' নয় ।

**আফগানিস্তান** । 'আফগানিস্থান' নয় ।

**আফসানি** বি· আফশোস ; আস্ফালন । **আফসানো** ক্রি· বি· আফশোস বা আস্ফালন করা । 'আফসান' নয় ।

**আফ্রিদি** মোগল ও ব্রিটিশ শাসনের যুগে ভারত-আফগানিস্তান সীমান্তে বসবাসকারী যুদ্ধপ্রিয় উপজাতিবিশেষ ।

**আফিং** । 'আফিঙ' বর্জিত । 'আফিম' মার্জিত **কিন্তু** অপ্র· ।

**আফ্রিকানের, আফ্রিকান্স** Afrikaner, Afrikaans. প্রথমটিতে আফ্রিকার ওলন্দাজ বংশোদ্ভূতদের এবং দ্বিতীয়টিতে তাদের ভাষাকে বোঝায় ।

**আফ্রোদিতি** Aphrodite. গ্রিকদের প্রেমের দেবী । তু· রোমানদের প্রেমের দেবী **ভিনাস** Venus.

**আবদুল, আবদুল্লা** । 'আব্দুল' নয়, 'আব্দুল্লা' নয় ।

**আবগারি** । 'আবগারী' নয় ।

**আবদার** । 'আব্দার' বর্জিত ।

**আবওয়াব** । 'আবোয়াব' নয় ।

**আবলি** পঙ্ক্তি, সারি । 'আবলী' বর্জিত ।

**আবলুশ** ebony. 'আবলুস' নয় ।

**আবশ্যিক** বিণ· অপরিহার্য ; অবশ্যকরণীয়, compulsory.

**আবহবার্তা** আবহাওয়ার বার্তা বা পূর্বাভাস, weather report, weather forecast.

**আবহবিজ্ঞান, আবহবিদ্যা** meteorology.

**আবহমান** বিণ· শাশ্বত । **আবহমানকাল** অনন্তকাল ।

**আবহসংগীত** background music.

**আবহাওয়া** weather. তু· **জলবায়ু** climate.

**আবাদি** বিণ· চাষের যোগ্য ; চাষ করা হয় এমন । 'আবাদী' বর্জিত ।

**আবালবৃদ্ধবনিতা** বালক থেকে বৃদ্ধ ও স্ত্রীলোক পর্যন্ত সকলে । একটি শব্দ ।

**আবাসন** বি· নাগরিকদের জন্য সরকারি-নিয়ন্ত্রণে গৃহনির্মাণ ; যৌথভাবে গৃহনির্মাণ, housing.

**আবাসিক** বিণ· বি· হস্টেলে বাসকারী ।

**আবির** । 'আবীর' বর্জিত ।

**আবিসিনিয়া** ইথিয়োপিয়া-র পূর্বনাম ।

**আবু ধাবি** সংযুক্ত আরব আমিরশাহি (UAE) রাষ্ট্রের রাজধানী । দুটি পৃথক শব্দ ।

**আবুল কালাম আজাদ, মৌলানা** ১৮৮৮-১৯৫৮ ।

**আবুল ফজল** ১৫৫১-১৬০২ মোগল সম্রাট আকবরের সভাসদ, উপদেষ্টা এবং 'আইন-ই-আকবরি'-র লেখক ।

**আবু সয়ীদ আইয়ুব** ১৯০৬-১৯৮২ সাহিত্য সমালোচক, রবীন্দ্র-গবেষক ।

**'আবু হোসেন'** গিরিশচন্দ্র ঘোষ রচিত গীতিনাট্য (১৮৮৫) ।

**আবেস্তা** Avesta. জোরোআস্তর- বা জরথুস্ত্র-প্রবর্তিত ধর্মের পবিত্র রচনাবলি । টীকা-সংবলিত হলে **জেন্দ-আবেস্তা** Zend-Avesta.

**আবোলতাবোল** কিংবা **আবোল-তাবোল** ।

**আভাষ** ভূমিকা, মূলত গ্রন্থাদির ভূমিকা বা মুখবন্ধ । শব্দটির প্রয়োগ সীমিত ।

**আভাস** ইঙ্গিত । তু· **পূর্বাভাস** ।

**আভিধানিক** বি· অভিধান-প্রণেতা বা অভিধান-বিশেষজ্ঞ । বিণ· অভিধান-বিষয়ক ।

**আভিনিয়ঁ** Avignon. দক্ষিণ ফ্রান্সের শহর । 'আভিগনন' নয় ।

**আভ্যন্তরীণ** ভুল শব্দ, **আভ্যন্তরিক** বা **অভ্যন্তরীণ** লেখা উচিত ।

**আভোগ, আভোগী** প্রথমটি ধ্রুপদগানের চতুর্থ বা শেষ কলি । দ্বিতীয়টি উত্তর ও দক্ষিণ ভারতে প্রচলিত ঔড়বজাতির রাগবিশেষ ।

**আম-আদা** হাইফেন অপরিহার্য ।

**আমগাছ** একটি শব্দ।
**আমতা-আমতা** হাইফেন অপরিহার্য।
**আমদানি** -নী বর্জিত।
**আমদানি শুল্ক** কিংবা **আমদানিশুল্ক।**
**আমন্ত্রণলিপি** একটি শব্দ।
**আমমোক্তারনামা** একটি শব্দ।
**আমলকী** -কি নয়।
**আমশি।** 'আমসি', 'আমসী' বর্জিত।
**আমস্টারডাম** Amsterdam.
**আমানত।** 'আমানৎ' নয়। **আমানতি** 'আমানতী' নয়।
**আমিন।** 'আমীন' বর্জিত। **আমিনি।** -নী নয়।
**আমিয়্যাঁ** Amiens. ফরাসি শহর।
**আমির, আমিরি।** 'আমীর', 'আমীরী' 'আমিরী' বর্জিত।
**আমির খসরু** দ্র **খসরু।**
**আমুন্ডসেন, রোআল্ড** Roald Amundsen 1872-1928, নরওয়ের পর্যটক, দক্ষিণমেরুজয়ী (১৯১১)।
**আমুল** কৌটোর দুধবিশেষ। 'আমূল' নয়।
**আমোদ-আহ্লাদ** হাইফেন আবশ্যিক।
**আমোদপ্রমোদ** কিংবা **আমোদ-প্রমোদ।**
**আম্পায়ার** umpire.
**আম্বেডকর, ভীমরাও রামজি** ১৮৯১-১৯৫৬, ভারতীয় রাজনীতিবিদ, সংবিধান-বিশেষজ্ঞ।
**আয়-অনুযায়ী** হাইফেন আবশ্যিক।
**আয়ত্ত** 'আয়ত্ব' নয়। **আয়ত্তাধীন** ব্যাকরণমতে অশুদ্ধ।
**আয়নোস্ফিয়ার** ঠিক প্রতিবর্ণীকরণ নয়। **আইয়ন** দ্র।
**আয়াস** বি· চেষ্টা ; কষ্ট ; পরিশ্রম।
**আয়িমা, আয়ীমা** বর্জিত বানান। **'আইমা** দ্র।
**আয়ুঃ** শব্দান্তে বিসর্গ বর্জিত। **আয়ু** লেখ্য। সন্ধিসমাসে আয়ুঃ প্রচলিত— **আয়ুর্বেদ, আয়ুষ্কাল, আয়ুষ্মতী, আয়ুষ্মান।**
**আয়েশ** বি· আরাম। 'আয়েস' বর্জিত। বিণ· **আয়েশি।** 'আয়েশী', 'আয়েসী' বর্জিত।
**আয়েশা** ৬১১-৬৭৮। হজরত মোহাম্মদের পত্নী।
**আয়োডিন** iodine এর ভুল প্রতিবর্ণীকরণ। **আইয়োডিন** দ্র।
**আর-আর** বিণ· অন্য, অন্যান্য। উদা·— আর-আর দিন, আর-আর লোক। হাইফেন আবশ্যিক।
**আরও।** 'আরো' নয়।
**আরকিপেলাগো** Archipelago. দ্বীপপুঞ্জ ; দ্বীপপুঞ্জবহুল সমুদ্র।
**আরকিমেদেস** Archimedes c 287-212 B.C. গ্রিক বিজ্ঞানী। কিংবা **আর্কিমেদেস।**
**আরজি** প্রার্থনা। 'আর্জি' পুরনো বানান।
**'আরণ্যক'** বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৩৯)।
**আরতি।** 'আরতী' নয়। **দেবারতি, সন্ধ্যারতি।**
**আরথ্রাইটিস** arthritis.
**আরদালি** (<orderly). 'আর্দালি', 'আর্দালী' 'আরদালী' নয়।
**আরবি** বি· আরবের অধিবাসী বা ভাষা ; বিণ· আরব দেশসম্বন্ধীয়। 'আরবী' বর্জিত।
**আরলাঁ, মারসেল** Marcel Arland জন্ম 1899. ফরাসি কবি।
**আরশি** আয়না। 'আর্শি', 'আর্শী' বর্জিত।
**আরশোলা।** 'আরসোলা', 'আরশুলা' বর্জিত।
**আরাফত, ইয়াসের** Yasser Arafat জন্ম 1929. পালেস্তিনীয় রাজনীতিবিদ।
**আরাবল্লি** পর্বতমালাবিশেষ।
**আরামাইক** Aramaic. মধ্যপ্রাচ্যের একদা-প্রচলিত ইহুদি ভাষা।
**আরামীয়** আরামাইক-ভাষা-সম্বন্ধীয়। **আরামীয় লিপি** আরামাইক ভাষার লিপি।
**আরিস্ততল** Aristotle c 384-322 B.C. গ্রিক দার্শনিক ও রাষ্ট্রতাত্ত্বিক। ইংরেজিমতে **অ্যারিস্টটল।**
**'আরোগ্য'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৯৪১)
**আরোগ্য-নিকেতন** কিংবা **আরোগ্যনিকেতন।**
**আরোপণ।** বিণ· **আরোপিত।**
**আরোহণ** বি·। **আরোহী** বি· বিণ· আরোহণকারী। স্ত্রী· **আরোহিণী।**
**আর্কাইভ** archive. ভুল প্রতিবর্ণীকরণ।

**আরকাইভ** লেখ্য।
**আর্কিটেক্ট** নয়। **আরকিটেক্ট** architect.
**আর্জি** বর্জিত। **আরজি** দ্র।
**আর্ট, আর্টিস্ট** art, artist.
**আর্তেমিস** Artemis. গ্রিক পুরাণের চন্দ্রদেবী।
**আর্তোয়া** Artois. উত্তর ফ্রান্সের শহর। কিংবা **আরতোয়া**।
**আর্যভট** প্রাচীন ভারতীয় (খ্রিস্টীয় পঞ্চম-ষষ্ঠ শতক) জ্যোতির্বিজ্ঞানী। 'আর্যভট্ট' নয়। **আর্যভট** নামই পাওয়া যায়।
**আলংকারিক** -ঙ্কা- বর্জিত।
**আলকিবিয়াদেস** Alcibiades আনু· 450-404 B.C. গ্রিক রাজনীতিবিদ ও যোদ্ধা।
**আলগা** -ল্গা নয়।
**আলঙ্কারিক** দ্র **আলংকারিক**।
**আলটপকা** ক্রি-বিণ· হঠাৎ, আচমকা। -পটকা নয়।
**আলট্রাভাইয়লেট** ultra-violet. -ভায়ো নয়।
**আলতুসের, লুই** Louis Althusser জন্ম 1918 ফরাসি দার্শনিক।
**আলপনা** -ল্প- বর্জিত।
**আলপাকা** alpaca. (১) দক্ষিণ আমেরিকার উটজাতীয় প্রাণী, লামাবিশেষ ; (২) তার লোমে তৈরি কোটবিশেষ।
**আলবত, আলবাত** -ৎ বর্জিত।
**আলবেনিয়া** Albania. -বা- নয়, -ব্যা- নয়।
**আলবেরুনি** দ্র **অল-বিরুনি**।
**আলবোলা** বড় গড়গড়া।
**আলভাথেতে** Albacete পূর্ব স্পেনের শহর।
**আলমগির** -গীর বর্জিত।
**'আলমগীর'** ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ রচিত নাটক (১৯২১)।
**আলসার** ulcer.
**আলাদিন** -দীন বর্জিত।
**আলাপ-পরিচয়** হাইফেন অপরিহার্য।
**আলাপসালাপ** একটি শব্দ।
**আলাপী** বিণ· আলাপ করতে জানে বা ভালোবাসে এমন ; পরিচিত। 'আলাপি' নয়।
**'আলালের ঘরের দুলাল'** টেকচাঁদ ঠাকুর (প্যারীচাঁদ মিত্র) রচিত গ্রন্থ (১৮৫৮)।
**আলি** -লী বর্জিত।
**'আলিবাবা'** ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ রচিত নাটক (১৮৯৭)।
**আলিম** বিদ্বান ব্যক্তি। -লী বর্জিত।
**আলুকাবলি** একটি শব্দ।
**আলো-আঁধারি** হাইফেনযুক্ত।
**আলোকবর্ষ** light year. এক বছরে আলো যে-দূরত্ব অতিক্রম করে।
**আলোকবিজ্ঞান** optics.
**আলোয়ান** চাদর।
**আশকারা** প্রশ্রয়। 'আসকারা', 'আস্কারা' বর্জিত।
**আশঙ্কা, আশঙ্কিত** অনুস্বার-যুক্ত বানান ভুল।
**আশপাশ** একটি শব্দ। অনুরূপভাবে, **আশেপাশে**
**আশমান**। 'আসমান' নয়। **আশমানি** -নী নয়।
**আশমান জমিন ফারাক** তিনটি শব্দ। কিংবা **আশমান-জমিন ফারাক**।
**আশরফি** স্বর্ণমুদ্রাবিশেষ। -স- নয়, -ফী নয়।
**আশাবরি** প্রাতঃকালের রাগিণীবিশেষ। -সা- নয়, -রী নয়।
**আশাসোঁটা** দণ্ড, মোটা লাঠি। -সা- নয়। **আশাবরদার** দণ্ডধারী।
**আশিস** আশীর্বাদ। হসন্ত পরিহার্য। অনুরূপভাবে, দেবাশিস, শুভাশিস। 'আশীষ' নয়।
**আশুতোষ মুখোপাধ্যায়, সার** ১৮৬৪-১৯২৪। শিক্ষাবিদ, বিশ্ববিদ্যালয়-প্রশাসক ও আইনজ্ঞ।
**আশ্চর্য** বি· বিস্ময়। উদা·— ১ আশ্চর্যের ব্যাপার। বিণ· বিস্ময়কর। উদা·— আশ্চর্য ব্যাপার ; ২ বিস্মিত ; উদা·— আশ্চর্য হয়ে গেছি।
**আষাঢ়ান্ত**। 'আষাঢ়ন্ত' নয়।
**আষ্টেপৃষ্ঠে** ক্রি-বিণ· সর্বাঙ্গে, সারা গায়ে। 'অষ্টেপৃষ্ঠে' মূলানুগ কিন্তু স্বল্পপ্রচলিত।
**আসকে** পিঠেবিশেষ। -স্কে নয়।
**আসমান** দ্র **আশমান**।
**আসরফি** বর্জিত বানান। দ্র **আশরফি**।
**আসাআসি** হাইফেন নয়। কিন্তু **আসা-যাওয়া**

হাইফেন।
**আসাদউল্লা গালিব** দ্র **গালিব**।
**আসামি**। অপরাধী হিসাবে অভিযুক্ত। 'আসামী' বর্জিত।
**আসা-যাওয়া** দ্র **আসাআসি**।
**আসিমভ, আইজাক** Isaac Asimov 1920-1992. আমেরিকান জৈবরসায়নবিদ ও কল্পবিজ্ঞানের লেখক।
**আস্তিক** ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাসী। **আস্তীক** মুনিবিশেষ।
**আস্তিন**। 'আস্তীন' বর্জিত।
**আস্তে-আস্তে** ক্রি-বিণ·, হাইফেন চাই।
**আস্পদ** স্ত্রী-পুরুষ উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য। **স্নেহাস্পদ, শ্রদ্ধাস্পদ**। 'স্নেহাস্পদা', 'শ্রদ্ধাস্পদা' বাংলায় অস্বাভাবিক।
**আহরণ** বি· সংগ্রহ, সঞ্চয়। বিণ· **আহৃত**। **আহরিত** অশুদ্ধ কিন্তু প্রচলিত।
**আহাম্মক, আহম্মক**। 'আহম্মুক' কথ্য ও আঞ্চলিক।
**আহার-বিহার** হাইফেন বাঞ্ছিত।
**আহির** বি· গোপজাতি। < সং· আভীর, হি· আহীর। **আহির ভৈরব, আহির ভৈরোঁ** সংগীতের রাগবিশেষ।
**আহুতি** পূজা যজ্ঞ ইত্যাদি হোম। **আহূতি** আমন্ত্রণ, আহ্বান।
**আহূত** বিণ· **আমন্ত্রিত**।
**আহ্নিক** (হ্+ন্) প্রতিদিন অনুষ্ঠেয় পূজাদি ; diurnal (পরি·)। 'আহ্লিক' নয়।

◆

**ইউক্যালিপ্‌টাস** eucalyptus.
**ইউনানি** হাকিমি।
**ইউনিট** unit .
**ইউনিফর্ম** uniform .
**ইউনিয়ন** union. **ইউনিয়ন বোর্ড** Union Board.
**ইউনেস্কো** UNESCO ইউনাইটেড নেশনস এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অরগ্যানাইজেশন।
**ইউরোপ, ইউরোপীয়** দ্র **ইয়োরোপ**।
**ইউরেশিয়ান**, Eurasian.
**ইউরো-কমিউনিজম** Euro-Communism. ১৯৭৫ সালের পর প্রথমে ফ্রান্সে ও ইতালিতে এবং পরে ইয়োরোপের অন্যত্র যে সংশোধিত, পরিবর্তিত ও উদারপন্থী কমিউনিজমের তত্ত্ব প্রচলিত হয়।
**ইংগট** ingot. ধাতুপিণ্ড, ধাতুর বাট। 'ইনগট' নয়।
**ইংরাজি** -জী বর্জিত। **ইংরেজি** চলিত ও কথ্য।
**ইংল্যান্ড**। 'ইংলন্ড' বর্জিত।
**ইঁচড়, এঁচড়** দ্বিতীয়টি মূলত কথ্য।
**ইঁট** দ্র **ইট**।
**ইঁদারা** চন্দ্রবিন্দু অপরিহার্য।
**ইকড়ি-মিকড়ি** হাইফেন বাঞ্ছিত।
**ইকনমিক্স** economics. কিংবা -মিকস।
**ইকুইনক্স** equinox.
**ইকেবানা** জাপানি পুষ্পসজ্জার রীতিবিশেষ।
**ইকোয়েটর** equator. নিরক্ষরেখা।
**ইক্ষ্বাকু** পুরাণমতে সূর্যবংশীয় রাজাদের আদিপুরুষ।
**ইগল, ঈগল** eagle. প্রথমটি সংগত, দ্বিতীয়টি প্রচলিত।
**ইঙ্গিত**। 'ইংগিত' নয়।
**'ইছামতী'** বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৫০)।
**ইচ্ছামতো**। 'ইচ্ছামত' নয়।
**ইজরেল** Israel. -রায়েল নয়।
**ইজিয়ান সাগর** Aegian Sea ভূমধ্যসাগরের যে অংশ গ্রিস, তুরস্ক ও সাইপ্রাসের মধ্যে অবস্থিত। 'ঈজিয়ান' নয়।
**ইজ্জত** -ৎ বর্জিত।
**ইঞ্জিন** engine এর বাংলা রূপ। 'ইনজিন' নয়।
**ইঞ্জিনিয়ার** engineer. কিংবা ইংরেজির অনুসরণে **এঞ্জিনিয়ার**। -নীয়ার নয়।

# ই

**ইঞ্জেকশন** -শান নয়।
**ইট**। 'ইট' কথ্য। শিষ্ট লিখিত ভাষায় চন্দ্রবিন্দু বর্জনীয়।
**ইডিপাস** Oedipus < গ্রিক Oidipous.
**ইডিয়ট** idiot.
**ইডিয়ম** idiom.
**ইডেন** Eden. স্বর্গ। 'এডেন' নয়।
**ইডেন, অ্যান্টনি** Anthony Eden 1897-1977 ব্রিটিশ রাজনীতিবিদ, প্রাক্তন প্রধানমন্ত্রী। কিংবা **অ্যানটনি**।
**ই-ৎসিং** সপ্তম শতকের চৈনিক পর্যটক, ভারতভ্রমণ ৬৭৫-৬৮৫ সালের মধ্যে।
**ইতালি**। 'ইটালি' নয়, 'ইতালী' নয়।
**ইতিপূর্বে, ইতিমধ্যে** সংস্কৃত ব্যাকরণমতে অশুদ্ধ হলেও বাংলায় প্রতিষ্ঠিত, প্রচলিত ও গ্রাহ্য। ইতঃপূর্বে ও ইতোমধ্যে স্বল্পব্যবহৃত।
**ইথার** ether. 'ঈথার' বর্জিত।
**ইদ, ঈদ** প্রথম বানান যুক্তিসম্মত, দ্বিতীয় বানান প্রচলিত।
**ইনকিউবেটর** incubator. -টার নয়।
**ইনগট** ingot. ভুল প্রতিবর্ণীকরণ। **ইংগট** দ্র।
**ইনজাংশন** injunction.
**ইনডেক্স** index. 'ইন্ডেক্স' নয়।
**ইনফ্রা-রেড** infra-red, অবলোহিত (পরি.)।
**ইনফ্লুয়েঞ্জা** influenza.
**ইনসান** মানুষ। **ইনসানিয়াত** মনুষ্যত্ব। -ৎ নয়।
**ইনস্টিটিউট** institute.
**ইনস্টিটিউশন** institution. -শান নয়।
**ইনস্ট্রুমেন্ট** instrument.
**ইনস্পেকটর** inspector. **ইনস্পেকশন** inspection.
**ইনস্যাট** INSAT Indian National Satellite System.
**ইনিয়ে-বিনিয়ে** হাইফেন অপরিহার্য।
**ইন্টার-কনটিনেন্টাল** inter-continental.
**ইন্টারন্যাশনাল** international.
**ইন্টারপোল** interpol. অপরাধীদের অনুসন্ধানের জন্য গঠিত আন্তর্জাতিক পুলিশ সংস্থাবিশেষ।
**ইন্টারভিউ** interview.
**ইন্টারমিডিয়েট** intermediate.
**ইন্টারলিউড** interlude.
**ইন্তাকাল, এন্তেকাল** মৃত্যু। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**ইন্তাজার, ইন্তিজার, ইন্তেজার, এন্তেজার,** অপেক্ষা, প্রতীক্ষা। তৃতীয় ও চতুর্থ রূপই অধিকতর প্রচলিত।
**ইন্তিজাম** কিংবা **এন্তেজাম** শৃঙ্খলা ; সুবন্দোবস্ত।
**ইন্দিবর, ইন্দীবর** দুটিই শুদ্ধ শব্দ হলেও প্রথমটি গ্রহণীয়।
**ইন্দিরা দেবীচৌধুরানী** (১৮৭১-১৯৬০) লেখিকা, বিদুষী, ভারতীয় ও পাশ্চাত্য মার্গ সংগীতে পারদর্শিনী।
**ইন্দোচিন** Indo-China কোচিন চিন, কম্বোডিয়া, আন্নাম, লাওস ও তংকিন-এর পূর্বনাম।
**ইন্দ্রজিৎ**। 'ইন্দ্রজিত' নয়।
**ইন্দ্রলুপ্ত** বি. টাক। উদা.—'তার মাথায় ইন্দ্রলুপ্ত' : অন্নদাশঙ্কর।
**ইন্দ্রাণী** ইন্দ্রের পত্নী। -নী নয়।
**ইবন বতুতা** ১৩০৪-১৩৭৮, প্রকৃত নাম আবু আবদুল্লা মোহাম্মদ, আরবদেশীয় পর্যটক, পারস্য, ভারত প্রভৃতি দেশে ভ্রমণ করেছিলেন।
**ইবাদত** উপাসনা, প্রার্থনা, নামাজ। 'ইবাদৎ' নয়।
**ইবসেন, হেনরিক** Henrik Ibsen 1828-1906. নরওয়েজীয় নাট্যকার।
**ইমদাদ (এমদাদ) হোসেন খাঁ** ১৮৪৮-১৯২০ সংগীতজ্ঞ, ইমদাদখানি ঘরানার প্রতিষ্ঠাতা।
**ইমান** বিবেক। **ইমানদার** ধার্মিক, বিবেকবান। **ইমানদারি** ধার্মিকতা, বিশ্বস্ততা। 'ইমানদারী' নয়।
**ইমাম** ইসলামের ধর্মাচার্য বা ধর্মের ব্যাখ্যাতা।
**ইমারত**। 'ইমারৎ' নয়।
**ইমার্জেন্সি** emergency. 'এমার্জেন্সি' নয়।
**ইয়নেস্কো, ইয়্যাঝেন** Eugene Ionesco জন্ম 1912, ফরাসি নাট্যকার।
**ইয়ারকি**। 'ইয়ার্কি' নয়।
**ইয়ারবকশি** -বক্সী নয়।
**ইয়েটস, উইলিয়াম বাটলার** William Butler

# ই

Yeats 1865-1939, আইরিশ কবি।

**ইয়েলতসিন, বরিস** Boris Yeltsin. রুশ রাজনীতিবিদ। ইয়েলেত- নয়, বোরিস নয়।

**ইয়োরোপ, ইয়োরোপীয়।**

**ইরম্মদ** মেঘ, সমুদ্রের আগুন, হাতি, বজ্র।

**ইরাতোস্থেনেস** খ্রিস্টপূর্ব তৃতীয়-দ্বিতীয় শতকের গ্রিক গণিতজ্ঞ। কিংবা **এরাতোস্থেনেস।**

**ইরান, ইরানি**। 'ইরাণ', 'ইরাণী', 'ইরানী' নয়। **ইরানীয়**। 'ইরাণীয়' নয়।

**ইরিসিপিলাস** erysipelas. রোগবিশেষ।

**ইলাহাবাদ** (আ. বা. প.) মূলানুগ এবং উত্তরপ্রদেশে ও ভারতের অন্যত্র এই নামই প্রচলিত। তবে বাংলায় **এলাহাবাদ** এখনও প্রচলিত।

**ইলাহি** মূলানুগ, কিন্তু **এলাহি** অধিকতর প্রচলিত। 'ইলাহী' নয়, 'এলাহী' নয়।

**ইলেকট্রনিকস** electronics বি. ইলেকট্রন-বিষয়ক বৈজ্ঞানিক তত্ত্ব ও ওই তত্ত্বের প্রয়োগকৌশল।

**ইলেকট্রিক** electric. **ইলেকট্রিসিটি** electricity. **ইলেকট্রিশান** electrician.

**ইলেকট্রোড** electrode. বিদ্যুদ্বাহ, বৈদ্যুতিক তারের প্রান্ত।

**ইলেকট্রোলাইট** electrolyte, কিন্তু **ইলেকট্রোলিসিস** electrolysis, তড়িদ্‌বিশ্লেষণ।

**ইশকাবন, ইশকাপন** দ্বিতীয়টি পূর্বে প্রচলিত ছিল। বর্ত. প্রথমটি অধিকতর প্রচলিত। 'ইস্কাবন'। 'ইস্কাপন' নয়।

**ইশতাহার, ইস্তাহার** দুইই প্রচলিত এবং গ্রহণযোগ্য। 'ইশতিহার' ও 'ইশতেহার' অপ্র.।

**ইশারা** -সা- নয়।

**ইসপ** কিংবা **ইশপ** Aesop. আনু. খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকের গ্রিক নীতিগল্প-লেখক। 'ঈশপ', 'ঈসপ' নয়।

**ইসলামি** -মী বর্জিত।

**ই সি জি** E.C.G. বিন্দুচিহ্ন অপ্রয়োজনীয়।

**ইস্কিয়া** Ischia. ইতালির দ্বীপবিশেষ।

**ইস্ট ইন্ডিয়া কোম্পানি,** ব্রিটিশ। স্থাপিত ১৬০০, ভারত শাসন ১৭৬৫-১৮৫৭।

**ইস্টম্যান, জর্জ** 1854-1932 মার্কিন শিল্পপতি ও উদ্‌ভাবক।

**ইস্টার** Easter.


**ইস্টার্ন** eastern. -র্ণ বর্জিত।

**ইস্তফা**। 'ইস্তাফা' অপ্র.।

**ইস্তামাল** অভ্যাস, অনুশীলন।

**ইস্তিরি, ইস্ত্রি** -স্ত্রী নয়।

**ইহুদি** -দী নয়।



# ঈ ◆ উ

**ঈক্ষণ** দৃষ্টি ; দর্শন।
**ঈগল** eagle প্রচলিত কিন্তু এই বানান অযৌক্তিক। **ইগল** দ্র।
**ঈদ** প্রচলিত কিন্তু অযৌক্তিক বানান। **ইদ** দ্র।
**ঈপ্সা** ইচ্ছা, **ঈপ্সিত** বাঞ্ছিত। 'ইপ্সা', 'ইপ্সিত' নয়।
**ঈর্ষ্যা** ঈর্ষা অর্থে এই বানান শুদ্ধ তবে অপ্র.।
**ঈশ** বি. ঈশ্বর ; প্রভু ; অধিপতি। **ঈশা** বি. (স্ত্রী.) ঈশ্বরী।
**ঈশানকোণ** পূর্ব ও উত্তরদিকের মধ্যবর্তী কোণের নাম।
**ঈশানচন্দ্র ঘোষ** ১২৬৭-১৩৪২ বঙ্গাব্দ, বৌদ্ধ জাতকের অনুবাদক।
**ঈশানী** দুর্গার অন্য নাম।
**ঈশিতা, ঈশিত্ব** বি. ঈশ্বরত্ব, ঈশ্বরভাব ; অন্যের উপর প্রভুত্বের ক্ষমতা বা গুণ।
**ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর** ১৮২০-১৮৯১।

◆

**উইকেট**। ইংরেজি উচ্চারণ 'উইকিট' হলেও বাংলায় **উইকেট** গ্রহণীয়।
**উইল** ইচ্ছাপত্র will.
**উইলকিন্স, চার্লস** Charles Wilkins 1750-1838 ভারতপ্রেমিক ও সংস্কৃতজ্ঞ পণ্ডিত।
**উইলিয়ামস, মনিয়ের-** দ্র **মনিয়ের-উইলিয়ামস**।
**উকিলি**। উদা.—উকিলি বুদ্ধি। 'উকিলী' নয়।
**উগরানো** ক্রি. বি. বমি বা উদ্গিরণ করা। 'উগরান' নয়।
**উচিত**। 'উচিৎ' ভুল।
**উচ্ছ্বাস** বি.। **উচ্ছ্বসিত** বিণ. উচ্ছ্বাসপূর্ণ, ভাবাবেগে আকুল। **উচ্ছ্বাসিত** ণিজন্ত প্রয়োগ, অপ্র.।
**উছল** প্রধানত কাব্যে ব্যবহৃত।
**উজবুক** বোকা বা আহাম্মক অর্থে 'উজবক' অপ্র.।
**উজির**। 'উজীর' বর্জিত।
**উজ্জয়িনী**। 'উজ্জয়নী' বিকল্প কিন্তু অপ্র.।
**উট্রাম, সার জেমস** Sir James Outram 1803-1863, ১৮৫৭ সালের মহাবিদ্রোহে প্রধান ব্রিটিশ সেনাপতি।
**উঠছিল, উঠত, উঠব, উঠল, উঠেছিল**।
**উঠতি-পড়তি** হাইফেন বাঞ্ছিত।
**উঠবন্দি**। 'উঠবন্দী' নয়।
**উডহাউস, পেলহ্যাম গ্রেনভিল** Pelham Grenville Wodehouse 1881-1975 ইংরেজ ঔপন্যাসিক, অনুপম হাস্যরসের স্রষ্টা। 'ওডহাউস' নয়।
**উড়কি ধান**। 'উড়কী' নয়।
**উড়ানি** চাদর। **উড়ুনি** কথ্য।
**উড়িষ্যা** বর্জিত। **ওড়িশা** দ্র।
**উৎকর্ষ** বি. উৎকৃষ্টতা ; শ্রেষ্ঠতা। 'উৎকর্ষতা' ভুল। **উৎকৃষ্ট** বিণ.।
**উৎপল দত্ত** ১৯২৯-১৯৯৩ নাট্যকার নাট্যনির্দেশক ও অভিনেতা।
**উতরাই** ঢল ; অবতরণের পথ। 'উৎরাই' নয়।
**উতরানো** উত্তরণ বা অতিক্রমণ করা। 'উৎরানো' নয়। অনুরূপভাবে, **উতরে যাওয়া**। 'উৎরে যাওয়া' নয়।
**উৎসন্ন**। **উচ্ছন্ন**-র মার্জিত রূপ।
**উৎসর্গ-পত্র** হাইফেন বাঞ্ছিত। **উৎসর্গীকৃত**। 'উৎসর্গিত' ভুল।
**উৎসেচন-ক্রিয়া** fermentation. হাইফেন আবশ্যিক।
**উত্তর গোলার্ধ** পৃথক শব্দ হিসাবে লেখ্য। কিন্তু **উত্তরপুরুষ, উত্তরফাল্গুনী, উত্তরভাদ্রপদ, উত্তরমেরু, উত্তরসাধক, উত্তরসূরি** প্রতিটি এক শব্দ হিসাবে।
**'উত্তররামচরিত'** খ্রিস্টীয় ৮ম শতকের ভবভূতি-রচিত বিখ্যাত সংস্কৃত নাটক।
**উত্তরায়ণ** দক্ষিণ দিকের অয়নান্ত রেখা অর্থাৎ

মকরক্রান্তি রেখা থেকে সূর্যের ক্রমশ উত্তরদিকে গমন।

**উত্ত্যক্ত**। 'উত্যক্ত' নয়।

**উত্থানপতন** কিংবা **উত্থান-পতন**।

**উত্থানশক্তিরহিত** বিণ. একটি শব্দ। 'রহিত' শব্দটিকে করা বা হওয়া ক্রিয়াপদের সঙ্গে ব্যবহার করতে হলে **উত্থানশক্তি রহিত হল** এভাবে পৃথক করে লেখা ভালো।

**উত্থিত পদ্মাসন** যোগাসনবিশেষ। দুটি শব্দ হিসাবে লেখ্য।

**উথালপাথাল** পৃথক শব্দ নয়, হাইফেন নয়।

**উদজান** hydrogen. গ্যাসবিশেষ। **হাইড্রোজেন** নামই বর্তমানে প্রচলিত।

**উদম, উদোম** উলঙ্গ, নগ্ন। দ্বিতীয় বানান অধিকতর সংগত।

**উদ্‌যোগ** দ্র **উদ্যোগ**।

**উদরি** রোগবিশেষ, dropsy. বাংলা ই-প্রত্যয়। দীর্ঘ-ঈ ('উদরী') অনাবশ্যক।

**উদীচী** উত্তরদিক।

**উদোম** দ্র **উদম**।

**উদগার, উদ্‌গার ; উদ্গিরণ, উদ্‌গিরণ ; উদগীর্ণ, উদ্‌গীর্ণ**।

**উদ্ঘাটন, উদ্‌ঘাটন ; উদ্ঘাটিত, উদ্‌ঘাটিত**।

**উদ্দালক** পৌরাণিক ঋষিবিশেষ, প্রকৃত নাম আরুণি।

**উদ্দেশ** বি. ঠিকানা, সন্ধান বা খোঁজ, লক্ষ্য। উদা.—তার উদ্দেশ জানা নেই, 'বাহিরায় যবে নদী সিন্ধুর উদ্দেশে', কাকে উদ্দেশ করে কথা বলেছ ? দেবতার উদ্দেশে উৎসর্গ করা।

**উদ্দেশ্য** বি. মতলব, অভিপ্রায়। উদা.—কী উদ্দেশ্যে এসেছ ? বিণ. অভিপ্রেত।

**উদ্ধতস্বভাব, উদ্ধত স্বভাব**। প্রথমটি একত্রে বিশেষণ, দ্বিতীয়টিতে 'উদ্ধত' 'স্বভাব'-এর বিশেষণ।

**উদ্ধৃত, উদ্‌ধৃত**। দুইই লেখা চলে। 'উধৃত' নয়।

**উদ্বায়ী, উদ্‌বায়ী** বিণ. সহজে উবে যায় এমন, volatile (পরি.)। বি. **উদ্বায়িতা**।

**উদ্বেজন** বি. উদ্বিগ্ন বা উত্ত্যক্ত করা। বিণ. **উদ্বেজিত**। উৎসাহিত বা অনুপ্রেরিত অর্থে প্রয়োগ ভুল, অনুচিত।

**'উদ্বোধন'** স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত মাসিকপত্র।

**উদ্ভাবন, উদ্‌ভাবন** দুইই লেখা চলে।

**উদ্যোক্তা**। 'উদ্‌যোক্তা' নয়।

**উদ্যোগ, উদ্‌যোগ** বাংলায় প্রথমটি দীর্ঘ-প্রচলিত ও সংগত। দ্বিতীয়টি অনবশ্যক কিন্তু বর্তমানে **উদ্যোগ**-এর বিকল্প শব্দ হিসাবে অতি-প্রচলিত। **উদ্যোগী** উদ্যমশীল।

**উনপাঁজুরে**। উন- নয়, -ড়ে নয়।

**উনিশ**। 'ঊনিশ' বর্জিত।

**উনিশ-বিশ** অতি সামান্য পার্থক্য। হাইফেন অপরিহার্য।

**উন্নতিশীল, উন্নয়নশীল** বিণ. ক্রমে উন্নতি করছে তবে এখনও যথেষ্ট উন্নত হয়নি এমন, developing.

**উন্মার্গগামী** বিণ. বিপথে বা কুপথে যাচ্ছে বা গেছে এমন। বি. **উন্মার্গগামিতা**।

**উন্মীলন** বি. সূচনা, উন্মেষ, প্রকাশ। বিণ. **উন্মীলিত**।

**উপক্ষার** alkaloid (পরি.)।

**উপচ্ছায়া** penumbra (পরি)।

**উপধা** শেষ বর্ণের পূর্ববর্তী বর্ণ।

**উপনদী** যে নদী অন্য নদীতে গিয়ে পড়ে। তু. **শাখানদী** যে নদী অন্য নদী থেকে উৎপন্ন হয়েছে।

**উপনিবেশ** বি. কলোনি ; বসবাস। বিণ. **উপনিবিষ্ট**।

**উপনিষদ, উপনিষদ্‌** বেদের অন্ত্যভাগ। তাই অন্য নাম **বেদান্ত**।

**উপবৃত্ত** ellipse(পরি.)।

**উপযোগী** বিণ.। বি. **উপযোগিতা, উপযোগ**।

**উপর-উপর, উপর-চড়াও, উপর-চালাক, উপর-চালাকি, উপর-পড়া** প্রতিটিতে হাইফেন বাঞ্ছিত।

**উপরি-উপরি** পরপর ; একটির উপর আর-একটি এইভাবে। হাইফেন বাঞ্ছিত।

**উপরোক্ত** বাংলামতে সিদ্ধ।

**উপর্যুপরি** পরপর ; ক্রমান্বয়ে, ক্রমাগত। উদা.—উপর্যুপরি আক্রমণ।

# উ

**উপলক্ষ্য, উপলক্ষ** দুই বানানই প্রচলিত হলেও প্রথমটিই সংগত। **উপলক্ষিত** বিণ. উপলক্ষ্য করা হয়েছে এমন।

**উপস্থাপন, উপস্থাপনা** একই অর্থ। দ্বিতীয় শব্দের স্ত্রীলিঙ্গ অনাবশ্যক। অতএব প্রথম শব্দটিই সংগত।

**উপহাস** বি.। বিণ. **উপহসিত**। 'উপহাসিত' নয়।

**উপেন্দ্রকিশোর রায়চৌধুরী** ১৮৬৩-১৯১৫ শিশুসাহিত্যের বিখ্যাত লেখক, এদেশের মুদ্রণে হাফটোন ছবির প্রবর্তক, সংগীতজ্ঞ।

**উপোস, উপোসি**। 'উপোষ' বর্জিত, 'উপোষী' 'উপোসী' বর্জিত।

**উফো** কিংবা **ইউ এফ ও** Unidentified Flying Object, বাংলা নাম **উড়ন্ত চাকি**।

**উভচর, উভয়চর**। একই অর্থ, জলে ও স্থলে দুই স্থানেই বিচরণকারী, amphibious. দ্বিতীয় শব্দটি অপ্রচলিত।

**উমরাহ, উমরা** যথাক্রমে **ওমরাহ** ও **ওমরা**-র অপেক্ষাকৃত কম প্রচলিত রূপভেদ।

**উমিচাঁদ** মৃত্যু ১৭৫৮, শিখ বণিক, ব্যাবসা-উপলক্ষ্যে বাংলায় আসেন ; নবাব সিরাজ-উদ-দৌলার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন।

**উমেদারি** প্রার্থনা, চাকরির জন্য প্রার্থনা বা ভজনা। 'উমেদারী' বর্জিত।

**উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়** ১৮৪৪-১৯০৬ জাতীয়তাবাদী, ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি।

**উরু** বিণ. বিশাল, মহান। উরত বা thigh অর্থে প্রয়োগ ভুল। **উরু** দ্র।

**উর্ণনাভ, ঊর্ণনাভ** দুটিই শুদ্ধ, তবে প্রথমটিই গ্রহণীয়।

**'উর্বশী ও আর্টেমিস'** বিষ্ণু দে-র কাব্যগ্রন্থ (১৯৩২)।

**উল** wool. 'ঊল' নয়।

**উলটে-পালটে** হাইফেন বাঞ্ছিত। অনুরূপভাবে, **উলটো-পালটা**। -ল্ট- নয়।

**উলসি** Wolsey. ইংরেজ পদবি। 'ওলসি' নয়। 'উলসী' নয়।

**উলেমা** মুসলমান পণ্ডিত সম্প্রদায়। 'উলমা' নয়।

**উল্লাস** বি. অতি আনন্দ। বিণ. **উল্লসিত**। 'উল্লাসিত' নয়। **উলসিত** কেবল কাব্যে।

**উল্লেখ**। বিণ. **উল্লিখিত**। 'উল্লেখিত' প্রচলিত কিন্তু অসংগত। **উল্লেখনীয়, উল্লেখ্য, উল্লেখযোগ্য** সমার্থক শব্দ।

**উসকানি**। 'উস্কানি' বর্জিত।

**উশকো-খুশকো**।

**উসখুস, উশখুশ** প্রথমটি অধিকতর প্রচলিত, কিন্তু দ্বিতীয়টিই সংগত।

**উস্টার** Worcester. 'উরসেস্টার' নয়।

**উহ্য** অনুমেয় বা অনুল্লিখিত বা অনুক্ত অর্থে প্রয়োগ ভুল। দ্র **উহ্য**।



# ঊ ◆ ঋ ◆ এ

ঊরু thigh. 'উরু' ভুল।
ঊর্ণনাভ দ্র **উর্ণনাভ**।
ঊর্ধ্বগামী বিণ.। বি. **ঊর্ধ্বগামিতা**। **ঊর্ধ্বচারী** বিণ.। বি. **ঊর্ধ্বচারিতা**।
ঊর্ধ্বাঙ্গ। 'ঊর্ধ্বাংগ' নয়।
ঊর্মি ঢেউ, তরঙ্গ। **ঊর্মিমালা**।
**ঊর্মিলা** উ- নয়।
**ঊষর** বিণ. অনুর্বর। 'উষর' নয়।
**ঊষসী, উষসী** দুইই শুদ্ধ, দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**ঊহ্য** অনুমেয় ; অনুক্ত। 'উহ্য' নয়।

◆

ঋক্, **ঋক** সংস্কৃতমতে প্রথমটি শুদ্ধ হলেও বাংলায় পৃথক শব্দ হিসাবে দ্বিতীয়টিই প্রচলিত ও গ্রহণীয়।
ঋক্‌বেদ, **ঋগ্বেদ** দুইই শুদ্ধ, দ্বিতীয়টি সন্ধিবদ্ধ রূপ এবং অধিকতর প্রচলিত।
ঋক্ষ ভল্লুক ; নক্ষত্র। **ঋক্ষমণ্ডল** সপ্তর্ষিমণ্ডল, the Great Bear. **ঋক্ষরাজ** ভল্লুকরাজ জাম্ববান।
ঋগ্বেদ দ্র **ঋক্‌বেদ**।
ঋজুরেখ বিণ. rectilinear (পরি.)।
ঋণপত্র, **ঋণস্বীকার** দুটিই একটি শব্দ হিসাবে লেখ্য।
ঋত সত্য। **ঋতজিৎ** সত্যকে যে জয় করেছে। **ঋতব্রত** সত্যই যার ব্রত।
**ঋতি** গতি, গমন।
**ঋতুকাল** একটি শব্দ। **ঋতুপরিবর্তন** একটি শব্দ, হাইফেন নয়।
**'ঋতুসংহার'** কালিদাসের রচিত ছয়টি ঋতুর বর্ণনা-সমন্বিত সংস্কৃত কাব্য।
**ঋত্বিক, ঋত্বিক্** প্রথম বানানই বর্তমানে প্রচলিত।
**ঋদ্ধ** বিণ. উন্নত, সমৃদ্ধিশালী। উদা.—'এক ঋদ্ধ, বিধিবদ্ধ জগৎ' :বু. ব.। বি. **ঋদ্ধি** সম্পদ ; উন্নতি ; শুভ, কল্যাণ। **ঋদ্ধিমান** বিণ. সমৃদ্ধিশালী, ধনবান ; ভাগ্যবান।
**ঋষভ** বি. সংগীতে দ্বিতীয় স্বর, 'রে' ; ষাঁড়।
**ঋষ্য** বি. মৃগ। **ঋষ্যশৃঙ্গ** (মৃগের মতো শিং ছিল বলে) রামায়ণের ঋষিবিশেষ।

◆

এ আই আর AIR
এ আই টি ইউ এফ AITUF
এ আই টি ইউ সি AITUC
এ আই সি সি AICC
এ আর সি এস ARCS
এই অবস্থা, এই কারণ পৃথক শব্দ হিসাবে লেখ্য।
এইখান, এইখানে একটি শব্দ হিসাবে।
এইজন্য। 'এই জন্য' নয়।
এইটুকু, এটুকু। 'এই টুকু', 'এ টুকু' নয়।
এইডস AIDS. 'এডস' নয়।
এই পর্যন্ত, এই বেলা, এই মুহূর্ত, এই যাত্রা প্রতিটি দুটি শব্দ হিসাবে লেখ্য।
**এইরকম, এইরূপ, এইসব, এসব,** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**এউক্লিদেস** Euclides খ্রিস্টপূর্ব চতুর্থ-তৃতীয় শতক। গ্রিক গণিতজ্ঞ। ইংরেজি নাম **ইউক্লিড** Euclid.
**এউরিপিদেস** Euripides 480?-406? B.C. গ্রিক নাট্যকার। ইংরেজি উচ্চারণ ইউরিপিডিজ।
**এ-ও-তা** নানা প্রসঙ্গ ; আজেবাজে প্রসঙ্গ। উদা. সে এ-ও-তা বলে আসল কথাটা এড়িয়ে গেল।
**এঁচড়**। **ইঁচড়** -এর কথ্য রূপ।
**এঁটো**। 'এঁঠো' অপ্রচলিত।
**এঁড়ে তর্ক** দুটি শব্দ হিসাবে পৃথকভাবে লেখ্য।

**এক আঁটি, এক আঁটি শাক ।**

**এক-আধটা, এক-আধ দিন, এক-আধজন, এক-আধসের ।**

**একই রকম ।**

**এক-এক করে, এক-একটি, এক-এক দিন, এক-এক মাস, এক-এক রকম, এক-এক সময় ।**

**এককলমি** । 'এককলমী' নয় ।

**এককাট্টা, এককালীন, এককোষী, একগলা** (বিণ. একগলা জল), **একগাছা, একগাল** (একগাল ভাত), **একগুঁয়ে, একঘরে** (সমাজচ্যুত), **একঘেয়ে** ('একঘেঁয়ে' নয়), **একঘেয়েমি, একচক্ষু** (একটি চক্ষুবিশিষ্ট), **একচালা, একচেটিয়া, একচোখ, একচোট, একচ্ছত্র, একছুট** (বিণ. একপ্রস্থ, এক কেতা), **একজোট, একতরফা, একতারা, একদৃষ্টে, একনজরে, একনাগাড়ে, একপেট,** (পেটভরতি), **একপেশে, একবগ্‌গা, একবস্ত্রে, একবাক্যে, একবার, একবিন্দু, একমনে, একমাত্র, একরকম, একরাশ** (উদা.—একরাশ চিন্তা), **একরোখা, একশত, একশিরা ।** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য ।

**একজস্ট পাম্প** exhaust pump.

**একজাতীয়** একটি শব্দ ।

**একতিয়ার** । 'এক্তিয়ার' নয়, 'এখতিয়ার' নয় ।

**এক-তৃতীয়াংশ** হাইফেন অপরিহার্য ।

**একত্রিত** সংস্কৃতমতে অশুদ্ধ হলেও বাংলায় প্রচলিত ও গ্রহণীয় ।

**একত্রীকরণ** বি. । বিণ. **একত্রীকৃত ।**

**একদলীয়, একদলীয় শাসন ।**

**একদেশদর্শী** একপেশে । বি. **একদেশদর্শিতা ।**

**একনরি** । 'একনরী' নয় । **একনরি হার ।**

**একবীজপত্রী ।**

**একরার** স্বীকার, কবুল । **একরারনামা** স্বীকারপত্র ।

**একলসেঁড়ে, একলাসেঁড়ে,** দ্বিতীয়টি কথ্য ।

**একশা** মিলিত, একাকার, মিশ্রিত । 'একসা' নয় । উদা.—কেঁদেকেটে একশা করা ।

**একাট্টা** অপ্র. । একই অর্থে **এককাট্টা** প্রচলিত ।

**একাদশ বৃহস্পতি** বাগ্‌ধারাবিশেষ । 'একাদশে' নয় ।

**একানব্বই** । **একানব্বুই** কথ্য ।

**একান্ত সচিব** প্রাইভেট সেক্রেটারি ।

**একাবলি, একাবলী** দুইই শুদ্ধ হলেও প্রথমটি গ্রহণীয় ।

**একাশি, একাশী** ৮১ সংখ্যা বা সংখ্যক । দ্বিতীয় বানান বর্জিত । কিন্তু **একাশীতি ।**

**একীকরণ, একীভবন । একীকৃত, একীভূত ।**

**'একেই কি বলে সভ্যতা'** মধুসূদন দত্তের প্রহসন (১৮৬০) ।

**একে-একে** এক এক করে, একের পর এক এইভাবে । হাইফেন আবশ্যিক ।

**এক্তিয়ার** দ্র **একতিয়ার ।**

**এক্সচেঞ্জ, এক্সচেকার** (ইংরেজি উচ্চারণ ইক্স-) ।

**এক্সপার্ট, এক্সপ্রেস, এক্স-রে, এক্সাইজ, এক্সারসাইজ, এক্সিকিউটিভ ।**

**এক্স-লা-শাপেল** Aix-la-Chapelle, জার্মান শহর **আখেন** (Aachen)-এর ফরাসি নাম । 'আয়-লা-শাপেল' নয় ।

**এখন-তখন** বিণ মুমূর্ষু । উদা.—রোগীর এখন-তখন অবস্থা । হাইফেন বাঞ্ছিত ।

**এখনও** । 'এখনো' নয় ।

**এখানকার** বিণ. 'এখানের' নয় ।

**এগনো** কিংবা **এগোনো** । ক্রি. বি. এগিয়ে যাওয়া, অগ্রসর হওয়া । 'এগন', 'এগোন' নয় । 'এগুনো' কথ্য ।

**এগারো** । 'এগার' নয় ।

**এজন্য, এজন্যে** । 'এ জন্য' নয়, 'এ জন্যে' নয় ।

**এজেন্ট** agent, **এজেন্সি** agency.

**এঞ্জিনিয়ার** engineer. **ইঞ্জিনিয়ার**-এর মার্জিত রূপ, 'এঞ্জিনীয়ার' নয় ।

**এটর্নি** দ্র **অ্যাটর্নি ।**

**এডওআর্ড** Edward.

**এডিটর** editor. 'এডিটার' নয় । **এডিটিং** editing.

**এডিনবরা** Edinburgh. 'এডিনবার্গ' নয় ।

**এডিসন, টমাস আলভা** Thomas Alva Edison 1847-1931. আমেরিকান বিজ্ঞানী ও উদ্‌ভাবক ।

# এ

**এন্ডায়-গন্ডায়** ক্রি-বিণ. বিণ.। হাইফেন বাঞ্ছিত।
**এন্ডি** তসরের রকমফের। 'এন্ডী' বর্জিত।
**এতটুকু, এতদিন, এতবার, এতসব**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**এতিম** বিণ. অনাথ, অভিভাবকহীন। 'এতীম' বর্জিত।
**এত্তেলা, এত্তেলা** বি. সংবাদ, খবর, নোটিস। উদা.—জরুরি এত্তেলা পাঠানো হল। প্রথমটির চেয়ে দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**এদানীং—ইদানীং** -এর অপ্র. বিকৃত রূপ।
**এদিক-ওদিক**। উদা.—এদিক-ওদিক চাইতে লাগল। হাইফেন বাঞ্ছিত।
**এদ্দিন**। **এতদিন** -এর কথ্য রূপ।
**এধার-ওধার** হাইফেন বাঞ্ছিত।
**এন** Aisne, ফ্রান্সের প্রদেশ এবং একই নামের নদী।
**এনকেফেলাইটিস** মস্তিষ্কপ্রদাহ encephalitis 'এনসেফেলাইটিস' নয়।
**এনক্রুমা, কোআমি** Kwame Nkrumah জন্ম 1909. ঘানার রাজনীতিবিদ।
**এন টি রাম রাও**। 'রামা' নয়।
**এনট্রান্স** entrance.
**এনট্রি** entry.
**এনডোক্রাইন গ্ল্যান্ড** endocrine gland.
**এনতার, এন্তার**। দুটিই প্রচলিত হলেও প্রথমটিই সংগত।
**এনভেলপ** envelope.
**এনামেল** enamel. ইংরেজি উচ্চারণ ইন্যামেল্ হলেও বাংলায় **এনামেল** গ্রহণীয়।
**এনায়েত**। 'এনায়েৎ' নয়।
**এন্তেকাল** দ্র **ইন্তাকাল**।
**এন্তেজাম** দ্র **ইন্তিজাম**।
**এন্তেজার** দ্র **ইন্তাজার**। **এন্তেজারি**। 'এন্তেজারী' বর্জিত।
**এপার**। 'এ-পার' নয়, 'এ পার' নয়।
**এপিডেমিক** epidemic.
**এপিসেন্টার** epicentre.
**এফ আই আর** F.I.R. ফার্স্ট ইনফরমেশন রিপোর্ট।
**এফিডেভিট** দ্র **অ্যাফিডেবিট**।
**এবড়োখেবড়ো** পৃথকভাবে নয়, হাইফেন নয়।
**এভারেস্ট** -ষ্ট নয়।
**এভিনিউ, এভেনিউ** দ্র **অ্যাভিনিউ**।
**এম আর সি পি** M.R.C.P. বিন্দুচিহ্ন অপ্রয়োজনীয়।
**এম এল এ** M.L.A. বিন্দুচিহ্ন অপ্রয়োজনীয়।
**এম এস** M.S. .
**এম এসসি** M.Sc. .
**এম কম** M.Com. .
**এম ডি** M.D. .
**এমনই** উদা.—এমনই ধাক্কা দিয়েছে। উচ্চা. অ্যামোনি। **এমনি** এইরকম উচ্চা. এম্‌নি। উদা.—'এমনি করেই যায় যদি দিন যাক না' : রবীন্দ্র। **এমনিতে** সাধারণত, সচরাচর।
**এমনও** এই রকমও। উদা. এমনও তো হতে পারে।
**এমন-কী** কিংবা **এমনকী**
**এমনতরো**। -তর নয়।
**এম পি** M.P. .
**এম বি বি এস** M.B.B.S. .
**এমব্যাংকমেন্ট** embankment.
**এমব্যাসি** embassy.
**এমব্রয়ডারি** embroidery.
**এমাথা-ওমাথা** হাইফেন বাঞ্ছিত।
**এমুড়ো-ওমুড়ো** হাইফেন বাঞ্ছিত।
**এযাবৎ**। 'এ যাবৎ' নয়, 'এ-যাবৎ' নয়।
**এয়ারকন্ডিশন** air-condition, **এয়ারকন্ডিশন্ড** air-conditioned,
**এয়ারকন্ডিশনার** air-conditioner,
**এয়ারকন্ডিশনিং** air-conditioning.
**এয়ারগান** airgun.
**এয়ারফোর্স** airforce.
**এরনাকুলম** এর্না-নয়, -কুলাম নয়।
**এরেনবুর্গ, ইলিয়া** Illya Ehrenburg 1891-1967. রুশ লেখক।
**এরোপ্লেন** দ্র **অ্যারোপ্লেন**।
**এরোরুট** দ্র **অ্যারোরুট**।
**এলউইন, ভেরিয়ার** Verrier Elwin 1902-1964. ভারতে অভিবাসী ইংরেজ

# এ ◆ ও

নৃতাত্ত্বিক, ভারতপ্রেমিক ও সমাজসংস্কারক।

**এল এস ডি** L.S.D. বিন্দুচিহ্ন অপ্রয়োজনীয়।

**এল পি জি** L.P.G. liquefied petroleum gas.

**এলফিনস্টোন, মাউন্টস্টুআর্ট** Mountstuart Elphinstone 1779-1859. ভারতে ব্রিটিশ প্রশাসক।

**এলাকা**। 'এলেকা', 'ইলাকা' বর্জিত।

**এলাহাবাদ** দ্র **ইলাহাবাদ**।

**এলাহি**। 'এলাহী' নয়, 'ইলাহী', 'ইলাহি' নয়।

**এলিভেটর** elevator. 'এলিভেটার' নয়।

**এলিমেন্ট** element. **এলিমেন্টারি** elementary.

**এলিয়ট, টমাস স্টার্নস** Thomas Stearns Eliot 1888-1965. 'ইলিয়ট' নয়, 'থমাস' নয়।

**এলিস, হেনরি হ্যাভলক** Henry Havelock Ellis 1859-1939. ইংরেজ মনোবিজ্ঞানী।

**'এলেকত্রা'** Electra. গ্রিক নাট্যকার সোফোক্লেসের বিয়োগান্ত নাটক।

**এলেনবরা, মাউন্টস্টুআর্ট** Mountstuart Ellenborough 1790-1871. ভারতে ব্রিটিশ গভর্নর-জেনারেল।

**এলোপাথাড়ি, এলোপাতাড়ি**। প্রথমটি অধিকতর প্রচলিত।

**এলোপ্যাথি** দ্র **অ্যালোপ্যাথি**।

**এলোরা** মহারাষ্ট্রের পাহাড়, গুহাভাস্কর্যের জন্য বিখ্যাত, Ellora. 'ইলোরা' নয়।

**এশিয়া, এশিয়াড, এশিয়ান গেমস**।

**এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল** কলকাতায় সার উইলিয়াম জোনস কর্তৃক প্রতিষ্ঠিত (১৭৮৪)।

**এশীয়** বিণ. এশিয়া-সম্বন্ধীয়।

**'এষা'** অক্ষয়কুমার বড়াল রচিত কাব্য (১৯১২)।

**এস এস কে এম** S.S.K.M.

**এস ও এস** S.O.S.

**এসকিমো** Eskimo. 'এস্কিমো' নয়।

**এসক্যালেটর** escalator.

**এস টি** S.T.

**এস ডি ও** S.D.O.

**এসপার**। 'এস্পার' নয়। **এসপার-ওসপার** হাইফেন বাঞ্ছিত।

**এস পি জি** স্পেশ্যাল প্রোটেকশান গ্রুপ। গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নিরাপত্তার জন্য গঠিত সরকারি বাহিনী।

**এসপেরান্তো** Esperanto.

**এসপ্ল্যানেড** Esplanade. সপ্ল্যা-নয়।

**এসরাজ**। 'এস্রাজ' নয়। 'এসরার' অপ্র.।

**এস সি** S. C.

**এসিড** দ্র **অ্যাসিড**।

**এসেন্স** essence.

**এস্টেট** estate.

**এহেন** বিণ. এমন, এইরকম। 'এ হেন' নয়।

◆

**ওঅ, আরথার ইভলিন** Arthur Evelyn Waugh 1903-1966. ইংরেজ ঔপন্যাসিক।

**ওআইল্ড, অসকার** Oscar Wilde 1854-1900. আইরিশ কবি গল্পকার ও নাট্যকার।

**ওআট, জেমস** James Watt 1736-1819. স্কটিশ আবিষ্কারক।

**ওআকিবহাল**। 'ওয়াকিবহাল', 'ওয়াকিফহাল' নয়।

**ওআটার** water. 'ওয়াটার' নয়।

**ওআটার পোলো** water polo. দুটি শব্দ।

**ওআটার স্কিইং** water skiing. দুটি শব্দ।

**ওআটারপ্রুফ** এক শব্দ।

**ওআটারকালার** কিংবা **ওআটার-কালার** water-colour.

**ওআটারলু** Waterloo. 'ওয়াটারলু' নয়।

**ওআড়**। 'ওয়াড়' প্রচলিত হলেও বর্জনীয়।

**ওআদা** প্রতিশ্রুতি। 'ওয়াদা' নয়।

**ওআরিশ** উত্তরাধিকারী। **ওআরিশান** মূল অর্থ উত্তরাধিকারীরা। বাংলায় উত্তরাধিকারী। 'ওয়ারিশ' নয়।

# ও

**ওআরেন** Warren. 'ওয়ারেন' নয়, 'ওয়ারেণ' নয়।

**ওআরেন্ট** warrant.

**ওআর্ড, উইলিয়াম** William Ward ১৭৬৯-১৮২৩ ভারতে ব্রিটিশ মিশনারি এবং মুদ্রণশিল্পের অন্যতম পথিকৃৎ।

**ওআর্নার** কিংবা **ওআরনার**। 'ওয়ার্নার' নয়।

**ওআশিংটন** Washington. 'ওয়াশিংটন' নয়।

**ওআহাবি**। 'ওয়াহাবি' নয়, 'ওআহাবী' নয়।

**ওই**। 'ঐ' নয়।

**ওংকার, ওঙ্কার**। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত হলেও প্রথমটিই সংগত।

**ওঁচা, ওঁছা** বিণ. নিকৃষ্ট খেলো, বাজে। প্রথমটি কথ্য, তবে লিখিত বাংলায়ও প্রচলিত।

**ওকালতনামা**। 'ওকালৎনামা' নয়।

**ওকালতি** বি. উকিলের কাজ বা বৃত্তি। বিণ. উকিল-সম্বন্ধীয়। 'ওকালতী' বর্জিত।

**ওক্ত** সময় ; বার, দফা।

**ওগরানো, ওগরাচ্ছে, ওগরাবে, ওগরায়, ওগরাল**। কিন্তু **উগরে দেওয়া, উগরেছে**।

**ওঙ্কার** দ্র **ওংকার**।

**ওজন** ozone.দ্র **ওজোন**।

**ওজস্বী** বিণ. তেজঃপূর্ণ ; ওজোগুণসম্পন্ন। বি. **ওজস্বিতা**। স্ত্রী. **ওজস্বিনী**। উদা.—ওজস্বিনী ভাষা।

**ওজোগুণ** ওজঃ + গুণ।

**ওজোন** ozone.অম্লজান-সার।

**ওডিসি** দ্র **অডিসি**।

**ওড়িয়া**। ওড়িয়া ভাষা। 'উড়িয়া' বর্জিত।

**ওড়িশা**। 'উড়িষ্যা' বর্ত. বর্জিত।

**ওড়িশি** বি. ওড়িশি নৃত্য। বিণ. ওড়িশা-সম্বন্ধীয়। **'ওড়িশী'** নয়।

**ওত** উদা.—ওত পাতা। 'ওৎ' নয়।

**ওতপ্রোত**। 'ওতঃপ্রোত' নয়।

**ওদ** Aude. দক্ষিণ ফ্রান্সের শহর।

**ওনার, ওঁর** প্রথমটি স্বল্পপ্রচলিত এবং বর্ত. আঞ্চলিক। 'ওনার' 'ওনাদের' এর পরিবর্তে **ওঁর, ওঁদের** লেখ্য।

**ওপর, উপর** প্রথমটি মূলত কথ্য, দ্বিতীয়টি সাধু চলিত ও কথ্য সমস্ত ক্ষেত্রেই ব্যবহার্য।

**ওপরচালাকি, উপরচালাকি** দুটিই সমাসবদ্ধ শব্দ হিসাবে লেখ্য।

**ওভারকোট**। **ওভারব্রিজ**।

**ওম, গেঅর্ক সিমন** Georg Simon Ohm 1787-1854. জার্মান পদার্থবিজ্ঞানী, যাঁর নামানুসারে Ohm's Law.

**ওমরা, ওমরাহ** দুইই লেখা যেতে পারে। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**ওমস ল** Ohm's Law. -ল' নয়।

**ওয়াটার** দ্র **ওআটার**।

**ওয়াড়** দ্র **ওআড়**।

**ওয়ারিশ** দ্র **ওআরিশ**।

**ওয়ারেন্ট** দ্র **ওআরেন্ট**।

**ওয়াশিংটন** দ্র **ওআশিংটন**।

**ওয়াহাবি** দ্র **ওআহাবি**।

**ওয়েটলিফটিং** weightlifting.

**ওয়েটার** waiter.

**ওয়েটিংরুম** একটি শব্দ।

**ওয়েদারকক**। 'ওয়েদার কক' নয়, 'ওয়েদার-কক' নয়।

**ওয়েন, উইলফ্রেড** Wilfred Owen 1893-1918. ইংরেজ কবি।

**ওয়েন, জন** John Wain জন্ম 1925. ইংরেজ ঔপন্যাসিক।

**ওয়েন, রবার্ট** Robert Owen 1771-1858. ওয়েলসীয় সমাজসংস্কারক।

**ওয়েবার, ম্যাক্স** দ্র **ভেবার, ম্যাক্স**।

**ওয়েভেল, আর্চিবল্ড পার্সিভ্যাল** Archibald Percival Wavell 1883-1950. ভারতে ব্রিটিশ শাসনের অন্তিমপর্বের বড়লাট। 'ওয়াভেল' নয়।

**ওয়েলসলি, লর্ড** Lord Wellesley 1760-1842. ভারতে ব্রিটিশ গভর্নর-জেনারেল। 'ওয়েলেসলী' নয়। সম্পূর্ণ নাম Richard Colley Wellesley.

**ওয়েস্টকোট** একটি শব্দ।

**ওয়েস্টমিনস্টার** Westminster. 'ওয়েস্টমিনিস্টার' নয়।

**ওলাওঠা, ওলাউঠা** প্রথমটি অধিকরতর প্রচলিত।

# ও ◆ ঔ

**ওলার, আলফঁস** Alphonse Aulard 1849-1928. ফরাসি ঐতিহাসিক ।

**ওলিম্পিক** Olympic. 'অলিম্পিক' নয় ।

**ওল্ড টেস্টামেন্ট** Old Testament. বাইবেলের প্রথম অংশ যা ইহুদিদের ধর্মগ্রন্থ হিসাবে পরিচিত ।

**ওশিয়ানিয়া** Oceania. দক্ষিণ ও মধ্য প্রশান্ত মহাসাগরের কতকগুলি দ্বীপের মিলিত নাম ।

**ওষ্ঠ্য** বিণ. ওষ্ঠজাত ।

**ওস্তাগর** বি. দরজি ; সূক্ষ্ম সূচীকর্মে নিপুণ দরজি ।

**ওস্তাদি** -দী বর্জিত ।

**ওহাইয়ো** Ohio মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট । 'ওহিও' নয়, 'ওহাইও' নয় ।

**ওহাবি** । **ওআহাবি** -র রূপভেদ । 'ওহাবী' নয় ।

◆

**ঔ-কার** ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঔ-অক্ষর বা ধ্বনি যোগ । হাইফেন বাঞ্ছিত ।

**ঔচিত্য** বি. ন্যায্যতা ; উপযুক্ততা । **ঔচিত্যবোধ** এক শব্দ ।

**ঔজ্জ্বল্য** বি. উজ্জ্বলতা । -জ্জ্ব- লক্ষণীয় ।

**ঔৎসুক্য** বি. উৎসুক ভাব ; আগ্রহ, কৌতূহল ।

**ঔদরিক** বি. বিণ. পেটুক, পেটসর্বস্ব । বিণ. উদর-সম্বন্ধীয় ।

**ঔদাসীন্য** বি. উদাসীনতা । 'উদাসিন্য' নয় । **ঔদাস্য** বি. উদাসীনতা, ঔদাসীন্য ।

**ঔপনিবেশিক** বিণ. উপনিবেশ-সংক্রান্ত, colonial. বি. বিণ. উপনিবেশে বাস করছে এমন ।

**ঔপনিষদ** বিণ. উপনিষদ্-সংক্রান্ত । এই অর্থে **ঔপনিষদিক** বাহুল্য কিন্তু অধিকতর প্রচলিত ।

**ঔপন্যাসিক** বিণ. বি. উপন্যাস-সংক্রান্ত ; উপন্যাস-লেখক । 'উপন্যাসিক' নয় ।


**ঔপপত্তিক** বিণ. উপপত্তি-সংক্রান্ত, যুক্তি-প্রমাণ উৎপত্তি ইত্যাদি সংক্রান্ত ।

**ঔর্ধ্বদেহিক** বিণ. পারলৌকিক, অন্ত্যেষ্টি-সম্বন্ধীয় ।

**ঔষধ** মার্জিত ও সাধু রূপ ; **ওষুধ** চলিত ।

**ঔরঙ্গজেব** । 'ঔরঙ্গজীব', 'আওরঙ্গজেব' নয় ।

**ঔরঙ্গাবাদ** ।



# ক

**কই**১ কোথায়। 'কৈ' বর্জিত।

**কই**২ মাছবিশেষ। 'কৈ' নয়। **কইমাছ**। 'কই মাছ' নয়।

**কইয়ে-বলিয়ে** কিংবা **বলিয়ে-কইয়ে**। হাইফেন আবশ্যিক।

**কংকণ** দ্র **কঙ্কণ**।

**কংকাল** দ্র **কঙ্কাল**।

**কংক্রিট** concrete.

**কংকোয়েস্ট** conquest.

**কংগ্রেস**। 'কন্‌গ্রেস' নয়। বিণ. বি. **কংগ্রেসি**। 'কংগ্রেসী' বর্জিত।

**কংস** পুরাণে শ্রীকৃষ্ণের মাতুল ; কাঁসা। 'কংশ' শুদ্ধ বিকল্প বানান, কিন্তু অপ্র.।

**কংসারি** কংসের শত্রু অর্থাৎ শ্রীকৃষ্ণ। -রী ভুল।

**কঁৎ, ওগুস্ত** Auguste Comte 1798-1857. ফরাসি গণিতজ্ঞ ও দার্শনিক।

**কঁদরসে, মার্কি** Marquis Condorcet 1743-1794. ফরাসি দার্শনিক ও রাজনীতিবিদ।

**ককটেল** cocktail. -টেইল নয়।

**ককতো, ঝাঁ** Jean Cocteau 1889-1963 ফরাসি লেখক ও চলচ্চিত্র-পরিচালক।

**ককুভ্, ককুভ** রাগিণীবিশেষ ; অর্জুনগাছ। প্রথম বানান সংস্কৃতমতে শুদ্ধ, দ্বিতীয়টি বাংলায় গৃহীত।

**কক্ষ, কক্ষপথ** orbit.

**কক্ষচ্যুত** -চ্যূত নয়।

**কক্ষনো** কথ্যরীতির শব্দ। 'কক্ষনও' নয়, 'কক্‌খনো' নয়।

**কখনও, কখনো** কোনো সময়ই। দুই বানানই সমান প্রচলিত, দ্বিতীয়টি অধিকতর সংগত। **কখনো-সখনো** ক্রি-বিণ. মাঝে-মধ্যে। হাইফেন বাঞ্ছিত। **কখনোই**। 'কখনওই' নয়।

**কঙ্কণ** স্ত্রীলোকের হাতের অলংকারবিশেষ, কাঁকন ; (আল.) অলংকারস্বরূপ। উদা.—কবিকঙ্কণ। 'কংকণ' 'কঙ্কন' দুইই ভুল।

**কঙ্কাল**। 'কংকাল' ভুল। **কঙ্কালসার** বি. (আল.) অতি কৃশ, খুব রোগা।

**কচরমচর**। 'কচর মচর' নয়। তু. **কিচিরমিচির**।

**কচাৎ** ধ্বন্যাত্মক শব্দ বলে খণ্ড-ৎ বাঞ্ছিত।

**কচুপোড়া** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**কচুরি**। 'কচুরী' নয়, 'কচুড়ি' নয়।

**কচুরিপানা** একটি শব্দ।

**কজমস** cosmos. **কজমিক রে** cosmic ray. প্রতিবর্ণীকরণ ভিন্ন অন্যত্র সাধারণভাবে **কসমস, কসমিক রে** লেখা চলতে পারে।

**কজ্জল** কাজল ; কালি ; মেঘ। **জ্জ** লক্ষণীয়, জ্জ্ব নয়, 'জ্ব' নয়। মতান্তরে 'কজ্জ্বল' শুদ্ধ হলেও **কজ্জল** গ্রহণীয়।

**কঞ্চুকী** অন্তঃপুরের নপুংসক বা খোজা প্রহরী ; বর্মধারী ব্যক্তি। অন্য বানান নেই।

**কঞ্জুস** বিণ. কৃপণ, ব্যয়কুণ্ঠ।

**কট** আওয়াজ-বিশেষ। 'কট্' নয়।

**কটকটে** বিণ.। 'কট্‌কটে' নয়।

**কটকি** কটকে তৈরি, কটক-সম্বন্ধীয়। 'কটকী' নয়।

**কটরমটর** একটি শব্দ, একসঙ্গে লেখ্য। তু. **কিচিরমিচির**।

**কটাৎ**। 'কটাত' নয়। বি. কটাস-এর অনুরূপ আওয়াজ।

**কটাল, কোটাল** বি. জোয়ার। দ্বিতীয়টি অপ্রচলিত।

**কটাস**। 'কটাস্' নয়।

**কটুকাটব্য** গালমন্দ। একটি শব্দ।

**কটূক্তি** কটু + উক্তি, সেইজন্য দীর্ঘ ঊ।

**কঠিন** বিণ.। বি. **কঠিনতা, কাঠিন্য**। 'কাঠিন্যতা' ভুল।

**কঠিন চিত্ত, কঠিনচিত্ত**। 'কঠিন' যদি চিত্ত-র বিশেষণ হয়, তবে প্রথমটি। যদি অন্য কারও বিশেষণ হিসাবে ব্যবহৃত হয়, তবে দ্বিতীয়টি। উদা.—তাঁর কঠিন চিত্ত আমার আবেদনে নরম হল না। তাঁর মতো কঠিনচিত্ত ব্যক্তিকে সহজে দলে টানা যায় না।

**কডওয়েল, ক্রিস্টোফার** Christopher Caudwell 1907-1937. ইংরেজ সাহিত্যসমালোচক ও মার্কসবাদী।

# ক

**কড়াৎ** বি. বজ্রপাতের বা শক্ত জিনিস ভাঙার আওয়াজ।

**কড়ায়-ক্রান্তিতে** বাগ্‌ধারাবিশেষ। হাইফেন চাই।

**কড়ায়-গণ্ডায়** ক্রি-বিণ.। হাইফেন আবশ্যিক।

**কড়ার** বি. শর্ত ; অঙ্গীকার। বিণ. **কড়ারি**। 'কড়ারী' বর্জিত।

**'কড়ি ও কোমল'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৮৮৬)।

**কণাদ** আনু. খ্রিস্টপূর্ব ২য় শতকের দার্শনিক ও নৈয়ায়িক। বিখ্যাত 'বৈশেষিকসূত্র' গ্রন্থের প্রণেতা। 'কনাদ' নয়।

**কণায়-কণায়** ক্রি-বিণ. প্রতি কণায়। হাইফেন বাঞ্ছিত।

**কণিকা**। 'কনিকা' নয়।

**কন্টকিফল** কাঁঠাল। 'কন্টকীফল' শুদ্ধ কিন্তু অপ্রচলিত।

**কন্টিকারী** ভেষজ গাছবিশেষ। অন্য বানান নেই।

**কণ্ঠ্য** বিণ কণ্ঠজাত ; কণ্ঠসম্বন্ধীয়। **কণ্ঠ্যধ্বনি**।

**কণ্ডূয়ন** বানানে দীর্ঘ-ঊ লক্ষণীয়।

**কত-কী, কত-না**।

**কতবার, কতশত** একটি শব্দ হিসাবে লেখ্য। 'কতোশতো' 'কতোবার' নয়।

**কতরকম** একটি শব্দ।

**কথামতো**। 'কথামত' নয়, 'কথা মতো' নয়।

**'কথাসরিৎসাগর'** সোমদেব-রচিত সম্ভবত একাদশ শতকের সংস্কৃত উপাখ্যানগ্রন্থ।

**কথাসাহিত্য** হাইফেন অপ্রয়োজনীয়।

**কদলী** বানানভেদ নেই।

**কদাচিৎ** অর্থ—খুব একটা নয়। এই শব্দের সঙ্গে নঞর্থক ক্রিয়াপদের প্রয়োগ হয় না। উদা.—সে কদাচিৎ এখানে আসে। তু. **কদাপি**।

**কদাপি** অর্থ—কখনো বা কখনোই। এর সঙ্গে নঞর্থক ক্রিয়াপদই দস্তুর। উদা.—সে কদাপি এ কথা বলেনি।

**কনক** সোনা। 'কণক' ভুল।

**কনট্যাক্ট লেন্‌স** contact lens.

**কনট্র্যাকটর** কিংবা **কনট্রাকটর** contractor. -ক্ট- নয়। **কনট্রাকটরি**।

**কনডাকটর** conductor.

**কনফারেন্স** conference.

**কনফুসিয়াস** Confucius 551-479 B.C. চৈনিক দার্শনিক।

**কনফেডারেশন** confederation.

**কনর‍্যাড, জোসেফ** Joseph Conrad (< Josef Konrad) 1857-1924. ব্রিটিশ (জন্মসূত্রে পোলিশ) ঔপন্যাসিক।

**কনসার্ট** concert.

**কনসাল** consul. -ন্সাল নয়।

**কনস্টিটিউশন** constitution.

**কনিয়াক** কিংবা **কোনিয়াক** cognac. 'কগনাক' নয়।

**কনিষ্ক**। 'কণিষ্ক' নয়।

**কনো, স্টেন** Sten Konow 1867-1948 নরওয়েজীয় ভারততত্ত্ববিদ।

**কন্নড়** কানাড়িভাষার অন্য নাম।

**কন্তি, নিক্কলো দে** Niccolo de Conti 1395-1469. ইতালীয় পর্যটক।

**'কপালকুণ্ডলা'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৮৬৬)।

**কপিলবস্তু** কিংবা **কপিলবাস্তু**। 'কপিলাবস্তু' নয়।

**কবজা** -ব্জা নয়।

**কবজি** -ব্জি নয়।

**কবলিত** হস্তগত, কবলে বা দখলে আনা হয়েছে এমন। কিন্তু **কবলীকৃত**।

**কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী** দ্র **মুকুন্দরাম চক্রবর্তী**।

**কবিতাপাঠ** একটি শব্দ। উদা.—কবিতাপাঠের আসর। কিন্তু **কবিতা আবৃত্তি** দুটি শব্দ। অনুরূপভাবে, **কবিতা আলোচনা** দুটি শব্দ।

**কবিপ্রসিদ্ধি** একটি শব্দ।

**কবির** পঞ্চদশ শতকের ভারতীয় ভক্ত ও সাধক। 'কবীর' বর্জনীয়।

**কবুলিয়ত** -ৎ বর্জিত।

**কব্জা** দ্র **কবজা**।

**কব্জি** দ্র **কবজি**।

**কমন্সসভা** House of Commons. কিংবা

**কমনস সভা**। দ্বিতীয়টি দুটি শব্দ।
কমপিউটার কিংবা **কম্পিউটার** computer.
**কমপ্যাক্ট** compact.
**কমবেশি** বিণ. অল্পাধিক। একটি শব্দ। উদা.—সেখানে কমবেশি একশো লোক এসেছিল।
**কমলকুমার মজুমদার** ১৯১৫-১৯৭৯ গল্পকার, ঔপন্যাসিক।
**কমললোচনা** একটি শব্দ।
**কমলাকান্ত ভট্টাচার্য** আনু. ১৭৭২-১৮২১। কালীসাধক কবি ও সংগীতজ্ঞ।
**'কমলাকান্তের দপ্তর'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিদ্রূপাত্মক রচনা (১৮৭৫)।
**কমলাদেবী চট্টোপাধ্যায়** ১৯০৩-১৯৮৮ সমাজসেবিকা ও লেখিকা। ম্যাগসেসে পুরস্কার (১৯৬৬)।
**কমান্ডার** commander. -ম্যান্ডার নয়।
**কমান্ডো** commando. 'কম্যান্ডো' নয়।
**কমিউনিজম, কমিউনিস্ট**। কম্যু- নয়।
**কম্পাউন্ডার** কিংবা **কমপাউন্ডার** যে ওষুধ তৈরি করে। শব্দটি নকল ইংরেজি compounder এর বাংলা প্রতিবর্ণীকৃত রূপ। ইংরেজিতে compounder শব্দের সম্পূর্ণ ভিন্ন অর্থ।
**কম্পাঙ্ক** -পাংক নয়।
**কম্পার্টমেন্ট** কিংবা **কমপার্টমেন্ট** compartment.
**কম্পাস** কিংবা **কমপাস** compass.
**কম্পিউটার** দ্র **কমপিউটার**।
**কম্পোজ** compose. **কম্পোজিটার** compositor.
**কম্পোস্ট** compost. কিংবা **কমপোস্ট**।
**কম্ফর্টার** কিংবা **কমফর্টার**।
**কম্বোজ**[১] উত্তর-পশ্চিম ভারতের প্রাচীন নগর।
**কম্বোজ**[২] দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ, কম্বোডিয়া বা কামপুচিয়ার প্রাচীন নাম।
**কয়েদি** -দী বর্জিত।
**করকচ, কড়কচ** লবণবিশেষ। বর্ত. প্রথমটি অধিকতর প্রচলিত।
**করতে-করতে** ক্রি-বিণ. হাইফেন আবশ্যিক।
**করপাস** corpus.
**করপোরাল** corporal.
**করমন্ডল** করো- নয়।
**করায়ত্ত** -ত্ব, -ত্ত্ব নয়।
**করিনি** একটি শব্দ, 'করি নি' নয়।
**করুণানিধান বন্দ্যোপাধ্যায়** ১৮৭৭-১৯৫৫। ছন্দনিপুণ কবি। 'শতনরী', 'প্রসাদী' প্রভৃতি কাব্যের রচয়িতা।
**করোগেট** দস্তার কলাই-করা তরঙ্গায়িত চাদর বা শিট বা পাত। বাংলা শব্দ হিসাবে করোগেট (< ইং corrugated), কিন্তু প্রতিবর্ণীকরণে **করুগেট** বা **করুগেটিড**।
**কর্কটক্রান্তি** Tropic of Cancer.
**কর্ডন** cordon.
**কর্ণ সিংহ** কর্ন নয়, করণ নয়।
**কর্ণাট, কর্ণাটক** তৎসম শব্দ, অতএব 'কর্নাট' নয়।
**কর্তৃকারক** একটি শব্দ।
**কর্নওআলিস, মার্কুইস (লর্ড)** Lord Charles Cornwallis 1738-1805. ভারতে কোম্পানির আমলের গভর্নর-জেনারেল। কর্ণ- নয়, -ওয়ালিশ নয়।
**কর্নার** corner.
**কর্নেল** colonel.
**কর্পূর** -পু- নয়।
**'কর্মযোগ'** অশ্বিনীকুমার দত্ত রচিত গ্রন্থ।
**কর্মসমিতি** working committee. একটি শব্দ।
**কলকবজা**। 'কলকব্জা' নয়।
**কলকা**। 'কল্কা' বর্জিত।
**কলকে**। 'কল্কে' নয়।
**কলমচি**। 'কলমচী' বর্জিত।
**কলমিশাক** একটি শব্দ, -মী নয়।
**কলম্বাস, ক্রিস্টোফার** Christopher Columbus 1451-1506. স্পেনীয় নাবিক, প্রকৃত নাম Cristobal Colon.
**কলসি**। 'কলস' বর্জিত।
**কলহ্ণ** দ্র **কহ্লণ**।
**কলাপী** ময়ূর। স্ত্রী. **কলাপিনী**।
**কলাজ** collage. 'কোলাজ' প্রচলিত হলেও সংগত নয়।
**কলোনি** colony. 'কলোনী' বর্জিত।

# ক

**কল্মষ** বি. কলুষ, পাপ। বিণ. মলিন।
**কল্মাষ** বি. কৃষ্ণ বর্ণ ; ধূসর বর্ণ। বিণ. ধূসর ; কালো।
**কল্যাণীয়েষু** পুলিঙ্গে। স্ত্রীলিঙ্গে **কল্যাণীয়াসু**।
**কশ**, ঠোঁটের পাশ ; সৃক্কণী (কশের দাঁত)। এই অর্থে 'কষ' ভুল।
**কশা** বি. চাবুক। 'কষা' শুদ্ধ তবে অপ্রচলিত। **কশাঘাত**।
**কশানো**। উদা.—চড় কশানো। -ষা- নয়।
**কশ্যপ** বিখ্যাত প্রজাপতি ঋষি, ব্রহ্মার পৌত্র, মরীচির মানসপুত্র।
**কষ** বি. কষায় রস।
**কষা**[১] বিণ. কষায় রসযুক্ত, কষায় স্বাদযুক্ত।
**কষা**[২] ক্রি. সাঁতলানো ; এঁটে বাঁধা। বিণ. কষা হয়েছে এমন (কষা মাংস)।
**কষা**[৩] ক্রি. অঙ্কপাত করা, হিসাব করা।
**কষাকষি**। উদা.—দর কষাকষি।
**কসবি** বি. বেশ্যা। 'কসবী' নয়।
**কসমস** cosmos, বাংলামতে। সঠিক প্রতিবর্ণীকরণে **কজমস**। **কসমিক রে** cosmic ray. সঠিক প্রতিবর্ণীকরণে **কজমিক রে**।
**কসরত**। 'কসরৎ' নয়।
**কস্তা, কস্তাপেড়ে**। 'কসতা' নয়। 'কসতাপেড়ে' নয়।
**কহ্লণ** খ্রিস্টীয় দ্বাদশ শতকের ঐতিহাসিক, 'রাজতরঙ্গিণী'র লেখক।
**কাওয়ালি**। 'কাওয়ালী' বর্জিত।
**কাংড়া** হিমাচল প্রদেশের অন্তর্গত জেলা, বিখ্যাত দুর্গ যাকে কেন্দ্র করে অষ্টাদশ শতকের শেষ দুই দশকে বিশিষ্ট চিত্রকলার বিকাশ হয়েছিল।
**কাংস, কাংস্য** বি. কাঁসা বা কাঁসার বাসন অর্থে দুইই শুদ্ধ এবং প্রচলিত।
**কাঁচ, কাঁচপোকা** যথাক্রমে **কাচ** ও **কাচপোকা**-র চলিত ও কথ্য রূপ।
**কাঁচড়াপাড়া** উত্তর চব্বিশ পরগনা জেলার শহরবিশেষ। 'কাঁচরাপাড়া' নয়।
**কাঁচি** বি. গুঞ্জা, কুঁচ। বিণ. কম ওজনের (কাঁচি সের) ; ঠাসবুনুনিযুক্ত (কাঁচি ধুতি)। 'কাঁচী' বর্জিত।
**কাঁচুমাচু** চন্দ্রবিন্দু আবশ্যিক।
**কাঁটায়-কাঁটায়** হাইফেন বাঞ্ছিত।
**কাঁটাল**। **কাঁঠাল** -এর কথ্য রূপ।
**কাঁড়িকাঁড়ি** এক শব্দ হিসাবে লেখ্য।
**কাঁদোকাঁদো** এক শব্দ কিংবা হাইফেন দিয়ে **কাঁদো-কাঁদো**। পৃথক শব্দ হিসাবে নয়।
**কাঁসারি** -রী বর্জিত।
**কাঁহাতক** কাহা- নয়।
**কাকলি**। 'কাকলী' বর্জিত।
**কাকাতুয়া** ইংরেজিতে cockatoo. এসেছে মালয়ি ভাষার কাকুতুয়া থেকে।
**কাকি, কাকিমা**। 'কাকী', 'কাকীমা' বর্জিত।
**কাকুতি**। 'কাকৃতি' বর্জিত।
**কাকুতি-মিনতি** হাইফেন বাঞ্ছিত।
**কাগজি**। 'কাগজী' বর্জিত। উদা. কাগজি মুদ্রা। **কাগুজে** কথ্য।
**কাঙাল, কাঙালি**। 'কাঙ্গাল', 'কাঙ্গালী' বর্জিত। স্ত্রী **কাঙালিনি**।
**কাঙ্ক্ষণীয়, কাঙ্ক্ষিত**।
**কাছা-আলগা** বিশেষণে হাইফেন আবশ্যিক। উদা.—কাছা-আলগা লোক। অন্যত্র **কাছা আলগা**।
**কাছাড়ি** অসমের বড়ো গোষ্ঠীবিশেষ। -ড়ী নয়।
**কাছারি**। 'কাছারী' বর্জিত।
**কাছে-কাছে**। উদা.—নিজের কাছে-কাছে রাখো।
**কাছেপিঠে** কিংবা **কাছে-পিঠে**। পৃথক শব্দ হিসাবে লেখা যাবে না।
**কাজ-চলা-গোছের** বিশেষণে হাইফেনযুক্ত একটি শব্দ হিসাবে লেখ্য।
**কাজি** বিচারক। 'কাজী' বর্জিত।
**কাঞ্চনজঙ্ঘা** হিমালয়ের তৃতীয় উচ্চতম শৃঙ্গ।
**কাঞ্জিভরম** দক্ষিণ ভারতীয় শাড়ি। < কাঞ্চিপুরম।
**কাটখোট্টা**। 'কাঠখোট্টা' নয়।
**কাটছাঁট**। 'কাঠছাঁট' নয়।
**কাটা-কাটা** বা **কাটাকাটা**। উদা.—কাটা-কাটা কথা।
**কাটাকাটি** একটি শব্দ'।

**কাটাকুটি** একটি শব্দ।
**কাটাছেঁড়া**। একটি শব্দ।
**কাঠগোলাপ**। 'কাটগোলাপ' নয়।
**কাঠমন্ডু** Kathmandu. 'কাঠমান্ডু' নয়।
**কাঠামো**। 'কাঠাম' নয়।
**কাণ্ডারি**। 'কাণ্ডারী' বর্জনীয়।
**কাতরানি** -ৎ- নয়।
**কাতরোক্তি**।
**কাতারে-কাতারে** হাইফেন অপরিহার্য।
**কাত্যায়নী** দুর্গার অন্য রূপ, অন্য নাম।
**'কাদম্বরী'** বাণভট্ট রচিত সংস্কৃত উপাখ্যানগ্রন্থ।
**কাদিথ** Cadiz. স্পেনের বন্দর, 'কাদিজ' নয়।
**কানকাটা** একটি শব্দ, বিণ.। অনুরূপভাবে, **কানপাতলা**।
**কানফাটানো** কিংবা **কান-ফাটানো** বিণ.।
**কানাকানি**। 'কাণাকাণি' বর্জিত।
**কানাড়ি** দক্ষিণ ভারতীয় ভাষাবিশেষ। -ড়ী নয়।
**কানাত** তাঁবু। -ৎ বর্জিত।
**কানায়-কানায়** হাইফেন অপরিহার্য।
**কানে-কানে** হাইফেন অপরিহার্য।
**কানিংহাম, সার আলেকজান্ডার** Sir Alexander Cunningham 1814-1893. ইংরেজ ভারততত্ত্ববিদ, প্রত্নতাত্ত্বিক। ইংরেজি উচ্চারণ **কানিংআম**।
**কান্নাহাসি** একটি শব্দ। হাইফেন নয়।
**কাপ্তান** মাতব্বর, নেতা। **কাপ্তেন** কথ্য।
**কাফকা, ফ্রানৎস** Franz Kafka 1883-1924. অস্ট্রিয়ান ঔপন্যাসিক।
**কাফতান** পশ্চিম এশিয়ার মুসলমান দেশ থেকে ভারতে প্রচলিত এবং এদেশে মেয়েদের ব্যবহৃত ঢিলা জামাবিশেষ। ইং caftan.
**কাফের, কাফির** ইসলাম-বিরোধী ব্যক্তি, ইসলামে অবিশ্বাসী ব্যক্তি। **কাফিরি**। 'কাফিরী' নয়।
**কাফ্রি**। 'কাফ্রী' নয়। উদা.—কাফ্রি মুলুক।
**কাবলি, কাবুলি**।
**কাবেরী** দক্ষিণ ভারতের নদীবিশেষ। -রি নয়
**'কাব্যজিজ্ঞাসা'** অতুলচন্দ্র গুপ্ত রচিত প্রবন্ধগ্রন্থ (১৩৩৫)।
**কামদানি**। 'কামদানী' বর্জিত।
**কামরাঙা**। 'কামরাঙ্গা' বর্জিত।
**'কামসূত্র'** বাৎস্যায়ন-রচিত কামকলা-বিষয়ক প্রাচীন সংস্কৃত গ্রন্থ।
**কামা, ভিকাজি রুস্তম** ১৮৬১-১৯৩৬ স্বাধীনতা-সংগ্রামী, **মাদাম কামা** নামে পরিচিত।
**কামাক্ষী** সুলোচনা বলে কামাখ্যাদেবীর নাম।
**কামাখ্যা** কামাখ্যাতীর্থের অধিষ্ঠাত্রী দেবী।
**কামাল আতাতুর্ক, মুস্তাফা** Mustafa Kemal Ataturk. 1881-1938. আধুনিক তুরস্কের রূপকার ও স্বৈরশাসক।
**কামিনী রায়** ১৮৬৪-১৯৩৩। কবি, 'পৌরাণিকী', 'নির্মাল্য' 'অশোক সঙ্গীত' প্রভৃতি কাব্যগ্রন্থের লেখিকা।
**কামু, আলব্যের** Albert Camus 1913-1960 ফরাসি ঔপন্যাসিক।
**কাম্পুচিয়া** Kampuchea. Cambodia-র নতুন নাম।
**কায়েমি**। 'কায়েমী' বর্জিত।
**কারও** কাহারও। 'কারো' অসংগত।
**কারদানি** দ্র **কেরদানি**।
**কারনিস** কিংবা **কার্নিস** cornice.
**কারনো, সাদি** Sadi Carnot 1796-1832. ফরাসি পদার্থবিজ্ঞানী।
**কারফিউ** curfew. -র্ফিউ নয়, -ফ্যু নয়।
**কারবাইড** carbide. -র্বা- নয়।
**কারিগরি** -রী বর্জিত।
**কারেন্সি** currency. কিংবা **কারেনসি**।
**কার্টরাইট, এডমান্ড** Edmund Cartwright 1743-1823. ইংরেজ উদ্‌ভাবক।
**কার্টুন** cartoon. কিংবা **কারটুন**।
**কার্ট্রিজ** cartridge.
**কার্ড** card. **কার্ডবোর্ড** cardboard.
**কার্ডিগান** cardigan.
**কার্তিক, কার্ত্তিক** দ্বিতীয়টি অধিকতর যুক্তিসংগত হলেও প্রথমটিই প্রচলিত।
**কার্নিস** দ্র **কারনিস**।
**কার্পেট** কিংবা **কারপেট** carpet.
**কার্বন** কিংবা **কারবন** carbon.
**কার্বন ডাইঅক্সাইড** কিংবা **কারবন ডাইঅক্সাইড**

carbon dioxide.
**কার্নো, সাদি** দ্র **কারনো** ।
**কার্বলিক অ্যাসিড** carbolic acid.
**কার্বাইড** দ্র **কারবাইড** ।
**কার্যকর, কার্যকরী** । দ্বিতীয়টিতে অনর্থক ঈ প্রত্যয় যোগ হয়েছে । প্রথমটিই সংগত ।
**কার্যকারী** বিণ. ইন্-ভাগান্ত শব্দ, অতএব 'কার্যকারি' ভুল । বিশেষ্য **কার্যকারিতা** ।
**কার্যনির্বাহক সমিতি** দুটি শব্দ ।
**কার্লাইল, টমাস** Thomas Carlyle 1795-1881. ব্রিটিশ ঐতিহাসিক ।
**কায়কোবাদ** ১৮৫৮-১৯৫২ কবি । বিরহ বিলাপ, কুসুম কাননে, মহাশ্মশান প্রভৃতি কাব্যের রচয়িতা ।
**কালিকা, কালী** দেবীবিশেষ, কালীমাতা ।
**কালিদাস**[1] কালীদাস নয় । কিন্তু **কালীকৃষ্ণ, কালীচরণ, কালীঘাট, কালীতলা, কালীনাথ, কালীপদ, কালীপ্রসন্ন** ।
**কালিদাস**[2] প্রাচীন ভারতের শ্রেষ্ঠ কবি, 'কুমারসম্ভব', 'ঋতুসংহার', 'অভিজ্ঞানশকুন্তলা', 'রঘুবংশ' প্রভৃতি সংস্কৃত কাব্যের রচয়িতা ।
**কালিদাস রায়, কবিশেখর** ১৮৮৯-১৯৭৫ । 'কুন্দ', 'ব্রজবেণু' 'পর্ণপুট', 'সন্ধ্যামণি' প্রভৃতি কাব্যের রচয়িতা ।
**কালীপ্রসন্ন সিংহ** ১৮৪০-১৮৭০ । বিদ্যোৎসাহী, সাহিত্যের পৃষ্ঠপোষক, মহাভারতের অনুবাদক ।
**কালেংড়া** সংগীতের রাগবিশেষ ।
**কালেকশন** collection.
**কালেকালে** একটি শব্দ, হাইফেন নয় ।
**কালেক্টর** collector. কিংবা **কালেকটর** । কিন্তু **কালেকশন** ।
**কালেভদ্রে** একটি শব্দ হিসাবে লেখ্য ।
**কালো** কৃষ্ণবর্ণ । 'কাল' নয় । **কালোজিরে, কালোবাজার, কালোবিড়াল, কালোমানিক** ।
**কালোয়াতি** । 'কালোয়াতী' বর্জিত ।
**কাশি** গলার রোগবিশেষ, cough.
**কাশী** বারাণসী । **কাশীনাথ** । **কাশীরাম** । **কাশীশ্বর** ।
**কাশীরাম দাস** সপ্তদশ শতকের কবি ও মহাভারতের অনুবাদক ।
**কাশ্মীর** । 'কাশ্মির' নয়, 'কাশমির' নয় । **কাশ্মীরি** । 'কাশ্মীরী' নয় ।
**কাশ্যপ** বিষবিদ্যায় পারদর্শী পৌরাণিক ব্রাহ্মণ ।
**কাসলরে, ভাইকাউন্ট** Viscount Castlereagh 1769-1822. ব্রিটিশ রাজনীতিবিদ ।
**কাসাব্লাংকা** Casablanca. মরক্কোর শহর ও বন্দর, মরক্কোর দেশীয় অর্থাৎ আরবি নাম Dar el Beida দার এল বাইদা ।
**কাস্ত্রো, ফিদেল** Fidel Castro জন্ম 1927. কিউবার বিশিষ্ট রাজনীতিবিদ ।
**কাহারবা, কার্ফা** সংগীতের তালবিশেষ । বর্তমানে দ্বিতীয়টি অপ্র. ।
**কাহিনী, কাহিনি** শব্দটি হিন্দি কহানী থেকে আগত বলে দ্বিতীয় বানান অধিকতর যুক্তিসংগত হলেও দীর্ঘ প্রচলনের জন্য প্রথমটিই গ্রহণীয় ।
**কি, কী** প্রথমটি অব্যয় । উদা.— তুমি কি যাবে ? আপনি কি এখানে বসবেন ? দ্বিতীয়টি সর্বনাম । উদা.—আপনি কী দেখতে চান ? অর্থাৎ আপনি কোন জিনিসটি দেখতে চান ? বিস্ময়সূচক অব্যয় হিসাবেও কী ব্যবহার্য । উদা.—কী সুন্দর দৃশ্য !
**কিউলেক্স** culex.
**কিংখাব, কিংখাপ** নকশাদার রেশমি কাপড়বিশেষ । প্রথমটি অধিকতর প্রচলিত ।
**কিংবদন্তি, কিংবদন্তী** বানানভেদ । অতএব প্রথমটি গ্রহণীয় ।
**কিংবা** । 'কিম্বা' নয় ।
**কিঙ্কর** ভৃত্য, চাকর । 'কিংকর' নয় ।
**কিঙ্কিণি, কিঙ্কিণী** ঘুঙুর । বানানভেদ । প্রথমটি গ্রহণীয় । 'কিংকিণি' নয় ।
**কিচিনার, লর্ড হোরেশিয়ো** Lord Horatio Kitchener 1850-1916. ব্রিটিশ সেনাপতি ।
**কিছু-কিছু** হাইফেন বাঞ্ছিত ।
**কিছুক্ষণ** একটি শব্দ । কিন্তু **কিছু সময়** পৃথকভাবে ।
**কিছুমাত্র** একটুও । একটি শব্দ হিসাবে লেখ্য ।
**কিঞ্চিৎ কিঞ্চিদূন** ঈষৎ কম । **কিঞ্চিন্মাত্র** খুবই অল্প ।

**কিটস, জন** John Keats 1795-1821. 'কীটস' নয়।

**কিডনি** kidney. 'কিডনী' নয়।

**কিতো** একুয়াদরের রাজধানী, Quito. 'কুইটো' নয়।

**কিনা, কি না** যেহেতু অর্থে বা অর্থাৎ অর্থে প্রথমটি। উদা.—ক্লান্ত কিনা, তাই যাবে না, 'অর্থাৎ কিনা এই মনে কর রোদ পড়েছে ঘাসেতে' : সুকুমার। সংশয় বিতর্ক বিকল্প প্রভৃতির সূচক অর্থে পৃথকভাবে **কি না**। উদা.—তুমি যাবে কি না ?

**কিন্ডারগার্টেন** kindergarten. শিশুদের জন্য প্রাক্-প্রাথমিক বিদ্যালয়বিশেষ।

**কিন্তু-কিন্তু** আমতা-আমতা, ইতস্তত ভাব। উদা.—তার মধ্যে একটা কিন্তু-কিন্তু ভাব দেখলাম।

**কিপটে**। 'কিপ্টে' নয়।

**কিপলিং, রাডইয়ার্ড** Rudyard Kipling 1865-1936. ইংরেজ ঔপন্যাসিক।

**কিফায়ত** ব্যয়সংকোচ ; সস্তা দর ; লাভ। 'কিফায়েত' নয়, 'কিফায়ৎ' নয়।

**কিমনো** kimono. জাপানি ধরনের ঢিলে পোশাকবিশেষ। 'কিমানো' নয়, 'কিমোনো' নয়।

**কি মি** কিলোমিটার। 'কিমি' নয়।

**কিম্ভূত**। 'কিম্ভুত' নয়।

**কিয়দ্দূর**।

**কিয়ামত, কেয়ামত** প্রথমটি অধিকতর প্রচলিত।

**কিরবানি** সংগীতের রাগবিশেষ। 'কিরওয়ানি' নয়।

**'কিরাতার্জুনীয়'** ভারবি রচিত প্রাচীন সংস্কৃত কাব্য।

**কিরিচ** বাঁকা ছোরাবিশেষ। 'কিরীচ' নয়।

**কিরীট, কিরীটী, কিরীটিনী**।

**কির্কেগার্ড, সোরেন** Soren Kierkegaard 1813-1855 ডেনীয় দার্শনিক।

**কিশতি** দ্র **কিস্তি**।

**কিশমিশ, কিসমিস**। দ্বিতীয়টি প্রচলিত কিন্তু প্রথমটিই সংগত।

**কিশলয়, কিসলয়** সংস্কৃতে দুই বানানই লভ্য হলেও বাংলায় প্রথমটি গ্রহণীয়।

**কিষ্কিন্ধ্যা**। -স্কি- নয়।

**কিসমত** ভাগ্য। 'কিসমৎ' নয়।

**কিসের** দ্র **কীসের**।

**কিস্তি, কিশতি** বাংলায় উচ্চারণানুসারে প্রথমটিই গ্রহণীয়। **কিস্তিমাত**।

**কী** দ্র **কি**।

**কীজন্য** কেন।

**কীটাণু** animalcule (পরি.)।

**কীরকম** কেমন।

**কীরূপ** কেমন।

**কীসের** কোন জিনিসের। উদা.—কীসের মধ্যে কী ?

**কুইনিন** quinine. 'কুইনাইন' নয়।

**কুইন্টাল** quintal.

**কুইলার-কুচ, সার আর্থার** Sir Arthur Quiller-Couch 1863-1944 ইংরেজ লেখক।

**কুঁয়ার সিংহ** ১৭৭৭-১৮৫৮ ব্রিটিশ-বিরোধী মহাবিদ্রোহে বিহারের অন্যতম নেতা। ইংরেজি রূপান্তর Kunwar Singh.

**কুঙ্কুম**। **কুমকুম** -এর অপ্র. রূপ।

**কুচকাওয়াজ** চন্দ্রবিন্দু নেই।

**কুচিপুড়ি** ভারতনাট্যমের সগোত্র দক্ষিণভারতীয় ধ্রুপদী নৃত্যধারা।

**কুচুৎ** আওয়াজবিশেষ।

**কুচ্ছিত**। **কুৎসিত** এর কথ্য রূপ। 'কুচ্ছিৎ' নয়।

**কুটির**। 'কুটীর' বর্জিত।

**কুঠি**। 'কুঠী' বর্জিত।

**কুঠুরি** ছোট ঘর। -রী বর্জিত।

**কুড়ানি** যে পাত কুড়ায় (স্ত্রী.)। -নী অপ্রয়োজনীয়।

**কুণাল** -না- নয়।

**কুতবউদ্দিন**। 'কুতবউদ্দীন' নয়, 'কুতুবউদ্দিন' নয়।

**কুতবমিনার** কুতুব- নয়।

**কুৎসিত**। 'কুৎসিৎ' নয়।

**কুতূহল, কুতূহলী**।

**কুত্তা** । স্ত্রী. **কুত্তি** -ত্তী অপ্রয়োজনীয় ।
**কুত্রাপি** কোথাও । 'কুত্রাপিও' অনাবশ্যক ।
**কুদরত** মহিমা, ক্ষমতা । বিণ. **কুদরতি** । -তী বর্জিত ।
**কুদেতা** coup d'etat.
**কুন্তক** প্রাচীন ভারতীয় অলংকারশাস্ত্রী, 'বক্রোক্তিজীবিত'-র রচয়িতা ।
**কুন্তী** পাণ্ডবজননী । 'কুন্তি' নয় ।
**কুপার, উইলিয়াম** William Cowper 1731-1800. ইংরেজ কবি । 'কাউপার' নয় ।
**কুপোকাত** -ৎ নয় ।
**কুবিন্দু** সর্বোচ্চ বিন্দুর বিপরীত সর্বনিম্ন বিন্দু nadir.
**কুমকুম** কুসুমফুলের রসে তৈরি প্রসাধনবিশেষ ।
**কুমতলব** । 'কুমৎলব' বর্জিত ।
**'কুমারসম্ভব'** (মূল কুমারসম্ভবম্) মহাকবি কালিদাসের সংস্কৃত কাব্য ।
**কুমারস্বামী, আনন্দ কেন্টিশ** ১৮৭৭-১৯৪৭ । চিত্রকলা, স্থাপত্য ও ভাস্কর্যের বিশিষ্ট তাত্ত্বিক ।
**কুমির** । 'কুমীর' বর্জিত ।
**কুমেরুবৃত্ত** antarctic circle. একটি শব্দ হিসাবে লেখ্য ।
**কুম্ভিলক, কুম্ভীলক** বানানভেদ । প্রথমটি গ্রহণীয় ।
**কুম্ভীপাক** নরক ।
**কুয়াশা** (< হি. কুহাসা) ।
**কুয়োমিনতাং** Kuomintang. 'কুওমিনটাং' নয় ।
**কুরচিনামা** কুলপঞ্জি ।
**কুরনিশ** অভিবাদন । 'কুর্নিশ' নয় ।
**কুরবানি** দ্র **কোরবানি** ।
**কুরসি** চেয়ার ।
**কুরি, পিয়ের** Pierre Curie 1859-1906. ফরাসি রসায়নবিদ এবং মারি কুরির স্বামী ।
**কুরি, মারি** Marie Curie 1867-1934. ফরাসি রসায়নবিদ ।
**'কুরুক্ষেত্র'** নবীনচন্দ্র সেন রচিত কাব্য (১৮৯৩) ।
**কুরুশ, কুরুশ-কাঠি** ।
**কুরোসাওআ, আকিরা** Akira Kurosawa জন্ম ১৯১০ । জাপানি চলচ্চিত্র-পরিচালক ।
**কুর্তা** । 'কুর্‌তা' নয় ।
**কুর্মি** হিন্দুজাতিবিশেষ । 'কুর্মী' বর্জিত ।
**কুলকুণ্ডলিনী** একটি শব্দ ।
**কুলঙ্গি** । **কুলুঙ্গি** কথ্য ।
**কুলচূড়ামণি** একটি শব্দ ।
**কুলজি, কুলুজি** দ্বিতীয়টি কথ্য ।
**কুলপঞ্জি** । 'কুলপঞ্জী' নয় ।
**কুলদারঞ্জন রায়** ১৮৭৩-১৯৫০ । বাংলা শিশুসাহিত্যের বিশিষ্ট লেখক ।
**কুলপি** । 'কুলফি' নয় ।
**কুলি** । 'কুলী' বর্জিত ।
**কুলীন** । **কৌলীন্য** । 'কুলিন' নয়, 'কৌলিন্য' নয় ।
**'কুলীনকুলসর্বস্ব'** রামনারায়ণ তর্করত্ন রচিত নাটক (১৮৫৪) ।
**কুল্লে** ক্রি-বিণ. মোট, সর্বসমেত । 'কুল্যে' নয় ।
**কুশতি** দ্র **কুস্তি** ।
**কুশন** cushion.
**কুশপুত্তলি, কুশপুত্তলিকা** । 'কুশপুত্তলী' বিকল্প বানান, তবে বর্জনীয় ।
**কুশপুত্তলিকা দাহ** দুটি শব্দ । উদা.— কুশপুত্তলিকা দাহ করা হল ।
**কুশল** দক্ষ, নিপুণ । এই অর্থে 'কুশলী' নয়, বরং **কৌশলী** লেখা যেতে পারে ।
**কুশল সংবাদ** দুটি শব্দ ।
**কুশি** কচি ফল ।
**কুশীলব** নাটকের অভিনেতৃবর্গ ; লব ও কুশ ।
**কুঠি** । **কোঠী-র** কথ্য রূপ ।
**কুসীদ** তেজারতি । **কুসীদজীবী** সুদের কারবারি । 'কুসীদজীবি' নয় । 'কুসিদ' নয় ।
**কুসুমকানন, কুসুমকোমল, কুসুমকলিকা, কুসুমশয্যা** প্রতিটি সমাসবদ্ধভাবে একটি শব্দ হিসাবে লেখ্য ।
**কুস্তি, কুশতি** ব্যুৎপত্তির বিচারে (< কুশতী) দ্বিতীয়টি সংগত, কিন্তু প্রথমটির পক্ষে আছে দীর্ঘ প্রচলনের যুক্তি । উপরন্তু প্রথমটি বাংলা উচ্চারণের সঙ্গে সংগতিপূর্ণ । 'কুস্তী' নয় ।
**কুস্তিগির** । 'কুস্তিগীর' বর্জিত ।
**কুহরন** কূজন, কুহুধ্বনি । 'কুহরণ' নয় ।
**কুহু, কুহু** কোকিলের রব । প্রথমটি প্রচলিত এবং

গ্রহণীয়।

**কুহেলি, কুহেলী** দুটিই শুদ্ধ। অতএব প্রথমটি গ্রহণীয়।

**কূজন** পাখির মধুর ডাক। 'কুজন' নয়।

**কূট** জটিল, কুটিল। **কূটকচাল** বিশেষ্য। বিণ. **কূটকচালে**। **কূটতর্ক**।

**কূটনীতি**। বিণ. **কূটনৈতিক**। **কূটনীতিক** বি. বিণ. কূটনীতিজ্ঞ, diplomat, diplomatic.

**কূটাভাস** অলংকারবিশেষ, paradox.

**কূপমণ্ডুক** -ন্ডু- নয়।

**কূর্ম** কচ্ছপ। **কূর্মপুরাণ**। **কূর্মাবতার**।

**কূর্মী** দ্র **কুর্মি**।

**কূলকিনারা**। 'কুলকিনারা' নয়, 'কূল-কিনারা' নয়।

**কৃচ্ছ্র** ক্লেশ, পরিশ্রম। বি.। 'কৃচ্ছ্রতা' অশুদ্ধ। **কৃচ্ছ্রসাধন, কৃচ্ছ্রসাধনা** কষ্টস্বীকার, কষ্টকর সাধনা। বিণ. **কৃচ্ছ্রসাধ্য**।

**কৃতকাম** বিণ. কৃতার্থ ; সফলকাম।

**কৃতদাস, ক্রীতদাস** প্রথমটির অর্থ দাসত্বে আবদ্ধ, দাসে পরিণত। দ্বিতীয়টির অর্থ সারাজীবনের জন্য যাকে দাসরূপে কেনা হয়েছে।

**কৃতনিশ্চয়** বিণ. স্থিরসংকল্প ; সাফল্য সম্পর্কে নিঃসন্দেহ।

**কৃতবিদ্য**। বিণ. বিদ্বান।

**কৃতাঞ্জলি**। 'কৃতাঞ্জলী' অশুদ্ধ।

**কৃতার্থ** বিণ. সফল ; ধন্য। **কৃতার্থম্মন্য** বিণ. নিজেকে কৃতার্থ মনে করে এমন।

**কৃতি, কৃতী** প্রথমটি বিশেষ্য, অর্থ—কর্ম, কাজ, কৃতিত্বপূর্ণ কর্ম। উদা.—রবীন্দ্রনাথের কবিকৃতি। দ্বিতীয়টি বিশেষণ, অর্থ কৃতিত্বপূর্ণ, কৃতকার্য, সফল। উদা.—দেশের কৃতী সন্তান।

**কৃতিত্ব** (কৃতিন্+ত্ব)।

**কৃত্তি** বি. বাঘ বা হরিণের চামড়া ; ত্বক।

**কৃত্তিক** বি. বহিস্ত্বক, cuticle (পরি.)।

**কৃত্তিকা** প্রাচীন মতে নক্ষত্রবিশেষ, যা থেকে **কার্তিক**। আধুনিক জ্যোতির্বিজ্ঞানের মতে নক্ষত্রগুচ্ছ।

**কৃত্য** বিণ. করণীয়, যা করতে হবে। উদা.—প্রাতঃকৃত্য। **কৃত্যকর্ম** বি. করণীয় কাজ।

**কৃমি, ক্রিমি** বানানভেদ, প্রথমটি অধিকতর প্রচলিত।

**কৃশাঙ্গী** বি. স্ত্রী.। 'কৃশাঙ্গিনী' ভুল।

**কৃশানু** আগুন। 'কৃশাণু' অশুদ্ধ।

**কৃশ্চিয়ান, কৃশ্চান** দুইই বর্জিত। দ্র **খ্রিস্টান**।

**কৃষিজীবী** -জীবি নয়।

**কৃষ্ণ কৃপালানি** ১৯০৭-১৯৯২ রবীন্দ্রবিশেষজ্ঞ ও রবীন্দ্রজীবনীকার। 'কৃপালনি' নয়।

**কৃষ্ণা** দক্ষিণ ভারতের নদী, মহারাষ্ট্র কর্ণাটক ও অন্ধ্রপ্রদেশের ভিতর দিয়ে প্রবাহিত, দৈর্ঘ্য ১৪০০ কি মি।

**কে-কে** সর্ব. কারা, কোন কোন ব্যক্তি। হাইফেন অপরিহার্য। উদা.—কে-কে সেখানে যাবে ?

**কেইনজ, জন মেনার্ড** John Maynard Keynes 1883-1946. ইংরেজ অর্থনীতিবিদ।

**কেউ-কেউ** হাইফেন অপরিহার্য। উদা.—সবাই জানে না, কেউ-কেউ জানে।

**কেউকেটা** একটি শব্দ। 'কেওকেটা' বিকল্প রূপ হলেও সংগত নয়।

**কেউ-বা** কিংবা **কেউবা**। 'কেউ বা' নয়।

**কেঁচেগণ্ডূষ** চন্দ্রবিন্দু আবশ্যিক, -গণ্ডুষ নয়।

**কেঁয়ে** বিণ. ঝগড়াটে ; কৃপণ ; স্বার্থপর। বি. ব্যবসায়ী।

**কেঙারু, কেঙ্গারু** দুইই বর্জিত। দ্র **ক্যাঙ্গারু**।

**কেজি$_1$** কিলোগ্রাম-এর সংক্ষিপ্ত রূপ। 'কে.জি.' নয়।

**কেজি$_2$** কিন্ডারগার্টেনের-এর সংক্ষিপ্ত রূপ। 'কে.জি.' নয়।

**কেটলি, কেতলি** দুইই লেখা যেতে পারে। কিন্তু 'কেৎলি' নয়।

**কেতকাদাস ক্ষেমানন্দ** সপ্তদশ শতকের কবি, মনসামঙ্গল রচয়িতা।

**কেতলি** দ্র **কেটলি**

**কেতাদুরস্ত** -দুরস্থ নয়, কিতা- নয়।

**কেতাবি** -বী বর্জিত, 'কিতাবি' নয়।

**কেনেল, পিটার** Peter Quennell জন্ম 1905. ইংরেজ কবি।

**কেনো, রেমঁ** Raymond Queneau 1903-1976. ফরাসি কবি।

**কেন্দ্রাতিগ** centrifugal (পরি.)।
**কেন্দ্রাভিগ** centripetal (পরি.)।
**কেন্দ্রিক** কেন্দ্রীয় অর্থে প্রচলিত নতুন বাংলা শব্দ—আত্মকেন্দ্রিক, ব্যবসাকেন্দ্রিক।
**কেন্দ্রীণ** nucleus (পরি.)।
**কেবলমাত্র** অনাবশ্যক বাহুল্য। কবিতায় গ্রাহ্য, অন্যত্র **কেবল, মাত্র**।
**কেবলা, কেবলারাম** দ্র **ক্যাবলা**।
**কেবলই** শুধুই, ক্রমাগত। 'কেবলি' নয়।
**কেবলি** দ্র **কেবলই**।
**কেবিন** cabin. বাংলামতে **কেবিন** ব্যবহৃত, প্রতিবর্ণীকরণে **ক্যাবিন**।
**কেমন-কেমন** হাইফেন আবশ্যিক।
**কেমনতরো**। -তর নয়।
**কেমব্রিক** cambric.
**কেমব্রিজ** Cambridge.
**কেমিস্ট্রি** chemistry.
**কেয়াপাতা** একটি শব্দ। অনুরূপভাবে, **বটপাতা, জামপাতা, আমপাতা, পদ্মপাতা**।
**কেয়াবাত** -ৎ নয়।
**কেয়ামত** দ্র **কিয়ামত**।
**কেরদানি, কারদানি** দ্বিতীয়টি মার্জিত, প্রথমটি কথ্য ও অধিকতর প্রচলিত।
**কেরল** Kerala. 'কেরালা' নয়।
**কেরানি**। 'কেরানী' নয়, 'কেরাণী' নয়।
**কেরামত**। **কেরামতি**।
**কেরি, উইলিয়াম** William Carey 1761-1834. ভারতে অভিবাসনকারী ইংরেজ ধর্মযাজক, শ্রীরামপুর মিশনের অন্যতম প্রতিষ্ঠাতা, বাংলা ব্যাকরণ, বাংলা-ইংরেজি অভিধান প্রভৃতির প্রণেতা। 'কেরী' নয়।
**কেলেন্ডার** বর্জিত। দ্র **ক্যালেন্ডার**।
**কেশবচন্দ্র সেন** ১৮৩৮-১৮৮৪। ব্রাহ্মসমাজের বিখ্যাত নেতা।
**কেশবদাস** ১৫৫৫-১৬১৭। হিন্দি কবি।
**কৈ**[১] কোথায় অর্থে বর্জিত। **কই**[১] দ্র।
**কৈ**[২] মাছবিশেষ অর্থে বর্জিত। **কই**[২] দ্র।
**কৈফিয়ত** -ৎ বর্জিত।
**কৈশিক** কেশ- বা চুলসম্বন্ধীয়, কেশীয়, capillary (পরি.)।
**কৈশোরক** বিণ. কিশোর বয়সের, কৈশোরসুলভ।
**কোআর্টার** quarter. কোয়া- নয়। **কোআর্টার্স**।
**কোআলিশন** coalition.
**কোআশিয়া, কোআসিয়া** quassia. বাংলামতে প্রথমটি, ইংরেজি শব্দের প্রতিবর্ণীকরণে দ্বিতীয়টি।
**কোআসিমোদো, সালভাতোরে** Salvatore Quasimodo 1901-1968 ইতালীয় কবি।
**কোঁক** উদর, পেট ; পেটের পাশের দিক। চন্দ্রবিন্দু আবশ্যিক।
**কোঁকড়া, কোঁকড়ানো, কোঁকানো** (অব্যক্ত আর্তনাদ করা), **কোঁচকানো, কোঁচড়, কোঁচা** (ধুতির পাট করা বা কুঞ্চিত সম্মুখভাগ), **কোঁড়া** (বাঁশের অঙ্কুর), **কোঁত, কোঁতা, কোঁথ, কোঁথা, কোঁদল**। প্রতিটি চন্দ্রবিন্দুযুক্ত।
**কোঁতকা** মোটা লাঠি বা লাঠির গুঁতো। 'কোঁৎকা' নয়।
**কোক** এক ধরনের কয়লা, Coke.
**কোকনদ** লাল পদ্ম।
**কোঙ্কণ উপকূল** মহারাষ্ট্র কর্ণাটক ও কেরল রাজ্যের উপকূলীয় অঞ্চল নিয়ে গঠিত পশ্চিম ভারতীয় উপকূল। 'কঙ্কণ' নয়।
**কোচওয়ান** দ্র **কোচোয়ান**।
**কোচবিহার**। 'কুচবিহার' নয়।
**কোচোয়ান**। 'কোচওয়ান' নয়। <coachman.
**কোজাগর** বি. আশ্বিনমাসের পূর্ণিমা তিথি।
**কোজাগরি**। 'কোজাগরী' নয়। **কোজাগরি পূর্ণিমা**।
**কোটালি** কোটালের কাজ। 'কোটালী' নয়।
**কোটি** ক্রোর, শত লক্ষ। 'কোটী' বর্জিত।
**কোটীশ্বর** কোটিপতি (কোটি+ঈশ্বর)।
**কোণ** angle. **কোণঘেঁষা, কোণঠাসা**।
**কোণাকুণি, কোণাচে** দ্র **কোনা**
**কোতল** বধ, হত্যা। 'কতল' অপ্র.।
**কোতোয়ালি** কোতোয়াল বা কোটালের কাজ বা পদ।
**কোন** কোনটি, কে, কী, which উদা.—কোন বইটি তোমার চাই ; অনির্দিষ্ট কোনো। উদা.—কোন দিন হয়ত দেখব। এইসব অর্থে 'কোন্' অপ্রয়োজনীয়।

**কোনও** দ্র **কোনো**।

**কোনা** বিণ. কোণ, প্রান্ত। উদা.—ঘরের কোনা। 'কোণা' নয়। **কোনাকুনি, কোনাচে**।

**কোনারক** < সং. কোণার্ক। 'কোণারক' নয়।

**কোনো** সর্ব. বিণ. অনির্দিষ্ট একটি বা একজন; ঝোঁকযুক্ত কোন। এই অর্থে 'কোনও' বৈকল্পিক (আ. বা. প.)। উদা. কোনো লোকই মরতে চায় না।

**কোপন** ক্রোধ। **কোপনপ্রকৃতি, কোপনস্বভাব** বিণ. রাগি, ক্রোধযুক্ত।

**কোপতিপোদার যুদ্ধ** বুড়িবালামের তীরে ১৯১৫ সালে বাঘা যতীনের যুদ্ধ।

**কোপানো** ক্রি., বি. কোদলানো। 'কোপান' নয়।

**কোপ্তা** মাংসের বা মাছের বড়াজাতীয় খাবারবিশেষ। 'কোফতা' মার্জিত। **কোপ্তা** কথ্য এবং অধিকতর প্রচলিত।

**কোবিদ** বিণ. দক্ষ; পণ্ডিত। বি. হিন্দি শিক্ষার উপাধিবিশেষ।

**কোমলায়ন** বি. annealing (পরি.)।

**কোম্পানি**। 'কোমপানি' নয়, 'কোম্পানী' নয়।

**কোয়ার্টার, কোয়ার্টার্স** দ্র **কোআর্টার**।

**কোরবানি** বলি। 'কুরবানি' বাংলায় স্বল্পপ্রচলিত।

**কোরমা**। 'কোর্মা' নয়।

**কোরান**। 'কোরাণ', 'কুরান' নয়, 'কোরআন' নয়।

**কোরো** করা ক্রিয়ার ভবিষ্যৎ অনুজ্ঞায়। 'করো' 'ক'রো' নয়। উদা.—ওখানে গিয়ে আবার এসব কোরো না (= করিয়ো না।)।

**কোর্ট** court.'কোরট' নয়।

**কোর্টশিপ** courtship.

**কোর্টমার্শাল** court-marshall.

**কোর্ফা প্রজা** দুটি পৃথক শব্দ হিসাবে লেখ্য। কিংবা **কোরফা প্রজা**।

**কোর্মা** দ্র **কোরমা**।

**কোল-আঁচল** হাইফেন বাঞ্ছিত।

**কোলকুঁজো, কোলজুড়ানো, কোলজোড়া, কোলপোঁছা, কোলমোছা**। প্রতিটি বিণ. এবং একটি শব্দ হিসাবে লেখ্য।

**কোলহাপুর** মহারাষ্ট্রের শহরবিশেষ। 'কোলাপুর' সংগত না হলেও প্রচলিত।

**কোলাকুলি**। 'কোলাকোলি' নয়।

**কোলাপুরি** কোলাপুরে বা কোলহাপুরে তৈরি। 'কোলপুরী' নয়।

**কোলাব্যাং, কোলাব্যাঙ** প্রথমটিই গ্রহণীয়।

**কোশাকুশি, কোষাকুষি**। যেহেতু বানানভেদ, সেইজন্য প্রথমটি গ্রহণীয়।

**কোশাম্বী, দামোদর ধর্মানন্দ** ১৯০৭-১৯৬৬ ঐতিহাসিক ও বৌদ্ধধর্মবিদ।

**কোষবৃদ্ধি, কোষাগার, কোষাধ্যক্ষ**।

**কৌসুলি**।

**কৌটিল্য** 'অর্থশাস্ত্র'-প্রণেতা ও মৌর্যরাজ চন্দ্রগুপ্তের উপদেষ্টা।

**কৌতূহল**। **কৌতূহলী**।

**কৌপীন**। 'কৌপিন' নয়।

**কৌমুদী** -দি নয়।

**কৌলিক** কুল-সম্বন্ধীয়।

**কৌলীন্য** কুলীনত্ব। -লি-নয়।

**কৌস্তুভ** মণিবিশেষ। 'কৌস্তভ' নয়।

**ক্বচিৎ**। 'কচিৎ' নয়।

**ক্বাথ**। 'কাথ' নয়।

**ক্যাঁকক্যাঁক** আওয়াজবিশেষ। কিন্তু বিশেষণে **ক্যাঁককেঁকে**। 'ক্যাঁকক্যাঁকে' নয়।

**ক্যাঁচরক্যাঁচর**। **ক্যাঁচরম্যাচর**।

**ক্যাটক্যাটি, ক্যাটক্যাট** দুই প্রচলিত। বিশেষণে **ক্যাটকেঁটে** কিংবা **ক্যাটকেটে**।

**ক্যাকটাস** cactus.

**ক্যাক্সটন, উইলিয়াম** William Caxton আনু 1422-1491. পঞ্চদশ শতকে ইংল্যান্ডে মুদ্রণশিল্পের প্রবর্তক।

**ক্যাঙ্গারু, ক্যাঙারু**। প্রথমটি ব্যুৎপত্তি-অনুগ এবং অধিকতর সংগত। কিন্তু দ্বিতীয়টি ক্রমে অধিকতর প্রচলিত হচ্ছে।

**ক্যাজুয়েল**। প্রতিবর্ণীকরণে **ক্যাজুয়ল** সংগত।

**ক্যাডার, কাডার,** cadre. দ্বিতীয়টি ব্যুৎপত্তি-অনুগ হলেও প্রথমটিই অধিকতর প্রচলিত।

**ক্যাথিড্রাল** cathedral.

**ক্যানভাস** canvas.

# ক

**ক্যানসার** cancer. 'ক্যান্সার' নয়।
**ক্যানেস্তারা, কানেস্তারা**। দ্বিতীয়টি মার্জিত রূপ হলেও প্রথমটিই প্রচলিত।
**ক্যান্টনমেন্ট** cantonment.
**ক্যান্টিন** কিংবা **ক্যানটিন** canteen.
**ক্যাপটেন** captain.
**ক্যাপশন** caption.
**ক্যাপসিকাম** capsicum.
**ক্যাপসুল** capsule.
**'ক্যাপিটাল, ডাস'** কার্ল মার্কস রচিত তিন খণ্ডের বিখ্যাত গ্রন্থ, তিনটি খণ্ডের প্রকাশকাল যথাক্রমে ১৮৬৭, ১৮৮৫ এবং ১৮৯৪।
**ক্যাপিলারি** capillary.
**ক্যাপ্টেন** দ্র **ক্যাপটেন**।
**ক্যাবলা**। 'কেবলা' বর্জনীয়। অনুরূপভাবে, **ক্যাবলাকান্ত, ক্যাবলারাম** লেখ্য।
**ক্যাবিন** cabin.
**ক্যাবিনেট** cabinet. 'কেবিনেট বর্জিত'।
**ক্যামপাস** campus. কিংবা **ক্যাম্পাস**।
**ক্যামবেল, রয়** Roy Campbell. 1901-1957. ইংরেজ কবি। 'ক্যাম্পবেল' নয়।
**ক্যাম্প** camp. 'ক্যামপ' নয়।
**ক্যাম্পাস** দ্র **ক্যামপাস**।
**ক্যাম্ফর** camphor. কিংবা **ক্যামফর**।
**ক্যাম্বিস** (< canvas)।
**ক্যারম, ক্যারাম** প্রথমটি carom এর প্রতিবর্ণীকরণ, দ্বিতীয়টি প্রচলিত বাংলা রূপ।
**ক্যারাট** carat. খাঁটি সোনার $\frac{১}{২৪}$ ভাগ ; মূল্যবান ধাতুরত্নাদির ওজনের একক, প্রায় ২০০ মিলিগ্রাম।
**ক্যারাটে** karate শব্দের ইংরেজি উচ্চারণ অনুসরণে। মূল জাপানি উচ্চারণ অনুসারে **কারাতে**।
**ক্যারাভান** caravan.
**ক্যালকুলেটর, ক্যালকিউলেটর** calculator.
**ক্যালকাটা থিয়েটার গ্রুপ** বিজন ভট্টাচার্য প্রতিষ্ঠিত (১৯৫০) নাট্যগোষ্ঠী।
**ক্যালশিয়াম** calcium.
**ক্যালিগ্রাফি** calligraphy.
**ক্যালেন্ডার** calendar.
**ক্যালোরি** calorie.
**ক্যাশবাক্স** একটি শব্দ।
**ক্যাসিনো** casino.
**ক্যাসেট** cassette.
**ক্যাস্টর অয়ল** castor oil. বাংলায় 'অয়েল' প্রচলিত হলেও প্রতিবর্ণীকরণে **অয়ল** সংগত।
**ক্যুদেতা** দ্র **কুদেতা**।
**ক্রচেট** < crochet. মূল উচ্চারণ ক্রোশে। ক্রচেট বাংলা রূপান্তর।
**ক্রনোমিটার** chronometer. 'ক্রোনোমিটার' নয়।
**ক্রন্দসী** স্বর্গ ও মর্ত্য ; আকাশ ও পৃথিবী। শুধু আকাশ অর্থে প্রয়োগ ভুল।
**'ক্রন্দসী'** সুধীন্দ্রনাথ দত্তের কাব্য (১৯৩৭)।
**ক্রমহ্রাসমান** একটি শব্দ।
**ক্রমটন, স্যামুয়েল** Samuel Crompton 1753-1827. ইংরেজ উদ্‌ভাবক।
**ক্রয়-বিক্রয়** হাইফেন বাঞ্ছিত।
**ক্রয়মূল্য, ক্রয়যোগ্য, ক্রয়সাধ্য, ক্রয়সীমা**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**ক্রাইস্ট চার্চ** Christ Church.
**ক্রান্তিবৃত্ত** ecliptic.
**ক্রিপস, সার স্ট্যাফোর্ড** Sir Stafford Cripps 1889-1952. ভারতে ব্রিটিশরাজের প্রতিনিধি হিসাবে আগত রাজনীতিবিদ।
**ক্রিমজন** crimson. -সন নয়।
**ক্রিমি** দ্র **কৃমি**।
**ক্রিশ্চান** বাংলা শব্দ। (< Christian)। বর্তমানে স্বল্পব্যবহৃত। **খ্রিস্টান** দ্র।
**ক্রিসমাস** Christmas. 'খ্রিস্টমাস' নয়।
**ক্রিস্টি, আগাথা** Agatha Christie 1891-1976. গোয়েন্দা গল্পের বিশ্ববিখ্যাত লেখিকা।
**ক্রিস্যানথিমাম** chrysanthemum.
**ক্রীতদাস** দাসরূপে ক্রীত। তু. **কৃতদাস**।
**ক্রুশ** যে ঢেরা চিহ্নাকৃতি কাঠে জিশু-খ্রিস্টকে বিদ্ধ করে বধ করা হয়েছিল ; জামা ইত্যাদি বুনবার কাঠি বা শলাকা।
**ক্রুসেড** crusade. 'ক্রুজেড' নয়।
**ক্রূর** নিষ্ঠুর ; হিংস্র।
**'ক্রেডল টেলস অব হিন্দুইজম** ভগিনী নিবেদিতা

রচিত গল্পগ্রন্থ ।
**ক্রেত্রী** ক্রেতা-র স্ত্রীলিঙ্গে ।
**ক্রেন** crane.
**ক্রেয়ন** crayon.
**ক্রোক** বিণ. আটক বা বাজেয়াপ্ত । বিণ. **ক্রোকি** । 'ক্রোকী' বর্জিত ।
**ক্রোচে, বেনেদেত্তো** Benedetto Croce 1866-1952 ইতালীয় দার্শনিক ও ঐতিহাসিক ।
**ক্রোট** Croat. Croatia-র অধিবাসী বা ভাষা ।
**ক্রোড়**[১] বি. কোল ।
**ক্রোড়**[২] বি. ক্রোর, কোটি । **ক্রোড়পতি, ক্রোরপতি** ।
**ক্রোয়েশিয়া** Croatia. 'ক্রোশিয়া' নয় ।
**ক্রোশে** crochet. ক্রুশকাঠি দিয়ে বোনা বা বয়ন । দ্র. **ক্রুচেট** ।
**ক্র্যাংক** crank.
**ক্র্যাম্প** cramp. পেশির আক্ষেপ বা খিল ধরা ।
**ক্লরিন** দ্র **ক্লোরিন**
**ক্লিশিত, ক্লিষ্ট** বিণ. কষ্ট পেয়েছে এমন, ক্লেশপ্রাপ্ত ; ক্লান্ত ।
**ক্লীব** । **ক্লীবত্ব** । **ক্লীবলিঙ্গ** ।
**ক্লের, র‍্যনে** René Clair 1898-1981. ফরাসি চলচ্চিত্রস্রষ্টা ।
**ক্লেরিহিউ** clerihew, চার পঙ্‌ক্তির অর্থহীন ছড়া, উদ্‌ভাবক এডমান্ড ক্লেরিহিউ বেন্‌ট্‌লি Edmund Clerihew Bentley 1875-1956.
**ক্লোম** ফুসফুস lungs. **ক্লোমনালিকা** শ্বাসনালি, windpipe. (পরি.) ।
**ক্লোরিন** chlorine. ইংরেজি উচ্চারণ 'ক্লরিন' । তবে ক্লোরিন প্রচলিত এবং সেই কারণে গ্রহণীয় ।
**ক্লোরোফর্ম** chloroform. ইংরেজি উচ্চারণ ক্লরফ(র্)ম্ হলেও ক্লোরোফর্ম দীর্ঘ-প্রচলিত ।
**ক্ল্যাসিক** classic. 'ক্লাসিক' নয় ।
**ক্ষওয়া** ক্ষয় হওয়া । দ্র **খওয়া** ।
**ক্ষণস্থায়ী** বিণ. । বি. **ক্ষণস্থায়িত্ব** ।
**ক্ষণে-ক্ষণে** ক্রি-বিণ. মুহুর্মুহু, প্রতি মুহূর্তে ; থেকে-থেকে । হাইফেন বাঞ্ছিত, বিকল্পে দুটি পৃথক শব্দ হিসাবে **ক্ষণে ক্ষণে** । 'ক্ষণেক্ষণে' নয় ।
**ক্ষতবিক্ষত** বিণ. একটি শব্দ ।
**ক্ষতিগ্রস্ত** । **ক্ষতিপূরণ** ।
**ক্ষত্রধর্ম** । একটি শব্দ । অথবা **ক্ষাত্রধর্ম** ।
**ক্ষমতাবান** । 'ক্ষমতাবান্' শুদ্ধ কিন্তু বর্জিত ।
**ক্ষমতাশালী** । স্ত্রী. **ক্ষমতাশালিনী** ।
**ক্ষমাপ্রার্থনা** বিশেষ্য হিসাবে একটি শব্দ । উদা.—ক্ষমাপ্রার্থনার জন্য এসেছি ।
**ক্ষয়ে যাওয়া** । দ্র **খয়ে যাওয়া** ।
**ক্ষারীয়** বিণ. ক্ষারযুক্ত, ক্ষারধর্মী, alkaline (পরি.) ।
**ক্ষালন** প্রক্ষালন ; শোধন, মোচন । উদা.—পাপক্ষালন ।
**ক্ষিতি** পৃথিবী ; ভূমি ।
**ক্ষিতিমোহন সেন** ১৮৮০-১৯৬০ । শান্তিনিকেতনবাসী পণ্ডিত এবং 'চিন্ময় বঙ্গ' 'Hinduism,' 'বাংলার বাউল' প্রভৃতি গ্রন্থের রচয়িতা ।
**ক্ষিতীন্দ্র** -তি- নয় ।
**ক্ষিতীশ** -তি- নয় ।
**ক্ষিপ্যমাণ** বিণ. নিক্ষিপ্ত হচ্ছে এমন, ছোড়া হচ্ছে এমন ।
**ক্ষিপ্রকারী** । বি. **ক্ষিপ্রকারিতা** ।
**ক্ষিপ্রগামী** । বি. **ক্ষিপ্রগামিতা** ।
**ক্ষীণজীবী** -জীবি নয় ।
**ক্ষীণাঙ্গী** -ঙ্গি নয় ।
**ক্ষীয়মাণ** -ন নয় ।
**ক্ষীরোদ** ক্ষীরসমুদ্র । ক্ষি- নয় ।
**ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ** ১৮৬৩-১৯২৭ নাট্যকার । 'আলিবাবা', 'নরনারায়ণ', 'আলমগীর', 'ভীষ্ম' প্রভৃতি নাটকের রচয়িতা ।
**ক্ষুণ্ণ** । 'ক্ষুন্ন' নয় ।
**ক্ষুদে** দ্র **খুদে** ।
**ক্ষুদিরাম বসু** ১৮৮৯-১৯০৮ । ক্ষুদ্র অর্থে **খুদি** বর্তমানে অধিকতর প্রচলিত হলেও এই বরেণ্য সংগ্রামী জাতীয়তাবাদীর নামের ক্ষেত্রে 'খুদিরাম' লেখা চলবে না, কেননা **ক্ষুদিরাম** তাঁর পরিবারের গৃহীত বানান ।
**ক্ষুদ্রচেতা** । 'ক্ষুদ্রচেতাঃ' বর্জিত ।
**ক্ষুদ্রাশয়** বিণ. সংকীর্ণমনা, ক্ষুদ্রচেতা । বি.

**ক্ষুদ্রাশয়তা** ।
**ক্ষুন্নিবৃত্তি** । 'ক্ষুণ্ণিবৃত্তি' নয় ।
**ক্ষুর১** ছুরি, অস্ত্রবিশেষ ।
**ক্ষুর২** দ্র **খুর** ।
**ক্ষুরকর্ম** ক্ষৌরকর্ম, খেউরি ।
**ক্ষুরধার** বিণ. অত্যন্ত তীক্ষ্ণ । উদা.—ক্ষুরধার বুদ্ধি ।
**ক্ষেত** দ্র **খেত** ।
**ক্ষেপা—খেপা** বা **খ্যাপা-র** বর্জিত বানান ।
**ক্ষেমংকর, ক্ষেমঙ্কর** বিকল্প বানান, প্রথম বিকল্পটি গ্রহণীয় । অনুরূপভাবে, **ক্ষেমংকরী** ।
**ক্ষোদিত, খোদিত** বিণ. প্রথমটির অর্থ চূর্ণিত, পেষিত । দ্বিতীয়টির অর্থ খোদাই করা হয়েছে এমন, উৎকীর্ণ । উদা.—খোদিত লিপি, খোদিত চিত্র । দুটি ভিন্ন শব্দ । খোদিত অর্থে ক্ষোদিত কিংবা ক্ষোদিত অর্থে খোদিত লেখা অসংগত ।
**ক্ষৌণি, ক্ষৌণী** পৃথিবী । বানানভেদ ।
**ক্ষৌণীশ** পৃথিবীর অধিপতি ; রাজা ।
**ক্ষৌরি** ক্ষুরকর্ম, চুলদাড়ি কামানো । 'ক্ষৌরী' নয় । **ক্ষৌরিক** নাপিত ।
**ক্ষ্যাপা** দ্র **খ্যাপা** ।

◆

খই । 'খৈ' বর্জিত ।
**খইনি** । 'খৈনি', 'খৈনী' বর্জিত ।
**খইল** তিল সরষে প্রভৃতির ছিবড়ে । **খোল** কথ্য ও চলিত । **খইল** সাধু ।
**খওয়া** ক্ষয় হওয়া, খয়ে যাওয়া । 'ক্ষওয়া' নয় । উদা.—দাঁত খয়ে গেছে, পেনসিলের শিষ খয়ে গেছে ।
**খকখক, খকখকানি** কাশি বা হাসির শব্দ । হস্‌চিহ্ন অপ্রয়োজনীয় ।
**খগেন্দ্রনাথ মিত্র** ১৮৯৬-১৯৭৮ । শিশুসাহিত্যিক ।
**খচখচ, খচমচ** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয় ।
**খচাৎ** । 'খচাত' নয় ।
**খজুরাহো** মধ্যপ্রদেশের ইতিহাসখ্যাত স্থান । 'খাজুরাহো' নয় ।
**খঞ্চাপোষ, খঞ্চিপোষ** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত ।
**খঞ্জন, খঞ্জনা** চঞ্চল স্বভাবের সাদাকালো পাখিবিশেষ, wagtail.
**খঞ্জনি** -নী বর্জিত ।
**খটকা** -ট্- নয় ।
**খটখটে** । 'খট্‌খটে' নয় ।
**খটাৎ** । 'খটাত' নয় ।
**খটমট, খটোমটো** । দুইই প্রচলিত ।
**খটাশ, খট্টাশ** polecat. 'খাটাশ' আঞ্চ. এবং কথ্য ।
**খড়কে** । 'খড়্‌কে' নয় ।
**খড়খড়ি** । 'খড়্‌খড়ি' নয় ।
**খড়িশ** গোখরো । 'খরিশ' নয় ।
**খড়্গ** । কিংবা **খড়্গ** ।
**খড়্গপুর** । 'খড়গপুর' নয় ।
**খণ্ড-খণ্ড** বিণ. বহু খণ্ডে বিভক্ত । হাইফেন বাঞ্ছিত । অনুরূপভাবে, **খণ্ডে-খণ্ডে** ।
**খণ্ডন, খণ্ডনীয়, খণ্ডিত, খণ্ডীকৃত, খণ্ডীভূত** ।
**খণ্ডশ** ক্রি-বিণ. খণ্ড-খণ্ড করে, এক-এক খণ্ড করে । 'খণ্ডশঃ' বর্জিত ।
**খণ্ডিত, খণ্ডীকৃত** দ্র **খণ্ডন** ।
**খত** চিঠি ; আঁচড় বা ঘষা । 'খৎ' নয় ।
**খতবা** । 'খৎবা' নয় ।
**খতরা** বিপদ । 'খৎরা' নয় ।
**খদ্যোত** জোনাকি । 'খদ্যোৎ' ভুল ।
**খন্তা** । কথ্য **খোন্তা** ।
**খন্না** উত্তরভারতীয় পদবি । 'খান্না' নয় ।
**খপাৎ** আওয়াজবিশেষ । 'খপাত' নয় ।
**খবরদারি** -রী বর্জিত ।
**খমাজ—খাম্বাজ**- এর বর্তমানে অপ্র. রূপভেদ ।
**খমির** মিঠাইয়ের পাকের গাঁজ । রূপভেদ **খামির** । 'খমীর' বর্জিত ।
**খম্বাজ** দ্র **খাম্বাজ** ।
**খয়রাত** । **খয়রাতি** । 'খয়রাৎ' নয়, 'খয়রাতী' নয় ।
**খয়ে যাওয়া** ক্রি. বি. ক্ষয় হওয়া । 'ক্ষয়ে যাওয়া'

নয়। বিশেষণে খয়ে-যাওয়া। উদা.—খয়ে-যাওয়া যন্ত্র।

**খয়েরি**। 'খয়েরী' বর্জিত।

**খরখর**। 'খর্‌খর্‌' নয়। **খরখরে**।

**খরগোশ**। 'খরগোস' বর্জিত।

**খরশান** অতি তীক্ষ্ণ বা তীব্র বা ঝাঁঝালো। খর+শাণ এইভাবে শব্দটি নিষ্পন্ন নয়। < হিন্দি খরসান।

**খরশুলা** বা **খরশোলা** ছোট মাছবিশেষ।

**খরানি** খরার দিন, প্রখর গ্রীষ্মের দিন। আঞ্চ. শব্দ, শিষ্ট চলিত বাংলায় এখনই অগ্রহণীয়।

**খরিশ—খড়িশ** -এর অসংগত রূপভেদ।

**খরোষ্ঠী** প্রাচীন ভারতে বিশেষত উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলে প্রচলিত এবং আরামীয় বা ফিনিশীয় লিপি থেকে উদ্ভূত লিপিবিশেষ। **'খরোষ্ঠী'** বানান প্রচলিত হলেও **খরোষ্টি** কিংবা **খরোষ্ঠি** অধিকতর সংগত।

**খর্জূর** খেজুর। 'খর্জুর' নয়।

**খলজি**। ভারতের তুর্ক-আফগান শাসকবংশবিশেষ। 'খিলজি' নয়, 'খিলজী' নয়।

**খলশে**। **খলিশা** -র কথ্য রূপ।

**খলিফা** মুসলমান জগতের ধর্মনেতা ; দরজি ; ধূর্ত ব্যক্তি। 'খলীফা' বর্জিত।

**খলিস্তান** আক্ষরিক অর্থ বিশুদ্ধ দেশ বা খালসার দেশ। বর্তমানে প্রচলিত অর্থ পবিত্র শিখদের বা খালসাদের বাসভূমি। **খলিস্তানি** বলতে রাজনীতিগতভাবে স্বতন্ত্র ও স্বাধীন শিখরাষ্ট্র গঠনের সমর্থকদের বোঝায়।

**খসম** মূলত মুসলমান সমাজে প্রচলিত শব্দ, অর্থ স্বামী, পতি।

**খসরু, আমির** ১২৫৪-১৩২৫। বহু ফারসি গজল ও রাগ-রাগিণীর স্রষ্টা, দিল্লির একাধিক সুলতানের সভাসদ।

**খাই** বি. খাত, গর্ত। উদা.—গড়খাই।

**খাওয়া-পরা**। উদা.—খাওয়া-পরা দিয়ে লোক রাখা। হাইফেন বাঞ্ছিত। অনুরূপভাবে, **খাওয়া-দাওয়া**।

**খাঁই** আকাঙ্ক্ষা ; দাবি।

**খাঁকতি** বি. লোভ ; আকাঙ্ক্ষা। 'খাকতি' নয়।

**খাঁখা, খাঁ-খাঁ, খাঁ খাঁ** দ্বিতীয়টি ব্যবহার্য। উদা.—খাঁ-খাঁ করছে।

**খাঁজ-কাটা** কিংবা **খাঁজকাটা** বিণ. খাঁজযুক্ত। কিন্তু 'কাটা' শব্দ ক্রিয়াপদে ব্যবহৃত হলে পৃথক শব্দ হিসাবে ব্যবহার্য। উদা.—দেওয়ালে খাঁজ কাটছে।

**খাঁদা** বোঁচা। কথ্য **খ্যাঁদা**। 'খেঁদা' বর্জিত। স্ত্রীলিঙ্গে **খেঁদি, খেঁদিবুঁচি**। 'খেঁদী' নয়, 'খেঁদীবুঁচী' নয়।

**খাক** ছাই, ভস্ম। উদা.—পুড়ে খাক হওয়া। 'খাঁক' নয়।

**খাকি**[১] ছাইরঙা। 'খাকী' বর্জিত।

**খাকি**[২], **খাগি** বিণ. খেকো-র স্ত্রীলিঙ্গে। উদা.—চোখখাগি, গতরখাকি। 'খাকী', 'খাগী' নয়।

**খাজাঞ্চি**। 'খাজাঞ্চী' বর্জিত।

**খাটাশ**। **খট্টাশ** -এর কথ্য রূপ।

**খাটো** হ্রস্ব, বেঁটে। 'খাট' বর্জিত।

**খাট্টা** টক ; টকাস্বাদ। গরম, উগ্র বা উত্তেজিত অর্থে প্রয়োগ (মেজাজ খাট্টা হওয়া) শিষ্ট নয়।

**খাড়াখাড়ি** বিণ. ক্রি-বিণ. লম্বালম্বি।

**খাণ্ডার** ঝগড়াটে। স্ত্রীলিঙ্গে **খাণ্ডারনি**। **খাণ্ডারি** অপ্র.।

**খাতাবন্দি**। 'খাতাবন্দী' নয়।

**খাতুন** সম্ভ্রান্ত মুসলমান মহিলাদের নামের পিছনে ব্যবহার্য উপাধিবিশেষ। সমার্থক শব্দ **বেগম**। তবে বেগম নামের পূর্বে বসে। সমার্থক কিন্তু বর্তমানে অপ্রচলিত শব্দ **খানুম**।

**খাদিম** ভৃত্য, সেবক, পরিচারক। **খাদেম** সমার্থক, কিন্তু বর্তমানে অপ্রচলিত।

**খানকি** বেশ্যা। 'খানকী' নয়।

**খানদানি** অভিজাত। 'খানদানী' বর্জিত।

**খানাতল্লাশ, খানাতল্লাশি**।

**খানুম** দ্র **খাতুন**।

**খাপ খাওয়া** উদা.—খাপ খেয়ে চলা, স্বভাবের সঙ্গে পোশাক খাপ খায় না ; নিজেকে অবস্থার সঙ্গে খাপ খাইয়ে নেওয়া।

**খাপছাড়া** একটি শব্দ।

**খাপরা, খাবরা** মাটির কলসি হাঁড়ি, প্রভৃতির ভাঙা টুকরো। দ্বিতীয়টি অপ্রচলিত।

# খ

**খাপি** বিণ. মোটা, ঠাসবুননযুক্ত। 'খাপী' বর্জিত।

**খাবল** থাবা, কামড়। **খাবলানো** বি. ক্রি. খাবল মারা, থাবা দেওয়া।

**খামকা** দ্র **খামোখা**।

**খামখেয়ালি** পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গে পার্থক্য অপ্রয়োজনীয়। 'খামখেয়ালী' বর্জিত।

**খামচানো**। 'খামচান' বর্জিত।

**খামির** দ্র **খমির**।

**খামোখা, খামোকা** অনর্থক, মিছিমিছি। 'খামকা' বর্জিত।

**খাম্বাজ** রাত্রিকালীন রাগিণীবিশেষ। 'খম্বাজ' ও 'খমাজ' বর্তমানে অপ্র.।

**খারাপ ছেলে, খারাপ লোক, খারাপ জায়গা** প্রতিটি দুটি শব্দ হিসাবে লেখ্য, সমাসবদ্ধভাবে নয়।

**খালসা** গুরু গোবিন্দ সিংহ প্রবর্তিত (১৬৯৯) শিখ গোষ্ঠী। **খালসা** অর্থ শুদ্ধ।

**খালা** মাসি। **খালু** মেসো। মূলত মুসলমানি শব্দ।

**খালাসি**। 'খালাসী' বর্জিত।

**খালি-খালি** বিণ. প্রায় ফাঁকা ; ক্রি-বিণ. অনর্থক, মিছিমিছি। হাইফেন বাঞ্ছিত।

**খালি গা, খালি হাত, খালি ঘর,** বিশেষ্যে দুটি শব্দ হিসাবে লেখ্য। বিশেষণে সমাসবদ্ধভাবে কিংবা হাইফেন দিয়ে—**খালি-গা, খালিগায়ে, খালিহাতে, খালি-হাতে**।

**খালিজুলি** সরু ও অগভীর খাল বা নালা। অন্য অর্থ নেই, সমার্থক শব্দ, **নয়ানজুলি**।

**খালু** দ্র **খালা**।

**খাস** বিণ. নিজস্ব, আপন-অধিকারভুক্ত।

**খাসনবিশ**। 'খাসনবিস' বর্জিত, 'খাসনবীশ' বর্জিত।

**খাসমহল, খাসমহাল** সমার্থক, তবে প্রথমটি অধিকতর ব্যবহৃত।

**খাসি** বি. ছিন্নমুষ্ক ছাগ ; উদা.—খাসির মাংস। বিণ. ছিন্নমুষ্ক ; উদা.—খাসি মোরগ। 'খাসী' বর্জিত।

**খিঁচ** বি. দেহের কোনো অঙ্গের টান, পেশিসংকোচন ; পচা কাদা বা পাঁক ; মনোমালিন্য।

**খিঁচে নেওয়া** ক্রি. আদায় করা। শোভন বা মার্জিত প্রয়োগ নয়।

**খিদমত** সেবা, পরিচর্যা ; গোলামি। **খিদমতগার** ভৃত্য, পরিচারক, খানসামা। 'খিদমৎ' নয়।

**খিদে** কথ্য শব্দ। 'ক্ষিদে' নয়।

**খিলজি** দ্র **খলজি**।

**খিলাত** বিশেষ সম্মানসূচক পোশাক। 'খিলাৎ' নয়। **খেলাত** রূপভেদ, স্বল্পপ্রচলিত।

**খিলান** আর্চ, arch ; কবজাবিশেষ ; উদা.—খিলান-দেওয়া বাউটি। কথ্য **খিলেন**।

**খিলাফত**। 'খিলাফৎ' নয়।

**খুঁজতে-খুঁজতে** হাইফেন বাঞ্ছিত।

**খুঁজাখুঁজি** সাধুরূপ, বর্ত. অপ্র.। **খোঁজাখুঁজি** চলিত ও কথ্য।

**খুঁজে-খুঁজে** হাইফেন বাঞ্ছিত। উদা.—খুঁজে-খুঁজে হয়রান।

**খুঁত** ত্রুটি। 'খুঁৎ' নয়।

**খুকখুক** কাশির শব্দ। 'খুক্‌খুক্‌' নয়।

**খুকি**। 'খুকী' বর্জিত।

**খুঙি** কিংবা **খুঙ্গি**। 'খুঙ্গী', 'খুঙী' বর্জিত।

**খুড়তুতো**। 'খুড়তুত' বর্জিত।

**খুড়ি, খুড়িমা**। 'খুড়ী', 'খুড়ীমা' বর্জিত।

**খুনখারাপি** কিংবা **খুনখারাবি**।

**খুনসুটি** কিংবা **খুনশুটি**। 'খুনসুড়ি' সমার্থক কিন্তু অপ্রচলিত।

**খুনি** হত্যাকারী। 'খুনী' বর্জিত।

**খুন্তি**। 'খুন্তী' নয়, 'খুনতি' নয়।

**খুপরি** ছোট ঘর বা খোপ। 'খুবরি' আঞ্চ. ও গ্রাম্য। 'খুপরী' বর্জিত।

**খুপসুরত** দ্র **খুবসুরত**।

**খুপি** বি. ছোট খোপ। বিণ. ঘর-কাটা বা খোপযুক্ত। উদা.—চৌখুপি ঘুড়ি। 'খুপী' নয়।

**খুবরি** দ্র **খুপরি**।

**খুবসুরত** বিণ. অতি সুন্দর। 'খুপসুরত', 'খুবসুরৎ', 'খোপসুরত' নয়।

**খুর** গবাদি পশুর পদতলের অস্থিময় কঠিন অংশ। **ক্ষুর** সমার্থক শব্দ, তবে এই অর্থে

# খ

চলিত বাংলায় অপেক্ষাকৃত কম প্রচলিত।

**খুরমা** শুকনো খেজুর। 'খুর্মা' বর্জিত।

**খুরানা, হরগোবিন্দ** দ্র **খোরানা**।

**খুশকি** মাথার মরামাস, dandruff. 'খুস্কি' বর্জিত।

**খুশখবর, খুশগল্প, খুশমেজাজ** যথাক্রমে দ্র **খোশখবর, খোশগল্প, খোশমেজাজ**।

**খুশি**। 'খুশী' বর্জিত।

**খুস্কি** দ্র **খুশকি**।

**খৃষ্ট, খৃস্ট** দ্র **খ্রিষ্ট, খ্রিস্ট**।

**খেউড়** অশ্লীল অশ্রাব্য গালাগালি ; অশ্লীল গ্রাম্য কবিতা বা গান। 'খেঁউড়' নয়।

**খেও** দ্র **খেয়ো**।

**খেংরা** ঝাঁটা। **খ্যাংরা**-র বর্জিত বানান।

**খেঁকশিয়াল**। 'খ্যাঁকশিয়াল' নয়।

**খেঁকানো** খেঁক খেঁক করা, তিরস্কার করা। 'খ্যাঁকানো' নয়। **খেঁকানি, খেঁকখেঁকানি**।

**খেঁচাখেঁচি** খিচিমিচি, ঝগড়াঝাঁটি। 'খেচাখেচি' নয়।

**খেঁদি—খেঁদা** -র স্ত্রীলিঙ্গে। 'খেঁদী' বর্জিত।

**খেটে-খাওয়া** বিশেষণে অর্থ খেটে খায় এমন, মেহনতি। হাইফেন বাঞ্ছিত।

**খেটে-খেটে** ক্রি-বিণ. খাটতে-খাটতে। উদা.—খেটে-খেটে প্রাণ গেল।

**খেত**। 'ক্ষেত' বর্জনীয়।

**খেতমজুর**। 'ক্ষেতমজুর' নয়।

**খেতে-খেতে** ভোজন করতে-করতে। হাইফেন বাঞ্ছিত।

**খেপি**। **খ্যাপা** -র স্ত্রীলিঙ্গে। 'খেপী' নয়।

**খেপে-খেপে** ক্রি-বিণ. এক-খেপ এক-খেপ করে, দফায়-দফায়। উদা.—খেপে-খেপে বৃষ্টি হচ্ছে।

**খেমটাওয়ালি** খেমটার নর্তকী। দীর্ঘ-ঈকার অপ্রয়োজনীয়।

**'খেয়া'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্য (১৯০৬)।

**খেয়ালি** বিণ. অব্যবস্থিতচিত্ত বা অস্থিরচিত্ত। বি. খেয়াল-গায়ক। 'খেয়ালী' নয়।

**খেয়ো** খেয়ে নিয়ো। 'খেও' নয়।

**খেলনা-গাড়ি** হাইফেন বাঞ্ছিত।

**খেলাত** দ্র **খিলাত**।

**খেলোয়াড়ি** বিণ. খেলোয়াড়-সুলভ। 'খেলোয়াড়ী' নয়।

**খেসারত**। 'খেসারৎ' নয়।

**খেসারি** ডালবিশেষ। 'খেসারী' বর্জিত।

**খৈ—খই** -এর বর্জিত বানান।

**খৈয়াম, ওমর** একাদশ শতকের পারসিক কবি, বিখ্যাত রুবাইয়াত-এর রচয়িতা।

**খোঁয়াড়** গোরু ভেড়া প্রভৃতি জন্তুকে আটকে রাখার জায়গা।

**খোয়ার**। 'খোয়াড়' নয়, 'খোঁয়ার' নয়। দুর্দশা, দুর্গতি, ক্ষতি।

**খোয়ারি** মদ ইত্যাদির নেশাজনিত অবসাদ।

**খোরপোশ**। 'খোরপোষ' বর্জিত।

**খোরানা, হরগোবিন্দ** জন্ম ১৯২২। আমেরিকা-নিবাসী বিশ্ববিখ্যাত ভারতীয় জৈব রসায়নবিদ।

**খোশখবর, খোশগল্প, খোশমেজাজ**। 'খুশখবর,' 'খুশগল্প', 'খুসমেজাজ' অপ্র.।

**খোশামোদ** বি. স্তাবকতা, তোষামোদ। সমার্থক শব্দ **খোশামোদি**। বিণ. **খোশামুদে**।

**খ্যাংরা**। 'খেংরা' বর্জিত।

**খ্যাঁকানো** চন্দ্রবিন্দু অপরিহার্য। **খেঁকানো** সংগততর।

**খ্যাঁচখ্যাঁচ**। বিণ. **খ্যাঁচখেঁচে**।

**খ্যাঁচাখেঁচি** দুটি চন্দ্রবিন্দু। কিন্তু **খ্যাঁচামেচি**।

**খ্যাঁট** ভোজন। 'খেঁট' বর্জিত।

**খ্যানখ্যান**। কিন্তু **'খ্যানখেনে'**।

**খ্রিষ্ট** Christ এর বাংলা রূপ হিসাবে **খ্রিষ্ট** বানানই সংগত। 'খ্রিস্ট' প্রচলিত হলেও উচ্চারণানুগ নয়, 'খৃষ্ট' বা 'খৃস্ট' বানানও অসংগত।

**খ্রিষ্টান, খ্রিস্টান** প্রথমটি অধিকতর সংগত, দ্বিতীয় অধিকতর প্রচলিত।

**খ্রিষ্টাব্দ** খ্রিষ্ট+অব্দ। এই বানানই সংগত। এটি প্রতিবর্ণীকৃত রূপ নয়, বঙ্গীকৃত রূপ।

**খ্রিস্ট** Christ এর অসংগত কিন্তু বর্তমানে অধিকতর প্রচলিত রূপ।

**খ্রিস্টাব্দ—খ্রিষ্টাব্দ-র** অসংগত কিন্তু বর্তমানে অধিকতর প্রচলিত রূপ।

**খ্রীষ্ট, খ্রীষ্টাব্দ** যথাক্রমে **খ্রিষ্ট, খ্রিস্ট** এবং **খ্রিস্টাব্দ-র** বর্জিত রূপ।

# গ

**গইবি** দ্র **গয়বি** ।
**গঁদ** আঠা । 'গদ' নয় ।
**গগনপ্রান্ত, গগনবিহারী, গগনমণ্ডল** । প্রতিটি একটি সমাসবদ্ধ শব্দ হিসাবে লেখ্য ।
**গগনেন্দ্রনাথ ঠাকুর** ১৮৬৭-১৯৩৮ বিখ্যাত চিত্রশিল্পী ।
**গঙ্গা** । 'গংগা' নয় ।
**গঙ্গাকিশোর ভট্টাচার্য** মৃত্যু ১৮৩১ । বাঙালি মালিকানায় প্রকাশিত প্রথম সংবাদপত্রের প্রতিষ্ঠাতা ও সম্পাদক ।
**গঙ্গানদী** উত্তরভারতের অন্যতম প্রধান নদী, দৈর্ঘ্যে ২৫২৫ কি মি ।
**গঙ্গাফড়িং** । 'গঙ্গাফড়িঙ', 'গংগাফড়িং' নয় ।
**গচ্চা, গচ্ছা** বানানভেদ । প্রথমটি অধিকতর প্রচলিত ।
**গছানো** । 'গছান' নয় ।
**গজগজ** । 'গজ্‌গজ্‌' নয় ।
**গজমোতি** । 'গজমতি' নয় ।
**গজরানি** বি. । **গজরানো** বি. ক্রি. ।
**-গজি** বিণ. '-গজী' নয় । উদা.—পাঁচগজি, দশগজি ।
**গটগট, গটমট** । 'গট্‌গট্‌', 'গট্‌মট্‌' নয় ।
**গডউইন অস্টিন** কিংবা **K2.** হিমালয়ের দ্বিতীয় উচ্চতম শৃঙ্গ ।
**গডরেজ** দ্র **গোদরেজ** ।
**গড়খাই** । 'গড়খাঁই' নয় ।
**গড় মান্দারন** হুগলি জেলায় অবস্থিত, 'মান্দারণ' নয় ।
**গড়ানো** গড়িয়ে পড়া বা গড়িয়ে যাওয়া । 'গড়ান' নয় । বিণ. **গড়ানে** ।
**গড়ায়-গড়ায়** ক্রি-বিণ. পাশাপাশি ।
**গড্ডলিকা ; গড্ডলিকাপ্রবাহ, গড্ডলিকাস্রোত** । 'গড্ডালিকা' নয় ।
**গণৎকার** দ্র **গনৎকার** ।
**গণতি** দ্র **গনতি** ।
**'গণদেবতা'** তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৪২) ।
**গণ্ডা-গণ্ডা** (আল.) বহুসংখ্যক । **গণ্ডায়-গণ্ডায়** । হাইফেন চাই ।
**গণ্ডি** । 'গণ্ডী' বর্জিত ।
**গণ্ডূষ** । 'গণ্ডুষ' ভুল ।
**গণ্ডেপিণ্ডে, গাণ্ডেপিণ্ডে** সমার্থক । প্রথমটি অধিকতর প্রচলিত ।
**গৎ** বাজনার বোল ; (আল.) গতি, নিয়ম । উদা.—বাঁধাগৎ ।
**গতরখাকি, গতরখাগি** । 'গতরখাকী', 'গতরখাগী' প্রচলিত কিন্তু অসংগত ।
**গতায়াত** যাতায়াত । একই অর্থে 'গতায়তি' অপ্র. ।
**গতায়ু** প্রায় মৃত, মুমূর্ষু । 'গতায়ুঃ' বর্জিত ।
**গতাসু** মৃত, বিগতপ্রাণ ।
**গতিক্রিয়া, গতিবিজ্ঞান, গতিবিদ্যা, গতিভঙ্গ** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য ।
**গতিনিয়ন্ত্রণ** বিশেষ্যে একটি শব্দ । পরে ক্রিয়াপদ থাকলে পৃথকভাবে লেখ্য । উদা.—গতিনিয়ন্ত্রণের জন্য ; গতি নিয়ন্ত্রণ করার জন্য ।
**গতীয়** kinetic, dynamic (পরি.) ।
**গদর পার্টি** আমেরিকা যুক্তরাষ্ট্রে স্থাপিত (১৯১৩) প্রবাসী ভারতীয়দের বিপ্লবী দল ।
**গদাইলশকরি** । 'গদাইলশকরী' নয়, 'গদাইলস্করী' নয় ।
**গদ্যছন্দ** । 'গদ্যোছন্দ' নয় ।
**গনগন, গনগনে** । 'গন্‌গন্‌', 'গন্‌গনে' নয় ।
**গনৎকার, 'গণৎকার'** দুইই পরিহার্য । **গনতকার** সংগত বানান ।
**গনতি, গুনতি** । 'গণতি', 'গুণতি' নয় । **গনতি** সাধু ও মার্জিত, **গুনতি** চলিত ও কথ্য ।
**গনাগনতি** । **গোনাগুনতি** -র মার্জিত কিন্তু অপেক্ষাকৃত কম প্রচলিত রূপ ।
**গন্ধক** sulphur.
**গন্ধে-গন্ধে** ক্রি-বিণ. গন্ধ অনুসরণ করে ; (আল.) সূত্র অনুসরণ করে । উদা.—গন্ধে-গন্ধে তারাও এসে জুটল ।
**গপ্পে** বিণ. গল্পবাজ, গল্প বলায় দক্ষ । কথ্য রীতির শব্দ ।
**গবচন্দ্র, গবুচন্দ্র** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত ।
**গভর্ণমেন্ট, গভর্ণর, গভর্ণিং** দ্র **গভর্নমেন্ট** ।
**গভর্নমেন্ট** । 'গভর্ণমেন্ট' বর্জিত । অনুরূপভাবে, **গভর্নর, গভর্নিং বডি, গভর্নেস** । 'গবর্মেন্ট'

বর্জিত।

**গমনোদ্যত** বিণ. গমনোন্মুখ, যাবার উপক্রম করেছে এমন।

**গম্বুজ**। 'গুম্বজ' বর্ত. অপ্র.।

**গম্ভীরা** মালদহ অঞ্চলে প্রচলিত লোকসংগীত।

**গম্যমান** বিণ. জানা যাচ্ছে বা অনুমান করা যাচ্ছে এমন। অন্য অর্থ নেই।

**গয়বি, গৈবি** গোপন, বেনামি। বানানভেদ, তবে প্রথমটি অধিকতর সংগত। 'গইবি', 'গইবী', 'গয়বী', 'গৈবী' বর্জিত।

**গয়লানি** স্ত্রী-গয়লা বা গয়লার স্ত্রী। 'গয়লানী' নয়।

**গরজি** বিণ. গরজযুক্ত। উদা.—আপ্তগরজি। 'গরজী' বর্জিত।

**গরম-গরম** বিণ.। হাইফেন বাঞ্ছিত। কিন্তু **গরমাগরম** একটি শব্দ, হাইফেন নয়।

**গরমি**। 'গর্মি', 'গর্মী' বর্জিত। **সর্দি-গরমি**।

**গরাদ** জানলা ইত্যাদির শিক। 'গরাদে' বর্জিত।

**গরিব, গরিবি**। 'গরীব', 'গরীবী', 'গরিবী' বর্জিত। **গরিবিয়ানা**।

**গরিলা, গেরিলা** প্রথমটি gorilla-র বাংলা রূপ। দ্বিতীয়টি একপ্রকার যুদ্ধের নাম, guerilla. এই পার্থক্য অতি গুরুত্বপূর্ণ।

**গরীয়সী**। 'গরিয়সী' নয়, 'গরীয়সি' নয়।

**গরীয়ান, গরীয়ান্**। দ্বিতীয়টি সংস্কৃতমতে সাধু হলেও বর্তমানে প্রথমটিই প্রচলিত। স্ত্রীলিঙ্গে **গরীয়সী**।

**গরু— গোরু** -র বর্জিত বানান।

**গর্কি, মাক্সিম** Maximovich Gorky 1868-1936. রুশ ঔপন্যাসিক।

**গর্দানি** ঘাড়ধাক্কা। 'গর্দনী' বর্জিত।

**গর্বিণী**।

**গর্বী** গর্বিত, অহংকারী।

**গর্বোজ্জ্বল**। **গর্বোদ্ধত**।

**গর্ভচ্যুত**। **গর্ভধারিণী**।

**গর্ভনিঃসৃত**। 'গর্ভনিসৃত' ভুল।

**গর্ভিণী**।

**গলগল**। 'গল্‌গল্' বর্জিত।

**গলদ্‌ঘর্ম**। হস্-চিহ্ন আবশ্যিক।

**গলনাঙ্ক** melting point (পরি.)।

**গলসওআর্দি, জন** John Galsworthy 1867-1933. ইংরেজ ঔপন্যাসিক।

**গলব্রেথ** দ্র **গ্যালব্রেথ**।

**গলাখাঁকারি** একটি শব্দ।

**গলাগলি, গলাধাক্কা** দুটিই একটি শব্দ হিসাবে লেখ্য। হাইফেন নয়।

**গলাবাজি**।

**গলায়-গলায়**। হাইফেন বাঞ্ছিত।

**গল্পগুজব, গল্পসল্প**। একটি শব্দ হিসাবে লেখ্য।

**গল্পে-গল্পে** গল্প করতে-করতে। উদা.—গল্পে-গল্পে অনেক বেলা হয়ে গেল। হাইফেন বাঞ্ছিত।

**গ.সা.গু** পূর্ণরূপ **গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক**।

**গস্তানি** কুলটা, গণিকা। 'গস্তানী' নয়।

**গহিন, গহীন** গহন ও গভীর এর মিলনজাত বাংলা শব্দ। দ্বিতীয় বানান অধিকতর প্রচলিত হলেও প্রথমটিই সংগত। শব্দটি ঈষৎ কাব্যিক, এতে ঋজুতার অভাব আছে।

**গাইন**। **গায়েন**-এর কথ্য রূপ।

**গাইনিকোলজি** gynaechology. প্রায়শ সংক্ষেপে **গাইনি**। 'গাইনোকলজি' ভুল।

**গাং, গাঙ** নদী। প্রথম বানান বর্তমানে অধিকতর প্রচলিত।

**গাংগুলি, গাঙ্গুলি**। **গঙ্গোপাধ্যায়** -এর ইংরেজি রূপের প্রতিবর্ণীকরণ। তবে বাংলায় **গঙ্গোপাধ্যায়** লেখাই সংগত।

**গাংতোক** সিকিম রাজ্যের রাজধানী, ইংরেজি রীতিতে যা **গ্যাংটক** নামে পরিচিত।

**গাঁইয়া** (সচরাচর নিন্দায়) গ্রাম্য।

**গাঁক-গাঁক করা, গাঁক-গাঁক করে** হাইফেন বাঞ্ছিত।

**গাঁটকাটা** বিণ গাঁট কাটে এমন। একটি শব্দ।

**গাঁটরি, গাঁঠরি** প্রথমটি কথ্য ও উচ্চারণানুগ বানান।

**গাঁট্টা** আঙুলের গাঁট দিয়ে আঘাত। চন্দ্রবিন্দু চাই।

**গাঁট্টাগোঁট্টা** দ্র **গাট্টাগোট্টা**।

**গাঁদা** ফুলবিশেষ। কথ্য **গ্যাঁদা**। 'গেঁদা' বর্জিত।

# গ

**গাগরি**। 'গাগরী' শুদ্ধ হলেও **গাগরি** সংগততর।
**গাগারিন, ইউরি** Yuri Gagarin 1934-1968. রুশ মহাকাশচারী। 'গ্যাগারিন' নয়।
**গাঙ, গাঙ্গ**[১] নদী অর্থে গাং-এর বর্জিত বানান।
**গাঙ্গ**[২] বিণ. গাঙ্গেয়, গঙ্গা থেকে উৎপন্ন।
**গাছগাছড়া** কিংবা **গাছ-গাছড়া**। তবে প্রথমটি সংগততর। **গাছগাছালি**। 'গাছগাছলি' নয়।
**গা-ছমছম**। হাইফেন চাই।
**গাজি** মুসলমান পির বা ধর্মযোদ্ধা। 'গাজী' বর্জিত বানান। **গাজির গান, গাজির পট**।
**'গাজী মিঞার বস্তানী'** মীর মশার্‌রফ হোসেনের উপন্যাস (১৩০৬ বঙ্গাব্দ)।
**গাট্টাগোট্টা** চন্দ্রবিন্দু নয়।
**গাড্ডা মারা** (অশোভন) (কথ্য) পরীক্ষা ইত্যাদিতে অসফল হওয়া। **গাড্ডায় পড়া** (কথ্য) বিপদে পড়া।
**গাড়ওয়ান** দ্র **গাড়োয়ান**।
**গাড়ল** ভেড়া ; নির্বোধ, আহাম্মক। 'গাঁড়ল' নয়।
**গাড়োয়ান, গাড়ওয়ান** প্রথমটি সংগত।
**গাড়োয়ালি** বি. উত্তর ভারতের পার্বত্য অঞ্চলের ভাষাবিশেষ ; বিণ. গাড়োয়াল-সম্বন্ধীয়। কোনো অর্থেই 'গাড়োয়ালী' নয়।
**গাণ্ডিব**। 'গাণ্ডীব' শুদ্ধ বিকল্প কিন্তু বর্জনীয়। **গাণ্ডিবী** গাণ্ডিবধারী অর্জুন।
**গাণ্ডেপিণ্ডে**। **গণ্ডেপিণ্ডে** অধিকতর প্রচলিত।
**গাত্রমার্জনী** তোয়ালে গামছা ইত্যাদি যা দিয়ে গা মোছা হয়।
**গাত্রাবরণী, গাত্রাবরণ**।
**'গাথাসপ্তশতী'** প্রাকৃত ভাষায় রচিত শ্লোকসংকলন, প্রাকৃত নাম **গাহাসত্তসই**, রচনাকাল খ্রিস্টীয় ষষ্ঠ-সপ্তম শতক।
**গাদাগাদা** কিংবা **গাদা-গাদা**। উদা. গাদা-গাদা বই। কিন্তু **গাদাগাদি** শব্দে হাইফেন নয়।
**গাদা-বন্দুক** হাইফেন চাই।
**গাধাবোট** একটি শব্দ, হাইফেন নয়।
**গান্ধারী** -রি নয়।
**গান্ধি, গান্ধিজি, গান্ধীজি** (আ. বা. প.), 'গান্ধীজী নয়।'
**গান্ধি, মোহনদাস করমচাঁদ** ১৮৬৯-১৯৪৮।
**গান্ধিপোকা, গাঁধিপোকা** সম্ভবত গন্ধাপোকা থেকে।
**গাপ**। গায়েব-এর চলিত রূপ।
**গাফিলতি**।
**গাফিলি**। **গাফিলতি**-র অপ্র. রূপ।
**গাবদা-গোবদা** মোটাসোটা। হাইফেন চাই।
**গাভিন**। 'গাভীন' বর্জিত বানান।
**গামা, ভাস্কো দা** Vasco da Gama 1465-1525 পর্তুগিজ নাবিক ও পর্যটক।
**গাম্ভারি** গাছবিশেষ।
**গায়, গায়ে** গা-শব্দের সপ্তমী বিভক্তিতে দ্বিতীয়টি সংগত। উদা.—গায়ে জ্বর, গায়ে জোর। অনুরূপভাবে **গায়ের**।
**গায়কি** সংগীতে ঘরানার বা শিল্পীর স্বকীয় পদ্ধতি বা বৈশিষ্ট্য। 'গায়কী' নয়।
**গায়ানা** Guyana. পূর্ববর্তী British Guyana-র বর্তমান নাম। 'গিয়ানা' নয়।
**গায়ে** দ্র **গায়**।
**গায়ে-গায়ে** গায়ের সঙ্গে লাগানো রয়েছে এমন, ঘেঁষাঘেঁষি। হাইফেন চাই। উদা.—গায়ে-গায়ে বাড়ি।
**গায়েবি** গায়েব+ই। 'গায়েবী' নয়।
**গায়ে-হলুদ** হাইফেন চাই।
**গারিবালদি, জুসেপ্পে** Giuseppe Garibaldi 1807-1882. ইতালীয় দেশপ্রেমিক ও বিপ্লবী।
**গা রি-রি** কিংবা **গা রিরি**।
**গারুড়** গরুড়-সম্বন্ধীয় ; পৌরাণিক অস্ত্রবিশেষ।
**গার্গী** পৌরাণিক যুগের বিদুষী নারী, গর্গমুনির কন্যা। **গার্গি** গর্গমুনির পুত্র। বাংলায় স্বল্পব্যবহৃত।
**গার্জেন** ইং. guardian শব্দ থেকে উদ্ভূত বাংলা শব্দ। **গার্জেনগিরি, গার্জেনি**। প্রতিবর্ণীকরণে **গার্ডিয়ান** লেখ্য।
**গার্ড** guard.
**গার্ডনার**[১] Gardner. **গার্ডনার**[২] Gardiner 'গার্ডিনার' নয়।
**গার্হপত্য** চিরপ্রজ্বলিত অগ্নি।
**গার্হস্থ, গার্হস্থ্য** দুইই শুদ্ধ, তবে দ্বিতীয়টি

# গ

অধিকতর প্রচলিত।
**গাল টিপলে দুধ বেরয়** কিংবা **গলা টিপলে দুধ বেরয়**।
**গালভানি, লুইজি** Luigi Galvani 1737-1798 ইতালীয় বিজ্ঞানী।
**গালিব,** আসাদউল্লা খান (মির্জা) ১৭৯৭-১৮৬৯। উর্দু ও ফারসি কবি।
**গালিলেও গালিলেই** Galileo Galilei 1564-1642. ইতালীয় বিজ্ঞানী।
**গিঁঠ,** গাঁট ; বাঁধন। **গিঁট** কথ্য।
**গিজগিজ** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।
**গিজার** geyser মূল অর্থ উষ্ণ প্রস্রবণ hotspring. বর্তমানে প্রচলিত অর্থ গরম জলের পাত্র বা জল গরম করার যন্ত্র।
**গিদ্ধড়,** বি. শিয়াল ; গাধা অর্থ ভুল। বিণ. নোংরা। এ থেকে কথ্য **গিদড়** বা **গিদেড়**।
**গিনি** ২২ ভাগ সোনার সঙ্গে ২ ভাগ তামা মিশিয়ে প্রস্তুত মুদ্রা। **গিনিসোনা** উক্ত অনুপাতযুক্ত সোনা।
**গিন্নি, গিন্নিবান্নি**। 'গিন্নী' নয়। 'গিন্নিবান্নী' নয়।
**গিপুথকোয়া** Guipuzcoa উত্তর-স্পেনের শহর। 'গিপুজকোয়া' নয়।
**গিয়াসউদ্দিন** 'গিয়াসুদ্দিন', 'গিয়াসউদ্দীন' নয়।
**গিরগিটি**। 'গিরগিটী' বর্জিত।
**গিরিকন্দর, গিরিগহ্বর** এক শব্দ হিসাবে লেখ্য।
**গিরিদরি** পর্বতের গুহা। 'গিরিদরী' বর্জিত।
**গিরিরানি, গিরিরানী** প্রথমটি সংগত।
**গিরিশ** মহাদেব।
**গিরিশচন্দ্র ঘোষ** ১৮৪৪-১৯১২। নাট্যকার। প্রধান নাটক, 'প্রফুল্ল', 'বিল্বমঙ্গল', 'আবুহোসেন বা হঠাৎ বাদশাহ' এবং 'মীরকাশিম'।
**গিরীন্দ্র, গিরীশ** হিমালয়।
**গির্জা**। 'গীর্জা' নয়।
**গির্দা, গিরদা** তাকিয়া। প্রথমটি অধিকতর প্রচলিত। কিন্তু দ্বিতীয়টি সংগত।
**গিলটি, গিল্টি** প্রথম বানান অধিকতর সংগত।
**গিলে** গিলেফল বা তা দিয়ে ধুতি পাঞ্জাবি ইত্যাদি কোঁচানো। **গিলা** মার্জিত রূপ কিন্তু অপ্র.।
**গিল্ড** guild.
**'গীতগোবিন্দ'** কবি জয়দেবের সংস্কৃত কাব্য।
**গীতা** আঠারো অধ্যায়ে বিভক্ত গ্রন্থ, মহাভারতের ভীষ্মপর্বের অন্তর্গত এবং হিন্দুধর্মের গুরুত্বপূর্ণ গ্রন্থ, সম্পূর্ণ নাম **শ্রীমদ্ভগবদগীতা** কিংবা **শ্রীমদ্‌ভগবদ্‌গীতা**।
**'গীতাঞ্জলি'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্য (১৯১০)।
**গীতি-আলেখ্য** হাইফেন বাঞ্ছিত।
**গীতিকবিতা** সুরধর্মী, গীতধর্মী কবিতা, লিরিক। একটি শব্দ।
**'গীতিগুঞ্জ'** অতুলপ্রসাদ সেন রচিত গানের সংকলন।
**গীর্ণ** গিলিত ; বর্ণিত।
**গীর্দেবী** দেবী সরস্বতী।
**গীষ্পতি** দেবগুরু বৃহস্পতি। **গীর্পতি** বিকল্প বানান হলেও **গীষ্পতি** প্রচলিত।
**গুগ্‌গুল**।
**গুজরত**। 'গুজরৎ' নয়।
**গুজরতি** ছোট এলাচবিশেষ। 'গুজরতী' নয়।
**গুজরাত**। 'গুজরাট' নয়।
**গুজরাতি** -তী নয়।
**গুঞ্জরন**। 'গুঞ্জরণ' বর্জিত।
**গুটিসুটি**। কিংবা **গুটিশুটি**।
**গুড়াকেশ** নিদ্রাজয়ী ; অর্জুন ; মহাদেব।
**গুড়ূচী** গুলঞ্চ। 'গুড়চি' ভুল।
**গুণক** multiplier (পরি.)।
**গুণগ্রাহী, গুণগ্রাহিণী, গুণগ্রাহিতা**।
**গুণনীয়ক** factor (পরি.)।
**গুণরাজ খাঁ** ১৫শ-১৬শ শতক। প্রকৃত নাম মালাধর বসু, 'শ্রীকৃষ্ণবিজয়'-এর রচয়িতা।
**গুণাতীত**।
**গুণান্বিত**।
**গুণিতক** .-নি-নয়।
**গুণিন** দ্র **গুনিন**।
**গুণোপেত** গুণবান।
**গুনতি**। 'গুন্তি' নয়।
**গুনাগার** আক্কেলসেলামি। **গুনোগার** কথ্য।
**গুনিন**। 'গুণিন' নয়।
**গুবরেপোকা** একটি শব্দ।
**গুমগুম**। 'গুম্‌গুম্' অপ্রয়োজনীয়।

**গুমট, গুমোট** বর্তমানে দ্বিতীয় বানান অধিকতর প্রচলিত।
**গুমটি**। 'গুমটী' বর্জিত।
**গুমরানো**। 'গুমরান' বর্জিত।
**গুমসা** ভ্যাঁপসা। **গুমসো** কথ্য।
**গুম্বজ** দ্র **গম্বুজ**।
**গুয়াদালাহারা** Guadalajara উত্তর-মধ্য স্পেনের প্রাচীন শহর।
**গুয়াহাটি**। 'গৌহাটি' পুরনো রূপ।
**গুরুচণ্ডালি**। -লী নয়।
**গুরুমারা** একটি শব্দ, হাইফেন নয়। উদা.—গুরুমারা বিদ্যা।
**গুরুমুখি** নানক-প্রবর্তিত ও প্রভাবিত পঞ্জাবি ভাষা ও লিপি। হিন্দি বা পঞ্জাবি রূপভেদ 'গুরমুখী'। বাংলায় 'গুরুমুখী' প্রচলিত কিন্তু অসংগত।
**গুর্খা** দ্র **গোরখা**।
**গুর্জরি**। 'গুর্জরী' বর্জিত।
**গুলতানি** জটলা, আড্ডা। **গুলতান** সমার্থক শব্দ কিন্তু অপ্র.।
**গুল্‌ফ** গোড়ালি। ল্‌ লক্ষণীয়।
**গুষ্ঠি, গুষ্টি** গোষ্ঠী। **গুষ্ঠির পিণ্ডি, গুষ্টির পিণ্ডি**। 'গোষ্ঠীর পিণ্ডি' নয়।
**গুহাচিত্র, গুহামন্দির, গুহাশিল্প, গুহামানব** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**গূঢ়ৈষণা** মনের জটিলতা বা অস্বাভাবিকতা, complex.
**গৃধিনী** স্ত্রী-শকুন।
**গৃধ্নু** লোভী ; লোভযুক্ত।
**গৃধ্র** শকুন।
**গৃহকপোত** একটি শব্দ।
**গৃহগোধিকা, গৃহদেবতা, গৃহনির্মাণ**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**'গৃহদাহ'** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৯২০)।
**গৃহবন্দি**। 'গৃহবন্দী' বর্জিত।
**গৃহবলিভুক** বি. কাক ; চড়ুই ; পায়রা। -ভুক্‌ নয়।
**গৃহিণী**। **গৃহিণীপনা**।
**গেও, গেয়ো** গাহিয়ো অর্থে, ভবিষ্যৎ অনুজ্ঞায় দ্বিতীয় বানান গ্রহণীয়। উদা.—একটি গান গেয়ো।
**গেঁজ** অঙ্কুর। 'গ্যাঁজ' নয়।
**গেঁজলা** বর্জিত। **গাঁজলা** কিংবা **গ্যাঁজলা** লেখ্য।
**গেঁদা** দ্র **গাঁদা**।
**গেজ** gauge. 'গজ' নয়।
**গেজেটিয়ার** gazetteer.
**গোইয়া ই লুথিয়েন্তেস, ফ্রান্‌থিস্‌কো** Francisco Goya Y Lucientes 1746-1828. স্পেনীয় চিত্রশিল্পী।
**গোঁফখেজুরে** একটি শব্দ।
**গোঁয়ারতুমি, গোঁয়ার্তুমি** প্রথম বানান সংগত, যদিও দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**গোঁসাই** দ্র **গোসাঁই**।
**গোখলে, গোপালকৃষ্ণ** ১৮৬৬-১৯১৫. 'গোখেল' নয়।
**গোগ্যাঁ, আঁরি পোল** Henri Paul Gauguin 1848-1903. ফরাসি চিত্রশিল্পী।
**গোঙানি** বি.। **গোঙানো** ক্রি. বি.। -ঙ্গা- নয়।
**গোছানো** বি. ক্রি.।
**গোছালো** বিণ. সুশৃঙ্খল, বিন্যস্ত।
**গোণা, গোণাগুনতি** বর্জিত। দ্র **গোনা**।
**গোতিয়ে, তেঅফিল** Théophil Gautier 1811-1872. ফরাসি কবি ও ঔপন্যাসিক।
**গোদরেজ** Godrej. 'গডরেজ' নয়।
**গোদাবরী** দক্ষিণ ভারতের দীর্ঘতম নদী, দৈর্ঘ্যে ১৪৬৫ কি মি।
**গোনা—গনা** -র কথ্য ও অধিকতর প্রচলিত রূপ। -ণা নয়।
**গোনাগুনতি** -ন্তি নয়।
**গোপাঙ্গনা** -ণা নয়।
**গোপালকৃষ্ণ গোখলে** দ্র **গোখলে**।
**গোপুরম** দক্ষিণ ভারতের মন্দিরদ্বারের শীর্ষস্থ চূড়াবিশেষ।
**গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়** ১৮৮০-১৯৬২ বিষ্ণুপুরের প্রখ্যাত সংগীতজ্ঞ।
**গোবরাট** দরজার ফ্রেমের কাঠ। 'গোবরাঠ' নয়।
**গোবেচারি** -রী নয়।

# গ

**গোরক্ষনাথ** মার্জিত, **গোরখনাথ** কথ্য ও চলিত।
**গোরখা, গোর্খা** প্রথমটি অধিকতর সংগত। 'গুরখা', 'গুর্খা' নয়।
**'গোরা'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস (১৯১০)।
**গোরু মেরে জুতো দান।** 'জুতো মেরে গোরু দান' নয়।
**গোরোচনা** -চো নয়।
**গোর্খালি** দার্জিলিঙের নেপালিদের ভাষা।
**গোলক, গোলোক** প্রথমটির অর্থ গোলাকার বস্তু, দ্বিতীয়টির অর্থ বৈকুণ্ঠ, বিষ্ণুলোক।
**গোলকধাঁধা** < হি. গোরখধান্ধা।
**গোলকোণ্ডা** অন্ধ্রপ্রদেশের হায়দরাবাদের নিকটবর্তী ইতিহাসবিশ্রুত দুর্গময় শহর। 'গোলকুণ্ডা' নয়।
**গোলন্দাজি** -জী নয়।
**গোলাপি** -পী নয়। -বি নয়, -বী নয়।
**গোলামি** -মী নয়।
**গোলোকধাম।** 'গোলকধাম' নয়।
**গোল্ডিং, উইলিয়াম** William Golding 1911-1993 ইংরেজ ঔপন্যাসিক, 'লর্ড অব দ্য ফ্লাইজ' এর রচয়িতা।
**গোশত, গোস্ত** প্রথমটি ব্যুৎপত্তি-অনুসারী ( ফা. গোশ্‌ৎ), দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**গোষ্ঠী** -ষ্ঠি নয়।
**গোষ্ঠীগত, গোষ্ঠীতন্ত্র, গোষ্ঠীদ্বন্দ্ব, গোষ্ঠীনিরপেক্ষ, গোষ্ঠীভুক্ত** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য। -ষ্ঠি নয়।
**গোসল** স্নান। -শ- নয়।
**গোসা** রাগ, ক্রোধ। গোঁ- নয়।
**গোসাঁই, গোঁসাই** প্রথমটি সংগত (< গোস্বামী), কিন্তু দ্বিতীয়টিই অধিকতর প্রচলিত।
**গোস্ত** দ্র **গোশত।**
**গো-হারা** বি. বিণ.। হাইফেন বাঞ্ছিত।
**গৌড়সারং** সারং শ্রেণীর প্রাতঃকালীন রাগবিশেষ।
**গৌড়ি** গৌড় সম্বন্ধীয়। বাংলা ই প্রত্যয়। উদা.—গৌড়ি রীতি। -ড়ী অপ্রয়োজনীয়। কিন্তু **গৌড়ীয়।**
**গৌড়ীয় সমাজ** রাধাকান্ত দেব, দ্বারকানাথ ঠাকুর, রামকমল সেন প্রমুখের উদ্যোগে গঠিত সংগঠন (১৮২৩)।
**গৌহাটি** দ্র **গুয়াহাটি।**
**গ্যাঁজলা** দ্র **গেঁজলা।**
**গ্যাঁজানো।** **গাঁজানো**-র কথ্য রূপ। গল্প করা অর্থে কথ্য, অশোভন।
**গ্যাঁড়াকল** গেঁড়া- নয়।
**গ্যারান্টি** guarantee.
**গ্যারিবলডি** দ্র **গারিবালদি।**
**গ্যারিসন** garrison.
**গ্যালব্রেথ, জন কেনিথ** John Kenneth Galbraith জন্ম 1908. আমেরিকান অর্থনীতিবিদ।
**গ্যালাক্সি** galaxy.
**গ্যালি, গ্যালিপ্রুফ।** 'গালি' নয়।
**গ্যাস** gas.
**গ্যাসীয়, গ্যাস্ট্রিক, গ্যাস্ট্রো-এনটেরাইটিস।**
**গ্যাসোলিন** gasolene.
**গ্যেটে, ইয়োহান ভোলফগাং ফন** Johann Wolfgang von Goethe 1749-1832. জার্মান কবি ও ঔপন্যাসিক।
**গ্রথন** রচনা, বিন্যাস। বিণ. **গ্রথিত।**
**গ্রন্থতালিকা** একটি শব্দ।
**গ্রন্থন, গ্রন্থনা** রচনা, বিন্যাস, গ্রথন। বিণ. **গ্রন্থিত।**
**গ্রন্থসাহেব** শিখদের ধর্মগ্রন্থ, অন্য নাম **আদিগ্রন্থ।**
**গ্রস্ত** (যাকে) গ্রাস করা হয়েছে এমন। -স্থ নয়। উদা.—শাপগ্রস্ত, দুর্দশাগ্রস্ত।
**গ্রস্ত উপত্যকা** দুই শব্দ, অসং. সমাস।
**গ্রহণি, গ্রহণী** রোগবিশেষ ; ক্ষুদ্রান্তের অংশবিশেষ। বানানভেদ, প্রথমটি গ্রহণীয়।
**গ্রহদেবতা, গ্রহবিপাক, গ্রহবৈগুণ্য** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**গ্রহাণুপুঞ্জ** asteroids (পরি.)।
**গ্রাঁ প্রি** Grand Prix শ্রেষ্ঠ বা অতি-সম্মানজনক পুরস্কার।
**গ্রাইন্ডার** grinder.
**গ্রামশি, আন্তনিয়ো** Antonio Gramsci

1891-1937 ইতালীয় দার্শনিক ও রাষ্ট্রবিজ্ঞানী।

**গ্রামীণ -মি- নয়।** বিণ. নিন্দাজনক অনুষঙ্গ নেই। দ্র **গ্রাম্য।**

**গ্রামোফোন** gramophone. কেবল প্রতিবর্ণীকরণ বোঝাতে **গ্র্যামোফোন।**

**গ্রাম্য** বিণ. গ্রামীণ, গ্রামসম্বন্ধীয়। নিন্দাজনক অনুষঙ্গ আছে।

**গ্রাসনালি** -লী নয়।

**গ্রিক** Greek. গ্রী- নয়। **গ্রিস** Greece গ্রী- নয়।

**গ্রিজ** greese. গ্রী- নয়।

**গ্রিন** green. -ণ নয়, গ্রী- নয়। **গ্রিনরুম** greenroom.

**গ্রিনিজ** কিংবা **গ্রিনিচ** Greenwich. গ্রী- নয়, -উইচ নয়।

**গ্রিয়ারসন, জর্জ অ্যাব্রাহাম** George Abraham Grierson 1851-1941. আইরিশ সিভিলিয়ান, ভারতের ভাষাসমূহে ব্যুৎপন্ন, Linguistic Survey of India, An Introduction to the Maithili Language of North Bihar প্রভৃতি গ্রন্থের রচয়িতা।

**গ্রিল** grill.

**গ্রীক, গ্রীজ, গ্রীণ, গ্রীনিচ** যথাক্রমে **গ্রিক, গ্রিজ, গ্রিন** ও **গ্রিনিজ** দ্র।

**গ্রীবা** কণ্ঠ, গলদেশ। বিণ. **গ্রৈব, গ্রৈবেয়।**

**গ্রীষ্ম** -স্ম নয়। বিণ. **গ্রৈষ্মিক।**

**গ্রেন** grain -ণ নয়। এক গ্রেন= এক ভরির একশো আশি ভাগের এক ভাগ।

**গ্রেনেড** grenade.

**গ্রেপ্তার, গ্রেফতার। গ্রেপ্তারি, গ্রেফতারি** -রী নয়।

**গ্রেভস, রবার্ট** Robert Graves জন্ম 1895 আইরিশ কবি।

**গ্রৈব** দ্র **গ্রীবা।**

**গ্রৈষ্মিক** দ্র **গ্রীষ্ম।**

**গ্রোশিয়াস, হিউগো** Hugo Grotius 1583-1645 ওলন্দাজ আইনবিদ।

**গ্র্যাচুইটি** gratuity. অবশ্য প্রতিবর্ণীকরণে **গ্র্যাটিউইটি।**

**গ্র্যানিট** granite. 'গ্র্যানাইট' নয়।

**গ্র্যান্ড, গ্র্যান্ডমাস্টার।**

**গ্র্যান্ডস্ল্যাম** grandslam একই বছরের মধ্যে প্রত্যেকটি প্রধান খেলায় জয়লাভ (প্রধানত টেনিসে)।

**গ্র্যাফাইট** graphite. গ্রা- নয়।

**গ্র্যামার** কেবল grammarএর প্রতিবর্ণীকরণে। অন্যত্র **গ্রামার।** উদা.—ইংরেজি গ্রামার পড়ানো।

**গ্লকোমা** glaucoma. গ্লু- নয়।

**গ্লস্টার** Gloucester. 'গ্লসেস্টার' নয়।

**গ্লাইডার** glider.

**গ্লানি** -নী নয়।

**গ্লাসগো** Glasgo. গ্ল্যা- নয়।


**গ্লুকোমা** দ্র **গ্লকোমা।**

**গ্ল্যাডস্টোন, উইলিয়াম ইউআর্ট** William Ewart Gladstone 1809-1898 ব্রিটিশ রাজনীতিবিদ।

**গ্ল্যামার** glamour.

**গ্ল্যাসগো** দ্র **গ্লাসগো।**

**গ্ল্যাসিয়ার** glacier. গ্লে- নয়।



# ঘ

**ঘটকালি** -লী নয়।
**ঘটঘট**। 'ঘট্ঘট্' নয়।
**ঘটতি**—**ঘাটতি**-র অপ্র. রূপ।
**ঘটনাবলি** -লী নয়।
**ঘটমান অতীত, ঘটমান বর্তমান** প্রতিটি পৃথক শব্দ হিসাবে লেখ্য, অসংলগ্ন সমাস।
**ঘটি** -টী নয়।
**ঘড়ঘড়**। 'ঘড়্ঘড়্' নয়।
**ঘড়ি**। 'ঘড়ী' বর্জিত।
**ঘড়ি-ঘড়ি** ক্রি-বিণ. ঘন্টায়-ঘন্টায়। হাইফেন বাঞ্ছিত।
**ঘন** cube, cubic, solid (পরি.)।
**ঘনঘটা, ঘনঘোর, ঘনবিন্যাস** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**ঘন-ঘন** ক্রি-বিণ. প্রায়ই, ঘেঁষাঘেঁষি। হাইফেন বাঞ্ছিত।
**ঘনত্ব** density (পরি.)।
**ঘনফুট** cubic foot (পরি.)।
**ঘনবসতি** একটি শব্দ।
**ঘনমূল** cube root (পরি.)।
**ঘনাঙ্ক** ঘনত্ব, density (পরি.)।
**ঘনাত্যয়** বর্ষার শেষ, শরৎ।
**ঘনানো** বি. ক্রি. ঘনিয়ে আসা। 'ঘনান' নয়।
**ঘনিষ্ঠ** -ষ্ট নয়।
**ঘনীকৃত** -নি নয়।
**ঘনীভবন, ঘনীভূত** -নি নয়।
**ঘর কাটা, ঘর-কাটা** প্রথমটি ক্রি. বি.। দ্বিতীয়টি বিণ. উদা.—ঘর কাটছি ; ঘর-কাটা কাগজ।
**ঘরকরনা** মার্জিত, **ঘরকন্না** চলিত, কথ্য।
**ঘরকুনো, ঘরছাড়া** (বিণ.), **ঘরজামাই, ঘরপোড়া ঘরসন্ধানী** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**ঘর-জ্বালানে** কিংবা **ঘরজ্বালানে**। 'ঘর জ্বালানে' নয়।
**ঘরনি** -ণি, -ণী নয়।
**ঘরসংসার** একটি শব্দ। হাইফেন অপ্রয়োজনীয়।
**ঘরানা** -ণা নয়।
**ঘরামি** -মী নয়।
**ঘরে-ঘরে** প্রতি ঘরে। হাইফেন আবশ্যিক।
**'ঘরে-বাইরে'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস (১৯১৬)।
**'ঘরোয়া'** অনুলিখিত স্মৃতিকথা, অবনীন্দ্রনাথ ঠাকুর (১৩৪৮)।
**ঘরোয়া বিবাদ, ঘরোয়া ব্যাপার, ঘরোয়া লোক** প্রতিটি পৃথক শব্দ হিসাবে লেখ্য।
**ঘর্মাক্তকলেবর** বিণ. দেহ ঘর্মাক্ত এমন। উদা.—ঘর্মাক্তকলেবর শ্রমিক। **ঘর্মাক্ত কলেবর** যে-দেহ ঘর্মাক্ত।
**ঘষটানি, ঘষটানো** -স নয়।
**ঘষা** -সা নয়।
**ঘষাঘষি** একটি শব্দ, হাইফেন নয়।
**ঘষামাজা** কিংবা **ঘষা-মাজা**।
**ঘষে-ঘষে** ক্রি-বিণ. ঘষতে-ঘষতে। হাইফেন বাঞ্ছিত।
**ঘষে-মেজে** হাইফেন অপরিহার্য।
**ঘাঁটাঘাঁটি** একটি শব্দ।
**ঘাঁতঘোঁত** সুলুক-সন্ধান, অন্ধিসন্ধি। একটি শব্দ, হাইফেন নয়, 'ঘাঁৎঘোঁৎ' নয়।
**ঘা-কতক** হাইফেন আবশ্যিক।
**ঘাগরা, ঘাঘরা** প্রথমটি অধিকতর প্রচলিত।
**ঘাগি, ঘাগু** ভুক্তভোগী, (নিন্দার্থে) অভিজ্ঞ। 'ঘাগী', 'ঘাঘী' নয়।
**ঘাটে-ঘাটে** প্রতি ঘাটে। হাইফেন বাঞ্ছিত।
**ঘাটোয়ালি** ঘাটোয়ালের কাজ ; **ঘাটোয়াল**-এর স্ত্রী। -লী নয়।
**ঘাড়ে-গর্দানে** হাইফেন অপরিহার্য।
**ঘাত-প্রতিঘাত** হাইফেন আবশ্যিক।
**ঘানি**। 'ঘানী' বর্জিত।
**ঘিনঘিন**। 'ঘিন্ঘিন্' নয়।
**ঘুংড়িকাশি** -রি নয়।
**ঘুঁজি** উদা.—গলিঘুঁজি।
**ঘুঁটি** দাবা পাশা প্রভৃতি খেলায় ব্যবহৃত গুটিকা। 'গুঁটি' কথ্য।
**ঘুগনি**। 'ঘুঘনি', 'ঘুগনী' নয়।
**ঘুঙুর**। 'ঘুঙ্গুর' বর্জিত।
**ঘুটঘুট, ঘুটঘুটে** -ট্- নয়।
**ঘুড়ি১** আকাশে ওড়াবার কাগজের খেলনাবিশেষ। -ড়ী বর্জিত।
**ঘুড়ি২** স্ত্রী-ঘোড়া। -ড়ী নয়।
**ঘুনশি** শিশুদের কোমরে বাঁধার সুতো। -সি

# ঘ

নয়।

**ঘুপচি, ঘুপসি** বিণ. অন্ধকার, সরু ও চাপা। প্রথমটি কথ্য এবং অধিকতর প্রচলিত।

**ঘুম-কাতুরে** হাইফেন বাঞ্ছিত।

**ঘুম-পাড়ানি** হাইফেন বাঞ্ছিত। -নী নয়।

**ঘুরতে-ঘুরতে** ক্রি-বিণ. হাইফেন আবশ্যিক।

**ঘুরানো** কিংবা **ঘুরনো**। 'ঘুরোনো' নয়।

**ঘুরে-ফিরে** হাইফেন বাঞ্ছিত।

**ঘুলানো, ঘুলিয়ে যাওয়া** নেড়ে ঘোলা করা, মিশানো, আলোড়িত করা বা হওয়া। উদা.—ডিমের কুসুম ঘুলানো। দ্বিতীয় অর্থ জটিল বা বিভ্রান্ত করা, গোলামাল হয়ে যাওয়া। উদা.—বুদ্ধি ঘুলিয়ে যাওয়া। এই দ্বিতীয় অর্থে **গুলিয়ে যাওয়া** এবং **ঘুলিয়ে যাওয়া** নির্বিশেষে ব্যবহৃত।

**ঘুষ** দ্র **ঘুস**।

**ঘুষঘুষে** দ্র **ঘুসঘুসে**।

**ঘুষি** দ্র **ঘুসি**।

**ঘুস** উৎকোচ। -ষ নয়, ঘুঁ- নয়।

**ঘুসঘুসে** স্পষ্টভাবে প্রকাশিত নয় এমন, চাপা। উদা.—ঘুসঘুসে জ্বর। 'ঘুষঘুষে' নয়।

**ঘুসি** হাতের মুঠোর আঘাত। -ষি নয়, ঘুঁ-নয়। **ঘুসাঘুসি** সাধুরীতির শব্দ, **ঘুসোঘুসি** কথ্য ও চলিত।

**ঘূর্ণ** দ্র **ঘূর্ণি**।

**ঘূর্ণমান** ঘুরছে এমন। 'ঘূর্ণ্যমান' নয়।

**ঘূর্ণায়মান** ঘুরছে এমন, ঘূর্ণমান। এই অর্থে **ঘূর্ণমান** লেখাই সংগত, 'ঘূর্ণায়মান' অশুদ্ধ নয়, তবে অপ্রয়োজনীয়।

**ঘূর্ণি, ঘূর্ণ** পৃথক শব্দ হিসাবে বিশেষ্যে প্রথমটিই প্রচলিত, দ্বিতীয়টি অপেক্ষাকৃত স্বল্পপ্রচলিত। কিন্তু ঘূর্ণবায়ু, ঘূর্ণিবায়ু সমান প্রচলিত। **ঘূর্ণিজল**। 'ঘূর্ণজল' নয়।

**ঘৃতপক্ব**। -ক্ক নয়।

**ঘৃতাহুতি**। -হূ- নয়।

**ঘেঁচু** কচু ; কিছুই না। ঘে-নয়।

**ঘেঁটু**। ঘে- নয়।

**ঘেঁষা** ছোঁয়া, কাছাকাছি যাওয়া। -সা নয়।

**ঘেঁষাঘেঁষি** একটি শব্দ, হাইফেন নয়।

**ঘেঁস** ইট-পাথর-কয়লার গুঁড়ো। ঘে- নয়, -য নয়।

**ঘেঙিয়ে, ঘেঙিয়ে-ঘেঙিয়ে**। দ্র **ঘ্যাঙানি**।

**ঘেনঘেন** দ্র **ঘ্যানঘ্যান**।

**ঘোঁট** জটলা। উদা.—ঘোঁট পাকানো।

**ঘোঁতঘোঁত** শুয়োরের ডাক বা অসন্তোষ প্রকাশের ধ্বনি। 'ঘোঁৎঘোঁৎ' নয়।

**ঘোটন** আলোড়ন, মিশ্রণ। ঘোঁ- নয়।

**ঘোর-ঘোর** বি. অন্ধকারের ভাব। উদা.—ঘোর-ঘোর হয়ে আসছে। হাইফেন বাঞ্ছিত।

**ঘোরপ্যাঁচ** হাইফেন নয়, -পেঁচ নয়।

**ঘোরানো—ঘুরানো** -র চলিত রূপ। 'ঘোরান' নয়।

**ঘোরালো** গাঢ়, জটিল, অন্ধকারময়। -ল নয়।

**ঘোলমউনি** কিংবা **ঘোল-মউনি**। -নী নয়।

**ঘ্যাঁট** নানারকম সবজির মিশ্রিত ব্যঞ্জন। ঘ্যা- নয়।


**ঘ্যাঙর-ঘ্যাং** ব্যাঙের ডাক।

**ঘ্যাঙানি** কাতরোক্তি। কিন্তু **ঘেঙিয়ে, ঘেঙিয়ে-ঘেঙিয়ে**।

**ঘ্যাঙানো** কাতরোক্তি করা।

**ঘ্যানঘ্যান**। কিন্তু **ঘ্যানঘেনে**।

**ঘ্যানরঘ্যানর** একটি শব্দ, কিংবা হাইফেনযুক্ত **ঘ্যানর-ঘ্যানর**।



# চ

**চকচক**। 'চক্‌চক্‌' নয়। **চকচকে, চকচকানি**।
**চকবন্দি** বি. বিণ. -ন্দী নয়।
**চকমক, চকমকানি, চকমকি, চকমকে**।
**চকমিলানো**। -ন নয়।
**চকা, চকাচকি** দ্র **চখা**।
**চকোরী, চকোরিণী**।
**চকোলেট**। 'চকলেট', 'চক্‌লেট' নয়।
**চক্কর** -ক্ক নয়।
**চক্রপাণি** বিষ্ণু, কৃষ্ণ। -নি, -ণী নয়।
**চক্রপাণি দত্ত** একাদশ শতকের লেখক ও বৈদ্য, 'চিকিৎসাসারসংগ্রহ' গ্রন্থের লেখক এবং সুশ্রুত-র টীকাকার।
**চক্রবাকী** স্ত্রী-চক্রবাক। > চখা।
**চক্রায়ুধ** বি. চক্রধারী যোদ্ধা ; বিষ্ণু।
**চক্ষু**। 'চক্ষুঃ' পৃথক শব্দ হিসাবে বর্জিত।
**চক্ষু চড়কগাছ** দুটি শব্দ।
**চক্ষুদান, চক্ষুর্দান** সংস্কৃত ব্যাকরণমতে দ্বিতীয়টিই শুদ্ধ হলেও বাংলায় প্রথমটি প্রচলিত এবং গ্রহণীয়।
**চক্ষুরোগ, চক্ষূরোগ** দ্বিতীয়টি ব্যাকরণসম্মত, প্রথমটি অধিকতর প্রচলিত।
**চক্ষুলজ্জা, চক্ষুর্লজ্জা** প্রথমটি সংস্কৃত ব্যাকরণমতে অশুদ্ধ হলেও এটিই বাংলায় প্রচলিত এবং গ্রহণীয়।
**চক্ষুশূল** ক্ষুঃ নয়।
**চক্ষুষ্মান** -স্ম নয়, -ন্ নয়।
**চক্ষুস্থির** একটি শব্দ।
**চখা**। 'চকা' কথ্য। **চখাচখি**। 'চকাচকি' কথ্য। 'চকী' নয়, 'চখী' নয়।
**চচ্চড়ি**। 'চড়চড়ি' নয়, 'চচ্চরি' নয়।
**চঙক্রমণ** পায়চারি। বিকল্প বানান নেই।
**চঞ্চরীক** ভ্রমর। -রি- নয়।
**চটচট, চটচটে**। 'চট্‌চট্‌', 'চট্‌চটে' নয়।
**চটপটে**। 'চট্‌পটে' নয়।
**চটানো** ফাটিয়ে ফেলা ; রাগানো। -ন নয়।
**চড়কগাছ** একটি শব্দ।
**চড়কসংক্রান্তি** কিংবা **চড়ক-সংক্রান্তি**।
**চড়াই-উতরাই** হাইফেন আবশ্যিক। -'উৎরাই' নয়।
**চড়াইভাতি, চড়ুইভাতি** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**'চণ্ডালিকা'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নৃত্যনাট্য (১৯৩৩)।
**চণ্ডিগড়** উত্তর-পশ্চিম ভারতের শহরবিশেষ। 'চণ্ডীগড়' নয়।
**চণ্ডীচরণ** -ণ্ডি নয়।
**চণ্ডীদাস** 'চণ্ডিদাস' বিকল্প বানান, কিন্তু প্রচলিত নয়।
**চণ্ডীমঙ্গল, চণ্ডীমণ্ডপ** -ণ্ডি- নয়।
**চতুঃপঞ্চাশৎ** ৫৪, **চতুঃপঞ্চাশত্তম** ৫৪-সংখ্যক।
**চতুঃপার্শ্ব** দ্র **চতুষ্পার্শ্ব**।
**চতুঃষষ্টি** ৬৪, **চতুঃষষ্টিতম** ৬৪-সংখ্যক।
**চতুঃসীমা** চারদিকের সীমা, চৌহদ্দি।
**চতুরঙ্গ** বিণ. চার অঙ্গবিশিষ্ট, সর্বাঙ্গবিশিষ্ট। বি. চতুরঙ্গ সৈন্য ; দাবাখেলা।
**'চতুরঙ্গ'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস (১৯১৬)।
**চতুরস্র** চতুষ্কোণ, চৌকো ; সমান, উঁচুনিচু নয় এমন। উদা.—চতুরস্র ভূমি, চতুরস্র ক্ষেত্র। শুধু বিণ. হিসাবে, বি. নয়।
**চতুরালি** চাতুরী, ছল, ছলনা.। -লী নয়।
**চতুরাশ্রম** বৈদিক যুগে প্রবর্তিত চার অবস্থা—ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস। এর সঙ্গে চতুর্বর্ণ-র কোনো সম্পর্ক নেই। দ্র **চতুর্বর্ণ**।
**চতুর্দশপদী** বিণ. বি. একটি শব্দ।
**চতুর্দশ পুরুষ, চতুর্দশ ভুবন**। প্রতিটি দুটি পৃথক শব্দ। অসংলগ্ন সমাস।
**চতুর্বর্ণ** ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র এই চার জাতি।
**চতুর্ভুজ** -র্ভূ- নয়।
**চতুর্মুখ, চতুর্বক্ত্র** ব্রহ্মা।
**চতুষ্কোণ** চারকোনা।
**চতুষ্টয়** বিণ. চতুর্বিধ, চার রকমের। বি. চারটির সমষ্টি।
**চতুষ্পথ** চৌরাস্তা।
**চতুষ্পাঠী** মূল অর্থ চার বেদ যেখানে পড়ানো হয়। বর্ত. প্রচলিত অর্থ—টোল।
**চতুষ্পার্শ্ব, চতুঃপার্শ্ব** প্রথমটিই ব্যাকরণসম্মত এবং অধিকতর প্রচলিত।

# চ

**চতুস্ত্রিংশ** ৩৪-সংখ্যক, বিণ.। **চতুস্ত্রিংশৎ** ৩৪ সংখ্যা বা সংখ্যক, বি. বিণ.।

**চত্বর** -ত্ত নয়, -ত্ব নয়।

**চনমন, চনমনে**। 'চন্‌মন্‌', 'চন্‌মনে' নয়।

**চন্দ্রকান্তমণি** একটি শব্দ।

**'চন্দ্রগুপ্ত'** দ্বিজেন্দ্রলাল রায়ের নাটক (১৯১১)।

**'চন্দ্রশেখর'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৮৭৪)।

**চন্দ্রাবলি**। 'চন্দ্রাবলী' বর্জনীয়।

**চব্বিশ পরগনা**। 'পরগণা' বর্জিত।

**চমকানো** বি. চমকে দেওয়া, চমকে ওঠা। 'চমকান' নয়।

**চমৎকারিণী, চমৎকারিতা, চমৎকারিত্ব**।

**চমস্কি, নোআম** Noam Chomsky, জন্ম 1928. মার্কিন ভাষাবিজ্ঞানী। Syntactic Structures, Aspects of the Theory of Syntax, Language and Mind, Reflections on Language প্রভৃতি গ্রন্থের রচয়িতা।

**চমূ** পৌরাণিক সৈন্যসংখ্যাবিশেষ। -মু নয়।

**চম্পারন** বিহারের স্থানবিশেষ। -ণ নয়।

**চম্পূ** গদ্যপদ্যময় কাব্য। -ম্পু নয়।

**চয়িত** সংস্কৃত ব্যাকরণমতে অশুদ্ধ, কিন্তু বাংলায় প্রতিষ্ঠিত ও প্রচলিত, অতএব গ্রহণীয়। অর্থ সংগৃহীত, সংকলিত। উদা.—চয়িত পুষ্প।

**চরক** প্রাচীন ভারতীয় আয়ুর্বেদজ্ঞ লেখক, 'চরক-সংহিতা'র রচয়িতা।

**চরকা** -খা অপ্র.।

**চরকি** -কী, -খি নয়।

**চর্চরী** বাদ্যযন্ত্রবিশেষ। -রি নয়।

**চর্ব্যচোষ্য**। 'চর্ব্যচূষ্য' অপেক্ষাকৃত কম প্রচলিত।

**চর্যাগান, চর্যাগীতি** হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত আনুমানিক দশম শতকের বৌদ্ধগীতি-সংকলন, অন্য নাম **চর্যাচর্যবিনিশ্চয়**।

**চলচ্ছক্তি—চলৎশক্তি-র** শুদ্ধ কিন্তু অপ্র. রূপ। কিন্তু এর অর্থ, যে শক্তি চলে। চলার শক্তি অর্থে প্রয়োগ ভুল।

**চলৎশক্তি** চলার ক্ষমতা। ব্যাকরণসম্মত নয়, কিন্তু অতি-প্রচলিত, **চলনশক্তি** সংগততর।

**চলতে-চলতে** হাইফেন আবশ্যিক।

**চলনশক্তি** চলার ক্ষমতা বা শক্তি।

**'চলন্তিকা'** রাজশেখর বসু সংকলিত বাংলা অভিধান। প্রথম সংস্করণ প্রকাশিত ১৯৩০।

**চলমান** চলন্ত। পাণিনিমতে শুদ্ধ।

**চলিতভাষা** একটি শব্দ। 'চলিত ভাষা' নয়। তু. **সাধুভাষা**।

**চশমখোর** নির্লজ্জ, বেহায়া।

**চসার, জেফ্রি** Geofrey Chaucer 1340-1400. ইংরেজ কবি। 'জিয়ফ্রি' নয়, 'জিয়ফ্রে' নয়।

**চাইকভস্কি, পিতর ইলিচ** Peter Ilich Tchaikovsky 1840-1893 রুশ সংগীতস্রষ্টা।

**চাই-কি** হাইফেন বাঞ্ছিত।

**চাইনিজ** Chinese. 'চাইনীজ' নয়।

**চাউমিন** .Chow-mein. চৈনিক পদ্ধতির খাবারবিশেষ।

**চাওয়া-চাওয়ি** হাইফেন বাঞ্ছিত।

**চাঁই** চাঙড় ; প্রধান নেতা। চা- নয়।

**চাঁচর** দোলের আগের দিনের বহ্ন্যুৎসববিশেষ। চা- নয়।

**চাঁচি, চাঁছি** চন্দ্রবিন্দু অপরিহার্য।

**চাঁদনি** বিণ. বি. -নী নয়।

**চাঁদবদনী** প্রচলিত, কিন্তু **চাঁদবদনি** সংগততর।

**চাঁদমারি** -রী নয়।

**চাঁদিনি** -নী নয়।

**চাকরানি** -ণী, -নী নয়।

**চাকরি** -রী নয়। **চাকরিজীবী**। **চাকরি-বাকরি** হাইফেন বাঞ্ছিত।

**চাকা-চাকা** কিংবা **চাকাচাকা**। পৃথকভাবে নয়।

**চাকুরি, চাকুরে, চাকুরিজীবী**।

**চাঙড়** চাঁই। -ঙ্গ নয়।

**চাঙাড়ি, চাঙারি** -ড়ী -রী নয়, -ঙ্গা- নয়। কথ্য **চ্যাঙাড়ি, চ্যাঙারি**।

**চাঙ্গা** সতেজ, সুস্থ। বিকল্পে **চাঙা**।

**চাচি** কাকি। -চী নয়।

**চাটাচাটি** একটি শব্দ।

**চাটুভাষী**। বি. **চাটুভাষিতা**, স্ত্রী. **চাটুভাষিণী**।

**চাটূক্তি** চাটু+উক্তি। -টু নয়।

**চাতুরী** -রি ভুল।

# চ

**চান্দ্র** lunar. বিণ.। উদা.—চান্দ্র মাস।
**চান্দ্রায়ণ** চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি অনুযায়ী খাদ্যনিয়ন্ত্রণের ব্রতবিশেষ। 'চান্দ্রায়ন' ভুল।
**চান্স** chance. 'চানস' নয়, 'চান্‌স্' নয়।
**চাপড়ানো** ক্রি. বি.। -ন নয়।
**চাপমান যন্ত্র** barometer.
**চাপরাসি**। -শি, -শী, -সী নয়।
**চাপা-চাপা** বিণ.। উদা.—চাপা-চাপা ভাব। হাইফেন বাঞ্ছিত।
**চাপাচাপি** একটি শব্দ। হাইফেন নয়।
**চাপাচুপি** হাইফেন নয়।
**চাপাটি** রুটি (<সং. চর্পটী) -টী নয়।
**চামেলি** -লী নয়।
**'চার অধ্যায়'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উপন্যাস (১৯৩৪)।

**'চার ইয়ারি কথা'** প্রমথ চৌধুরীর গল্প (১৯১৬)।
**চারচালা** একটি শব্দ। **চার সন্ধ্যা** দুটি পৃথক শব্দ।
**চারিত্র, চারিত্র্য** বিকল্প বানান। প্রথমটি গ্রহণীয়।
**চার্চ** church. 'চারচ' নয়, 'চার্‌চ্' নয়।
**চার্চিল, সার উইনস্টন** Sir Winston Churchill 1874-1965. ইংরেজ রাজনীতিবিদ ও প্রাক্তন প্রধানমন্ত্রী। 'চারচিল' নয়।
**চার্জ** charge.
**চার্জশিট** charge-sheet -শীট নয়।
**চার্ট** chart.
**চার্টার** charter.
**চার্টার্ড** chartered.
**চার্টিস্ট** Chartist. ইংল্যান্ডে ১৮৩৭-১৮৪৮-এর সংসদীয় সংস্কার আন্দোলনের সমর্থক।
**চার্নক, জোব** Job Charnock মৃত্যু 1693. বিকল্পে **চারনক**। 'জব' নয়।
**চার্বাক** প্রাচীন ভারতের নাস্তিক ও জড়বাদী মুনিবিশেষ ; প্রাচীন ভারতীয় বস্তুবাদী দর্শন।
**চালনি, চালুনি** -নী নয়। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**চালশে** -সে নয়।

**চালাচালি** একটি শব্দ। উদা.—কথা চালাচালি।
**চালাতে-চালাতে** হাইফেন বাঞ্ছিত। উদা.—গাড়ি চালাতে-চালাতে অন্যমনস্ক হয়ে পড়া।
**চালানি** -নী নয়।
**চালিয়াত** -ৎ নয়। **চালিয়াতি** -তী নয়।
**চালুনি** দ্র **চালনি**।
**চাষাভুসো** -ষো নয়।
**চাষি** (সং. চাষ+বাং. ই)। -ষী নয়।
**চাহারম জমি** যে-জমিতে ভালো ফসল হয় না, নিকৃষ্ট জমি, যে-জমিতে চার-আনা পরিমিত ফসল উৎপন্ন হয়।
**চিকচিক**। 'চিক্‌চিক্' নয়।
**চিকন**[১] চিক্কণ। -ণ নয়।
**চিকন**[২] (<ফা. চিকিন) বি. সূক্ষ্ম সূচীকর্ম, উদা.—চিকনের কাজ-করা শাড়ি। বিণ. মিহি, সূক্ষ্ম। উদা.—চিকন ধুতি, চিকন কাপড়।
**চিকনাই, চেকনাই** ঔজ্জ্বল্য ; বাহার। প্রথমটি অপ্র.।
**চিকমিক**। 'চিক্‌মিক্' নয়।
**চিকারি** সেতারাদি যন্ত্রের ছোটছোট অতিরিক্ত তার। -রী নয়।
**চিকীর্ষা** বি. করার ইচ্ছা। বিণ. **চিকীর্ষিত** ; **চিকীর্ষু**।
**চিক্কণ** -ক নয়।
**চিচিঙ্গা** সবজিবিশেষ। কথ্য **চিচিঙ্গে**। 'চিচিঙা' 'চিচিঙে' নয়।
**চিজ** cheese. -চী নয়।
**চিঠিচাপাটি** কিংবা **চিঠি-চাপাটি**।
**চিড়বিড়**। 'চিড়্‌বিড়্' নয়।

**চিত, চিতপাত, চিতপটাং**। 'চিৎ' নয়, 'চিৎপাৎ' নয়।
**চিৎকার** চীৎ- বর্জিত।
**চিৎপাত** দ্র **চিত**।
**চিতা, চিতাবাঘ** সমার্থক নয়। প্রথমটি hunting leopard বা cheetah, দ্বিতীয়টি leopard.
**চিত্তরঞ্জন দাশ,** দেশবন্ধু ১৮৭০-১৯২৫ জাতীয়তাবাদী রাজনীতিবিদ ও কবি। 'স্বরাজ্য'

দলের অন্যতম প্রতিষ্ঠাতা এবং 'মালঞ্চ', 'সাগরসংগীত' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।

**চিত্রকর, চিত্রকার** সমার্থক শব্দ, প্রথমটি অধিকতর প্রচলিত।

**চিত্রতারকা** film star, **চিত্রফলক** প্রতিটি একটি সমাসবদ্ধ শব্দ হিসাবে লেখ্য।

**চিত্রবিচিত্র** একটি শব্দ, হাইফেন নয়।

**'চিত্রা'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৮৯৬)।

**'চিত্রাঙ্গদা'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নৃত্যনাট্য (১৯৩৮)।

**চিত্রায়ণ** -ন নয়।

**চিত্রালংকার** -লঙ্কার নয়।

**চিত্রিণী**।

**চিদম্বরম** দক্ষিণ ভারতীয় নামবিশেষ। চিদা- নয়।

**চিন** দ্র **চীন**।

**চিনচিন** চিন্‌চিন্ নয়।

**চিনাবাদাম, চিনেবাদাম**।

**চিনামাটি, চিনেমাটি**।

**চিন্ময়** -ণ্ম নয়।

**চিফ** chief -চী নয়।

**চিবোত, চিবাত** চর্বণ করত। -তো নয়।

**চিবোনো, চিবানো**। -বু- নয়।

**চিবোল, চিবাল** চর্বণ করল। -লো নয়।

**চিমনি** chimney. -নী নয়।

**চিমোনে** Cimone ইতালির পর্বত। 'সিমোনে' নয়।

**চিম্পাঞ্জি, চিম্প্যাঞ্জি** chimpanzee-র প্রতিবর্ণীকরণে। কিন্তু বাংলা শব্দ হিসাবে **শিম্পাঞ্জি**।

**চিয়াং কাই-শেক** Chiang Kai-shek 1887-1975 চীনের জাতীয়তাবাদী নেতা, তাইওয়ানের প্রথম প্রেসিডেন্ট।

**চিরজীবী** বিণ. অমর, দীর্ঘায়ু। বি. **চিরজীবিতা**।

**চিরনি, চিরুনি**। -ণি নয়, -নী নয়।

**চিরতুষার, চিরদারিদ্র, চিরনির্ধারিত, চিরনির্বাসন, চিরপরিচিত, চিরপ্রচলিত**, প্রতিটি সমাসবদ্ধভাবে, একটি শব্দ হিসাবে লেখ্য।

**চিরবিচ্ছেদ, চিরবিদায়**। পৃথকভাবে নয়, হাইফেন নয়।

**চিরহরিৎ** চিরশ্যামল, সারাবছর সবুজ (হলুদ নয়) থাকে এমন।

**চিরায়ুষ্মান** -স্মা- নয়, -ন্ নয়। স্ত্রী. **চিরায়ুষ্মতী**।

**চিরুনি** দ্র **চিরনি**।

**চীজ**[১]—**চিজ** (cheese)-এর বর্জিত বানান।

**চীজ**[২]—**চিজ** (জিনিস)-এর বর্জিত বানান।

**চীৎকার—চিৎকার** -এর বর্জিত বানান।

**চীন** China. বিকল্প চিন (আ. বা. প.)। (তু. **চীনাংশুক**)।

**চীনাবাদাম, চীনামাটি** দ্র **চিনাবাদাম, চিনামাটি**।

**চীর** ছেঁড়া কাপড় বা ন্যাকড়া। চি- নয়।

**চীর্ণ** ছিন্ন।

**চুঁইচুঁই** একটি শব্দ এবং দুটি চন্দ্রবিন্দু। উদা.—খিদেয় পেট চুঁইচুঁই করছে।

**চুঁচড়ো** (হুগলি জেলার শহর) কথ্য। **চুচুড়া** মার্জিত। 'চুচড়ো' নয়। 'চুঁচুড়া' নয়।

**চুঁচি** স্তন। অশ্লীল শব্দ, শিষ্ট রচনায় অব্যবহার্য।

**চুকচুক**। 'চুক্‌চুক্' নয়।

**চুকত** চুকে যেত। -তো নয়।

**চুকল** চুকে গেল। -লো নয়।

**চুকানো** চুকিয়ে দেওয়া। -ন নয়।

**চুঙ্গি** ছোট নল বা চোঙা। -ঙ্গী নয়। **চুঙি** কথ্য, কিন্তু স্বল্পব্যবহৃত।

**চুঙ্গিকর** octroi.

**চুটকি** -কী বর্জিত।

**চুড়ি** -ড়ী বর্জিত। **চুড়িদার**। 'চুড়ীদার' নয়।

**চুণ, চুণকাম** দ্র **চুন**।

**চুন** ক্ষারবিশেষ, lime. -ণ বর্জিত। **চুনা, চুনাপাথর**। 'চুণা' বর্জিত।

**চুনারি** চুন প্রস্তুতকারী। -রী বর্জিত।

**চুনি** বহুমূল্য পাথরবিশেষ, ruby. -নী বর্জিত।

**চুনুরি** বি. রঙিন কাপড়। বিণ. রং করা হয়েছে এমন। -রী বর্জিত।

**চুপড়ি** ছোট ঝুড়ি। **চুবড়ি** সমার্থক শব্দ।

**চুপসানো** ক্রি. বি. চুপসে যাওয়া। -ন নয়।

**চুপিচাপি** একটি শব্দ, হাইফেন নয়।

**চুপিচুপি** একটি শব্দ, হাইফেন নয়।

**চুপিসারে** ক্রি-বিণ. চুপিচুপি। 'চুপিসাড়ে' নয়।

তু. **অজ্ঞাতসারে** ।
**চুপেচুপে** একটি শব্দ, হাইফেন নয় ।
**চুবানি** বি. ডুবিয়ে দেওয়া বা ডুবিয়ে রাখা, নিমজ্জন । **চুবনি, চুবুনি** কথ্য ।
**চুমকি** -কী বর্জিত ।
**চুমকুড়ি** -ড়ী নয় ।
**চুমরানো** পাকানো ; মোচড় দেওয়া । -ন নয় ।
**চুম্বকত্ব** বি. magnetism.
**চুম্বকন** বি. magnetization.
**চুম্বকশক্তি** একটি সমাসবদ্ধ শব্দ ।
**চুম্বকীয়, চৌম্বক** বিণ. magnetic.
**চুয়াড় বিদ্রোহ** ছোটনাগপুর ও বিহার-সংলগ্ন বাংলায় চুয়াড় উপজাতির বিদ্রোহ (১৭৬৭-১৮০৯)
**চুয়ানি** বি. চুয়ানো বা পরিস্রুত পদার্থ ।
**চুয়ানো** বি. ক্রি. চুইয়ে পড়া, ক্ষরিত হওয়া ; চোলাই করা, distil. -ন নয় ।
**চুয়াল্লিশ** -ল্লী- বর্জিত ।
**চুর** বিণ. বিহ্বল । উদা.—মদের নেশায় চুর । বি. চূর্ণ, গুঁড়ো । উদা.—আমচুর, লোহাচুর । 'চূর' নয় ।
**চুরমার** -দীর্ঘ-উ নয় ।
**চুরট** দ্র **চুরুট** ।
**চুরানব্বই** -ব্বু- কথ্য ।
**চুরাশি** -শী বর্জিত ।
**চুরিচামারি** হাইফেন অপ্রয়োজনীয় ।
**চুরুট** < ইং cheroot, তু. তামিল শুরুট্টু । 'চুরট' অপ্র. ।
**চুলকানি, চুলকনি** । কথ্য **চুলকুনি** । 'চুলকনা' অপ্র. ।
**চুলকানো** ক্রি. বি. । -ন নয় । ক্রি **চুলকাত, চুলকাল** -তো নয়, -লো নয় ।
**চুলচেরা** অতিসূক্ষ্ম । একটি শব্দ ।
**চুলবুল** । 'চুল্‌বুল্‌' নয় ।
**চুল্লি** উনুন ; চিতা । -ল্লী বর্জিত ।
**চুষি, চুষিকাঠি** -সি নয় ।
**চূড়ামণিযোগ** একটি শব্দ ।
**চূর্ণকুন্তল** একটি শব্দ ।
**চূর্ণবিচূর্ণ** একটি শব্দ, হাইফেন নয় ।
**চূষণীয়** চু- নয়, -নী- নয় ।
**চূষ্য, চোষ্য** বিকল্প, যে-কোনোটি লেখা যেতে পারে ।
**চেঁচামেচি** -মেঁ- নয় । **চেঁচাচেঁচি** অপ্র. ।
**চেঁচেপুঁছে** । **চেঁচেপুঁচে** কথ্য ।
**চেইন** chain. দ্র **চেন** ।
**চেকফ, আন্তন** Anton Chekov (Chekhov) 1860-1904 রুশ কথাসাহিত্যিক ।
**চেকমুড়ি** -ড়ী বর্জিত ।
**চেক্কি, এমিলিয়ো** Emilio Cecchi 1885-1966 ইতালীয় সাহিত্য-সমালোচক ।
**চেখোস্লোভাকিয়া** Czechoslovakia -শ্লো- নয় ।
**চেঙ, চেং** । **চ্যাং**- এর বর্জিত বানান ।
**চেঙড়া, চেংড়া** দ্র **চ্যাংড়া** ।
**চেঙারি—চ্যাঙারি** -র বর্জিত বানান । দ্র **চাঙারি** ।
**চেড়ি** মূলত রাবণের নারীপ্রহরী । < প্রাকৃ. চেড়ী < সং. চেটী । -ড়ী নয় ।
**চেতাবনি** বিপদ সংকেত, siren.
**চেন** শিকল অর্থে chain-এর বাংলা প্রতিশব্দ । কিন্তু বাংলা প্রতিবর্ণীকরণে **চেইন** লেখ্য । উদা.—চেন দিয়ে জমি জরিপ করা ; চেইন রিঅ্যাকশন ।
**চেপটে দেওয়া, চেপটে যাওয়া** -প্ট নয় ।
**চেপটা, চেপ্টা** দ্র **চ্যাপটা** ।
**চেম্বার** chamber. 'চেমবার' নয় ।
**চেম্বারলিন, অস্টিন** Austen Chamberlain 1863-1937 ইংরেজ রাজনীতিবিদ । 'চেম্বারলেইন' নয় ।
**চেম্বারলিন, জোসেফ** Joseph Chamberlain 1836-1914 ইংরেজ রাজনীতিবিদ, নেভিল ও অস্টিনের পিতা ।
**চেম্বারলিন, নেভিল** Neville Chamberlain 1869-1940 ইংরেজ রাজনীতিবিদ, অস্টিনের অনুজ ।
**চেরাগ** বাতি, প্রদীপ । **চিরাগ** অধিকতর প্রচলিত ।
**চেরি** cherry. ফলবিশেষ । -রী নয় ।
**চেল্লিনি, বেনভেনুতো** Benvenuto Cellini 1500-1571 ইতালীয় ভাস্কর ।

# চ

**চেষ্টমান** বিণ. চেষ্টা করছে এমন, সচেষ্ট।
**চেসনাট** chestnut. -স্ট- নয়।
**চেস্টারটন, গিলবার্ট কিথ** Gilbert Keith Chesterton 1873-1936. ইংরেজ সাহিত্যিক। 'কীথ' নয়। 'চেস্টার্টন' নয়।
**চৈতন্যদেব** ১৪৮৬-১৫৩৩।
**'চৈতন্যচরিতামৃত'** কৃষ্ণদাস কবিরাজ অর্থাৎ কৃষ্ণদাস গোস্বামী রচিত চৈতন্যজীবনী ও চৈতন্যতত্ত্ব।
**'চৈতন্যভাগবত'** বৃন্দাবনদাস রচিত।
**চৈতন্যোদয়** জ্ঞানের বা চেতনার উন্মেষ।
**চৈতালি** বি. চৈত্রমাসের ফসল। বিণ. চৈত্রমাস-সম্বন্ধীয়, চৈত্রকালীন। -লী নয়।
**'চৈতালি'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৮৯২)।
**চৈতি** চৈত+ই। -তী বর্জিত।
**চৈত্ত** চিত্ত-সম্বন্ধীয়। উদা.—চৈত্ত আবেগ।
**চৈত্তিক** চিত্ত-সম্বন্ধীয়, চৈত্ত। উদা.—চৈত্তিক আবেগ, চৈত্তিক স্থৈর্য।
**চৈত্রসংক্রান্তি** একটি শব্দ।
**চৈত্রিক** চৈত্র-সম্বন্ধীয়।
**চৈনিক** চীনদেশ বা চীনাজাতি-সম্বন্ধীয়।
**চোখখাকি, চোখখাগি** বি. বিণ. স্ত্রী. -কী নয়, -গী নয়।
**চোখাচুখি—চোখাচোখি-র** কথ্য রূপ।
**চোখালো** বিণ. চোখা, তীক্ষ্ণ। **চোখাল** বিকল্প বানান।
**চোখে-চোখে** হাইফেন বাঞ্ছিত।
**চোঙদার, চোংদার** -ঙ্গ- নয়।
**চোণা** দ্র **চোনা**।
**চোথা, চোতা** বিণ. বি. বাজে, তুচ্ছ। চোঁ- নয়।
**চোদ্দপুরুষ** একটি শব্দ। উদা.—চোদ্দপুরুষের বাস, চোদ্দপুরুষ উদ্ধার করা।
**চোনা** গোমূত্র। -ণা বর্জিত।
**চোপদার, চোবদার** প্রথমটি অধিকতর প্রচলিত।
**চোর-চোর খেলা** হাইফেন বাঞ্ছিত।
**চোরচূড়ামণি** একটি শব্দ।
**চোর-ছ্যাঁচড়** হাইফেন বাঞ্ছিত। ছেঁ- বর্জিত।
**চোরাকারবার** একটি শব্দ।
**চোরাচালানকারী, চোরাচালানদার** সমাসবদ্ধ শব্দ, হাইফেন নয়, পৃথকভাবে নয়।
**চোষ্য** দ্র **চূষ্য**।
**চৌকস** -শ নয়।
**চৌখণ্ডি, চৌখুপি, চৌচির, চৌদুলি, চৌপদী**।
**চৌধুরি** -রী বর্জনীয়।
**চৌরঙ্গি** -ঙ্গী নয়।
**'চৌরপঞ্চাশিকা'** বিহ্লণ-রচিত একাদশ শতকের সংস্কৃত গীতিকাব্য।
**চৌহদ্দি** -দ্দী বর্জিত।
**চ্যাং** মাছবিশেষ। 'চেঙ', 'চেং' বর্জিত।
**চ্যাংড়া**। 'চেঙড়া', 'চেংড়া' বর্জিত।
**চ্যাংদোলা** চেং- নয়, চ্যাঙ- নয়।
**চ্যাঙারি**। 'চেঙারি' বর্জিত। **চাঙারি** মার্জিত।
**চ্যান্সেলর** chancellor.
**চ্যাপটা**। 'চেপটা', 'চেপ্টা', 'চ্যাপ্টা' নয়।
**চ্যাপলিন, চার্লস (চার্লি)** Charles Chaplin 1889-1979.
**চ্যাম্পিয়ন** -মপি- নয়, -য়া- নয়।



# ছ

**ছউই** ষষ্ঠ দিন বা ষষ্ঠ দিনের। উদা.—ছউই বৈশাখ। 'ছওই' নয়।

**ছককাটা** কিংবা **ছক-কাটা** বিণ. পৃথক শব্দ হিসাবে নয়। অনুরূপভাবে, **ছকবাঁধা** কিংবা **ছক-বাঁধা**।

**ছকড়া-নকড়া** হাইফেন আবশ্যিক।

**ছচল্লিশ** আঞ্চ.। শিষ্ট ভাষায় বিরল। **ছেচল্লিশ** লেখ্য।

**ছটফটানো** ক্রি.বি.। -ন নয়।

**ছটরা** বন্দুকের ছোট গুলি। **ছররা** অধিকতর প্রচলিত।

**ছটাক** বর্তমানে অপ্র. ওজনের পরিমাণবিশেষ, $\frac{১}{১৬}$ সের, ৫ তোলা ; জমির পরিমাণবিশেষ, ৫ হাত লম্বা ও ৪ হাত চওড়া জমি। শেষোক্ত অর্থে এখনও প্রচলিত।

**ছড়াত** ছড়িয়ে দিত। -তো নয়।

**ছড়ানো** বিণ. ক্রি.বি. -ন নয়। **ছড়ানো-ছিটনো** কিংবা **ছড়ানো-ছিটানো**।

**ছড়াল** ছড়িয়ে দিল। -লো নয়।

**ছতরি** নৌকার ছই ; মশারি টাঙাবার জন্য খাটের সঙ্গে যুক্ত ফ্রেম। 'ছত্রী' নয়, 'ছতরী' নয়।

**ছত্রাক** fungus.

**ছত্রি** ছই ; ছতরি।

**ছত্রী** বিণ. ছত্রধারী। **ছত্রীসেনা, ছত্রীসৈন্য**।

**ছন্দঃশাস্ত্র** কিংবা **ছন্দশাস্ত্র**।

**ছন্দগুরু** কিংবা **ছন্দোগুরু**।

**ছন্দচিন্তা, ছন্দজিজ্ঞাসা, ছন্দতত্ত্ব**।

**ছন্দনিপুণ** কিংবা **ছন্দোনিপুণ**। **ছন্দনৈপুণ্য** কিংবা **ছন্দোনৈপুণ্য**।

**ছন্দপতন, ছন্দপরিক্রমা, ছন্দপরিচয়, ছন্দপ্রবাহ, ছন্দপ্রসঙ্গ**।

**ছন্দবিদ্যা** কিংবা **ছন্দোবিদ্যা**।

**ছন্দবিষয়ক**।

**ছন্দবৈচিত্র্য** কিংবা **ছন্দোবৈচিত্র্য**।

**ছন্দবৈশিষ্ট্য** কিংবা **ছন্দোবৈশিষ্ট্য**।

**ছন্দভাবনা**।

**ছন্দময়** কিংবা **ছন্দোময়**।

**ছন্দমাধুর্য** কিংবা **ছন্দোমাধুর্য**।

**ছন্দমিল**। উদা.—ছন্দমিলযুক্ত কবিতা।

**ছন্দশাস্ত্র** দ্র **ছন্দঃশাস্ত্র**।

**ছন্দশিল্পী, ছন্দসাধনা, ছন্দসৃষ্টি, ছন্দস্পন্দ**।

**ছন্দোগুরু** দ্র **ছন্দগুরু**।

**ছন্দোনৈপুণ্য** দ্র **ছন্দনিপুণ**।

**ছন্দোবৈচিত্র্য, ছন্দোবৈশিষ্ট্য** দ্র **ছন্দবৈচিত্র্য, ছন্দবৈশিষ্ট্য**।

**ছন্দোময়** দ্র **ছন্দময়**।

**ছন্দোমাধুর্য** দ্র **ছন্দমাধুর্য**।

**ছন্দোহীন**।

**ছমছম, ছমছমে**। 'ছম্‌ছম্‌', 'ছম্‌ছমে' নয়।

**ছলাৎ** জলের ঢেউয়ের শব্দ, তীরে ঢেউয়ের আঘাতের শব্দ। -ত নয়।

**ছাঁকনি** ছা- নয়, -নী নয়।

**ছাঁচে-ঢালা** বিণ. হাইফেন আবশ্যিক।

**ছাঁটকাট** জামাপ্যান্ট কাটার ও সেলাইয়ের ধরন। 'ছাটকাট' নয়।

**ছাঁদনদড়ি** একটি শব্দ।

**ছাঁদনাতলা** চন্দ্রবিন্দু আবশ্যিক, একটি শব্দ।

**ছাট** জলের ছিটা। ছাঁ- নয়।

**ছাড়া-ছাড়া** ফাঁক-ফাঁক, বিচ্ছিন্ন। হাইফেন বাঞ্ছিত।

**ছাড়াছাড়ি** হাইফেন অপ্রয়োজনীয়।

**ছাড়াত** ছাড়িয়ে দিত। -তো নয়।

**ছাড়ানো** ক্রি. বি. -ন নয়।

**ছাড়াল** ছাড়িয়ে নিল। -লো নয়।

**ছাতার** পাখিবিশেষ। **ছাতারে** অধিকতর প্রচলিত।

**ছাতিম** সপ্তপর্ণী গাছ।

**ছান্দস** বিণ. ছন্দসম্বন্ধীয়। উদা.—ছান্দস নৈপুণ্য। বি. বেদ অধ্যয়নকারী।

**ছান্দসিক** বিণ. ছন্দসম্বন্ধীয় ; ছন্দনিপুণ, ছন্দে পারদর্শী। < ছন্দস্‌+ইক।

**ছান্দোগ্য** সামবেদের অন্তর্গত উপনিষদবিশেষ।

**ছাপছিল, ছাপত, ছাপল** -লো নয়, -তো নয়, -লো নয়।

**ছাপাছাপি** গোপনতা, ঢাকাঢাকি। হাইফেন অপ্রয়োজনীয়।

**ছাপাত** মুদ্রিত করত। -তো নয়।

**ছাপানো** ক্রি. বি. ছাপার কাজ, ছাপা, মুদ্রিত করা। -ন নয়।

**ছাপাল** মুদ্রিত করল। -লো নয়।

# ছ ◆ জ

**ছায়াপথ** আকাশগঙ্গা, milky way; galaxy.
**ছিচকাঁদুনে** । স্ত্রী. **ছিচকাঁদুনি** -নী নয় ।.
**ছিচকে** চন্দ্রবিন্দু বাঞ্ছিত ।
**ছিচকে** দ্র **ছিঁচকে** ।
**ছিটজমি** একটি শব্দ ।
**ছিটমহল** একটি শব্দ । ছিট- নয় ।
**ছিদ্যমান** ছেদিত হচ্ছে এমন ।
**ছিদ্রদর্শী** বিণ. । বি. **ছিদ্রদর্শিতা** ।
**ছিদ্রানুসন্ধান** বি. । বিণ. **ছিদ্রানুসন্ধানী** ।
**ছিদ্রান্বেষণ** বি. । বিণ. **ছিদ্রান্বেষী** ।
**ছিনতাই** -ন্তা- নয় ।
**'ছিন্নপত্র'** রবীন্দ্রনাথ ঠাকুরের পত্রসাহিত্য (১৯১২)
**ছিন্নবিচ্ছিন্ন** কিংবা **ছিন্ন-বিচ্ছিন্ন** ।
**ছিয়াত্তর** বি. বিণ. ৭৬ সংখ্যা বা সংখ্যক । বিণ. **ছিয়াত্তুরে** ।
**ছিয়াত্তরের মন্বন্তর** বাংলা ১১৭৬ সনে, ইংরেজি ১৭৬৯-৭০ সালে বাংলায় যে ভয়ংকর দুর্ভিক্ষ হয়েছিল ।
**ছিয়ানব্বই** । **ছিয়ানব্বুই** কথ্য ।
**ছিয়াশি** ৮৬ সংখ্যা বা সংখ্যক । -শী বর্জিত ।
**ছুঁচোর কেত্তন** । 'কিত্তন' নয়, 'কীর্তন' নয় ।
**ছুঁচোবাজি** -জী নয় ।
**ছুঁড়ল** দ্র **ছুড়ল** ।
**ছুঁড়ি** ছুকরি, বালিকা (তুচ্ছার্থসূচক) । -ড়ী নয় ।
**ছুঁত, ছুঁতমার্গ** -ৎ নয় ।
**ছুকরি** ছুঁড়ি, মেয়ে, বালিকা (তুচ্ছার্থসূচক) । -রী নয় ।
**ছুড়ছিল** কিংবা **ছুঁড়ছিল** -লো নয় । ছু- সংগততর ।
**ছুড়ত** কিংবা **ছুঁড়ত** -তো নয় । ছু- সংগততর ।
**ছুড়ল** কিংবা **ছুঁড়ল** -লো নয় । ছু- সংগততর ।
**ছুত, ছুতমার্গ** যথাক্রমে **ছুঁত** ও **ছুঁতমার্গ**-র রূপভেদ -ৎ নয় । ।
**ছেঁচকি** ব্যঞ্জনবিশেষ । চন্দ্রবিন্দু আবশ্যিক ।
**ছেঁচড়া** ঠক ; ছেঁচড়ে নেওয়া । চন্দ্রবিন্দু আবশ্যিক ।
**ছেকড়া, ছেকড়াগাড়ি** দ্র **ছ্যাকড়া** ।
**ছেনি** বাটালিজাতীয় যন্ত্রবিশেষ । -নী নয় ।
**ছেবলা** দ্র **ছ্যাবলা** ।
**ছোঁচা**[১] লোভী । চন্দ্রবিন্দু আবশ্যিক ।
**ছোঁচা**[২] জলশৌচ করা । চন্দ্রবিন্দু আবশ্যিক ।
**ছোঁড়া**[১], **ছোড়া** ক্রি. বি. নিক্ষেপ করা । দুই বানানই প্রচলিত, দ্বিতীয়টি অধিকতর সংগত ।
**ছোঁড়া**[২] ছেলে (তুচ্ছার্থে) । চন্দ্রবিন্দু আবশ্যিক ।
**ছোট, ছোটখাটো, ছোটবড়, ছোটমোটো** ।
**ছ্যাঁকা** গরম জিনিসের স্পর্শ । ছেঁ- নয় ।
**ছ্যাঁচড়া** ব্যঞ্জনবিশেষ । ছেঁ- নয় ।
**ছ্যাঁচোড়** প্রতারক, নীচমনা । ছেঁ- নয় ।
**ছ্যাঁদা** ফুটো । ছেঁ- নয় ।
**ছ্যাকড়া গাড়ি** । চন্দ্রবিন্দু নয় ।
**ছ্যাতলা** শ্যাওলার মতো ময়লা, ছাতা । ছ্যাঁ- নয়, ছে- নয় ।
**ছ্যাবলা, ছ্যাবলামি, ছ্যাবলামো** ছে- নয় ।

◆

**জই** যবজাতীয় শস্য ।
**জউ** গালা । 'জৌ' নয় ।
**জওয়ান** যোদ্ধা, সেনাবাহিনীর যোদ্ধা ।
**জওহরলাল নেহরু** দ্র **নেহরু** ।
**জং** মরচে । 'জঙ' নয় ।
**জংলি** -লী নয়, -ঙ্গ- নয় ।
**জকাত, জাকাত** সম্পত্তির চল্লিশ ভাগের এক ভাগ দান করার মুসলমানি প্রথা । দ্বিতীয়টি অধিকতর প্রচলিত । -ৎ নয় ।
**জগজন** জগদ্বাসী । মূলত কাব্যে ব্যবহৃত । গদ্যে **জগজ্জন** ।
**জগজ্জননী** । 'জগৎজননী' সংগত না হলেও প্রচলিত ।
**জগৎ** -ত নয় ।
**জগৎপতি, জগৎপালক, জগৎপিতা, জগৎপ্রাণ** ।
**জগৎবাসী, জগদ্‌বাসী, জগদ্বাসী** দ্বিতীয় বা তৃতীয়টি লেখ্য ।

# জ

**জগৎ শেঠ** মুরশিদাবাদের বিখ্যাত বণিকবংশের উপাধি, কোনো ব্যক্তিবিশেষের নাম নয়, ইংরেজিতে তাই House of Jagatseths.

**জগত্তারিণী স্বর্ণপদক** কলকাতা বিশ্ববিদ্যালয় প্রদত্ত পদক, সার আশুতোষ মুখোপাধ্যায় কর্তৃক তাঁর মাতার নামে প্রবর্তিত।

**জগদ্‌গুরু, জগদ্‌গৌরী** -ৎ নয়।

**জগদ্‌বাসী** দ্র **জগৎবাসী।**

**জগদানন্দ রায়** ১৮৬৯-১৯৬৩ শান্তিনিকেতনবাসী প্রকৃতিবিদ ও লেখক।

**জগদীশচন্দ্র বসু, আচার্য** ১৮৫৮-১৯৩৭। বিশ্ববিখ্যাত পদার্থবিজ্ঞানী ও জীববিজ্ঞানী, ধাতু উদ্ভিদ ও প্রাণী কীভাবে যান্ত্রিক, বৈদ্যুতিক ও রাসায়নিক উত্তেজনায় সাড়া দেয় সে-সম্বন্ধে গবেষণার জন্য স্মরণীয়।

**জগন্মোহন** (জগৎ+মোহন)।

**জগবন্ধু** (< জগদ্বন্ধু, কিংবা জগ+বন্ধু)। প্রচলিত ও গ্রহণীয়।

**জগমোহন** (জগ+মোহন)। বাংলা শব্দ হিসাবে গ্রহণীয়।

**জঙ্গি** বিণ. সামরিক, উদা.—জঙ্গিবিমান; আক্রমণাত্মক, মারমুখো, উদা.—জঙ্গি মনোভাব। -ঙ্গী নয়।

**জটাজূট** -জু ভুল।

**জড়, জড়ো** বিণ. একত্র, একত্রীকৃত। দ্বিতীয় বানান গ্রহণীয়।

**জড়সড়।** 'জড়োসড়ো' নয়।

**জণ্ডিস** দ্র **জন্ডিস।**

**'জননী'** মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৩৫)।

**জনমেজয়** (মহাভারতে) অর্জুনের প্রপৌত্র। 'জন্মেজয়' নয়।

**জনসংভরণ** বি. খাদ্য ইত্যাদি সরবরাহের সরকারি সংস্থা, civil supply.

**জনসন, স্যামুয়েল** Samuel Johnson 1709-1784. ইংরেজ জীবনীকার, অভিধানকার ও সাহিত্যিক। 'শ্যামুয়েল' নয়।

**জনস্বাস্থ্য** public health.

**'জনা'** গিরিশচন্দ্র ঘোষ রচিত নাটক (১৮৯৪)।

**জনেক** বাংলামতে সন্ধি। উদা.—'জনেক যক্ষের কর্মে অবহেলা ঘটলো বলে শাপ দিলেন প্রভু': বু. ব.। তু. **পাঁচেক, সাতেক, আরেক।**

**জনৈক** সংস্কৃতমতে সন্ধি, জন+এক।

**জন্ডিস** কিংবা **জনডিস** jaundice. -ণ্ডি-নয়।

**জন্মবার্ষিক** -কী নয়।

**জন্মাষ্টমী** ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী, শ্রীকৃষ্ণের জন্মতিথি।

**জন্য-জনক-সম্বন্ধ** জাতক ও জনকের মধ্যে অর্থাৎ যে জন্মগ্রহণ করে এবং যে জন্ম দেয় তাদের মধ্যে সম্বন্ধ।

**জবড়জং, জবড়জঙ, জবরজং** প্রথমটি লেখ্য।

**জবরদস্ত** দুর্দান্ত, শক্তিশালী। **জবরদস্তি** জুলুম, বলপ্রয়োগ।

**জবানবন্দি** -ন্দী নয়।

**জবাবি** বিণ. -বী নয়। উদা.—জবাবি চিঠি।

**জবালা** উপনিষদের সত্যবাদিনী নারী, বৈদিক ঋষি সত্যকামের জননী।

**জবুথবু।** 'জবুথুবু' নয়।

**জমকালো** -ল নয়।

**জমদগ্নি** বৈদিক ঋষিবিশেষ।

**জমাবন্দি** -ন্দী নয়।

**জমায়েত** জন-সমাবেশ। 'জমায়ত' বর্জিত।

**জমি** -মী বর্জিত।

**জমিজিরাত** -জিরেত কথ্য।

**'জমীদার-দর্পণ'** মীর মশাররফ হোসেন রচিত নাটক।

**জমিদারি** -রী বর্জিত।

**জম্বির** জামির লেবু। -ম্বী নয়।

**জয়জয়কার** জয়ধ্বনি। 'জয়জয়াকার' নয়।

**জয়ত্রি, জয়িত্রি** জায়ফল (< সং জাতিপত্রিকা)। -ত্রী অপ্রয়োজনীয়।

**জয়স, জেমস** James Joyce 1882-1941 আইরিশ ঔপন্যাসিক।

**জরজর।** 'জরোজরো' নয়।

**জরৎকারু** মুনিবিশেষ, মনসাদেবীর পতি।

**জরথুশত্র** প্রাক-খ্রিস্টীয় যুগের পারসিক ধর্মপ্রচারক, Zarathustra বা Zoroaster. 'জরথুস্ত্র' নয়, 'জরথুস্ট্র' নয়।

**জরজেট** দ্র **জর্জেট।**

**জরদা** -র্দা নয়।

# জ

**জরিপ** (মূলত জমির) মাপ। -রী- নয়।
**জরু, জোরু** স্ত্রী, পত্নী। দ্বিতীয় বানান সংগততর।
**জরুরত** প্রয়োজন। -ৎ নয়।
**জরুরি** বিণ. অত্যন্ত প্রয়োজনীয়। -রী বর্জিত।
**জর্জেট** georgette. বিকল্পে **জরজেট**।
**জর্দা** দ্র **জরদা**।
**জল-অচল** হাইফেন বাঞ্ছিত। তু. বিপ. **জলচল**।
**জলঙ্গি** নদীয়া জেলার নদী। -ঙ্গী নয়।
**জলজ্যান্ত, জলজিয়ন্ত** সমার্থক শব্দ, প্রথমটি অধিকতর প্রচলিত।
**জলটুঙ্গি, জলটুঙি** দ্বিতীয়টি কথ্য, তবে প্রথমটিই অধিকতর প্রচলিত।
**জলন্ধর**। **জালন্ধর** অপ্র. কিন্তু সংগত।
**জলবিষুব** কার্তিকমাসের সংক্রান্তি ; autumnal equinox (পরি.)।
**জলাঞ্জলি** -লী নয়।
**জলুস, জৌলুস** প্রথমটি ব্যুৎপত্তি-অনুগ, দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**জলোচ্ছ্বাস** জল- নয়, -চ্ছাস নয়।
**জল্পনাকল্পনা** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**জসীম উদ্‌দীন** ১৯০৪-১৯৭৬ বাঙালি কবি, 'নক্সী-কাঁথার মাঠ' কাব্যের রচয়িতা।
**জহরি, জহুরি** দ্বিতীয়টি কথ্য হলেও লেখ্য ভাষায়ও প্রচলিত। -রী নয়।
**জহিন** বুদ্ধিমান ; সমঝদার। -হী- বর্জিত।
**জাইরে** Zaire. আফ্রিকার নিরক্ষীয় অঞ্চলের প্রজাতান্ত্রিক রাষ্ট্র। স্বাধীনতালাভ ১৯৬৩ সালে। পূর্ব নাম Democratic Republic of Congo. রাজধানী কিনশাসা Kinshasa.
**জাঁকালো** -ল নয়।
**জাঁতি** -তী বর্জিত।
**জাকাত** দ্র **জকাত**।
**জাগন্ত** বাংলা নিয়মে তৈরি শব্দ। জেগে আছে এমন, বিণ.।
**জাগর** বি. জাগরণ ; জাগানো। উদা.—জাগরক্লান্ত। **জাগরমন্ত্র** বি. ঘুম ভাঙানোর মন্ত্র ; চৈতন্য জাগানোর মন্ত্র।
**জাগরী** বিণ. জেগে রয়েছে এমন ; নিদ্রাহীন। **'জাগরী'** সতীনাথ ভাদুড়ীর উপন্যাস (১৯৪৫)।
**জাগরূক** বিণ. সজাগ, জেগে আছে এমন। -রু- নয়।
**জাগ্রত** সংস্কৃতমতে অশুদ্ধ হলেও দীর্ঘ-প্রচলিত এবং বহুলব্যবহৃত। অতএব গ্রহণীয়।
**জাঙ্গাল** পতিত জমি ; বাঁধ। 'জাঙাল' নয়, কেননা উচ্চারণেও -ঙ্গা- আছে।
**জাঙ্গিয়া, জাঙিয়া** দ্বিতীয়টি ক্রমে অধিকতর প্রচলিত হচ্ছে।
**জাজ্বল্যমান** অতি উজ্জ্বল। -জ্জ্ব- নয়। **জাজ্বল্য** কেবল কাব্যে ব্যবহৃত। উদা.—'যে বিদ্যা শিখিনু তাহা চিরদিন ধরে/ অন্তরে জাজ্বল্য থাকে উজ্জ্বল রতন' : রবীন্দ্র।
**জাড্য** বি. inertia (বিজ্ঞা. পরি.) ; জড়তা, জড়বুদ্ধির ভাব, মূর্খতা ; শৈত্য।
**জাতক** পালিভাষায় রচিত বুদ্ধদেবের পূর্বজন্মের কাহিনী বা বোধিসত্ত্ব-কাহিনী।
**জাতব্যাবসা**। 'জাতব্যবসা' নয়। কিংবা **জাতব্যবসায়**।
**জাতাশৌচ** হিন্দুমতে সন্তান-জন্মের জন্য অশৌচ।
**জাতিতত্ত্ব, জাতিবিদ্যা** ethnology.
**জাতিধর্মনির্বিশেষে** একটি শব্দ।
**জাতিপুষ্প** মালতী বা চামেলি ফুল।
**জাতিসংঘ** League of Nations. 'জাতিপুঞ্জ' বর্জিত। তু. **রাষ্ট্রসংঘ** United Nations.
**জাত্যন্ধ** বিণ. জন্ম থেকেই অন্ধ।
**জাত্যভিমান** আভিজাত্যের অহংকার, উঁচু বংশে জন্মের জন্য অহংকার। -ত্যা- নয়।
**জাদুকর** যা- নয়। স্ত্রী. **জাদুকরি**। বিণ. **জাদুকরি**।
**জাদুবিদ্যা** যা- বর্জিত।
**জানকী** সীতা -কি নয়।
**জানান** বি. ঘোষণা ; জ্ঞাপন। উচ্চারণ জানান্। উদা.—জানান দেওয়া। **জানানো** ক্রি. বি. অবগত করানো।
**জানালা** মার্জিত প্রয়োগ ; **জানলা** কথ্য প্রয়োগ।
**জানুআরি, জানুয়ারি** প্রথমটি অধিকতর সংগত।

**জান্নাত** স্বর্গের উদ্যান। -ৎ নয়।
**'জাপানযাত্রী'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভ্রমণকথা (১৯১৯)।
**জাপানি** বি. বিণ. -নী বর্জিত।
**জাফরান** রংবিশেষ; ফলবিশেষ বা তার কেশর। বিণ. **জাফরানি** -নী বর্জিত।
**জাফরি**। -রী নয়।
**জাবেদা** দৈনিক হিসাবের খাতা বা হিসাব-সংক্রান্ত বি. বিণ.। **জাবেদা খাতা**। 'জাবদা' অপ্র.।
**জামদগ্ন্য** জমদগ্নির পুত্র, পরশুরাম। 'জামদগ্ন' নয়।
**জামশেদজি নুসেরওয়ানজি টাটা** ১৮৩৯-১৯০৪, শিল্পপতি।
**জামশেদপুর**। 'জামসেদপুর' বর্জিত।
**'জামাই বারিক'** দীনবন্ধু মিত্র রচিত প্রহসন (১৮৭২)।
**জামানত, জমানত** প্রথমটি অধিকতর প্রচলিত।
**জাম্প** jump.
**জাম্ববান**। 'জাম্ববান্' বর্জিত। 'জাম্বুবান' কথ্য।
**জাম্বীর** জামিরলেবু। -ম্বি- নয়।
**জায়গির** -গী- বর্জিত। **জায়গিরদার, জায়গিরদারি**।
**জায়সি** ষোড়শ শতকের (১৫০০-১৫৫৮?) হিন্দি কবি।
**জায়েজ** বিণ. বৈধ, lawful.
**জারওয়া, জারোয়া** আন্দামানের জাতিবিশেষ। প্রথম বানান অধিকতর সংগত, কিন্তু দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**জারণ** পরিপাক, জারিতকরণ। তু. **বিজারণ**। -ন নয়।
**জারি, জারিগান** পল্লিসংগীতবিশেষ। -রী নয়।
**জারিজুরি, জারিজোরি** প্রথমটি অধিকতর প্রচলিত।
**জার্কিন** কিংবা **জারকিন** jerkin. -ণ নয়।
**জার্নাল** journal.
**জার্মান**। 'জর্মন', 'জর্মান' নয়।
**জার্মানি**। 'জর্মানি', 'জর্মনী', 'জার্মানী' নয়।
**জালাতন** চলিত, **জ্বালাতন** মার্জিত।
**জালানি** চলিত, **জ্বালানি** মার্জিত, -নী বর্জিত।
**জালানো** চলিত, **জ্বালানো** মার্জিত।
**জালালউদ্দিন**। 'জালালুদ্দিন' নয়।
**জালিয়াত** -ৎ নয়। **জালিয়াতি** -তী নয়।
**জাহাঁপনা** জাঁ- নয়। (< জহান্)।
**জাহাঁবাজ** জাঁ- নয়।
**জাহাঙ্গির** ১৫৬৯-১৬২৭, চতুর্থ মোগল সম্রাট।
**জাহাজি** -জী নয়।
**জাহান্নাম, জাহান্নম** নরক, প্রথমটি অধিকতর প্রচলিত।
**জাহির** প্রচারিত, ঘোষিত। -হী- বর্জিত।
**জি** নামের শেষে ব্যবহৃত সম্মানসূচক উপাধি—নেতাজি, গান্ধিজি, বাপুজি। 'জী' বর্জনীয়।
**জিউ** দেবতার নামের সঙ্গে ব্যবহৃত সম্মান বা ভক্তিসূচক শব্দ। 'জীউ' বর্জিত।
**জিওল, জিয়োল** প্রথমটি অধিকতর প্রচলিত, দ্বিতীয় অধিকতর সংগত।
**জিওলজি, জিয়লজি** Geology দ্বিতীয় বানান সংগততর।
**জিগির** -গী- বর্জিত।
**জিগীষা, জিগীষু**।
**জিজীবিষা** বেঁচে থাকার ইচ্ছা। বানানে ই ঈ ই এই ক্রম লক্ষণীয়।
**'জিজ্ঞাসা'** রামেন্দ্রসুন্দর ত্রিবেদী রচিত বিজ্ঞানবিষয়ক নিবন্ধাবলি।
**জিঞ্জির** -ঞ্জী- নয়।
**জিদ, জেদ** দুইই প্রচলিত, দ্বিতীয়টি কথ্য।
**জিদ্দিবাজ** অপ্র. শব্দ। অর্থ জেদি বা একরোখা।
**জিনস** jeans. জী- নয়, -ন্‌- নয়, -ন্স নয়।
**জিনসেং** ginseng চীনদেশীয় গাছবিশেষ যার শিকড় সর্বরোগহর বলে অনেকের বিশ্বাস।
**জিনিস** -ষ নয়, -শ নয়।
**জিন্দাপির** -পী- নয়।
**জিন্না, মহম্মদ আলি, কায়দে আজম** ১৮৭৬-১৯৪৮। 'জিন্নাহ্', 'জিন্নাহ' নয়।
**জিপসি** gipsy বা gypsy. যাযাবর জাতিবিশেষ। -সী নয়।
**জিব—জিভ** -এর কথ্য রূপ।
**জিবুতি** Djibouti কিংবা Jibuti, পূর্বতন ফরাসি

সোমালিল্যান্ড ; বর্তমানে স্বাধীন প্রজাতন্ত্র, রাজধানী শহর জিবুতি ।

**জিব্রলটার** Gibralter. -ব্রাল- নয় ।

**জিমখানা** gymkhana. সাধারণ খেলাধুলার বা প্রতিযোগিতামূলক খেলাধুলার জায়গা বা সংগঠন ।

**জিমন্যাস্টিক** gymnastic.

**জিম্বাবোয়ে** Zimbabwe, আফ্রিকার স্বাধীন (১৯৮০) প্রজাতন্ত্র, পূর্বনাম রোডেশিয়া । রাজধানী হারারে, Harare.

**জিম্মা** হেপাজত, দায়িত্ব ।

**জিয়নকাঠি** জী- নয় ।

**জিয়ন্ত** জী- নয় ।

**জিয়ল** দ্র **জিওল** ।

**জিয়াউদ্দিন বরনি** চতুর্দশ শতকের মুসলমান ঐতিহাসিক, 'তারিখ-ই-ফিরোজশাহি' গ্রন্থের লেখক ।

**জিয়ারত** তীর্থ ; কবর । -ৎ নয় । **জেয়ারত** অপেক্ষাকৃত কম প্রচলিত ।

**জিরাত** জমি । **জিরেত** কথ্য । উদা.—জমিজিরেত ।

**জিরো আওয়ার** Zero hour. যুদ্ধে আক্রমণ শুরুর মুহূর্ত ; সংসদে প্রশ্নোত্তর পর্বের ঠিক পরে যে সময় সদস্যরা বিনা নোটিসে গুরুত্বপূর্ণ প্রশ্ন তোলেন ।

**জিশু** Jesus. যিশু বা যীশু প্রচলিত হলেও **জিশু**-ই সংগত ।

**জিহাদ** বিদ্রোহ । **জেহাদ** অধিকতর প্রচলিত ।

**জিহ্বামূলীয়** gutteral.

**জীবৎকাল, জীবনকাল** প্রথমটি সংস্কৃতানুগ, দ্বিতীয়টি বাংলামতে গঠিত ।

**জীবনবিমা** -বীমা নয় ।

**জীবনানন্দ দাশ** ১৮৯৯-১৯৫৪ । রবীন্দ্রোত্তর কালের অন্যতম শ্রেষ্ঠ কবি । প্রথম কাব্য ঝরাপালক (১৯২৭) ।

**জীবনী** সংস্কৃতমতে বিণ. উদা.—জীবনীশক্তি । বাংলামতে বি. অর্থ জীবনচরিত ।

**জীবাণু, বীজাণু** প্রথমটির অর্থ অতি সূক্ষ্ম প্রাণী বা উদ্ভিদ, microbe এবং রোগসৃষ্টিকারী সূক্ষ্ম প্রাণী বা bacillus; দ্বিতীয়টির অর্থ bacteria.

**জীবাশ্ম** fossil.

**-জীবী** '-জীবি' নয় । উদা.—বার্তাজীবী, কৃষিজীবী, বুদ্ধিজীবী ।

**জীমূতবাহন** একাদশ-দ্বাদশ শতকের বাঙালি স্মৃতিকার, 'দায়ভাগ'-এর রচয়িতা ।

**জীয়ন্ত** দ্র **জিয়ন্ত** ।

**জু এনলাই** Zhou Enlai 1898-1976 চীনের রাজনীতিবিদ, প্রথম প্রধানমন্ত্রী, পূর্বতন প্রতিবর্ণীকরণ অনুসারে **চু এন-লাই** ।

**জুঁই** যুঁ- নয় ।

**জুইংলি, উলরিখ** Ulrich Zwingli 1484-1531 সুইস ধর্মপ্রচারক ।

**জুজুৎসু** < jiujitsu মূল জিউজিৎসু ।

**জুটত, জুটল** -তো নয়, -লো নয় ।

**জুড়ি** জোড়া ; সমকক্ষ । -ড়ী বর্জিত ।

**জুত, জুতসই** -ৎ বর্জিত ।

**জুন্তা** junta বিদ্রোহ বিপ্লব বা কুদেতার পর সামরিক সরকারের পরিচালনাকারী অফিসারদের গোষ্ঠী ।

**জুবিলি** jubilee -লী নয় ।

**জুমচাষ** ত্রিপুরা অসম প্রভৃতি অঞ্চলের পাহাড়ি এলাকায় প্রচলিত একই জায়গায় নানা বীজ রোপণের পদ্ধতিবিশেষ ।

**জুম্মা, জুম্মাবার** শুক্রবার ; নামাজ পড়ার দিন । **জুম্মার নামাজ** শুক্রবার দুপুরের নামাজ । **জুমা** কথ্য ।

**জুয়াড়ি, জুয়ারি** -ড়ী, -রী নয় ।

**জুয়েভো, ইতালো** Italo Svevo 1861-1928 ইতালীয় ঔপন্যাসিক ।

**জুয়েলারি** jwellery -রী নয় ।

**জুরি** jury. -রী নয় ।

**জুলপি, জুলফি** প্রথমটি কথ্য এবং অধিকতর প্রচলিত ।

**জুস** ফলের রস বা মাংস ডাল ইত্যাদির ঝোল ।

**জূট** সমূহ ; ঝুঁটি । উদা.—জটাজূটধারী । জু- নয় ।

**জৃম্ভণ** হাই, মুখব্যাদান । **জৃম্ভমাণ** বিণ. মুখব্যাদানরত ; প্রকাশমান । **জৃম্ভিত** বিণ. মুখব্যাদান করেছে এমন ; প্রকাশিত, বিকশিত ।

**জেঠতুতো** জ্যা- নয়, -তুত নয় ।
**জেঠা** দ্র **জ্যাঠা** ।
**জেঠাইমা** দ্র **জ্যাঠা** ।
**জেঠি, জেঠিমা** -ঠী নয় ।
**জেতানো** ক্রি. বি. -ন নয় । **জেতাত** ; **জেতাল** । -তো নয়, -লো নয় ।
**জেদ্দা** Jedda. সৌদি আরবের শহর । -ড্ডা নয় ।
**জেনার, এডওআর্ড** Edward Jenner 1749-1823. ইংরেজ চিকিৎসাবিজ্ঞানী, টীকার উদ্‌ভাবক ।
**জেন্দ আবেস্তা** Zend Avesta. জরথুশত্র-র ধর্মের টীকাযুক্ত গ্রন্থ ।
**জেবউন্নিসা** । 'জেবুন্নিসা' নয় ।
**জেব্রা** Zebra, বাংলা শব্দ । কিন্তু প্রতিবর্ণীকরণে মূল উচ্চারণের অনুসরণে **জিব্রা** ।
**জেরুসালেম** Jerusalem.
**জেলিফিশ** jellyfish. একটি শব্দ ।
**জেলেনি—জেলে-র** স্ত্রীলিঙ্গ, -নী নয় ।
**জেসপারসেন, অটো** দ্র **য়েসপেরসেন** ।
**জেসুইট** Society of Jesus নামক ধর্মীয় সংঘ বা ওই সংঘের অন্তর্ভুক্ত ।
**জেহাদ** বিদ্রোহ । **জিহাদ** অপেক্ষাকৃত কম প্রচলিত ।
**জৈব** জীবসম্বন্ধীয় ; প্রাণিজ, organic (পরি.) ।
**জৈমিনি** 'পূর্বমীমাংসাদর্শনে'র রচয়িতা প্রাচীন ভারতীয় দার্শনিক ।
**জোঁকার, জোকার** হুলুধ্বনি । প্রথমটি আঞ্চ. ।
**জোগাড়** যো- বর্জিত ।
**জোছনা, জোচ্ছনা** । **জ্যোৎস্না**-র কথ্য ও কোমল রূপ । জ্যো- নয় ।
**জোটেবুড়ি** জটে- নয়, -ড়ী নয় ।
**জোন অব আর্ক** Joan of Arc 1412-1431 বিখ্যাত ফরাসি শহিদ-বালিকা ঝ্যন দার্ক (Jeanne d'Arc)-এর ইংরেজি নাম । 'জোআন' নয় ।
**জোনস, সার উইলিয়াম** Sir William Jones 1746-1794 ইংরেজ ভারতবিদ্যা-বিশেষজ্ঞ, এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা (১৭৮৪) ।
**জোনাকি** -কী নয় ।
**জোবের্তি, ভিঞ্চেৎসো** Vincenzo Gioberti 1801-1852 ইতালীয় দার্শনিক । 'জিওবের্তি' নয় ।
**জোয়ান**[১] বিণ. বি. বলবান । যো- বর্জিত ।
**জোয়ান**[২] মশলাবিশেষ । যো- বর্জিত ।
**জোয়ান অব আর্ক** দ্র **জোন অব আর্ক** ।
**জোরাজুরি, জোরাজোরি** বলপ্রয়োগ, জবরদস্তি । প্রথমটি অধিকতর প্রচলিত ।
**জোলাপ, জোলাব** দ্বিতীয়টি অপ্র. ।
**জোলো** জলীয় বা জলের মতো স্বাদযুক্ত ; পাতলা ; নীরস । 'জলো' নয় ।
**জৌ** দ্র **জউ** ।
**জৌনপুর** ।
**জৌনপুরি** প্রাতঃকালীন রাগবিশেষ । -রী বর্জিত ।
**জৌলুস** ঔজ্জ্বল্য, জেল্লা । **জলুস**-এর রূপভেদ, তবে এটিই অধিকতর প্রচলিত ।
**জ্ঞাতসারে** সজ্ঞানে, জেনেশুনে । 'জ্ঞাতসাড়ে' নয় ।
**জ্ঞাতার্থে** শব্দটি প্রচলিত হলেও ব্যাকরণসম্মত নয়, জ্ঞাত+অর্থে এভাবে নিষ্পন্ন হলে শব্দটি অর্থহীন হয় ।
**জ্ঞানচন্দ্র ঘোষ** ১৮৯৪-১৯৫৯ রসায়নবিদ ।
**জ্ঞানদাস** ষোড়শ শতকের পদাবলি-রচয়িতা ।
**জ্ঞানান্বেষণ** রামতনু লাহিড়ি প্রতিষ্ঠিত সমাজসংস্কার সমিতি (১৮৩৮) ।
**জ্ঞাপন** বি. জানানো, সংবাদদান । বিণ. **জ্ঞাপিত** ।
**জ্বলন** বি. দীপ্তি ; দাহজনিত কষ্ট ; জ্বলা, ignition (পরি.) ।
**জ্যাকোবিন** Jacobin. মূল ফরাসি উচ্চারণ-অনুযায়ী ঝাকব্যাঁ । ফরাসি বিপ্লবের সময়ের রাজনীতিক দলবিশেষ ।
**জ্যাঠা, জ্যাঠাইমা, জ্যাঠামশাই, জ্যাঠামি** । জে- বর্জিত ।
**জ্যাভলিন** javelin বর্শাবিশেষ । 'জ্যাভেলিন' নয় ।
**জ্যালজ্যাল** । কিন্তু **জ্যালজেলে** ।
**জ্যেষ্ঠ** বয়সে বড় ।
**জ্যৈষ্ঠ** বাংলা বছরের দ্বিতীয় মাস । < জ্যেষ্ঠা

নক্ষত্র।
**জ্যোছ্না** দ্র **জোছ্না**।
**জ্যোতি** পৃথক শব্দ হিসাবে 'জ্যোতিঃ' নয়।
**জ্যোতিঃপথ, জ্যোতিঃপুঞ্জ, জ্যোতিঃপূর্ণ, জ্যোতিঃশাস্ত্র**। এই শব্দগুলিতে বিসর্গ আবশ্যিক।
**জ্যোতিরিঙ্গণ** জোনাকি।
**জ্যোতিরিন্দ্র** 'জ্যোতিরীন্দ্র' নয়।
**জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর** ১৮৪৯-১৯২৫। শিল্পী, সংগীতজ্ঞ, নাট্যকার, অনুবাদক।
**জ্যোতির্বিজ্ঞান, জ্যোতির্বিদ্যা** astronomy.
**জ্যোতির্বিদ**। 'জ্যোতির্বিদ্' ও 'জ্যোতির্বিৎ' বর্জিত।
**জ্যোতির্ময়ী দেবী** ১৮৯৪-১৯৮৮ গান্ধীজির অনুগামী স্বাধীনতা-সংগ্রামী, লেখিকা।
**জ্যোতিষ, জ্যোতিষশাস্ত্র** ফলিত জ্যোতিষ অর্থে অর্থাৎ গ্রহনক্ষত্রাদির অবস্থান নির্ণয়ের দ্বারা মানুষের ভবিষ্যৎ শুভাশুভ বিচারের শাস্ত্র অর্থে বর্তমানে অধিকতর প্রচলিত, astrology.
**জ্যোতিষ্ক** মহাকাশের জ্যোতির্ময় গ্রহনক্ষত্র।
**জ্যোতিষ্মান** -ন্ বর্জিত।

◆

**ঝংকার, ঝংকৃত**। 'ঝঙ্কার', 'ঝঙ্কৃত' নয়।
**ঝকঝকানি, ঝকঝকে**। 'ঝক্ঝকানি' নয়, 'ঝক্ঝকে' নয়।
**ঝকমকে** -ক্- নয়।
**ঝকমারি -ক- নয়**।
**ঝক্কি** -কি নয়।
**ঝগড়াঝাঁটি** চন্দ্রবিন্দু আবশ্যিক।
**ঝটপট** হসন্ত অপ্রয়োজনীয়।
**ঝটিতি** ক্রি-বিণ. অতি দ্রুততার সঙ্গে, ঝট ক'রে।
**ঝড়তি-পড়তি** হাইফেন আবশ্যিক।
**ঝড়ো** ঝড়পূর্ণ, ঝড়যুক্ত, ঝড়ে আক্রান্ত বা পীড়িত। **ঝোড়ো** সংগততর।
**ঝনঝন, ঝনঝনানি, ঝনঝনানো** -ন্- নয়, -ণ- নয়।
**ঝপ** -প্ নয়।
**ঝম, ঝমঝম** -ম্ নয়। **ঝমাঝম**।
**ঝমঝমে**। 'ঝম্ঝমে' নয়।
**ঝম্পক** সংগীতের পাঁচ মাত্রার (মূলত) রাবীন্দ্রিক তালবিশেষ।
**ঝরনা** -ণা; -র্না, -র্ণা বর্জিত।
**ঝলমলে** -ল্- নয়।
**ঝলসিত** বিণ. ঝলসে গেছে বা ঝলসানো হয়েছে এমন।
**ঝাঁকড়া** (মূলত চুল সম্বন্ধে) লম্বা রুক্ষ ও গোছা-গোছা।
**ঝাঁকরানো** ক্রি. বি. ঝাঁকুনি দেওয়া।
**ঝাঁকিদর্শন** দ্রুত এক নজর দেখা, একবারের জন্যে দেখেই চলে যাওয়া।
**ঝাঁঝ** তীব্র বা প্রখর তেজ ; তীব্র গন্ধ, কটু স্বাদ। বিণ. **ঝাঁঝালো**। **ঝাঁজ** ও **ঝাঁজালো** কথ্য।
**ঝাঁঝরি** ছিদ্রযুক্ত হাতা।
**ঝাঁপতাল** সংগীতের দশমাত্রার তালবিশেষ।
**ঝাঁপানো** ক্রি. বি. লাফ দেওয়া, ঝাঁপ দেওয়া। **ঝাঁপাত** ঝাঁপ দিত, -তো নয়। **ঝাঁপাল**। ঝাঁপ দিল, -লো নয়।
**ঝাঁপি** -পী বর্জিত। উদা.—লক্ষ্মীর ঝাঁপি।
**ঝাঁসি** -সী নয়, ইংরেজি উচ্চারণের অনুসরণে 'ঝানসি' নয়।
**ঝাকার, ঝসেফ মারি** Joseph Marie Jacquard 1752-1834 ফরাসি বিজ্ঞানী।
**ঝাড়খণ্ডি**[১] পৃথক ঝাড়খণ্ড রাজ্যের সমর্থক।
**ঝাড়খণ্ডি**[২] পশ্চিমবঙ্গের পশ্চিমে পুরুলিয়া এবং মানভূম ও সিংভূম সংলগ্ন অঞ্চলের উপভাষা।
**ঝাড়ন** ঝাড়ার উপকরণবিশেষ, সম্মার্জন।
**ঝাড়পোঁছ, ঝাড়ফুঁক** চন্দ্রবিন্দু আবশ্যিক।
**ঝাড়ে-বংশে** কিংবা **ঝাড়েবংশে**।
**ঝাড়ে-মূলে** কিংবা **ঝাড়েমূলে**।
**ঝান্ডা**। 'ঝন্ডা' নয়।
**ঝামর** বিণ. মলিন ও রুক্ষ। উদা.—'ডাইনী যেন ঝামর-চুলো' : সত্যেন্দ্র।

**ঝালানো** ঝালাই করা ; ঝালিয়ে নেওয়া। -ন নয়।
**ঝিউড়ি** কন্যা বা অবিবাহিতা কন্যা, ঝিয়ারি।
**ঝিঁঝি** চন্দ্রবিন্দু শুধু প্রথমটিতে।
**ঝিঁঝিট, ঝিঁঝোটি, ঝিঞ্ঝোটি** রাগিণীবিশেষ। তিনটি রূপই অল্পবিস্তর প্রচলিত, প্রথম ও দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**ঝিনঝিন** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।
**ঝিমঝিম** হস্‌চিহ্ন নয়।
**ঝিমনো** বা **ঝিমানো**। 'ঝিমুনো' নয়, 'ঝিমোনো' নয়।
**ঝিয়ারি** কন্যা বা অবিবাহিত কন্যা। -ড়ী নয়, -রী নয়।
**ঝিরঝির** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।
**ঝিলমিল** হস্‌চিহ্ন নয়।
**'ঝিলিমিলি'** ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় রচিত ব্যক্তিগত রচনা (১৯৬১)।
**ঝুপড়ি** ছোট ও নিচু কুঁড়ে ঘর। -রি নয়, -ড়ী নয়।
**ঝোড়ো** ঝড়পূর্ণ বা ঝড়ে পীড়িত। 'ঝড়ো' নয়।

◆

**টইটম্বুর** টৈ- বর্জনীয়।
**টংকার, টঙ্কার** দুটিই শুদ্ধ, প্রথমটি ক্রমে অধিকতর প্রচলিত হচ্ছে।
**টকসিন** toxin.
**টক্কর** ঠোকর ; পাল্লা, প্রতিযোগিতা। -ক্ক- নয়।
**টগবগ** হস্‌চিহ্ন নয়।
**টনটন** হস্‌চিহ্ন নয়।
**টনসিল** জিহ্বামূলের কাছে অবস্থিত দুটি গ্ল্যান্ড বা গ্রন্থি। 'টন্সিল' নয়।
**টপ, টপাটপ** 'টপ্‌' নয়, 'টপাটপ্‌' নয়।
**টব্যাকো** tobacco. 'টোব্যাকো' নয়।
**টমাস, ডিলান** Dylan Thomas 1914-1953 ইংরেজ কবি।
**টমেটো, টম্যাটো** প্রথমটি বঙ্গীকৃত, দ্বিতীয়টি মূলের উচ্চারণ-অনুসারী।
**টর্চ** torch. 'টরচ' নয়।
**টর্নেডো** tornado. 'টর্নাডো' নয়, 'টরনাডো' নয়।
**টর্পেডো** torpedo.
**টাইপোগ্রাফি** typography.
**টাইফয়েড** typhoid. ইংরেজি উচ্চারণ টাইফয়িড্‌ হলেও বাংলায় **টাইফয়েড** লেখ্য।
**টাঁকশাল** চন্দ্রবিন্দু আবশ্যিক।
**টাঙা, টাঙ্গা** প্রথমটি বর্তমানে অধিকতর প্রচলিত রূপ।
**টাঙাইল, টাঙ্গাইল** প্রথমটি কথ্য এবং বর্তমানে অধিকতর প্রচলিত।
**টাঙি, টাঙ্গি** কুঠারজাতীয় অস্ত্র। দুই বানানই প্রচলিত, প্রথমটি কথ্য। ঙী, -ঙ্গী নয়।
**টাড়স** তাড়স-এর আঞ্চ. রূপ, অতএব শিষ্ট ভাষায় বর্জনীয়।
**টান** tension (পরি.)। দ্র **পৃষ্ঠটান**।
**টানাহেঁচড়া, টানাহ্যাঁচড়া** দ্বিতীয় বানান অধিকতর সংগত।
**টাপুর-টুপুর** হাইফেন বাঞ্ছিত।
**টারবাইন** turbine. -র্বা- নয়।
**টারবোজেট** turbojet.
**টার্ফ** turf.
**টার্মিনাস** terminus. কিংবা **টারমিনাস**।
**টিউটর** tutor. -টার নয়।
**টিউবেকটমি** tubectomy.
**টিউশন, টুইশন** tuition. দুটিই বাংলা রূপান্তর। ইংরেজি উচ্চারণ—টিউইশন্‌।
**টিংচার আইয়োডিন** tincture iodine. 'টিনচার' নয়, 'আয়োডিন' নয়।
**টিকল** টিকে থাকল। -লো নয়, চন্দ্রবিন্দু নয়।
**টিকলো** যার আগা ছুঁচলো বা তীক্ষ্ণ। -ল নয়, -কো- নয়।
**টিকিট** ticket. 'টিকেট' নয়।
**টিপ্পনী** -নি নয়।

# ট

**টিমটিম** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।

**টিলক, বাল গঙ্গাধর** ১৮৫৬-১৯২০। 'তিলক' নয়।

**টীকা** ব্যাখ্যা। টি- নয়।

**টুইড** tweed. পশমি বস্ত্রবিশেষ।

**টুঁটি** কণ্ঠনালী। চন্দ্রবিন্দু আবশ্যিক।

**টুকরি** ছোট ঝুড়ি। -রী বর্জিত।

**টুর্নামেন্ট** tournament. টুরনা- নয়।

**টুসান, টুশান** Tucson. মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যারিজোনা স্টেটের শহর।

**টেংরা** দ্র **ট্যাংরা**।

**টেঁক** দ্র **ট্যাঁক**।

**টেকসই** টেকে বা স্থায়ী হয় এমন। টেঁ- নয়।

**টেকা, টেকানো** টেঁ- নয়।

**টেপাটিপি**। 'টেপাটেপি' নয়।

**টেম্পল** temple.

**টেম্পেরা** tempera. ক্যানভাসে রঞ্জকপদার্থ প্রয়োগ করে ছবি আঁকার পদ্ধতিবিশেষ।

**টেম্পেস্ট** tempest.

**টেলিকাস্ট** telecast. টেলিভিসনে কর্মসূচি প্রচার।

**টেলিগ্রাফ** telegraph. তারবার্তা পাঠাবার যন্ত্র।

**টেলিগ্রাম** telegram. তারবার্তা।

**টেলিপ্যাথি** telepathy. ইন্দ্রিয়ের সাহায্য ছাড়াই একে অপরের মনের কথা জানা।

**টেলিপ্রিন্টার** teleprinter. দূরাগত তারবার্তা যে যন্ত্রে আপনিই টাইপ হয়ে যায়।

**টেলিভিসন** television. দূরেক্ষণ বা দূরদর্শন।

**টেলিস্কোপ** telescope. দূরবিন, দূরবীক্ষণ।

**টেলেক্স** telex. তারবার্তা ইলেকট্রনিক পদ্ধতিতে টাইপ করে দূরে পাঠাবার পদ্ধতিবিশেষ।

**টেস্ট** test.

**টেস্টম্যাচ** test match. ক্রিকেটে দুই দেশের মধ্যে প্রতিযোগিতাবিশেষ।

**টেস্টামেন্ট** testament সাক্ষ্য ; Testament দুইভাগে বিভক্ত বাইবেলের একটি ভাগ।

**টোটেম** totem. মূলত আদিবাসী বা উপজাতিরা ভক্তি বা শ্রদ্ধা করে এমন বস্তু বা প্রাণী।

**টোডা** তামিলনাড়ুতে নীলগিরি পর্বতের উপত্যকায় বসবাসকারী উপজাতিবিশেষ।

**টোড়ি** সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। 'তোড়ি' বর্তমানে কম প্রচলিত। 'টোড়ী' নয়।

**টোপাজ** topaz. পোখরাজ।

**টোব্যাকো** দ্র **টব্যাকো**।

**টোরি** Tory. -রী নয়।

**ট্যাংরা** আঁশবিহীন মাছবিশেষ। 'টেংরা' নয়।

**ট্যাঁক** কোমর ; কোমরের কাপড়। 'টেঁক' নয়। **ট্যাঁকঘড়ি**।

**ট্যাঁ ফোঁ** শব্দ ; বাক্যস্ফূর্তি। পৃথকভাবে কিংবা হাইফেন দিয়ে **ট্যাঁ-ফোঁ**।

**ট্যাঁশ** (সচরাচর অবজ্ঞার্থে ব্যবহৃত) ফিরিঙ্গি। -স নয়।

**ট্যাক্স** tax.

**ট্যাক্সি** taxi.

**ট্যাপারি** ছোট ফলবিশেষ। 'টেপারি' নয়।

**ট্যাবিউলেশন** tabulation. 'ট্যাবুলেশন' নয়।

**ট্যাবলয়েড** কিংবা **ট্যাবলয়ড** বড় বড় টাইপে শিরোনাম ও প্রচুর ছবিসহ মুদ্রিত স্বাভাবিকের অর্ধেক মাপের সংবাদপত্র।

**ট্রফি** দ্র **ট্রোফি**

**ট্রাইঅ্যাংগল** triangle. ট্র্যা- নয়।

**ট্রাইঅ্যাসিক** Triassic. ভূতত্ত্ববিদ্যা অনুযায়ী পৃথিবীর আদিতম যুগ যা শুরু হয়েছিল ২২৫ মিলিয়ন অর্থাৎ প্রায় বাইশ কোটি বছর আগে।

**ট্রাইকারবন ডাইঅক্সাইড** বর্ণবিহীন গ্যাসবিশেষ, tricarbon dioxide.

**ট্রাইপস** tripos. কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের অনার্সসহ ডিগ্রি পরীক্ষা। 'ট্রাইপোস' নয়, 'ট্রাইপোজ' নয়।

**ট্রাইবোলজি** tribology. ঘর্ষণ-সংক্রান্ত বিদ্যা।

**ট্রানজিস্টার** transistor.

**ট্রান্সফর্মার** transformer.

**ট্রান্সফার** transfer.

**ট্রাম** tram-এর বাংলা রূপ, 'ট্র্যাম' ইংরেজি উচ্চারণ।

**ট্রাস্ট** trust.

**ট্রাস্টি** trustee.

**ট্রিনিটি** Trinity.

**ট্রিলজি** trilogy. পরস্পর সম্বন্ধযুক্ত তিনটি নাটক বা উপন্যাস।

# ট ◆ ঠ

**ট্রিলিয়ন** trillion. ইংল্যান্ড ও আমেরিকার প্রয়োগ অনুসারে এক মিলিয়ন মিলিয়ন সংখ্যা অর্থাৎ এক লক্ষ কোটি।
**ট্রেকিয়া** trachea. ট্র্যা- নয়।
**ট্রেজার** treasure. **ট্রেজারি** treasury.
**ট্রেঞ্চ** trench.
**ট্রেডমার্ক** trade mark.
**ট্রেন** train. -ণ বর্জিত।
**ট্রেনিং** training.
**ট্রোফি** trophy. 'ট্রফি' নয়।
**ট্র্যাক্টর** tractor.
**ট্র্যাজিক** tragic. ট্রা- নয়।
**ট্র্যাপিজ** trapeze.
**ট্র্যাপিজিয়াম** trapezium. এক জোড়া সমান্তরাল বাহুযুক্ত চতুর্ভুজ।
**ট্র্যাফিক** traffic ট্রা- নয়।

◆

**ঠক** আওয়াজবিশেষ। **-ক্** নয়।
**ঠকছ** -ছো নয়।
**ঠকত** ঠকে যেত। -তো নয়। **ঠকব** -বো নয়। **ঠকল** -লো নয়। অনুরূপভাবে, **ঠকাত, ঠকাল** -তো, -লো নয়।
**ঠকান** উচ্চারণ ন্। ঠকা। উদা.—কী ঠকান ঠকেছ!
**ঠকানো** বি. ক্রি. -ন নয়।
**ঠক্কর** আঘাত, ঠোকা, ধাক্কা অর্থে **ঠোক্কর** অধিকতর প্রচলিত।
**ঠগি** -গী নয়।
**ঠনঠন** হসন্ত অপ্রয়োজনীয়।
**ঠাওর**। **ঠাহর** -এর কথ্য রূপ।
**ঠাওরানো** বুঝতে পারা, অনুমান করা ইত্যাদি অর্থে **ঠাহ্‌রানো**-র চেয়ে অধিকতর প্রচলিত। উদা.—বোকা ঠাওরানো।
**ঠাকরুন** -ণ বর্জিত।
**ঠাকুরানি** -নী, -ণী নয়।
**ঠাকুরালি** প্রভুত্ব, প্রাধান্য ; দেবতার ছলনা। -লী নয়।
**ঠাট** ভাবভঙ্গি, ঢং ; (সংগীতে) রাগের শ্রেণি।
**ঠাঠা** বজ্র। 'ঠাটা' নয়।
**ঠাঠাপড়া রোদ, ঠাঠাপড়া রোদ্দুর** তীব্র বা প্রখর রোদ্দুর।
**ঠারে-ঠোরে** ইশারায়, ইঙ্গিতে। হাইফেন বাঞ্ছিত।
**ঠাসাঠাসি** একটি শব্দ।
**ঠিকরানো** বি. ক্রি. ঠিকরে পড়া। -ন নয়।
**ঠিকাদার** নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট কাজ সম্পন্ন করার শর্তে কাজের দায়িত্ব নেয় এমন ব্যক্তি, contractor. **ঠিকাদারি** বি. বিণ. -রী নয়।
**ঠিকুজি** -জী বর্জিত।
**ঠিলি** (সচরাচর) উত্তরভারতে প্রচলিত ঘড়া ধরনের জলপাত্রবিশেষ।
**ঠুংরি** উপশাস্ত্রীয় সংগীতপদ্ধতিবিশেষ, ধ্রুপদ ও খেয়াল গানের তুলনায় লঘুতর। 'ঠুমরি' অপ্র.।
**ঠুকঠুক** হসন্ত অপ্রয়োজনীয়।
**ঠুকরাত** ঠুকরে দিত অর্থে **ঠোকরাত** অধিকতর প্রচলিত।
**ঠুকরানো, ঠোকরানো** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**ঠ্যাঁটা** দ্র **ঠ্যাঁটা**।
**ঠেক** (কথ্য) আড্ডার জায়গা। উদা.—ওই চায়ের দোকানটা এখন তার নতুন ঠেক হয়েছে।
**ঠেকা**১ বি. উচ্চারণ—ঠেকা। তবলার সংগত।
**ঠেকা**২ বি. প্রয়োজন ; গরজ। উচ্চারণ—ঠ্যাকা।
**ঠেকার** দ্র **ঠ্যাকার**।
**ঠেলার নাম বাবাজি** দ্র **ঠ্যালা**।
**ঠোকরাত, ঠোকরানো** যথাক্রমে 'ঠুকরাত' ও 'ঠুকরানো'-র অধিকতর প্রচলিত রূপ।
**ঠোকো** ভবিষ্যৎ অনুজ্ঞা, অর্থ ঠকিয়ো। উদা.—আর এভাবে ঠোকো না।
**ঠ্যাং**। 'ঠ্যাঙ' নয়। কিন্তু **ঠ্যাঙে, ঠ্যাঙের**।

# ঠ ◆ ড

**ঠ্যাঁটা** বেহায়া ; অবাধ্য । ঠেঁ- নয় ।
**ঠ্যাকার** দেমাক, গর্ব ! ঠে- নয় ।
**ঠ্যাঙা** লাঠি । 'ঠেঙা' বর্জিত ।
**ঠ্যাঙাড়ে** ঠে- নয় ।
**ঠ্যাঙাত, ঠ্যাঙানো, ঠ্যাঙাল** ।
**ঠ্যালা** কিংবা **ঠেলা** । **ঠ্যালার নাম বাবাজি** -জী নয় ।

◆

**ডওর** ডহর-এর কথ্য ও আঞ্চ. রূপ, লেখ্য ভাষায় অপেক্ষাকৃত কম প্রচলিত ।
**ডংকা** -ঙ্কা নয় ।
**ডকে ওঠা** (কথ্য) উচ্ছেদ হওয়া, বাতিল বা বিনষ্ট হওয়া । **ডকে তোলা** উচ্ছেদ করা, বাতিল বা বিনষ্ট করা ।
**ডকুমেন্ট** document.
**ডগডগে** বিণ. ঘোর লাল । -গ্- নয় ।
**ডগমগ** বিণ. গদগদ ; আত্মহারা । উচ্চারণ—ডগোমগো ।
**ডগমা** dogma. ধর্মমত ; মতবাদ ; মত সম্পর্কে গোঁড়ামি ।
**ডজ প্ল্যান** Dawes Plan. প্রথম বিশ্বযুদ্ধের পর জার্মানির কাছ থেকে ক্ষতিপূরণের অর্থ আদায় করার উদ্দেশ্যে মার্কিন রাজস্ববিশেষজ্ঞ চার্লস ডজ-এর পরিকল্পনা ।
**ডবল ক্রাউন** double crown. কাগজের মাপবিশেষ । ক্রাউন=১৫″×২০″ ।
**ডবল ডিমাই** double demy. কাগজের মাপবিশেষ । ডিমাই=১৮″×২২″ ।
**ডমিনিকান** Dominican. ডো- নয় । **ডমিনিয়ন** dominion.
**ডমিসাইল** domicile. ডো- নয় ।
**ডরমিটরি** dormitory.
**ডরানো** ক্রি. বি. ভয় পাওয়া । -ন নয় ।
**ডলাই-মলাই** দ্র **দলাই-মলাই** ।
**ডলটন, জন** John Dalton 1766-1844 ইংরেজ বিজ্ঞানী । ড্যা- নয় ।
**ডস প্যাসস, জন** John Dos Passos 1896-1970. মার্কিন ঔপন্যাসিক ।
**ডাইং ক্লিনিং** dyeing cleaning.
**ডাইগ্রাফ** digraph. যে দুই বর্ণ মিলিত হয়ে একটি ধ্বনিকে দ্যোতিত করে ।
**ডাইনামিকস** dynamics. ডায়না- নয় । অনুরূপভাবে, **ডাইনামো** dynamo.
**ডাইনি** <সং. ডাকিনী । -নী নয় ।
**ডাইনোসর** dinosaur. অতিকায় আদিম সরীসৃপ ।
**ডাইসি, অ্যালবার্ট** Albert Venn Dicey 1835-1922 ব্রিটিশ আইনজ্ঞ ও সংবিধানবিশেষজ্ঞ ।
**ডাঁট** বি. হাতল ; দেমাক, গর্ব ।
**ডাঁটো** বিণ. মজবুত, দৃঢ়, শক্ত । -ট নয় ।
**ডাকশুন্ড** dachshund জার্মান কুকুরের প্রজাতিবিশেষ ।
**ডাকিনী** -নি নয় ।
**ডাঙশ** -ঙ্গ- বর্জিত ।
**ডাঙা** -ঙ্গা বর্জিত ।
**ডান, জন** John Donne আনু. 1571-1631 ইংরেজ কবি । 'ডন' নয় ।
**ডাফ, আলেকজান্ডার** Alexander Duff 1805-1875 ভারতে স্কটিশ মিশনারি ।
**ডাফরিন** Dufferin.
**ডাম্বেল** dumb-bell.
**ডায়নামাইট,** কিংবা **ডাইনামাইট** dynamite. **ডিনামাইট** প্রচলিত বাংলা রূপ ।
**ডায়মন্ড** diamond. ইংরেজি উচ্চারণ, যদিও ডাইয়মন্ড, বাংলা শব্দ হিসাবে **ডায়মন্ড** গ্রহণীয় ।
**ডায়াগনোসিস** diagnosis.
**ডায়াগ্রাম** diagram.
**ডায়াবিটিস** diabetes.
**ডায়ামিটার** diameter.
**ডায়ারি** diary প্রতিবর্ণীকরণে । বাংলা শব্দ

হিসাবে **ডায়েরি** ।
**ডায়ারিয়া** diarrhoea.
**ডায়ার্কি, ডাইয়ার্কি** dyarchy.
**ডায়ালগ** dialogue.
**ডায়ালেক্ট** dialect.
**ডারউইন, চার্লস** Charles Darwin 1809-1882 ইংরেজ প্রকৃতিবিদ, Origin of Species গ্রন্থের রচয়িতা ।
**ডার্ক** dark. **ডার্করুম** darkroom.
**ডালমেশিয়ান** Dalmatian. সারা দেহে বিন্দুযুক্ত কুকুরের প্রজাতিবিশেষ ।
**ডালহাউসি, লর্ড র‍্যামজি** Ramsay Dalhousie 1812-1860. ভারতে ইংরেজ গভর্নর-জেনারেল । -হৌসি, -সী নয় ।
**ডালি, সালভাদর** Salvador Dali 1904-1989 স্পেনীয় চিত্রশিল্পী ।
**ডাস্টবিন** dustbin.
**ডাস্টার** duster.
**ডাহুক** সচ. উড্ডয়নক্ষমতাহীন এবং জলের ধারে ঝোপে-ঝাড়ে বিচরণকারী সাদা-কালো পাখিবিশেষ, ডাকপাখি, waterfowl, gallinule.
**ডিউই, জন** John Dewey 1859-1952 মার্কিন দার্শনিক ও শিক্ষাতাত্ত্বিক ।
**ডি এন এ** deoxyribonucleic acid.
**ডিকশনারি** dictionary. -ক্স- নয় ।
**ডিকুইন্সি, টমাস** Thomas DeQuincey 1785-1859 ইংরেজ লেখক ।
**ডিকোড** decode. সংকেতের অর্থ উদ্ধার করা ।
**ডিক্রি** decree. -ক্রী নয় ।
**ডিগ্রি** degree -গ্রী নয় ।
**ডিঙা, ডিঙি** ছোট নৌকো । -ঙ্গা নয়, -ঙ্গি নয় ।
**ডিঙানো** -ঙ্গা- নয়, -ন নয় ।
**ডিঙ্গি** পায়ের আঙুলের উপর ভর দিয়ে দাঁড়ানো । উদা.—ডিঙ্গি দেওয়া । **ডিঙি** কথ্য ।
**ডিজনি, ওআল্ট** Walter Disney 1901-1966 মার্কিন কার্টুন-চলচ্চিত্র-নির্মাতা ।
**ডিজরেলি, বেঞ্জামিন** (বেনজামিন) Benjamin Disraeli 1804-1881 ব্রিটিশ রাজনীতিবিদ ।
**ডিজাইন** design.
**ডিজেল** diesel.
**ডিটারজেন্ট** detergent.
**ডিটেকটিভ** detective.
**ডিন** dean.'ডীন' নয় ।
**ডিনামাইট** । **ডাইনামাইট** বা **ডায়নামাইট** -এর বাংলা রূপ ।
**ডিপথেরিয়া** দ্র **ডিফথেরিয়া** ।
**ডিপার্টমেন্ট** department.
**ডিপোজিট** deposit.
**ডিপ্লোমা** diploma.
**ডিপ্লোম্যাট** diplomat. **ডিপ্লোম্যাটিক** diplomatic. **ডিপ্লোমেসি** diplomacy.
**ডিফথেরিয়া** diphtheria. ডিপ- নয় ।
**ডি ফিল** ডক্টর অব ফিলজফি ডিগ্রি, **পিএইচ ডি**-র রূপভেদ ।
**ডিফো, ড্যানিয়েল** Daniel Defoe 1659-1731 ইংরেজ লেখক, The Adventures of Robinson Crusoe-র লেখক ।
**ডিবেনচার** কিংবা **ডিবেঞ্চার** debenture.
**ডিভান** divan. শোয়া ও বসা দুই কাজেরই উপযোগী পায়াযুক্ত লম্বা আসন ।
**ডিভিডেন্ড** dividend. যৌথ কারবারের লভ্যাংশ হিসাবে যে অর্থ দেওয়া হয় ।
**ডিভিশন** divison-এর বাংলা রূপ, ইংরেজি উচ্চারণ ডিভিজ্‌ন ।
**ডিভোর্স** divorce. ডাই- নয় ।
**ডিমক্রেসি** democracy. ডে- নয়, -মো- নয় ।
**ডিমাই** demy. কাগজের মাপবিশেষ, ২২″×১৮″ ।
**ডিমান্ড** demand. 'ডিম্যান্ড' নয় ।
**ডিম্বাণু** ovum (পরি.) ।
**ডিম্বাশয়** ovary. রজোডিম্বের আধার ।
**ডিরোজিয়ো, হেনরি লুই ভিভিয়ান** Henry Louis Vivian Derozio 1809-1831.
**ডিরেক্টর** director. -ক্টা- নয়, -কট- নয় ।
**ডিল** deal. ডী- নয় ।
**ডি লা মেয়ার, ওআল্টার** দ্র **ডে লা মেয়ার** ।
**ডিশ** dish.
**ডিসকাউন্ট** discount.

# ড

**ডিসচার্জ** discharge.
**ডিসটেম্পার** distemper.
**ডিসট্রিক্ট** district.
**ডিসট্রিবিউটর** distributor. **ডিসট্রিবিউশন** distribution.
**ডিসমিস** dismiss. 'ডিশমিশ' বর্জিত।
**ডিসেন্টার** Dissenter. ইংল্যান্ডের চার্চের বহির্ভূত বা চার্চের প্রতিষ্ঠান-বিরোধী ব্যক্তি।
**ডিসেম্বর** December. -মব- নয়।
**ডীন** দ্র **ডিন**।
**ডুগি** তবলার সহচর বাদ্যযন্ত্র।
**ডুবছিল** -লো নয়।
**ডুবজল** একটি শব্দ। অনুরূপভাবে, **ডুবসাঁতার**।
**ডুবত** ডুবে যেত। -তো নয়। **ডুবল** -লো নয়।
**ডুবরি, ডুবারি** দ্র **ডুবুরি**।
**ডুবুরি** -রী নয়। **ডুবরি, ডুবারি** সমার্থক শব্দ, তবে অপেক্ষাকৃত কম প্রচলিত।
**ডুবোজাহাজ** একটি শব্দ, 'ডুবো জাহাজ' নয়।
**ডুমসডে বুক** Domesday Book. ১০৮৮ সালে ইংল্যান্ডের রাজা উইলিয়ামের সময় আদমশুমার-সংক্রান্ত গ্রন্থ।

**ডুয়ার্স** তিস্তা নদীর বামতীরস্থ সমভূমির নাম। তু. **তরাই**।
**ডুরি** -রী বর্জিত।
**ডুলি** -লী বর্জিত।
**ডেঁয়ো** বড় কালো পিঁপড়েবিশেষ। 'ডেঁও' নয়।
**ডেকরেশন** decoration. -কো- নয়।
**ডেকাথলন** decathlon. ক্রীড়া-প্রতিযোগিতায় দশটি বিষয়ের নাম, যথা—দীর্ঘ লম্ফন, উচ্চলম্ফন, ডিসকাস ছোড়া, পোল ভল্ট, শট পুট, জ্যাভলিন ছোড়া, ১১০ মিটার হার্ডল রেস এবং ১০০, ৪০০ ও ১৫০০ মিটার দৌড়।
**'ডেকামেরন'** ইতালীয় লেখক বোক্কাচ্চো (Boccaccio)-রচিত গ্রন্থ, Decameron.
**ডেক্রন** dacron বস্ত্র নির্মাণে ব্যবহৃত কৃত্রিম (পলিয়েস্টার-এর) তন্তুবিশেষ।
**ডেঙ্গু** জ্বরবিশেষ। 'ডেঙ্গু' নয়।

**ডেড সি** Dead Sea. -সী নয়।
**ডেনটিস্ট** dentist. -ন্টি- নয়, -ষ্ট নয়।
**ডেপুটি** deputy. **ডেপুটি ম্যাজিস্ট্রেট** deputy magistrate.
**ডে লা মেয়ার, ওআল্টার** Walter De La Mare 1859-1952 ইংরেজ কবি।
**ডেলিগেট** delegate.
**ডেলিভারি** delivery.
**ডে-লুইস, সিসিল** Cecil Day-Lewis 1904-1972 ইংরেজ (জন্মসূত্রে আইরিশ) কবি।
**ডেভি, সার হামফ্রি** Sir Humphry Davy 1778-1829. ইংরেজ রসায়নবিদ, যাঁর নামানুসারে ডেভি ল্যাম্প।
**ডেসি** deci- এক দশমাংশ, $\frac{১}{১০}$ ভাগ।
**ডেসিবেল** শব্দের তীব্রতার মান বা একক।
**ডেসিমেল** decimal. দশমিক ভগ্নাংশ।
**ডেস্ক** desk.
**ডেস্ট্রয়ার** destroyer. (প্রধানত) টর্পেডোবাহী যুদ্ধজাহাজবিশেষ। -ষ্ট্র- নয়।
**ডোপ, ডোপিং** dope, doping. শারীরিক উত্তেজনা বা কর্মক্ষমতা বৃদ্ধির জন্য অননুমোদিত স্টেরয়েডজাতীয় মাদকদ্রব্য সেবন।
**ডোমনি** ডোম-এর স্ত্রীলিঙ্গ। -নী নয়। বিকল্প **ডুমনি** -নী নয়।
**ডোমিনিকান** দ্র **ডমিনিকান**।
**ডোমিসাইল** দ্র **ডমিসাইল**।
**ডোরাকাটা** কিংবা **ডোরা-কাটা** বিণ.।
**ড্যাকটিল** dactyl. তিন-সিলেবলযুক্ত কবিতার পর্ববিশেষ।
**ড্যাবড্যাব** কিন্তু **ড্যাবডেবে**।
**ড্যাম্প** damp.
**ড্যালটন, জন** দ্র **ডলটন**।
**ড্রআর** drawer. 'ড্রয়ার' নয়।
**ড্রইং** drawing. **ড্রইং পেপার** drawing-paper.
**ড্রপসি** dropsy.
**ড্রপসিন** drop-scene.
**ড্রয়ার** দ্র **ড্রআর**।
**ড্রয়িং** দ্র **ড্রইং**।

# ড ◆ ঢ

**ড্রাইভিং** driving. **ড্রাইভার** driver.
**ড্রাগন** dragon. বাংলায় ড্রাগন চলিত, কিন্তু **ড্র্যাগন** উচ্চারণানুগ।
**ড্রাফট** draft.
**ড্রাম**১ drachm. তরলের মাপবিশেষ, ১ আউন্সের ১/৮ ভাগ।
**ড্রাম**২ drum. আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ ; জলপাত্রবিশেষ।
**ড্রামন্ড, হেনরি** Henry Drummond 1851-1897 স্কটিশ যাজক ও সাহিত্যিক।
**ড্রিল** drill. ব্যায়ামের চর্চা ; ভ্রমিযন্ত্রবিশেষ ; সুতিবস্ত্রবিশেষ।
**ড্রিলিং** drilling. ভ্রমিযন্ত্রের সাহায্যে গর্ত করা ; বারংবার অনুশীলন বা অভ্যাস।
**ড্রেজডেন** Dresden. জার্মানি শহর।
**ড্রেন** drain. 'ড্রেইন' নয়।
**ড্রেনপাইপ** drainpipe বর্ত. অপ্র. পায়ের দিকে সরু ট্রাউজারবিশেষ।

◆

**ঢং, ঢঙ** ছল, ভাল, ধরন। প্রথমটি ক্রমে অধিকতর প্রচলিত হচ্ছে।
**ঢক**১ আওয়াজবিশেষ। -ক্ নয়। **ঢকঢক**।
**ঢক**২ বি. গড়ন, ছাঁদ।
**ঢপ**১ আওয়াজবিশেষ।
**ঢপ**২ (অশোভন) ধাপ্পা।
**ঢপকীর্তন** উনিশ শতকে প্রচলিত হালকা চালের কীর্তনবিশেষ।
**ঢাঁই** বি. বড় মাছবিশেষ ; বিণ. স্তূপীকৃত। চন্দ্রবিন্দু আবশ্যিক।
**ঢাকি** যে ঢাক বাজায়। -কী নয়।
**ঢালী** ঢালধারী ; ঢালধারী যোদ্ধা। ঢাল+ইন্। -লি নয়।
**ঢিট** বিণ. শায়েস্তা। ঢী- নয়, ঢি- নয়।
**ঢিসঢিস** অত্যধিক খাওয়ার ফলে শরীরে অস্বস্তির ভাব।
**ঢু, ঢুঁ** গুঁতো। প্রথমটিই সংগত, তবে দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**ঢুঁঢু** শূন্যতার বা ফাঁকির ভাব। উদা.—পকেট ঢুঁঢু, কাজের বেলায় ঢুঁঢু। চন্দ্রবিন্দু কেবল প্রথমটিতে।
**ঢুকছিল, ঢুকত, ঢুকল** -লো নয়, -তো নয়।
**ঢুলি** যে ঢোল বাজায়। -লী নয়।
**ঢেউখেলানো** বিণ. একটি শব্দ।
**ঢেউতোলা** বিণ. একটি শব্দ। ক্রিয়াপদে বা বিশেষ্যে **ঢেউ তোলা**।
**ঢেঁড়স** দ্র **ঢ্যাঁড়শ**।
**ঢেঁড়া** দ্র **ঢ্যাঁড়া**।
**ঢেঁড়ি** ঢাক বা ঢোল। -ড়ী নয়।
**ঢেকুর** ঢেঁ- নয়।
**ঢেঙা** দ্র **ঢ্যাঙা**।
**ঢেমনা** দ্র **ঢ্যামনা**।
**ঢেরা** দ্র **ঢ্যারা**।
**ঢোঁক, ঢোক** প্রথমটি কথ্য হলেও বর্তমানে লেখ্য বাংলায়ও প্রচলিত হচ্ছে।
**ঢোঁড়া** নির্বিষ সাপবিশেষ।
**ঢোক** দ্র **ঢোঁক**।
**ঢোলশোহরত** ঢোল পিটিয়ে প্রচার বা ঘোষণা।
**ঢ্যাঁড়শ** ঢেঁ- নয়, -স নয়।
**ঢ্যাঁড়া** ঢাক। ঢেঁ- নয়।
**ঢ্যাঙা** অতিশয় লম্বা। -ঢে নয়।
**ঢ্যাপঢ্যাপ**। কিন্তু **ঢ্যাপঢেপে**।
**ঢ্যামনা** দাঁড়াশজাতীয় সাপবিশেষ। -ঢে নয়।
**ঢ্যারা** X-চিহ্ন। -ঢে নয়।

# ণ ◆ ত

**ণত্ব** দন্ত্য-নয়ের মূর্ধন্য-ণ হওয়া। উদা.—ষত্ব-ণত্ব বুঝি না। **ণত্ববিধান** দন্ত্য-নয়ের **মূর্ধন্য-ণ** হওয়ার নিয়ম। একটি শব্দ হিসাবে লেখ্য, 'ণত্ব বিধান' নয়।

**ণিচ্** প্রেরণার্থক সংস্কৃত প্রত্যয়বিশেষ।

**ণিজন্ত** (ণিচ্+অন্ত) বিণ.। ণিচ্-প্রত্যয়যুক্ত। উদা.—ণিজন্ত ক্রিয়া।

◆

**ত** দ্র **তো**।

**তক** অবধি, পর্যন্ত। সচরাচর অন্য শব্দের শেষে যুক্ত হয়ে ব্যবহৃত। উদা.—আজতক, শেষতক। তু. ইস্তক।

**তকত, তক্ত,** গদি ; সিংহাসন। 'তখত', 'তখৎ' নয়।

**তকতক, তকতকে** পরিষ্কার-পরিচ্ছন্ন। হসন্ত অপ্রয়োজনীয়।

**তকদির** ভাগ্য। -দী- বর্জিত।

**তকভিল, শার্ল আঁরি মোরিস** Charles Henri Maurice Tocqueville 1805-1859 ফরাসি রাজনীতিবিদ, ঐতিহাসিক ও লেখক।

**তকরার** ঝগড়া, বিবাদ। **তকারারি** বিণ. যা নিয়ে বিবাদ হচ্ছে এমন ; বিচারাধীন। -রী বর্জিত।

**তকলি** -লী বর্জিত।

**তক্কেতক্কে** একটি শব্দ। 'তর্কেতর্কে' বর্ত. অপ্র.।

**তক্ত** দ্র **তকত**।

**তক্তপোশ** কাঠের বড় চৌকি, 'তক্তাপোশ' বর্তমানে অপ্রচলিত, 'তক্তাপোষ' বর্জিত।

**তক্ষশিলা** প্রাচীন ভারতের, বর্তমানে পাকিস্তানের অন্তর্ভুক্ত নগরী, Taxila. 'তক্ষশীলা' নয়।

**তক্ষুনি** কথ্য। -ণি নয়।

**তখনই, তখনি** গদ্যে প্রথমটিই সংগত, দ্বিতীয়টি কেবল পদ্যেই চলতে পারে।

**তখনও** -নো নয়।

**তছনছ**। 'তচনচ' নয়, 'তছনচ' নয়।

**তছরুপ** -রূ- নয়, 'তস্‌রূপ' নয়।

**তজবিজ** খোঁজখবর, বিবেচনা, ব্যবস্থা। -বী- নয়।

**তঞ্চন** coagulation (পরি.), তরল পদার্থের ঘনীভবন। বিণ. তঞ্চিত। উদা.—তঞ্চিত দুধ।

**তটিনী** নদী।

**তড়পানি** বি. আস্ফালন। **তড়পানো** ক্রি. বি.। -ন নয়।

**তড়াগ** বড় পুকুর বা দিঘি। 'তটাক', 'তটাগ' অপ্র.।

**তড়িচ্চালক** বিণ. electromotive (পরি.)।

**তড়িচ্চুম্বক** বি. electromagnet (পরি.)।

**তড়িৎ** বিদ্যুৎ।

**তড়িৎগতি, তড়িদ্‌গতি** দ্বিতীয়টি সংস্কৃতানুগ, প্রথমটি বাংলামতে গ্রহণীয়।

**তড়িৎশিখা** বিদ্যুতের চমক বা ঝলকানি।

**তড়িত্বান, তড়িত্বান্‌** মেঘ। দ্বিতীয়টি অপ্র.।

**তড়িদ্‌দ্বার** electrode (পরি.)। বাংলামতে **তড়িৎদ্বার**।

**তড়িদ্‌বিশ্লেষণ,** (বাংলা মতে) **তড়িৎবিশ্লেষণ** electrolysis (পরি.)।

**তড়িদালোক, তড়িতালোক** প্রথমটি সংস্কৃতানুগ, দ্বিতীয়টি বাংলামতে।

**তড়িন্ময়** বিণ. বিদ্যুন্ময়।

**তত** সেই পরিমাণ, তেমন। 'ততো' নয়।

**তৎকালীন** (তৎকাল+ঈন), **তাৎকালিক** (তৎকাল+ইক) সেই সময়ের।

**তৎক্ষণাৎ, তৎসংক্রান্ত, তৎসত্ত্বেও, তৎসদৃশ, তৎসম, তৎস্থান, তৎস্থলাভিষিক্ত**।

**ততোধিক** বিণ. তার চেয়ে বেশি।

**তত্তুল্য** বিণ. তার সমান, তার মতো।

**তত্ত্ব** বিণ. **তত্ত্বীয়, তাত্ত্বিক**।

**তত্ত্বতালাশ** খোঁজখবর বা লৌকিকতা।

**তত্ত্বদর্শী**। বি. **তত্ত্বদর্শিতা**!

**তত্ত্ববিৎ** তত্ত্ব সম্বন্ধে অভিজ্ঞ বা পণ্ডিত।

বাংলামতে **তত্ত্ববিদ** ।

**তত্ত্ববোধিনী পত্রিকা** (১৮৪৩) দেবেন্দ্রনাথ ঠাকুরের উদ্যোগে প্রবর্তিত ব্রাহ্ম পত্রিকা, প্রথম সম্পাদক অক্ষয়কুমার দত্ত ।

**তত্ত্ববোধিনী সভা** দেবেন্দ্রনাথ ঠাকুর স্থাপিত (১৮৪৩) ।

**তত্ত্বানুশীলন** ।

**তত্ত্বানুসন্ধান** ।

**তত্ত্বাবধান** । **তত্ত্বাবধায়ক** ।

**তত্রত্য** বিণ. সেই স্থানের, সেখানকার । বাংলা গ্রন্থাদির পাদটীকায় বা উল্লেখপঞ্জিতে ibid বা ibidem-এর বঙ্গানুবাদ হিসাবে ব্যবহৃত ।

**তত্রাচ** অব্য. ক্রি-বিণ. তা সত্ত্বেও, তবুও । হালকা রচনায় অব্যবহার্য ।

**তথাগতি** নির্বাণ ।

**তথাচ** তবুও । সমার্থক শব্দ **তথাপি** ।

**তদবির** । 'তদ্বির' নয়, 'তদবীর' নয় ।

**তদানীন্তন** তৎকালীন ।

**তদারকি** -কী নয় ।

**তদীয়** তার, সেই ব্যক্তির । তু. **ত্বদীয়** তোমার, আপনার ।

**তদগত** কিংবা **তদ্‌গত** ।

**তদ্দ্বারা** তদ্‌+দ্বারা ।

**তদ্ভব** কিংবা **তদ্‌ভব** যে শব্দ সংস্কৃত থেকে প্রথমে প্রাকৃতে তারপর আবার পরিবর্তিত হয়ে বাংলায় এসেছে ।

**তনকা** টাকা ; ধাতুমুদ্রা ।

**তনখা** বেতন, মাইনে ।

**তনিকা** দড়ি, মোটা দড়ি ।

**তনিষ্ঠ** বিণ. অত্যন্ত কৃশ বা ক্ষুদ্র ।

**তনূদ্ভব** তনু+উদ্ভব বি. পুত্র ; বিণ. শরীরজাত ।

**তন্নতন্ন** একটি শব্দ ।

**তন্নিষ্ঠ** ওই বিষয়ে বা সেই বিষয়ে অনুরক্ত বা নিবিড় মনোযোগবিশিষ্ট ।

**তপতী** -তি নয় ।

**'তপতী'** রবীন্দ্রনাথ ঠাকুরের গদ্যনাটক (১৯২৯) ।

**তফশিল** তালিকা, schedule. -শী-, -সি-, -সী- নয় । **তফশিলি** বিণ. বি. তফশিলভুক্ত ।

**তফাত** -ৎ বর্জিত ।

**তবলচি** -চী নয় ।

**তবিয়ত** শরীর, স্বাস্থ্য । 'তবিয়ৎ' নয় ।

**তমদ্দুন** সংস্কৃতি, culture. উদা.—তমদ্দুন মজলিশ ।

**তমা, আঁরি** Henri Thomas জন্ম 1912. ফরাসি ঔপন্যাসিক ।

**তমালী** জলজ গাছবিশেষ । -লি নয় ।

**তম্বিতম্বা, তম্বিতাম্বি** ও **তম্বিহাম্বি** সমার্থক ।

**তরওয়াল** দ্র **তরোয়াল** ।

**তরকা, তড়কা** প্রথমটির অর্থ ডালজাতীয় খাবার, দ্বিতীয়টির অর্থ আক্ষেপ বা খিঁচুনি ।

**তরকারি** -রী বর্জিত ।

**তরঙ্গিণী** -নী নয় ।

**তরঙ্গোচ্ছ্বাস** ঢেউয়ের ওঠানামা ।

**তরজমা** । 'তর্জমা' নয় ।

**তরণি, তরণী** দুই বানানই শুদ্ধ, বিকল্প ।

**তরফ** পক্ষ, দিক ; সেতার এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্রের সহযোগী তার । 'তরপ' নয়, 'তড়ফ' নয় ।

**তরমিম** বি. সংশোধন, পরিমার্জনা । -মীম নয় ।

**তরলীকরণ, তরলীকৃত, তরলীভবন, তরলীভূত** কিন্তু **তরলিত** ।

**তরস্বান্‌, তরস্বান** প্রথমটি সংস্কৃত ব্যাকরণানুগ, দ্বিতীয়টি বর্তমানে বাংলায় অধিকতর প্রচলিত ।

**তরাই** সাধারণভাবে পর্বতনিম্নস্থ যে-কোনো বনাঞ্চলকে তরাই বলা যেতে পারে । পশ্চিমবঙ্গে তিস্তা নদীর দক্ষিণতীরস্থ সমভূমির নাম । তু. **ডুয়ার্স** ।

**তরানো** তরিয়ে দেওয়া ।

**তরিবত** -ৎ নয় ।

**তরি, তরী** নৌকা । দুই বানানই শুদ্ধ ।

**তরুছায়া, তরুচ্ছায়া** প্রথমটি সংস্কৃতমতে নিষ্পন্ন না হলেও বাংলায় অতীব প্রচলিত এবং বাংলামতে নিষ্পন্ন বলে গ্রহণীয়, দ্বিতীয়টি সংস্কৃতানুগ ।

**তরু দত্ত** ১৮৫৬-১৮৭৭ বাঙালি কবি, লিখেছেন ইংরেজি ভাষায় ।

**তরেজ, মোরিস** Maurice Thorez 1900-1964 ফরাসি বামপন্থী রাজনীতিবিদ ।

**তরোয়াল** । 'তরওয়াল' নয় ।

**তর্কেতর্কে** বর্ত. কথ্যরূপ **তক্কেতক্কে** অধিকতর প্রচলিত, ক্রি-বিণ. প্রতীক্ষায়, ওত পেতে । উদা.—তক্কেতক্কে রয়েছে, একবার বাগে পেলেই হল ।

**তলপি** ছোট বোঁচকা বা গাঁটরি । **তলপি-তলপা** । **তলপিবাহক** ।

**তলস্তয়, লিয়ো** Leo (Lev) Tolstoi 1828-1910. রুশ ঔপন্যাসিক । 'টলস্টয়' নয় ।

**তলানি** -নী নয় ।

**তলে-তলে** হাইফেন বাঞ্ছিত ।

**তল্পি**—**তলপি**-র বানানভেদ । **তলপি** অধিকতর সংগত ।

**তল্লাশ** -স বর্জিত ।

**তল্লাশি** খোঁজ । -শী -সী বর্জিত ।

**তল্পিকা** তাপ্পি, **তালি**-র মার্জিত কিন্তু অপ্র. রূপ ।

**তশরিফ** -রী- বর্জিত ।

**তশিল**—**তসিল** এর অধিকতর সংগত রূপ । **তশিলদার** । **তশিলদারি** -রী নয় ।

**তসবি, তসবির** ছবি, প্রতিকৃতি । -বী বর্জিত ।

**তসর** রেশমি বস্ত্রবিশেষ ।

**তসলিম** -লী- বর্জিত ।

**তসলিমাত** -লী- নয়, -ৎ নয় ।

**ৎসারা, ত্রিস্তাঁ** Tristan Tzara 1896-1964 ফরাসি (জন্মসূত্রে রোমানীয়) নাট্যকার ।

**তসিল**—**তহসিল** -এর কথ্য রূপ । **তশিল** অধিকতর সংগত ।

**ৎসুনামি** tsunami. 'সুনামি' নয় । জাপানের উপকূলে ও অন্যত্র বিরাট সমুদ্রতরঙ্গ, যার কারণ সম্ভবত সমুদ্রের নীচের ভূকম্পন ।

**তহবিল** । **তবিল** কথ্য ।

**তহশিল, তহসিল** দ্বিতীয়টি প্রচলিত, প্রথমটি অধিকতর সংগত । **তহশিলদার** । **তহশিলদারি** -রী নয় ।

**তাইরে-নাইরে** হাইফেন বাঞ্ছিত ।

**তাইল্যান্ড** Thailand. থাই- নয় ।

**তাও** Tao. সুপ্রাচীন দার্শনিক তত্ত্ববিশেষ এবং লাও-ৎসু (Lao-tzu) কর্তৃক চীনদেশে ধর্মমত হিসাবে প্রবর্তিত ।

**তাঁতি** -তী নয় । স্ত্রীলিঙ্গে **তাঁতিনি** -নী অপ্রয়োজনীয় ।

**তাঁবেদার, তাঁবেদারি** চন্দ্রবিন্দু আবশ্যিক ।

**তাকত, তাগদ** শক্তি, সামর্থ্য, ক্ষমতা । দুটিই সমান প্রচলিত, তবে 'তাকৎ' নয় ।

**তাকাবি, তাগাবি** কৃষিঋণবিশেষ -বী নয় ।

**তাগড়া, তাগড়াই** সমার্থক, দ্বিতীয়টি অধিকতর প্রচলিত ।

**তাগাড়** চুনবালিসিমেন্ট মেশাবার জন্য রাজমিস্ত্রিদের তৈরি গর্ত বা কুণ্ড । -র নয় ।

**তাগাদা, তাগিদ** আপাতদৃষ্টিতে সমার্থক মনে হলেও বর্তমানে প্রয়োগে কিছু পার্থক্য লক্ষ করা যায় । প্রথমটি মূলত বারবার দাবি বা অনুরোধ অর্থে এবং দ্বিতীয়টি মূলত প্রেরণা এবং জরুরি প্রয়োজন অর্থে অধিকতর প্রচলিত ।

**তাগারি** বড় গামলাজতীয় পাত্র । -ড়ি নয়, -রী নয় ।

**তাচ্ছিল্য, তাচ্ছল্য** দ্বিতীয়টি বর্ত. অপ্র. ।

**তা ছাড়া** পৃথক দুটি শব্দ, 'তাছাড়া' নয়।

**তাজগি** নতুনত্ব, অভিনবত্ব । -গী নয় ।

**তাজি** আরবি ঘোড়াবিশেষ । -জী নয় ।

**তাঞ্জোই** দক্ষিণভারতের দামি রেশমি শাড়ি ।

**তাঞ্জাভুর** তাঞ্জোরের বর্তমান নাম ।

**তাৎকালিক** দ্র **তৎকালীন** ।

**তাতা-থৈ, তাতা-থৈথৈ, তাথৈ-তাথৈ** ।

**তাতানো** বি. ক্রি. । -ন নয় ।

**তাতিয়া তোপে** ১৮১৯-১৮৫৯ মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম নেতা । 'তাঁতিয়া' নয়, 'তোপি' নয় ।

**তাপীয়** thermal (পরি.) ।

**তাবৎ** । 'তাবত' নয় ।

**তা-বলে** অথবা **তা বলে**, সেই হেতু, তাই জন্য । একটি শব্দ নয় ।

**তাবুত** বি. তাজিয়া ; শেষ শয্যা । -ৎ নয় ।

**তাভের্নিয়ে, ঝাঁ বাপতিস্ত** Jean Baptiste Tavernier 1605-1689 ভারতে ফরাসি পর্যটক ।

**তামাদি** -দী বর্জিত ।

**তামাশা** -সা বর্জিত ।

**তাম্বুল** পান । -ম্বু- নয় ।

# ত

**তাম্রকূট** -কুট নয়।

**তাম্রযুগ** তামার আবিষ্কার কিংবা ব্যবহারের শুরু আরও আগে হলেও তাম্রযুগের শুরু মোটামুটিভাবে খ্রিস্টপূর্ব চার সহস্রাব্দে অর্থাৎ আজ থেকে আনুমানিক ছয় হাজার বছর আগে।

**তারনাথ** তিব্বতি বৌদ্ধ পণ্ডিত (সপ্তদশ শতক)। 'তারানাথ' নয়।

**তারপিন তেল** turpentine oil. 'তার্পিন' নয়।

**তারসপ্তক** সুরসপ্তকের তিনটি গ্রামের মধ্যে উচ্চগ্রাম, তারা। তু. **উদারা** মন্দ্রসপ্তক, **মুদারা** মধ্যসপ্তক।

**তারসানাই** তীক্ষ্ণ আওয়াজবিশিষ্ট এসরাজবিশেষ।

**তারানাথ তর্কবাচস্পতি** ১৮১২-১৮৮৫। বিখ্যাত সংস্কৃত পণ্ডিত এবং 'বাচস্পত্য' অভিধানের রচয়িতা।

**তারাবাই** উত্তরভারতীয় ও পশ্চিমভারতীয় নারীর নাম। 'তারাবাঈ' নয়।

**তারাশংকর বন্দ্যোপাধ্যায়** ১৮৯৮-১৯৭১।

**তারিণী** ত্রাণকারিণী ; দুর্গাদেবী।

**তারিফ** -প নয়।

**তারিহা** Tarija. দক্ষিণ বলিভিয়ার শহর। 'তারিজা' নয়।

**তালগোল** একটি শব্দ। **তালেগোলে** ক্রি-বিণ. বিশৃঙ্খলার মধ্যে, গোলমালে।

**তাল-বেতাল** হাইফেন বাঞ্ছিত।

**তালব্য ধ্বনি** তালু থেকে উৎপন্ন ব্যঞ্জনধ্বনি—চ্ ছ্ জ্ ঝ্ শ্। ইংরেজি নাম palatal sounds.

**তালুকদারি** -রী বর্জিত।

**তালেবর** মূল অর্থ মানী বা মান্যগণ্য। কিন্তু বর্তমানে প্রধানত ব্যঙ্গে ব্যবহৃত, অর্থ ওস্তাদ, লায়েক। উদা.—ছেলেটি দেখছি খুব তালেবর হয়ে উঠেছে।

**তাস্‌সো** Tasso 1544-1595 ইতালীয় কবি।

**'তাসের দেশ'** রবীন্দ্রনাথ ঠাকুরের গীতিনাট্য (১৯৩৩)।

**তাহমুদ** ইহুদিদের পবিত্র গ্রন্থবিশেষ।

**তিজারত** দ্র **তেজারত**।

**তিড়বিড়** হসন্ত চিহ্ন অপ্রয়োজনীয়।

**তিড়িং** হঠাৎ লাফানো। 'তিড়িঙ' নয়। **তিড়িং-বিড়িং** হাইফেন বাঞ্ছিত।

**তিতিক্ষা** সহ্যগুণ, সহিষ্ণুতা ; ক্ষমা।

**তিতির** পাখিবিশেষ, partridge. 'তিত্তির' অপ্র.।

**তিতীর্ষু** ত্রাণ লাভ করতে বা পার হতে ইচ্ছুক।

**তিতুমির** উনিশ শতকের বাংলার ওয়াহাবি কৃষক আন্দোলনের নেতা (১৭৮২-১৮৩১), প্রকৃত নাম মির নিসার আলি। 'তিতুমীর' নয়।

**তিনকোনা, তেকোনা** triangular. -ণা নয়।

**তিয়ের, আদলফ** Louis Adolphe Thiers 1797-1877 ফরাসি রাজনীতিবিদ। ইংরেজি মতে 'থিয়ার্স'।

**তির** বাণ, শর। 'তীর' নয়।

**তিরন্দাজ**। **তিরন্দাজি** -জী নয়।

**তিরস্কার** -স্কা- নয়।

**তির্যক** -ক্ বর্তমানে বর্জিত।

**তিলক, বাল গঙ্গাধর** দ্র **টিলক**।

**তিলি** বাঙালি হিন্দু সম্প্রদায়। -লী নয়।

**তিষ্ঠনো** কিংবা **তিষ্ঠানো**।

**তিসি** তৈলবীজবিশেষ।

**তিস্তা** উত্তরবঙ্গের নদীবিশেষ।

**তিহুয়ানা** Tijuana মেক্সিকোর শহর। 'তিজুয়ানা' নয়।

**তীবর** ব্যাধ।

**তীব্রমধ্যম** কড়ি মা। সংগীতে তীব্র মা স্বর।

**তীর** দ্র **তির**।

**তীরন্দাজ** দ্র **তিরন্দাজ**।

**তীর্থ**। **তীর্থকর** একটি শব্দ।

**তীর্থংকর** কিংবা **তীর্থঙ্কর**।

**তুঁত, তুঁতে** চন্দ্রবিন্দু অপরিহার্য।

**তুকতাক** একটি শব্দ।

**তুকারাম** সপ্তদশ শতকের মহারাষ্ট্রীয় কবি ও সাধক।

**তুখোড়**। 'তুখড়' নয়।

**তুঘলক** ভারতের মুসলমান শাসকবংশ (১৩২০-১৪১২)।

**তুঘলকি** তুঘলক-সংক্রান্ত ; খামখেয়ালিপূর্ণ।

**তুঙ্গভদ্রা** মহীশূরের নদীবিশেষ।

**তুতাংখামেন** Tutankhamen আনু. খ্রি. পূ. ত্রয়োদশ শতকের মিশরীয় রাজা।

**তুন্দ্রা** Tundra. সুমেরুবৃত্তের উত্তরে সাইবেরিয়ার অন্তর্গত বৃক্ষহীন, এবং শীতল ও শুকনো জলবায়ুযুক্ত অঞ্চল।

**তুবড়ি** -ড়ী বর্জিত।

**তুমারনবিশ** হিসাবরক্ষকের পদবিশেষ। -স নয়।

**তুরকি, তুর্কি** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত হলেও প্রথমটি সংগত। -কী -র্কী নয়।

**তুরানি** তুরস্কদেশীয়, তুরকি। -নী -ণী -ণি নয়।

**তুলসী** বিকল্প বানান নেই।

**তুলসীদাস** ১৫৪০-১৬২৩ হিন্দি ভাষার কবি। 'রামচরিতমানস'-এর রচয়িতা।

**তুলসী লাহিড়ী** ১৮৯৭-১৯৫৯ নাট্যকার ও গণনাট্য আন্দোলনের অন্যতম শরিক। 'ছেঁড়া তার', 'দুঃখীর ইমান' প্রভৃতি নাটকের রচয়িতা।

**তুহিন** তুষার। -হী- নয়।

**তূণ** তির বা শর রাখার আধার। সমার্থক শব্দ **তূণীর**।

**তূর্য** শিঙা, রণশিঙা। **তূর্যনিনাদ**।

**তৃতীয় বিশ্ব** Third World. একদিকে মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন শক্তিশালী পশ্চিমি রাষ্ট্রসমূহ এবং অন্যদিকে প্রাক্তন সোভিয়েত ইউনিয়নের নেতৃত্বাধীন সমাজতান্ত্রিক রাষ্ট্রসমূহের বাইরের (প্রধানত এশিয়া ও আফ্রিকার) দরিদ্র ও উন্নতিশীল রাষ্ট্রসমূহ।

তৃপ্তি মিত্র **১৯২৫-১৯৮৯** অভিনেত্রী।

**তেঁদড় দ্র ত্যাঁদড়**।

**তেজস্ক্রিয়** redioactive (পরি.)। **তেজস্ক্রিয়তা** radioactivity (পরি.)।

**তেজস্বী** বিণ.। স্ত্রী. **তেজস্বিনী**। বি. **তেজস্বিতা**।

**তেজারতি** বি. বিণ. -তী নয়।

**তেজি** বিণ. তেজযুক্ত ; বলবান ; চড়া। -জী নয়। উদা.—তেজি ঘোড়া ; তেজি বাজার। <তেজ+ই।

**তেজীয়ান** <তেজস্বিন্+ঈয়স্। -জি নয়।

**তেজেন্দ্র, তেজেশ** ব্যাকরণসম্মত নয়, কিন্তু প্রচলিত, বিশেষত নামের ক্ষেত্রে।

**তেজোগর্ভ**। **তেজোদীপ্ত**। **তেজোদৃপ্ত**। **তেজোময়, তেজোমূর্তি**। **তেজোরূপ**। **তেজোহীন**।

**তেড়চা, তেরছা দ্র তেরছা**।

**তেড়াব্যাঁকা**। ত্যা- সংগততর, বেঁ- নয়। চন্দ্রবিন্দু আবশ্যিক।

**তেভাগা** উৎপন্ন ফসলের দুই-তৃতীয়াংশ যা চাষির প্রাপ্য। **তেভাগা আন্দোলন** এই দুই তৃতীয়াংশের দাবিতে ১৯৪৬ সালে উত্তরবাংলার জেলাগুলিতে এবং ময়মনসিংহ মেদিনীপুর ও দক্ষিণ চব্বিশ পরগনায় কৃষক আন্দোলন।

**তেমনই** (উচ্চা. ত্যামোনি) বিণ. সেই রকমই। উদা.—যেমন ছিল তেমনই থাকুক। তু. **তেমনি**।

**তেমনি** (উচ্চা. তেম্‌নি) বিণ. ক্রি-বিণ.।

**তেমোহানা**। কথ্য **তেমোহনা**।

**তেরছা** বাঁকা, আড়। **তেড়ছা** বিকল্প। -চা নয়।

**তেলি** তেলপ্রস্তুতকারী বা তেলব্যবসায়ী সম্প্রদায়।

**তেলুগু** বর্তমান অন্ধ্রপ্রদেশের প্রধান ভাষা। 'তেলেগু' নয়।

**তেলেঙ্গানা** অন্ধ্রপ্রদেশের (পূর্বতন হায়দরাবাদ) অন্তর্গত। **তেলেঙ্গানা আন্দোলন** ১৯৪৬-১৯৫১ সালে তেলেঙ্গানায় অত্যাচারী দেশমুখ, জায়গিরদার প্রভৃতির বিরুদ্ধে কৃষক আন্দোলন।

**তেলেনা** <হি. তিলানা। খেয়াল বা ধ্রুপদ সংগীতের আলাপের মুখস্বরূপ বোল কিংবা তোম নোম তুম তানা তেরে ইত্যাদি বোলযুক্ত মার্গসংগীতের রীতিবিশেষ।

**তেহাই** <হি. তিহাই। বাদ্যযন্ত্রে (মূলত আনদ্ধ যন্ত্র অর্থাৎ তবলা ইত্যাদিতে) তাল শেষ করার আগে তিনবার প্রস্বনযুক্ত আঘাত। সচরাচর তেহাইয়ের শেষের প্রস্বন পড়ে সমের উপর।

**তৈত্তিরীয়** বি. যজুর্বেদের যে শাখা তৈত্তিরিঋষির দ্বারা প্রোক্ত। বিণ. তৎসম্বন্ধীয়।

**তৈয়ার, তৈয়ারি—তৈরি**-র সাধু রূপ। 'তৈয়ারী' নয়।

**তৈরি** -রী নয়। 'তয়ের', 'তোয়ের' আঞ্চ.।

# ত

**তৈল শোধনাগার** oil refinery.
**তোড়ি, টোড়ি** সংগীতের প্রাতঃকালীন রাগিণীবিশেষ। -ড়ী নয়।
**তোতলা। তোতলামি।** -ৎ- নয়।
**তোয়াক্কা** -ক্কা নয়।
**তোরঙ্গ।** 'তোরঙ' নয়।
**তোরণ** সিংহদ্বার, ফটক। -ন নয়।
**তোরসা, তোর্সা** উত্তরবঙ্গের নদীবিশেষ। প্রথমটি সংগততর।
**তোশক** বিছানায় পাতবার তুলোর তৈরি পুরু আস্তরণবিশেষ। 'তোষক' নয়।
**তোশাখানা** মূল্যবান আসবাবপত্র রাখার জায়গা। 'তোষাখানা' নয়।
**তোশামোদ** দ্র **তোষামোদ।**
**তোষক** দ্র **তোশক।**
**তোষণ** সন্তুষ্ট করা। বিণ. **তোষিত।**
**তোষাখানা** দ্র **তোশাখানা।**
**তোষামোদ** <সং তোষ+ ফা. খুশামদ। 'তোশামোদ' নয়।
**তৌজি** খাজনা ইত্যাদির পরিমাণের তালিকা। -জী নয়।
**ত্বক, ত্বক্** পৃথক শব্দ হিসাবে প্রথমটি লেখ্য।
**ত্বগিন্দ্রিয়** ত্বক্+ইন্দ্রিয়।
**ত্বদীয়** তোমার। উদা.—ত্বদীয় বাসভবনে। তু. **তদীয়, মদীয়।**
**ত্বরণ** বেগের ক্রমাগত বৃদ্ধি, acceleration (পরি.)।
**ত্বরস্বান** বিণ. বেগবান, ত্বরমাণ। -ন্ বর্জিত।
**ত্বরা, ত্বরান্বিত, ত্বরিত।**
**ত্বাদৃশ** বিণ. তোমার সদৃশ। তু. **তাদৃশ** সেই রকম।
**ত্বিষাম্পতি** সূর্য।
**ত্যক্ত** ত্যাগ করা হয়েছে এমন। ত্যা- নয়।
**ত্যজন** ত্যাগ। ত্যা- নয়।
**ত্যজ্যমান** বিণ. ত্যাগ করা হচ্ছে এমন। 'ত্যাজ্যমান' নয়, 'ত্যজমান' নয়।
**ত্যাঁদড়** কিংবা **ত্যাঁদোড়।** কিন্তু **ত্যাঁদড়ামি।**
**ত্যাজ্য** ত্যাগ করার যোগ্য, বর্জনীয়। ত্য- নয়।
**ত্যাজ্যপুত্র** একটি শব্দ।
**ত্যাড়াব্যাঁকা।** 'তেড়াব্যাঁকা' নয়, 'তেড়াবেঁকা' নয়।
**ত্রৎস্কি, লিয়ন** Leon Trotsky 1879-1940 রুশ বিপ্লবী।
**ত্রয়ঃপঞ্চাশৎ** ৫৩ সংখ্যা। **ত্রয়ঃষষ্টি** ৬৩ সংখ্যা। **ত্রয়ঃসপ্ততি** ৭৩ সংখ্যা। কিন্তু **ত্রয়শ্চত্বারিংশৎ** ৪৩। **ত্রয়স্ত্রিংশৎ** ৩৩।
**ত্রয়োদশ, ত্রয়োদশী।**
**ত্রয়োবিংশ।**
**ত্রায়মাণ** ত্রাণ করছে বা ত্রাণ লাভ করছে এমন।
**ত্রিকোণমিতি** trigonometry.
**ত্রিকোণাকৃতি** -না- নয়।
**ত্রিপিটক** সুত্ত অভিধম্ম ও বিনয় অর্থাৎ সূত্র অভিধর্ম ও বিনয় এই তিন ভাগে বিভক্ত পালিভাষায় রচিত বৌদ্ধ শাস্ত্রগ্রন্থ।
**ত্রিভঙ্গমুরারি** -রী নয়।
**ত্রিমাত্রিক** three-dimensional.
**ত্রিশঙ্কু** সূর্যবংশীয় পৌরাণিক রাজা, বশিষ্ঠ ও বিশ্বামিত্রের পরস্পরবিরোধী নির্দেশে স্বর্গমর্ত্যের মধ্যবর্তী লোকে অবস্থান করতে বাধ্য হয়েছিলেন।
**ত্রুহিইয়ো** Trujillo উত্তর-পশ্চিম পেরুর শহর।
**ত্রুহিলিয়** Trujillo পশ্চিম স্পেনের শহর। 'ত্রুজিল্লো' নয়।
**ত্রেতাযুগ** দ্বিতীয় পৌরাণিক যুগ।
**ত্র্যক্ষর** তিন-অক্ষরযুক্ত।
**ত্র্যম্বক** শিব (তিনটি অম্বক বা চোখযুক্ত ব'লে)।
**ত্র্যহস্পর্শ।**

# থ

**থই, থইথই** । ‘থৈ’ ‘থৈথৈ’ নয় ।
**থকথক, থকথকে** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয় ।
**থম্‌কানো** থমকে যাওয়া । -ন নয় ।
**থমথম, থমথমে** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয় ।
**থরথর** বি. অব্য. প্রবল কাঁপুনি বা কাঁপুনির ভাব । একটি শব্দ ।
**থরে-থরে** কিংবা **থরে থরে** ।
**থরে-বিথরে** হাইফেন বাঞ্ছিত ।
**থলো** দ্র **থোলো** ।
**থাউকা** । কথ্য **থাউকো** । ‘থাওকো’ নয় ।
**থাকছিল** -লো নয় ।
**থাকত** -তো নয় ।
**থাকবন্দি** -ন্দী বর্জিত ।
**থাকল** -লো নয় ।
**থাকাথাকি** । ‘থাকা-থাকি’ নয় ।
**থাকিয়া-থাকিয়া** কথ্য **থেকে-থেকে** । **হাইফেন আবশ্যিক** ।
**থানা-পুলিশ** হাইফেনযুক্ত কিংবা একটি শব্দ । **থানা-পুলিশ করা** ।
**থাপ্পড়** চড় । ‘থাপড়’ অপ্র. ।
**থামছিল** -লো নয় ।
**থামত** -তো নয় ।
**থামল** -লো নয় ।
**থামানো** -ন নয় ।
**থামাল**$_১$ থামিয়ে দিল ।
**থামাল**$_২$ থামের মতো গাঁথনি ।
**থার্মোমিটার** thermometer.
**থার্মোস্ট্যাট** thermostat.
**থিকথিক** একটি শব্দ, হস্‌চিহ্ন ছাড়া । উদা.—থিকথিক করা । বিণ. **থিকথিকে** ।
**থিতনো** কিংবা **থিতানো** -ন নয় ।
**থিয়েটার** theatre. বিণ. **থিয়েটারি** -রী নয় ।
**থুৎকার** থুতু ফেলা বা তার আওয়াজ । -ত নয় ।
**থুতনি** থুঁ- নয় ।
**থুতু** । ‘থুথু’ নয় । কিন্তু পৃথক ধ্বন্যাত্মক শব্দ হিসাবে **থু থু** । উদা.—থু থু করে সবটা ফেলে দিল ।
**থুরথুর, থুরথুরে** কিংবা **থুড়থুড়, থুড়থুড়ে** । তবে প্রথমটিই অধিকতর প্রচলিত ।
**থেঁতলা, থেঁতলানো** কিংবা **থ্যাঁ-** । **-ৎ- নয়** ।
**থেকে-থেকে** মাঝে-মাঝে । হাইফেন আবশ্যিক ।
**থেমো** ভবিষ্যৎ অনুজ্ঞায় । উদা.—চলতে চলতে থেমো না । ‘থেম’ নয় ।
**থেরবাদ** সংস্কৃত স্থবির শব্দ থেকে আগত পালি শব্দ । বৌদ্ধ স্থবির অর্থাৎ স্থিতপ্রজ্ঞদের মতবাদ । মূলত সিংহলে ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় প্রচলিত হয়েছিল ।
**থেলা, কামিলিয়ো হোসে** Camillo Jose Cela জন্ম 1916. স্পেনীয় ঔপন্যাসিক । ‘সেলা’ নয়, ‘জোসে’ নয় ।
**থৈ, থৈথৈ** দ্র **থই, থইথই** ।
**থোঁতা** উদা.—থোঁতা মুখ ভোঁতা করা । থো- নয় ।
**থোলো** । ‘থলো’র অধিকতর সংগত ও প্রচলিত রূপ ।
**থ্যাকারি, উইলিয়াম, মেকপিস** William Makepeace Thackeray 1811-1863 ইংরেজ ঔপন্যাসিক ।
**থ্রম্বোসিস** thrombosis.
**থ্রি** three. ‘থ্রী’ নয় ।

# দ

**দই**। 'দৈ' বর্জিত।

**দংস্ট্র, দংস্ট্রা** দাঁত, বড় দাঁত ; দাঁড়া। দুটি শব্দ সমার্থক হলেও দ্বিতীয়টিই অধিকতর প্রচলিত।

**দক** কাদা, পাঁক। 'দঁক' আঞ্চ. প্রয়োগ।

**দক্ষিণ গোলার্ধ** southern hemisphere. নিরক্ষরেখা পৃথিবীকে যে-দুটি অর্ধে বিভক্ত করেছে তার দক্ষিণেরটি।

**দক্ষিণায়ন** উত্তরদিকের অয়নান্তরেখা থেকে সূর্যের ক্রমশ দক্ষিণ দিকে গমন।

**দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার** ১৮৭৭-১৯৫৭ শিশুসাহিত্যিক, 'ঠাকুরমার ঝুলি'র লেখক।

**দখনে** দক্ষিণের।

**দখলকার** বিণ. দখলদার, অধিকার বা দখল করে রয়েছে এমন।

**দখলি** বিণ. দখল-সম্বন্ধীয়। -লী নয়।

**দখলিস্বত্ব** একটি শব্দ।

**দখলীকৃত, দখলীভূত**।

**দখিন**। **দখিনা**।

**দগদগে**। 'দগ্‌দগে' নয়।

**দড়কচা** দ্র **দরকচা**।

**দড়ি-কলসি** হাইফেন বাঞ্ছিত।

**দণ্ডকবন, দণ্ডকারণ্য** গোদাবরী ও নর্মদার মধ্যবর্তী অঞ্চলের বন, নামকরণ রাজা দণ্ডকের নামে।

**দণ্ডী** ষষ্ঠ-সপ্তম শতকের সংস্কৃত অলংকারশাস্ত্রী।

**দধীচি** মুনিবিশেষ, যাঁর অস্থিতে ইন্দ্রের বজ্র প্রস্তুত হয়েছিল। বিকল্প নাম **দধীচ**।

**দন্তমূল** দাঁতের গোড়া, alveolum. **দন্তমূলীয়** alveolar. **দন্তমূলীয় ধ্বনি** alveolar sound. যে-ধ্বনি দন্তমূল থেকে উচ্চারিত হয়, যথা ন্, র্, ল্, স্। লক্ষণীয়, বাংলার তথাকথিত দন্ত্য-ন প্রকৃতপক্ষে দন্তমূলীয় ধ্বনি, দন্ত্য ধ্বনি নয়।

**দন্তরোগ** দন্তের রোগ। -ন্ত্য- নয়, 'দন্ত রোগ' নয়।

**দন্তোদ্‌গম** -দ্- লক্ষণীয়।

**দন্তৌষ্ঠ্য** বিণ. denti-labial.

**দন্ত্য ধ্বনি, দন্ত্য বর্ণ**। -ন্ত নয়।

**দপদপ, দপদপানি** হস্-চিহ্ন অপ্রয়োজনীয়।

**দফতর** কিংবা **দপ্তর**।

**দফতরি** কিংবা **দপ্তরি**। -রী নয়।

**দফানিকাশ** একটি শব্দ।

**দফায়-দফায়** হাইফেন বাঞ্ছিত। উদা.—দফায়-দফায় বৃষ্টি।

**দফারফা** বিশেষ্যে একটি শব্দ। রফা কর্মপদ হলে পৃথকভাবে লেখ্য। উদা.—আন্দোলনের দফা রফা হয়ে গেল।

**দফা শেষ** দুটি শব্দ। উদা.—দফা শেষ হওয়া।

**দফা সারা** দুটি শব্দ। উদা.—তার দফা সারা হতে আর বাকি নেই।

**দমদম দাওয়াই** প্রহার, মারধর। মূলত ক্রেতা বা সাধারণ মানুষ উত্তেজিত হয়ে অসাধু বিক্রেতাকে যে প্রহার করে তাই দমদম দাওয়াই। দমদমে সূত্রপাত বলে এই নামকরণ।

**দমদম বুলেট** বন্দুকের যে-বুলেট শরীরে প্রবেশের পর বিস্ফোরিত হয়ে দেহকে ছিন্নভিন্ন করে দেয়। দমদমে (Dum Dum) প্রস্তুত বলে এই নাম।

**দম্পতি, দম্পতী** দুইই শুদ্ধ, তবে দ্বিতীয়টি বর্জনীয়।

**দয়াদাক্ষিণ্য** একটি শব্দ, কিংবা **দয়া-দাক্ষিণ্য**।

**দয়ানন্দ সরস্বতী** ১৮২৪-১৮৮৩ সমাজসংস্কারক, ধর্ম-সংস্কারক, আর্য সমাজের প্রতিষ্ঠাতা।

**দরকচা, দরকাঁচা**। কথ্য **দড়কচা, দড়কাঁচা**।

**দর-কষাকষি** কিংবা **দরকষাকষি**।

**দরকারি** -রী নয়।

**দরগা** পির বা মুসলমান সাধুর কবর বা স্মৃতিসৌধ। 'দরগাহ্' বর্জিত।

**দরজি**। 'দর্জি' নয়, 'দরজী' নয়।

**দরদি, দরদিয়া** -দী বর্জিত।

**দরবারি** -রী নয়।

**দরবিগলিত** একটি শব্দ।

**দরুদ** মুসলমানি রীতির অভিবাদনবিশেষ। 'দরূদ' নয়।

**দরুন** জন্য, হেতু। -ণ বর্জিত।

**দর্জি** দ্র **দরজি**।

**দর্দুর** ব্যাং, ভেক। -র্দূ- নয়।

**দর্শনি** দর্শন করার বাবদ দেয় অর্থ। -নী নয়।

**দলমতনির্বিশেষে** একটি শব্দ।

# দ

**দল-মাদল** কিংবা **দলমাদল** বিষ্ণুপুরের ইতিহাস-বিশ্রুত কামানবিশেষ।

**দলাইমলাই** কিংবা **দলাই-মলাই**। 'ডলাইমলাই' বর্ত. অপ্র.।

**দলাইলামা** তিব্বতি বৌদ্ধদের সর্বোচ্চ নেতা, এক সময় তিব্বতের রাজনীতিক প্রধানও ছিলেন।

**দশকর্ম, দশকর্মভাণ্ডার**। 'দশকর্মা' নয়।

**'দশকুমারচরিত'** দণ্ডী-রচিত সংস্কৃত আখ্যায়িকা গ্রন্থ।

**দশমহাবিদ্যা** দুর্গার দশটি মূর্তি, যথা—কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা বগলা ধূমাবতী মাতঙ্গী ও কমলা।

**দশাবতার** বিষ্ণুর দশ অবতার, যথা—মৎস্য কূর্ম বরাহ নৃসিংহ বামন বলরাম রামচন্দ্র পরশুরাম বুদ্ধ ও কল্কি।

**দস্তখত** সই। -খৎ নয়।

**দস্তয়েভস্কি, ফিয়োদোর** Fyodor Mikhailovich Dostoyevsky 1821-1881. রুশ ঔপন্যাসিক।

**দস্তুরমতো** রীতিমতো। -মত নয়।

**দহনবায়ু** অক্সিজেন, প্রাণবায়ু।

**দহরম-মহরম** হাইফেন বাঞ্ছিত।

**দহ্যমান** দগ্ধ হচ্ছে এমন। 'দাহ্যমান' নয়।

**দাঁড়কাক** দাড়- নয়।

**দাঁড়াত, দাঁড়ানো, দাঁড়াল**।

**দাঁড়াশ** নির্বিষ সাপবিশেষ। -স নয়।

**দাঁড়ি[১]** পূর্ণচ্ছেদচিহ্ন।

**দাঁড়ি[২]** নৌকার মাঝি, যে দাঁড় টানে। -ড়ী নয়।

**দাঁত ভাঙা** ক্রি. বি. দাঁত ভেঙে যাওয়া। **দাঁতভাঙা** বিণ. যাতে দাঁত ভেঙে যায় এমন। উদা.—দাঁতভাঙা শব্দ।

**দাঁতাল, দাঁতালো** বড় দাঁতযুক্ত। প্রথমটি এখনও অধিকতর প্রচলিত, কিন্তু দ্বিতীয়টি অধিকতর সংগত। তু. **ধারালো, ছুঁচলো, প্যাঁচালো**।

**দাঁতোঁ, ঝর্ঝ ঝাক** Georges Jacques Danton 1757-1794. ফ্রান্সের বিপ্লবী।

**দাখিলি** বিণ. দাখিল করা অর্থাৎ পেশ করা হয়েছে এমন। -লী নয়।

**দাগি** পুরনো ; কলঙ্কযুক্ত ; আগেও শাস্তি পেয়েছে এমন। -গী বর্জিত।

**দাদাভাই নওরোজি** ১৮২৫-১৯১৭ জাতীয়তাবাদী নেতা, Poverty and Un-British Rule in India গ্রন্থের রচয়িতা।

**দাদি** পিতামহী অথবা মাতামহী। -দী নয়।

**দাদুপন্থী** দাদু-র মতাবলম্বী বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। -দূ- নয়।

**দান্তে আলিগিয়েরি** Dante Alighieri 1265-1321 ইতালীয় কবি।

**দাপদুপ, দুপদাপ** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**দাপনা**। **দাবনা**-র অপেক্ষাকৃত কম প্রচলিত রূপ।

**দাবাবোড়ে** দাবাখেলা বা তার ঘুঁটি। -'বড়ে' নয়।

**দাবি-দাওয়া** হাইফেন বাঞ্ছিত।

**দা ভিঞ্চি, লেওনার্দো** Leonardo da Vinci 1452-1519. বিখ্যাত ইতালীয় চিত্রশিল্পী।

**দামি** মূল্যবান। -মী নয়।

**দায়রা** উচ্চ ফৌজদারি আদালত। উদা·—দায়রা-জজ। **দায়রা-সোপর্দ** বিচারের জন্য দায়রায় পাঠানো হয়েছে এমন।

**দায়াদ** দাবিদার ; উত্তরাধিকারী। **দায়াদি** বি· উত্তরাধিকারিণী ; বিণ· উত্তরাধিকারসূত্র পাওয়া গেছে এমন। উদা·— দায়াদি সম্পত্তি। -দী নয়।

**দায়ী** -য়ি নয়। < সং· দায়+ইন্।

**দার-উল-ইসলাম** ফারসি শব্দ, অর্থ—ইসলামের দেশ।

**দার-উল-হার্‌ব্** অর্থ—বিধর্মীর দেশ।

**দারওয়ান** দ্র **দারোয়ান**।

**দারজিলিং** কিংবা **দার্জিলিং** (আ·বা·প·) -ঙ নয়।

**দারপরিগ্রহ** বিশেষ্যে একটি শব্দ।

**দারভাঙা** -ঙ্গা নয়।

**দারিদ্র, দারিদ্র্য** দুটিই শুদ্ধ। প্রথমটি ক্রমে প্রচলিত হচ্ছে।

**দারিদ্র্যপীড়িত** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**দারোয়ান**। দরো- নয়, 'দারওয়ান' নয়।

**দালালি** -লী নয়।

**দাশরথি রায়, দাশু রায়** ১৮০৬-১৮৫৭ প্রসিদ্ধ পাঁচালিকার ও পালাকর্তা।

**দাসপ্রথা, দাসবংশ, দাসব্যবসায়** প্রতিটি একটি শব্দ।

**দিক, দিক্‌** পৃথক শব্দ হিসাবে প্রথমটি গ্রহণীয়। দ্বিতীয়টি বর্জিত।

**দিক্‌চক্র, দিক্‌চক্রবাল** বাংলায় হসন্তবিহীন বানান প্রচলিত হলেও এক্ষেত্রে হস্‌যুক্ত বানানই লেখ্য।

**দিগ্‌গজ** হস্‌চিহ্ন আবশ্যিক।

**দিগঙ্গনা** দিক্‌+অঙ্গনা।

**দিগ্‌জ্ঞান, দিগ্‌দর্শন, দিগ্‌দিগন্ত**।

**দিগ্‌দর্শন** খ্রিস্টান মিশনারিদের প্রতিষ্ঠিত (১৮১৮) বাংলা মাসিকপত্র।

**দিগ্‌বধূ** কিংবা **দিগ্বধূ**।

**দিগ্‌বলয়** কিংবা **দিগ্বলয়**।

**দিগ্‌বসনা** কিংবা **দিগ্বসনা**।

**দিগ্‌বালিকা** কিংবা **দিগ্বালিকা**।

**দিগ্‌বিজয়** কিংবা **দিগ্বিজয়**।

**দিগ্‌বিদিক** কিংবা **দিগ্বিদিক** -ক্‌ বর্জিত।

**দিগ্‌ভ্রান্ত** বিণ·। বি· **দিগ্‌ভ্রম**।

**দিগম্বর বিষ্ণু পলুস্কর (পালুস্কর)** মৃত্যু ১৯৫৫ প্রতিভাধর সংগীতজ্ঞ, বিষ্ণুদিগম্বরের পুত্র।

**দিঘা** পশ্চিমবঙ্গের সমুদ্রতীরবর্তী শহরবিশেষ। দী- নয়।

**দিঘি** দী- নয়।

**দিঙ্‌নাগ**।

**দিঙ্‌নির্ণয়**।

**দিঙ্‌নির্ণয় যন্ত্র** দুটি শব্দ।

**দিঙ্‌মণ্ডল**।

**দিত**। **দিল**। -তো নয়, -লো নয়।

**দিদরো, দ্যনি** Denis Diderot 1713-1784 ফরাসি দার্শনিক ও লেখক। 'দিদেরো' নয়।

**দিন-ই-ইলাহি** আকবর-প্রবর্তিত ধর্ম। 'দীন-ই-ইলাহী' নয়।

**দিনকয়েক** একটি শব্দ। অনুরূপভাবে, **দিনকতক**।

**দিনক্ষণ** একটি শব্দ।

**দিন-দিন** কিংবা **দিনদিন** ক্রি-বিণ· ক্রমশ। তবে প্রথমটিই অধিকতর সংগত।

**দিন-দুপুরে** হাইফেন বাঞ্ছিত।

**দিনমজুর** একটি শব্দ।

**দিনমজুরি** -রী নয়।

**দিনরজনী** একটি শব্দ।

**দিনরাত** একটি শব্দ।

**দিনশেষ** একটি শব্দ। উদা·— 'দিনশেষের রাঙা মুকুল' : রবীন্দ্র।

**দিনে-দিনে** হাইফেন বাঞ্ছিত।

**দিনে-দুপুরে** হাইফেন বাঞ্ছিত।

**দিনেমার** ডেনমার্কের অধিবাসী।

**দিনেশ, দীনেশ** প্রথমটির অর্থ সূর্য, দ্বিতীয়টির অর্থ দরিদ্রের প্রভু।

**'দিবারাত্রির কাব্য'** মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৩৫)।

**দিয়াশ, বার্থোলোমিউ** Bartholomeu Diaz (Dias) আনু· 1450-1500 পর্তুগিজ নাবিক ও ভূপর্যটক।

**দিয়ো** 'দেওয়া' ক্রিয়ার মধ্যমপুরুষের ভবিষ্যৎ অনুজ্ঞায়। 'দিও' নয়।

**দিলখুশ** -খুস, -খোশ, দেল- বর্জিত।

**দিলীপ** -লি নয়।

**দিল্লি** -ল্লী নয়, 'দিল্‌লি' নয়।

**দিশারি** -রী নয়।

**দীক্ষান্ত** দীক্ষান্ত অর্থ যজ্ঞের সমাপ্তি, অনুষ্ঠানের সমাপ্তি।

**দীক্ষান্ত ভাষণ** অসংলগ্ন সমাস। অর্থ, দীক্ষান্তের ভাষণ।

**'দীধীতি'** নৈয়ায়িক রঘুনাথ শিরোমণি-রচিত পঞ্চদশ শতকের বিখ্যাত ন্যায়গ্রন্থ।

**দীন-ই-ইলাহী** বর্জিত বানান, দ্র **দিন-ই-ইলাহি**।

**দীনদুনিয়ার মালিক**। 'দিনদুনিয়ার' নয়।

**দীনবন্ধু মিত্র** ১৮৩০-১৮৭৩। নাট্যকার। 'নীলদর্পণ', 'সধবার একাদশী', 'জামাই বারিক' প্রভৃতির রচয়িতা।

**দীনেশ** দ্র **দিনেশ**।

**দীনেশচন্দ্র গুপ্ত** ১৯১১-১৯৩১ বিপ্লবী শহিদ। বিনয়-বাদল-দীনেশ-এর তৃতীয়জন।

**দীনেশচন্দ্র সেন** ১৮৬৬-১৯৩৯ বাংলা ভাষা ও সাহিত্যের দিক্‌পাল গবেষক।

**দীপালি** -লী বর্জিত। **দীপাবলি** -লী নয়।

# দ

**দু** দুইয়ের সংক্ষিপ্ত রূপ। সমাসে পরপদে দুই বা তিন বর্ণবিশিষ্ট শব্দ থাকলে হাইফেন অপ্রয়োজনীয়— **দুকথা দুচোখ দুদশ দুদিন দুবছর দুমাস দুরাত**। কিন্তু পরপদের শব্দ তিনের বেশি বর্ণবিশিষ্ট হলে হাইফেন বাঞ্ছিত— **দু-কানকাটা**।

**দুখিনী— দুঃখিনী**-র কোমল রূপ, সচরাচর কাব্যে ব্যবহৃত।

**দুড়দাড়** কিংবা কথ্য **দুদ্দাড়**। -র নয়।

**দুধালো** দুগ্ধবতী। কিন্তু **দুধেল**। উদা— দুধেল গাই, দুধালো গাই।

**দূন** উত্তরভারতের শৈলনগর দেরাদুনের সংক্ষিপ্ত নাম। দু-নয়।

**দুনম্বরি** -রী বর্জিত।

**দুনি** ডোঙা ; জলসেচনের পাত্রবিশেষ। -নী নয়।

**দুভাষী** দ্র **দোভাষী**।

**দুয়ারি** দ্বাররক্ষক, দারোয়ান। -রী বর্জিত।

**দুয়ো**[১] অভাগিনী। উদা·— দুয়োরানি।

**দুয়ো**[২] দোহন কোরো। উদা·— সকালে-বিকালে দুবার গোরু দুয়ো।

**দুরতিক্রমণ। দুরতিক্রমণীয়। দুরতিক্রম্য** দুঃ+অতিক্রমণ। দূ- নয়।

**দুরধিগম্য** দূ- নয়।

**দুরন্বয়** অন্বয়ের ভুল। দূ- নয়।

**দুরবিন** দ্র **দূরবিন**।

**দুরভিসন্ধি** দূ- নয়।

**দুরমুশ** -স নয়, -ষ নয়।

**দুরাকাঙ্ক্ষা** দূ- নয়, -ঙ্খা নয়।

**দুরিত** বি· পাপ। বিণ· পাপজনক কাজ করে এমন, পাপিষ্ঠ। দূ- নয়।

**দুরূহ** কঠিন, দুর্বোধ। -রু- নয়।

**দুর্গা। দুর্গাপূজা। দুর্গোৎসব**।

**'দুর্গেশনন্দিনী'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস (১৮৬৫)।

**দুর্দশাগ্রস্ত** -স্থ নয়।

**দুর্ধর্ষ** বিণ·। বি· **দুর্ধর্ষতা**।

**দুর্নিরীক্ষ্য** দেখা বা নিরীক্ষণ করা কঠিন এমন। -ক্ষ নয়।

**দুর্বিষহ** অসহ, অসহ্য। 'দুর্বিসহ' নয়।

**দুর্বোধ, দুর্বোধ্য** দুটিই শুদ্ধ, তবে দ্বিতীয়টি অধিকতর প্রচলিত। তু. **দুর্ভেদ, দুর্ভেদ্য**।

**দুর্লক্ষ্য** দুর্নিরীক্ষ্য, সহজে দেখা যায় না এমন। -ক্ষ নয়।

**দুলকি** -কী নয়।

**দুশমন** -ষ- নয়। **দুশমনি** -নী নয়।

**দুশ্চিকিৎস্য** দুরারোগ্য। -স নয়।

**দুশ্ছেদ্য** সহজে ছিন্ন করা যায় না এমন।

**দুষ্কৃত** বি· অন্যায় কাজ, কুকাজ। **দুষ্কৃতকারী** যে কুকাজ করে।

**দুষ্কৃতি** বি· পাপ ; অপকর্ম ; দুর্ভাগ্য।

**দুষ্কৃতী** বি· পাপী ; দুষ্কৃতকারী।

**দুষ্প্রবেশ, দুষ্প্রবেশ্য** সমার্থক শব্দ, দুরধিগম্য অর্থে যে-কোনোটি ব্যবহার করা যেতে পারে।

**দুষ্মন্ত, দুষ্যন্ত** পুরুবংশীয় রাজা, শকুন্তলার পতি। প্রথমটি অধিকতর প্রচলিত।

**দুস্থ, দুঃস্থ** দুটিই শুদ্ধ, তবে প্রথমটি বর্তমানে অধিকতর সংগত ও প্রচলিত।

**দুহাত**। 'দু-হাত' নয়। দ্র **দু**।

**দূতকাব্য** পবন বা বায়ু, পদাঙ্ক প্রভৃতিকে দূত হিসাবে কল্পনা করে রচিত সংস্কৃত কাব্য। তু· মেঘদূত।

**দূতালি** দৌত্য। -লী নয়।

**দূরদর্শী**। বি· **দূরদর্শিতা**। স্ত্রী· **দূরদর্শিনী**।

**দূরবর্তী**। বি· **দূরবর্তিতা**। স্ত্রী. **দূরবর্তিনী**।

**দূরবিন** < দূরবীক্ষণ। 'দূরবীন' নয়। দুর- নয়।

**দূরভাষ**। স্ত্রী· **দূরভাষিণী**।

**দূরস্থ** দূরে অবস্থিত।

**দূরিত** বিতাড়িত, দূরে প্রেরিত।

**দূরীকৃত** দূর করে দেওয়া হয়েছে এমন, দূরিত।

**দূরীভূত** দূর হয়েছে এমন।

**দূরেক্ষণ**। **দূরদর্শন**-এর রূপভেদ।

**দূর্বা** দু-নয়।

**দূষিত** দু- নয়।

**দূষ্য** দু- নয়।

**দৃক্‌পাত**। **দৃক্‌শক্তি**। ক্ আবশ্যিক।

**দৃপ্য, দৃপ্ত** সমার্থক শব্দ।

**দেউস্কর, সখারাম গণেশ** দ্র **সখারাম**।

**দেওয়া, দেয়া** দ্বিতীয়টি কথ্য, কেবল নাটকাদির সংলাপেই ব্যবহার্য।

# দ

**দেওয়ান-ই-আম** মোগল সম্রাটদের যে দরবার জনগণের জন্য উন্মুক্ত থাকত।

**দেওয়ান-ই-খাস** মন্ত্রিমণ্ডল, মন্ত্রিসভা, যে দরবারে মোগল সম্রাটগণ কেবল বিশিষ্ট পার্ষদদের সঙ্গে আলোচনা করতেন।

**দেওয়ানা।** **দিওয়ানা**-র অপেক্ষাকৃত কম প্রচলিত রূপ, অর্থ—পাগল, বিবাগি।

**দেওয়ানি** বি· বিণ· বৃত্তি, ভূমি, অধিকার ইত্যাদি বা তৎসংক্রান্ত। -নী নয়।

**দেওয়ালি** -লী নয়।

**দেকার্ত, র‍্যনে** Rene Descartes 1596-1650 ফরাসি দার্শনিক ও গণিতবিদ।

**দেখতে-দেখতে** ক্রমে, কিছুদিনের মধ্যে। হাইফেন বাঞ্ছিত।

**দেখনহাসি** একটি শব্দ।

**দেখাদেখি** একটি শব্দ, হাইফেন নয়।

**দেখাশোনা** একটি শব্দ, হাইফেন নয়।

**দেখাসাক্ষাৎ** একটি শব্দ, হাইফেন নয়।

**দেনাপাওনা** কিংবা **দেনা-পাওনা**।

**'দেনাপাওনা'** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৯২৩)।

**দেবকাষ্ঠ। দেবগুরু। দেবগৃহ। দেবচিকিৎসক। দেবদত্ত। দেবদর্শন। দেবদুর্লভ। দেবপুরী। দেববাক্য। দেবভূমি।** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য, পৃথকভাবে নয়, হাইফেন নয়।

**দেবকী** বসুদেবের পত্নী, কৃষ্ণের জননী, -কি নয়।

**দেবদেবী** হাইফেন অপ্রয়োজনীয়।

**দেবযানী** শুক্রাচার্যের কন্যা। -নি নয়।

**দেবযোনি** দেবতা থেকে যাদের জন্ম, অর্থাৎ অপ্সরা, যক্ষ, রক্ষ, গন্ধর্ব, কিন্নর প্রভৃতি।

**দেবশিল্পী** একটি শব্দ।

**দেবসেনাপতি** একটি শব্দ।

**দেবারি** দেবতার শত্রু। -রী নয়।

**'দেবী চৌধুরাণী'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৮৮৪)।

**দেবীসিংহ** কিংবা **দেবী সিংহ** মৃত্যু ১৮০৫। ইস্ট ইন্ডিয়া কোম্পানির অধীনস্থ রাজস্ব আদায়ের ভারপ্রাপ্ত প্রবল প্রতাপান্বিত ইজারাদার।

**দেবেন্দ্রনাথ ঠাকুর, মহর্ষি** ১৮১৭-১৯০৫।

**দেবেন্দ্রনাথ সেন** ১৮৫৮-১৯২০। 'নির্ঝরিণী', 'অশোকগুচ্ছ', 'শেফালীগুচ্ছ' প্রভৃতি কাব্যের রচয়িতা।

**দেরাদুন** উত্তরভারতের শৈলনগর। দেহ্‌রা- নয়, -দূন নয়।

**দেরি** -রী বর্জিত।

**দেরিদা, ঝাক** Jacques Derrida জন্ম 1930. ফরাসি দার্শনিক ও ভাষাবিজ্ঞানী।

**দেলাক্রোয়া, ফের্দিনাঁ ভিক্তর** Ferdinand Victor Delacroix 1798-1863 ফরাসি চিত্রশিল্পী।

**দেশকাল, দেশ কাল** পৃথকভাবে দেশ এবং কাল দুইই বোঝাতে হলে দ্বিতীয়টি, তবে দেশ ও কালকে পৃথকভাবে নয় একসঙ্গে পরিবেশ বা পরিস্থিতি বোঝাতে হলে সমাসবদ্ধভাবে লেখ্য।

**দেশছাড়া। দেশজোড়া। দেশত্যাগ। দেশদেশান্তর। দেশপ্রিয়। দেশপ্রেম। দেশবরেণ্য। দেশবিখ্যাত। দেশবিদেশ। দেশহিতব্রত।** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।

**দেশান্তরি, দেশান্তরী** দ্বিতীয়টি প্রচলিত হলেও প্রথমটিই সংগত।

**দেশি** দেশে উৎপন্ন, দেশজ। -শী নয়।

**দেশিকোত্তম** বিশ্বভারতীর সর্বোচ্চ সম্মানসূচক উপাধি।

**'দেশের কথা'** সখারাম গণেশ দেউস্কর রচিত গ্রন্থ।

**দেশোয়ালি** একই দেশ থেকে আগত কিংবা একই দেশের। 'দেশওয়ালি' নয়।

**দে সিকা, ভিত্তরিয়ো** Vittorio De Sica 1902-1974. ইতালীয় চলচ্চিত্রস্রষ্টা।

**দেহকোষ। দেহগ্রন্থি। দেহচর্চা। দেহতত্ত্ব। দেহত্যাগ। দেহপিঞ্জর। দেহসৌষ্ঠব।** প্রতিটি একটি সমাসবদ্ধ শব্দ।

**দেহধারণ** একটি শব্দ। কিন্তু 'দেহ' শব্দ অন্য শব্দের পরে বসে সমাসবদ্ধ হলে পৃথক হবে। উদা·—মনুষ্যদেহ ধারণ করা।

**দেহি** দাও। বর্ত· বাংলায় প্রয়োগ বিরল।
**দেহী** দেহবিশিষ্ট। -হি নয়। < দেহিন্।
**দেহোপজীবী**। স্ত্রী· **দেহোপজীবিনী**। -হ্- নয়, -পো- নয়।
**দৈ** দ্র **দই**।
**দৈবক্রমে**। **দৈবগতিকে**। **দৈবদুর্বিপাক**। **দৈববাণী**। **দৈবশক্তি**। প্রতিটি একটি শব্দ, পৃথকভাবে নয়, হাইফেন নয়।
**দৈর্ঘ্য** -র্ঘ নয়।
**দোআব, দোয়াব** প্রথমটি অধিকতর সংগত।
**দোআঁশলা** হাইফেন অপ্রয়োজনীয়। -স- নয়।
**দোঁহা** দুই চরণবিশিষ্ট পদ্যবিশেষ ; দুজন। -হাঁ নয়, দো- নয়।
**দোকানদারি** -রী নয়।
**দোকানি** দোকানদার। -নী নয়।
**দোনামনা, দোনামোনা** দ্বিধা, দোটানা। দুটিই প্রচলিত।
**দোনোমনো**। **দোনামনা**-র রূপভেদ।
**দোপিয়াজা, দোপিঁয়াজা, দোপিয়াজি, দোপিঁয়াজি** প্রতিটিই অল্পবিস্তর প্রচলিত। তবে চন্দ্রবিন্দুযুক্ত বানান কথ্যরীতিতেই অধিকতর ব্যবহৃত।
**দোভাষী** interpreter. দু- অপ্রচলিত।
**দোম আন্তোনিয়ো** Dom Antonio. ঢাকা বা ফরিদপুরের বাঙালি, খ্রিস্টধর্মে দীক্ষিত হয়ে উক্ত নাম গ্রহণ করেন এবং খ্রিস্টধর্ম প্রচার করেন।
**দোয়াব** দ্র **দোআব**।
**দোলদুর্গোৎসব** হাইফেন অপ্রয়োজনীয়।
**'দোলনচাঁপা'** নজরুল ইসলামের কাব্য (১৯২৩)।
**দোলপূর্ণিমা** একটি শব্দ।
**দোষকীর্তন** একটি শব্দ।
**দোষক্ষালন** -স্খা- নয়।
**দোষদর্শী** দোষ দেখতে পায় এমন। বি· **দোষদর্শিতা**।
**দৌত্য** বি· দূতের কাজ, দূতবৃত্তি, দূতগিরি। 'দৌত্যগিরি' ভুল। **দৌত্যকার্য** গুপ্তচরের বা দূতের কাজ।
**দৌরাত্ম্য** -ত্ম নয়।
**দৌর্গন্ধ্য** -ন্ধ নয়।
**দৌলত খাঁ লোদি** মৃত্যু ১৫২৫। লোদি বংশের রাজত্বকালের শেষ পর্বে লাহোরের শাসনকর্তা।
**দ্বন্দ্ব**। -ন্দ নয়।
**দ্বাপর** হিন্দু-পুরাণে বর্ণিত চার যুগের তৃতীয়টি।
**দ্বারকানাথ** একটি শব্দ।
**দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়** ১৮৪৪-১৮৯৮ ব্রাহ্ম নেতা, সমাজসংস্কারক ও সাংবাদিক, 'সঞ্জীবনী' পত্রিকার প্রতিষ্ঠাতা ও প্রথম সম্পাদক।
**দ্বারকানাথ ঠাকুর** প্রিন্স ১৭৯৪-১৮৪৬।
**দ্বারকানাথ বিদ্যাভূষণ** ১৮১৯-১৮৮৬ সংস্কৃত পণ্ডিত, 'সোমপ্রকাশ'-এর সম্পাদক।
**দ্বারদেশ**। **দ্বারপাল**। **দ্বারপ্রান্ত**। **দ্বাররক্ষক**। প্রতিটি একটি শব্দ।
**দ্বারোদ্ঘাটন** হস্-চিহ্ন আবশ্যিক। কিংবা **-দ্ঘা-**।
**দ্বিগুণিত**। কিন্তু **দ্বিগুণীকৃত**।
**দ্বিজেন্দ্রনাথ ঠাকুর** ১৮৪০-১৯২৬। 'স্বপ্নপ্রয়াণ' (১৮৭৫), 'কাব্যমালা' (১৯২০) প্রভৃতি কাব্যের রচয়িতা। রবীন্দ্রনাথের জ্যেষ্ঠাগ্রজ।
**দ্বিজেন্দ্রলাল রায়** ১৮৬৩-১৯১৩। কবি, নাট্যকার, সংগীতরচয়িতা।
**দ্বিপ্রাহরিক** সংস্কৃতমতে শুদ্ধ নয়, তবে বাংলায় বহুলব্যবহৃত।
**দ্বিবার্ষিক, দ্বৈবর্ষিক** সংস্কৃতে দুটি শব্দের অর্থে পার্থক্য করা হলেও বাংলায় সমার্থক শব্দ হিসাবেই ব্যবহৃত। প্রথমটি অধিকতর প্রচলিত।
**দ্বিবীজপত্রী**।
**দ্বিমাসিক** bimonthly. বাংলামতে সিদ্ধ।
**দ্বিরাগমন** < দ্বিঃ+আগমন।
**দ্বীপবাসী**। স্ত্রী· **দ্বীপবাসিনী**।
**দ্বীপায়ন** দ্বীপবাসী অর্থে অপ্র·। **দ্বৈপায়ন** সমার্থক শব্দ এবং অধিকতর প্রচলিত।
**দ্বীপী** চিতাবাঘ। বাঘ অর্থে প্রয়োগ ভুল।
**দ্বৈতবাদ** যে দার্শনিক মত জীব ও ঈশ্বরকে পৃথক বলে মনে করে।
**দ্বৈপায়ন** বিণ· দ্বীপসম্বন্ধীয় (দ্র· **দ্বীপায়ন**)। বি· ব্যাসদেব।

# দ ◆ ধ

**দ্বৈবর্ষিক, দ্বৈবার্ষিক** সংস্কৃতে কেবল প্রথমটি শুদ্ধ, বাংলায় দুটিই অল্পবিস্তর প্রচলিত। একই অর্থে **দ্বিবার্ষিক** অধিকতর প্রচলিত।

**দ্বৈরাজ্য** দুই শাসকের যুগ্মশাসন, দ্বৈতশাসন, diarchy. প্রসারিত অর্থে, গৌণার্থে, দুই শাসকের যুগ্মশাসনের জন্য বিশৃঙ্খলা।

**দ্য গোল, শার্ল** Charles de Gaulle 1890-1970. ফরাসি রাজনীতিবিদ ও প্রাক্তন প্রেসিডেন্ট।

**দ্যুতিমান** উজ্জ্বল। -বান নয়, দ্যূ- নয়।

**দ্যুনা, আঁরি** Henri Dunant 1828-1910 রেডক্রসের প্রবর্তক।

**দ্যুপেরোঁ, আঁকতিল** Anquetil Duperron 1731-1805. ফরাসি প্রাচ্যবিদ ও ভারতপ্রেমিক।

**দ্যুপ্লেক্স, মার্কি ঝসেফ** Marquis Joseph Dupleix 1697-1763. ভারতে ফরাসি ঔপনিবেশিক প্রশাসক। 'দুপ্লে' নয়, 'দ্যুপ্লে' নয়।

**দ্যুমা, আলেকসাঁদ্র্‌** Alexandre Dumas 1802-1870. ফরাসি লেখক।

**দ্যুরক্যাঁ, এমিল** Emile Durkheim 1858-1917. ফরাসি সমাজতাত্ত্বিক।

**দ্যূত** পাশাখেলা, পাশা। দ্যু-নয়।

**দ্রব** solution (পরি·)।

**দ্রবণ** solution (পরি·)। **দ্রবণীয়** soluble (পরি·)।

**দ্রবীকরণ। দ্রবীকৃত। দ্রবীভবন। দ্রবীভূত।**

**দ্রব্যবিনিময়** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**দ্রব্যসামগ্রী** একটি শব্দ।

**দ্রাঘিমা, দ্রাঘিমারেখা, দেশান্তররেখা,** longitude.

**দ্রাঘিমাংশ** degree of longitude.

**দ্রাবক** solvent (পরি·)।

**দ্রাবিড় সভ্যতা** দুটি পৃথক শব্দ, অসংলগ্ন সমাস।

◆

**ধকধক, ধকধকানি** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।

**ধটি** ধড়া ; কটিবাস। -টী বিকল্প বানান হলেও বর্জনীয়।

**ধড়াস** হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।

**ধড়িবাজ** -ড়ী- নয়।

**ধনকুবের। ধনগর্ব। ধনগৌরব। ধনতৃষ্ণা। ধনদেবতা। ধনদৌলত। ধনপিপাসা। ধনপিশাচ। ধনবিজ্ঞান। ধনভাণ্ডার। ধনসম্পত্তি। ধনসম্পদ।** প্রতিটি একটি সমাসবদ্ধ শব্দ হিসাবে লেখ্য, হাইফেন অপ্রয়োজনীয়।

**ধনগোপাল মুখোপাধ্যায়** ১৮৯০-১৯৩৬। যুক্তরাষ্ট্র-প্রবাসী বাঙালি দেশপ্রেমিক ও লেখক।

**ধনবান** -ন্ বর্জিত।

**ধনি** সুন্দরী যুবতী ; রমণীকে সম্বোধন, সচরাচর কাব্যে, বিশেষত প্রাচীন বাংলায় ব্যবহৃত।

**ধনী** ধনবান, ধনিক। -নি নয়।

**ধনী-দরিদ্র** কিংবা **ধনীদরিদ্র**। তবে প্রথমটিই অধিকতর সংগত।

**ধনুঃশর** বিসর্গ অপরিহার্য।

**ধনুকভাঙা** বিণ·।

**ধনুকভাঙা পণ** দুটি শব্দ।

**ধনুষ্টংকার** কিংবা **ধনুষ্টঙ্কার।**

**ধন্দ** কিংবা **ধন্ধ।**

**ধন্না, ধন্‌না** দ্র **ধরনা।**

**ধন্বন্তরি** -রী নয়।

**ধপধপে, ধবধবে** সমার্থক শব্দ।

**ধবলিত** সাদা রং করা হয়েছে এমন বা সাদা হয়েছে এমন। **ধবলীকৃত** সাদা করা হয়েছে এমন।

**ধবলী** সাদা গাই। -লি নয়।

**ধমনি, ধমনী** দুই শুদ্ধ, দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**ধম্মপদ** পালিভাষায় পদ্যে রচিত বৌদ্ধ গ্রন্থ।
**ধরন** রকম, ভঙ্গি।
**ধরনা** হত্যা দেওয়া, সত্যাগ্রহ। -র্না, -র্ণা নয়। **ধন্না, ধন্‌না** কথ্য।
**ধরাছোঁয়া ধরাবাঁধা** দুটিই একটি শব্দ হিসাবে লেখ্য, হাইফেন নয়।
**ধর্ম-অর্থ-কাম-মোক্ষ** হাইফেন বাঞ্ছিত।
**ধর্মগ্রন্থ। ধর্মঠাকুর। ধর্মনারায়ণ। ধর্মপরায়ণ। ধর্মপ্রচার। ধর্মপ্রচারক। ধর্মবিশ্বাস। ধর্মমঙ্গল। ধর্মযাজক। ধর্মরাজ্য। ধর্মশাস্ত্র। ধর্মসংস্কার। ধর্মসম্প্রদায়।** প্রতিটি একটি শব্দ।
**ধর্মঘটি** < ধর্মঘট+বাং· ই প্রত্যয়। -টী নয়।
**ধস**। 'ধ্বস' নয়।
**ধসা** মাটি পাথর ইত্যাদি ভেঙে পড়া ; দুর্বল হয়ে পড়া। ধ্ব- নয়। উদা·— নদীর পাড় ধসা, শরীর ধসে যাওয়া।
**ধস্তাধস্তি**। 'ধ্বস্তাধ্বস্তি' নয়।
**ধাঁধা** চন্দ্রবিন্দু কেবল প্রথমটিতে।
**ধাঙড়** -ঙ্গ- নয়, -র নয়।
**ধাড়ি** -ড়ী বর্জিত।
**ধাতুকল্প** metalloid (পরি·)।
**ধাতুমল** slag (পরি·)।
**ধাতুসংকর, সংকরধাতু** alloy (পরি·)।
**'ধাত্রীদেবতা'** তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৩৯)।
**ধানক্ষেত। ধানখেত। ধানদূর্বা** প্রতিটি একটি শব্দ।
**ধান-মাড়াই** হাইফেন বাঞ্ছিত।
**ধানাই-পানাই, ধানাইপানাই** দ্বিতীয়টি সংগততর।
**ধানিজমি** -নী- নয়। < ধান+বাং· ই প্রত্যয়।
**ধানুকি** ধনুকধারী। -কী নয়।
**ধানেশ্রী** রাগিণীবিশেষ। মূল রূপ **ধানশ্রী**। উদা·— পুরিয়াধানেশ্রী।
**ধান্দা** মতলব, ফিকির। -ন্ধা নয়। উদা·— ধান্দাবাজ।
**ধাপধাড়া গোবিন্দপুর** কিংবা **ধাবধাড়া গোবিন্দপুর**।
**ধামসানো** ক্রি· বি· দলিত করা, হাত-পা দিয়ে দলিত করা বা চটকানো। -ন নয়। **ধামসানি** বি· ধামসানোর কাজ।
**ধামাচাপা** একটি শব্দ, হাইফেন নয়।
**ধামাধরা** একটি শব্দ, হাইফেন নয়।
**ধামা-ধামা** হাইফেন আবশ্যিক। উদা·— ধামা-ধামা খইমুড়ি।
**ধামার** মূলত ধ্রুপদাঙ্গের গানে ব্যবহৃত চোদ্দ মাত্রার তাল। 'ধমার' নয়।
**ধারালো** তীক্ষ্ণ। -ল নয়।
**ধারিণী** ধারণকারিণী।
**-ধারী** ধারণকারী। উদা·— অস্ত্রধারী, দেহধারী। -রি নয়।
**ধার্তরাষ্ট্র** ধৃতরাষ্ট্রের পুত্র।
**ধাষ্টামো** কিংবা **ধাষ্টামো**। 'ধ্যাষ্টামো' আঞ্চ· ও কথ্য।
**ধিক্‌কার** কিংবা **ধিক্কার**। **ধিক্‌কৃত** কিংবা **ধিক্কৃত**।
**ধিঙ্গি** -ঙ্গী নয়।
**ধীরিধীরি** (কাব্যে ব্যবহৃত) ধীরে। একটি শব্দ। কিন্তু **ধীরে ধীরে** দুটি শব্দ।
**ধীরোদাত্ত** স্থিতপ্রজ্ঞ, সুখে-দুঃখে অবিচলিত। ধীর+উদাত্ত এইভাবে নিষ্পন্ন, ধীরস্থির এবং উদার এই অর্থে প্রয়োগ অশুদ্ধ।
**ধুকধুক। ধুকধুকানি। ধুকধুকুনি**। হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।
**ধুকপুক। ধুকপুকানি। ধুকপুকুনি**। হস্‌চিহ্ন অপ্রয়োজনীয়।
**ধুনারি, ধুনুরি** -রী বর্জিত।
**ধুন্ধুমার** পৌরাণিক রাজা কুবলাশ্ব, ধুন্ধু নামে দৈত্যকে বধ করেছিলেন বলে এই নাম।
**ধুপছায়া** ময়ূরকণ্ঠী রং।
**ধুম** জাঁকজমক, আড়ম্বর। **ধুমধাম** ধূ- নয়।
**ধুমসো** বিসদৃশ রকমের মোটা ও কালো। স্ত্রী· **ধুমসি** -সী নয়।
**ধুস্তুর, ধুস্তুরী** ধুতরো। 'ধুস্তূর' বিকল্প বানান, কিন্তু বর্জনীয়। 'ধুস্তুরি' নয়।
**ধূপ, ধূপকাঠি** ধু- নয়।
**ধূম** ধোঁয়া। ধু- নয়।
**ধূমকেতু। ধূমধ্বজ। ধূমপান**।
**'ধূমকেতু'** নজরুল ইসলাম সম্পাদিত সাপ্তাহিক

(১৯২২)।
**ধূমাবতী** দশমহাবিদ্যার অন্যতমা। ধু- নয়।
**ধূম্র** বিণ· ধূমপূর্ণ। ধু- নয়। উদা·— ধূম্রলোচন।
**ধূম্রজাল** ধোঁয়ার জাল এই অর্থে বরং **ধূমজাল** সংগত। কেননা ধূম্র বিশেষণ, এর অর্থ ধোঁয়া নয়, ধোঁয়াটে।
**ধূম্রলোচন** দানবরাজ শুম্ভের সেনাপতি, দেবী দুর্গার তেজে ভস্মীভূত।
**ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়** ১৮৯৪-১৯৬১ বিশিষ্ট অর্থনীতিবিদ, সমাজতাত্ত্বিক ও মনস্বী লেখক, 'বক্তব্য', 'মনে এলো', 'ঝিলিমিলি', 'আমরা ও তাঁহারা', 'অন্তঃশীলা' প্রভৃতি গ্রন্থের লেখক।
**ধূলি** ধু- নয়। কিন্তু **ধুলা** ও **ধুলো** বাংলা শব্দ হিসাবে গৃহীত।
**'ধূসর পাণ্ডুলিপি'** জীবনানন্দ দাশের কাব্যগ্রন্থ (১৯৩৬)।
**ধৃতিমান** স্থিরচিত্ত, ধৈর্যশীল। -তী- নয়।
**ধৃষ্টদ্যুম্ন।**
**ধৃষ্য** দম্য, দমনীয় ; ধর্ষণযোগ্য।
**ধেড়ানো** কিংবা **ধ্যাড়ানো**। দ্বিতীয়টি অধিকতর সংগত।
**ধেবড়ানো** কিংবা **ধ্যাবড়ানো**। দ্বিতীয়টি সংগততর।
**ধোঁকা** ফাঁকি ; ডালবাটার খাবার, ধো- নয়।
**ধোঁকাবাজি** ধো- নয়, -জী নয়।
**ধোঁকার টাটি** ধো- নয়, টাঁ- নয়।
**ধোপদুরস্ত** -স্থ্ নয়।
**ধোয়া** ধৌত করা। 'ধোওয়া' নয়।
**ধোসা**[১] দক্ষিণভারতীয় খাবারবিশেষ। **দোসা** মূলত কথ্য, বর্ত· অপেক্ষাকৃত কম প্রচলিত।
**ধোসা**[২] পশমি চাদরবিশেষ। 'দোসা' নয়।
**ধ্বনিভোট** সভা, সংসদ ইত্যাদিতে উত্থাপিত প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে গলার আওয়াজে মত জানানো, vote of voice.
**ধ্বস্ত** বিনষ্ট। তু· **বিধ্বস্ত।**
**ধ্যাড়ানো** দ্র **ধেড়ানো**
**ধ্যানগম্ভীর** একটি শব্দ।
**ধ্যানজ্ঞান। ধ্যানধারণা।** দুটিই একটি শব্দ হিসাবে লেখ্য, পৃথকভাবে নয়, হাইফেন নয়।
**ধ্যাবড়ানো** দ্র **ধেবড়ানো।**
**ধ্যেয়** ধ্যানের যোগ্য ; চিন্তনীয়। 'ধেয়' নয়।
**ধ্রিয়মাণ** ধারণ করা হচ্ছে এমন, ধরা হচ্ছে এমন।

◆

**নউই** মাসের নয় তারিখের বা তারিখ।
**নওবত—নহবত**-এর কথ্য রূপ, -ৎ নয়।
**নকড়া-ছকড়া** হাইফেন বাঞ্ছিত।
**নকলনবিশ** -বী- নয়, -স নয়।
**নকশা** -স্কা নয়।
**নকশাকাটা, নকশাদার** হাইফেন অপ্রয়োজনীয়।
**নকশি** -শী বর্জিত।
**নকশিকাঁথা** হাইফেন অপ্রয়োজনীয়।
**নকিব** রাজসভার ঘোষক। -কী- বর্জিত।
**নক্সা** দ্র **নকশা।**
**'নক্সী-কাঁথার মাঠ'** জসীম উদ্‌দীনের কাব্য।
**নগদবিদায়** একটি শব্দ।
**নগদানগদি** হাইফেন অপ্রয়োজনীয়।
**নগরদ্বার। নগরপাল। নগরপ্রধান। নগররাষ্ট্র।** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**নগরপরিকল্পনা** কিংবা **নগর পরিকল্পনা** হাইফেন অপ্রয়োজনীয়। **নগরসভ্যতা** একটি শব্দ, হাইফেন নয়।
**নগরসংকীর্তন** -ঙ্কী- নয়।
**নগরোপান্ত** নগরের সন্নিহিত স্থান।
**নঙর, নঙ্গর** দ্র **নোঙর।**
**নচিকেতা** (উপনিষদে) পরমতত্ত্বজ্ঞানী বলে বর্ণিত বৈদিক ঋষিবিশেষ, গৌতমের পুত্র ; (মহাভারতে) উদ্দালক ঋষির পুত্র।
**নজ, ইমরে** Imre Nagy 1896-1958 হাঙ্গেরীয় রাজনীতিবিদ। নাগি নয় (হাঙ্গেরীয় ভাষায় gy=জ)।

# ন

**নজরবন্দি** -ন্দী নয়।
**নজরুল ইসলাম, কাজি** ১৮৯৮-১৯৭৬।
**নজির** -জী- বর্জিত।
**নঞ্** নেতিসূচক অব্যয়, হস্‌চিহ্ন আবশ্যিক। **নঞর্থক** নঞ্+অর্থক।
**নড়নচড়ন** হাইফেন অপ্রয়োজনীয়।
**নড়াচ্ছিল। নড়াত। নড়াল।**
**নড়ানো** -ন নয়।
**নতুন, নোতুন** দ্বিতীয়টি অধিকতর সংগত, প্রথমটি অধিকতর প্রচলিত।
**নথিপত্র** হাইফেন অপ্রয়োজনীয়।
**নথিরক্ষক** record-keeper. হাইফেন অপ্রয়োজনীয়।
**নদ, নদী** সংস্কৃতানুসারী বাক্যে এখনও নদ ও নদীর মধ্যে পার্থক্য রক্ষিত হলেও চলিত বাংলায় নদী শব্দটিই উভয়ের ক্ষেত্রে প্রযুক্ত হয়।
**'নদীপথে'** অতুলচন্দ্র গুপ্তের ভ্রমণকথা (১৩৪৪)।
**ননি, ননী** বানানভেদ, কাজেই প্রথমটি ব্যবহার্য।
**নন্দদুলাল** একটি শব্দ।
**নন্দনকানন** একটি শব্দ, পৃথকভাবে নয়।
**নন্দনতত্ত্ব** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**নন্দলাল বসু** ১৮৮৩-১৯৬৬ প্রখ্যাত চিত্রশিল্পী।
**নবগোপাল মিত্র** ১৮৪০-১৮৯৪ জাতীয়তাবাদী ব্রাহ্ম নেতা, হিন্দুমেলার (১৮৬৭) প্রবর্তক, National Paper-এর প্রতিষ্ঠাতা।
**নবজাগরণ** একটি শব্দ। অনুরূপভাবে **নবজাগৃতি। নবজীবন। নবদম্পতি। নবনাট্য। নববর্ষ। নবমল্লিকা। নবযুবক। নবযুবতী। নবযৌবন।**
**'নবজাতক'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৯৪০)।
**'নবজীবনের গান'** জ্যোতিরিন্দ্র মৈত্রের বিখ্যাত গান।
**নবনী, নবনীত** -নি নয়।
**'নববাবুবিলাস'** উনিশ শতকের প্রথমার্ধের বিখ্যাত ব্যঙ্গরচনা, রচয়িতা ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় (১৮২৩)।
**নববিধান** কেশবচন্দ্র সেন প্রবর্তিত সাধনধর্ম, অন্য নাম—সমন্বয় ধর্ম।
**নবমী দশা** বাগ্‌ধারাবিশেষ। 'নবমীর দশা' নয়।
**'নবান্ন'** বিজন ভট্টাচার্যের নাটক (১৯৪৪)।
**নবাবজাদি** -দী নয়।
**নবাবি** বি· বিণ·। -বী বর্জিত।
**নবি** পয়গম্বর -বী নয়।
**নবিশ** -বী- নয়, -স নয়।
**নবী** দ্র **নবি।**
**নবীকরণ, নবীভবন** -বি- নয়।
**নবীনচন্দ্র সেন** ১৮৪৭-১৯০৯। 'পলাশীর যুদ্ধ', 'রৈবতক', 'কুরুক্ষেত্র' প্রভৃতি কাব্যের রচয়িতা।
**নবোঢ়া** নববিবাহিতা।
**নব্যন্যায়** চতুর্দশ শতকে গঙ্গেশ প্রবর্তিত ন্যায়শাস্ত্র, যার মূল অবলম্বন ছিল গৌতম ও কণাদের ন্যায় ও বৈশেষিক দর্শন।
**নব্যপ্রস্তর** একটি শব্দ। **নব্যপ্রস্তর যুগ।**
**নভশ্চর।** 'নভোচর', 'নভচর' ভুল।
**নভস্তল, নভস্থল** দুইই শুদ্ধ।
**নভেম্বর।** 'নভেমবর' নয়।
**নভোচর** দ্র **নভশ্চর।**
**নমঃশূদ্র** দ্র **নমশূদ্র।**
**নমশূদ্র** তফশিলভুক্ত হিন্দুজাতিবিশেষ। 'নমঃশূদ্র' বর্জিত।
**নমস্কার।**
**নমস্কারি** হিন্দু বিবাহে গুরুজনদের দেয় বস্ত্র। -রী নয় (< নমস্কার+বাং· ই)।
**নমাজ, নামাজ** দুটিই প্রচলিত।
**নমাজি** নিয়মিত নমাজ করে এমন। -জী নয়।
**নমাসে-ছমাসে** হাইফেন বাঞ্ছিত।
**নম্বরি** নম্বরযুক্ত। -রী বর্জিত।
**নয়কো** নয়। -ক নয়।
**নয়তো** -ত নয়।
**নয়া উপনিবেশবাদ** neo-colonialism. সাম্রাজ্যবাদ তথা উপনিবেশবাদের নতুন রূপ, যাতে উপনিবেশগুলি আইনত স্বাধীনতা ভোগ করলেও কার্যত পরাধীন ও নিয়ন্ত্রণাধীন থাকে।
**নরক-গুলজার** গুলজার শব্দটিকে ক্রিয়াপদের সঙ্গে যুক্ত করলে হাইফেন অপ্রয়োজনীয়।

উদা·— নরক-গুলজার চলছে। কিন্তু— সবাই মিলে সেখানে নরক গুলজার করছে।
**নরকযন্ত্রণা** একটি শব্দ।
**নরডিক** দ্র **নর্ডিক**।
**নরদমা** দ্র **নর্দমা**।
**নরনারায়ণ** একটি শব্দ।
**নরম-গরম** হাইফেন বাঞ্ছিত। অনুরূপভাবে **নরমে-গরমে**।
**নরম্যান** Norman. -ম্যা- নয়।
**নরুন** নখ কাটার যন্ত্রবিশেষ। 'নরুণ' বর্জিত।
**নরেন্দ্রনাথ মিত্র** ১৯১৭-১৯৭৫ বিশিষ্ট কথাসাহিত্যিক।
**নরোত্তম দাস** ষোড়শ শতকের বৈষ্ণব কবি।
**নর্ডিক** Nordic. উত্তর ইয়োরোপের মানবগোষ্ঠী। 'নরডিক' নয়।
**নর্থ** north. **নর্থ-ইস্ট**। **নর্থ-ইস্টার্ন**। **নর্থ-ওয়েস্ট**।
**নর্থ, লর্ড** Lord Frederick North 1732-1792. ইংরেজ রাজনীতিবিদ, প্রধানমন্ত্রী।
**নর্দমা**। 'নরমদা' নয়।
**নদার্নি** northern. -র্ণ নয়।
**নর্মদা** দক্ষিণ ভারতের নদী, দৈর্ঘ্যে ১৩০০ কি মি।
**নলখাগড়া** একটি শব্দ।
**নলিন, নলিনী** পদ্মফুল।
**নষ্টচন্দ্র** ভাদ্রমাসের শুক্ল ও কৃষ্ণপক্ষের চতুর্থীর চাঁদ, প্রাচীন সংস্কারমতে যা দেখা নিষিদ্ধ।
**নসরত শাহ্‌** -হ নয়, -হ্‌ নয়।
**নসিব** ভাগ্য। -সী- নয়।
**নস্ত্রাদামুস** Nostradamus 1503-1566 ফরাসি চিকিৎসক ও জ্যোতিষী।
**নহবত** -ৎ নয়। কথ্য **নওবত**।
**নাইটগার্ড** একটি শব্দ।
**নাইটিংগেল** nightingale.
**নাইট্রিক অ্যাসিড** nitric acid. দুটি শব্দ।
**নাইট্রোগ্লিসারিন** nitroglycerine. একটি শব্দ।
**নাইট্রোজেন মনক্সাইড** nitrogen monoxide. দুটি শব্দ। মনো- নয়।
**নাইলন** nylon.
**নাউয়েল উয়াপি** Nauhel Huapi. আরজেন্তিনার হ্রদ। -হেল নয়, হুয়া- নয়।
**নাককাটা** বিণ· হাইফেন অপ্রয়োজনীয়।
**নাককানকাটা** কিংবা **নাককান-কাটা**।
**নাকখত** একটি শব্দ।
**নাক গলানো** ক্রিয়াপদে ও বিশেষ্যে। উদা·— অন্যের ব্যাপারে নাক গলানো ভালো নয়। **নাক-গলানো** বিশেষণে।
**নাকচ্যাপটা** কিংবা **নাক-চ্যাপটা** বিণ·।
**নাকবরাবর** একটি শব্দ।
**নাকানি-চুবানি, নাকানি-চোবানি** হাইফেন বাঞ্ছিত।
**নাকি**[১] নাকে উচ্চারিত, খোনা। -কী নয়। উদা·— নাকিকান্না।
**নাকি**[২], **না কি** কথার মাত্রা বা প্রশ্ন, সন্দেহ ইত্যাদি সূচক অব্যয় হলে **নাকি** লেখ্য, 'না কি' নয়। উদা·— তুমি যাবে না কি ? তুমি নাকি অসুস্থ।
**নাকে-কাঁদুনে** বিণ· উদা·— নাকে-কাঁদুনে ছেলে।
**নাকে-কান্না** হাইফেন বাঞ্ছিত।
**নাকে-খত**। হাইফেন বাঞ্ছিত।
**নাকেমুখে-গোঁজা** বি·। কিন্তু ক্রিয়াপদে **নাকেমুখে গোঁজা**।
**নাকো** অব্য.। -ক নয়, 'না কো' নয়।
**নাক্ষত্র দিন** sidereal day. **নাক্ষত্র বৎসর** sidereal year.
**নাগরদোলা** একটি শব্দ।
**নাগরালি** নাগরের ভাব বা ভঙ্গি; চটুল রসিকতা। -লী নয়।
**নাগরী** লিপিবিশেষ। ব্রাহ্মী লিপি থেকে উদ্ভূত এবং বিবর্তিত ভারতীয় লিপি। **দেবনাগরী** নামেও প্রচলিত।
**নাগাদ** -ত আঞ্চ·। -ৎ নয়।
**'নাগানন্দ'** খ্রিস্টীয় ৭ম শতকে রাজা হর্ষবর্ধন রচিত সংস্কৃত নাটক।
**নাগার্জুন** প্রাচীন ভারতের সংস্কৃত কবি, 'মাধ্যমিকাকারিকা' নামে তত্ত্বমূলক কাব্যের রচয়িতা।
**নাগিনী** সংস্কৃতমতে শুদ্ধ নয়, বাংলামতে নিষ্পন্ন শব্দ হিসাবে গ্রহণীয়।

**নাচউলি** -লী নয়।
**নাচওয়ালি** -লী নয়।
**নাচগান** হাইফেন অপ্রয়োজনীয়।
**নাচুনি** নর্তকী। -নী নয়।
**নাছোড়বান্দা** একটি শব্দ।
**নাটের গুরু** দুটি শব্দ।
**নাট্যশাস্ত্র** ভরত-রচিত নৃত্যগীত বিষয়ে ভারতের প্রাচীনতম গ্রন্থ, রচনাকাল খ্রিস্টপূর্ব দ্বিতীয় শতক থেকে খ্রিস্টীয় প্রথম শতকের মধ্যে বলে অনুমিত।
**নাড়ি, নাড়ী** দুটিই শুদ্ধ, বিকল্প বানান, প্রথমটিই অতএব ব্যবহার্য।
**নাতনি** -নী নয়।
**নাৎসি** nazi. 'নাজি' নয়, -সী নয়। জার্মান শব্দ Nationalsozialist-এর সংক্ষিপ্ত রূপ।
**নাতিশীতোষ্ণ** একটি শব্দ।
**নাথবতী** সধবা, এয়োস্ত্রী।
**নাদুসনুদুস** একটি শব্দ, হাইফেন নয়।
**নানক, গুরু** ১৪৬৯-১৫৩৯। শিখধর্মের প্রবর্তক।
**নানকশাহি** নানকপন্থি। -হী নয়।
**নানাদিক** বিভিন্ন দিক, চতুর্দিক। একটি শব্দ।
**নানা ফড়নবিশ** ১৭৪২-১৮০০। মরাঠি রাজনীতিবিদ। পৃথকভাবে লেখ্য।
**নানারকম** একটি শব্দ।
**নানাসাহেব** ১৮২০-১৮৫৯। প্রকৃত নাম ধোন্দু পন্থ।
**নানি** মাতামহী। -নী নয়।
**নান্দীকর। নান্দীকার। নান্দীপাঠ। নান্দীমুখ**। -ন্দি- নয়।
**নাপাম বোমা** দ্র **নেপাম বোমা**।
**নাপিয়ের, সার চার্লস** দ্র **নেপিয়ের**।
**নাপ্পি** ব্রহ্মদেশের খাবারবিশেষ। ঙা- নয়, ঞা- নয়।
**না-বলা** বিণ· বলা হয়নি এমন। হাইফেন আবশ্যিক। উদা·— 'আমার না-বলা বাণীর ঘন যামিনীর মাঝে' : রবীন্দ্র। বি· অকথন। উদা·— বলা আর না-বলা দুইই সমান।
**নামজারি** বি· নাম-ঘোষণা। একটি শব্দ।
**নামঞ্জুর** অগ্রাহ্য, বাতিল। 'না-মঞ্জুর' নয়।
**নাম ভূমিকা** দুটি শব্দ, অসংলগ্ন সমাস, কিংবা **নামভূমিকা**।
**নাম-সংকীর্তন** কিংবা **নামসংকীর্তন**। কিন্তু পৃথক শব্দ হিসাবে নয়।
**নামাজ** দ্র **নমাজ**।
**নামাবলি** -লী নয়।
**নামি** বিখ্যাত, সুনামযুক্ত। -মী নয়। < নাম+বাং· ই।
**নাম্নী** -ম্নি নয়।
**নায়েবি** বি· বিণ· -বী বর্জিত।
**নারকেল**। **নারিকেল**-এর প্রচলিত ও কথ্য রূপ। **নারকোল** আঞ্চ· কিন্তু **নারকোলি কুল** প্রচলিত রূপ।
**নারায়ণ গঙ্গোপাধ্যায়** ১৯১৮-১৯৭০। বিশিষ্ট কথাসাহিত্যিক।
**নার্ভ** nerve. **নার্ভতন্ত্র** nervous system (পরি·)।
**নার্স** nurse. 'নারস' নয়।
**নার্সিং হোম** nursing home.
**নার্সিসাস** narcissus. -রসি- নয়।
**নালন্দ**। প্রচলিত নাম **নালন্দা**।
**নাশপাতি** ন্যাস- নয়, ন্যাশ- নয়।
**নাসা** NASA National Aeronautics and Space Administration. মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানচালনা ও মহাকাশ প্রশাসন।
**-নি** পুরাঘটিত বর্তমান ক্রিয়ার নঞর্থক রূপে ক্রিয়াপদের সঙ্গে জুড়ে লিখতে হবে— যায়নি, খায়নি, পাইনি।
**নিউ ইয়ার** New Year. ন্যু- নয়।
**নিউক্লিয়ার** nuclear.
**নিউক্লিয়াস** nucleus.
**নিউজপ্রিন্ট** newsprint. যে কাগজে সংবাদপত্র ছাপানো হয়।
**নিউটন, সার আইজাক** Sir Isaac Newton 1642-1727. ইংরেজ পদার্থবিজ্ঞানী।
**নিউট্রন** neutron. পরমাণুতে অক্রিয় বিদ্যুৎকণা।
**নিউমোনিয়া** pneumonia. ফুসফুসের প্রদাহজনিত রোগবিশেষ।
**নিউরোলজি** neurology. নার্ভরোগবিদ্যা (পরি·)।

**নিউরোসিস** neurosis. স্নায়বিক রোগ, উদ্বায়ু (পরি·)।
**নিউর্যালজিয়া** neuralgia. বাতশূল (পরি·)।
**নিউর্যাসথিনিয়া** neurasthenia স্নায়বিক দুর্বলতা। -রা- নয়, -থে- নয়।
**নিওন** দ্র **নিয়ন**।
**নিঃশঙ্ক** -শংক নয়।
**নিঃশব্দচরণে** একটি শব্দ।
**নিঃস্পৃহ, নিস্পৃহ** দুইই শুদ্ধ, বর্তমানে দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**নিকুম্ভিলা** (রামায়ণে) লঙ্কাপুরীর গুহাবিশেষ, যেখানে ইন্দ্রজিৎ যজ্ঞ করতেন।
**নিক্কণ** নূপুর বা তন্ত্রবাদ্যের ঝঙ্কার। -ক্ক- নয়।
**নিখাকি** স্ত্রীলোকের উদ্দেশে গালবিশেষ। -কী নয়।
**নিখিলজগৎ** একটি শব্দ। অনুরূপভাবে, **নিখিলবিশ্ব, নিখিলভুবন**।
**নিগম** corporation. **জীবনবিমা নিগম, ভারতীয় পাট নিগম**।
**নিগ্রয়ড** negroid. নে- নয়, -য়ে- নয়।
**নিচ, নীচ** (আ·বা·প·) নিম্ন অর্থে নি- ভুল হলেও প্রতিষ্ঠিত।
**নিচু** নী- নয়।
**নিচোল** গায়ের চাদর।
**নিচ্ছিদ্র** বাংলামতে গঠিত শব্দ। < নি+ছিদ্র। তু· সং· নিশ্ছিদ্র < নিঃ+ছিদ্র।
**নিজগুণ, নিজদোষ, নিজভূমি, নিজমূর্তি**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য। কিন্তু **নিজ পরিচয়** কিংবা **নিজপরিচয়**।
**নিজে-নিজে** হাইফেন বাঞ্ছিত।
**নিত্যকর্ম** একটি শব্দ।
**নিত্যকর্ম পদ্ধতি** দুটি শব্দ, অসংলগ্ন সমাস।
**নিত্যনৈমিত্তিক** একটি শব্দ।
**নিত্যপ্রয়োজনীয়** একটি শব্দ।
**নিত্যব্যবহার্য** একটি শব্দ।
**নিত্যযাত্রী** daily passenger বা commuter এর নতুন বাংলা প্রতিশব্দ।
**নিদর্শনস্বরূপ** একটি শব্দ।
**নিধুবাবু** ১৭৪১-১৮৩৯। প্রকৃত নাম রামনিধি গুপ্ত। বাংলা টপ্পাগানের পথিকৃৎবিশেষ।
**নিপতিত, নিপাতিত** প্রথমটির অর্থ নিম্নে পতিত, নিজেই পতিত, দ্বিতীয়টির অর্থ (অন্যের দ্বারা) নিম্নে নিক্ষিপ্ত, অধঃক্ষিপ্ত।
**নিপাতন** (ব্যাক.) নিয়মের ব্যতিক্রম। **নিপাতনে সিদ্ধ** নিয়মের ব্যতিক্রম হিসাবে স্বীকৃত।
**নিবন্ধিত** রচিত ; গ্রন্থভুক্ত ; গ্রথিত।
**নিবন্ধীকরণ, নিবন্ধীকৃত**।
**নিবাত** বিণ· বায়ুহীন।
**নিবানো** নিভিয়ে দেওয়া। -ন নয়।
**নিবারণীয়**।
**নিবুনিবু** নিভন্ত, নিভে এসেছে এমন। -ভু- নয়।
**নিবৃত্ত** বিরত, ক্ষান্ত। -ত নয়।
**নিবেদিতা, ভগিনী** দ্র **ভগিনী নিবেদিতা**।
**নিমগাছ** একটি শব্দ।
**নিমরাজি** একটি শব্দ। -জী নয়।
**নিমীলিত** -মিলী- নয়।
**নিম্নবিত্ত** একটি শব্দ। **নিম্নমধ্যবিত্ত** একটি শব্দ।
**নিয়ন** neon. 'নিওন' নয়।
**নিয়মকানুন** একটি শব্দ। অনুরূপভাবে, **নিয়মনীতি, নিয়মপালন, নিয়মবহির্ভূত, নিয়মবিরুদ্ধ, নিয়মভঙ্গ, নিয়মমাফিক**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**নিয়মানুবর্তী** বিণ· নিয়মনিষ্ঠ। বি· **-বর্তিতা**।
**নিয়মাবলি** -লী নয়।
**নিয়ান্ডারথাল** কিংবা **নিয়ানডারথাল** Neanderthal. পুরাপ্রস্তর যুগের মানুষের নাম, জার্মানির ওই নামের স্থানে উক্ত মানুষের কঙ্কাল আবিষ্কৃত হওয়ার জন্য এই নাম।
**নিয়োকলোনিয়ালিজম** neo-colonialism. দ্র **নয়া উপনিবেশবাদ**।
**নিয়োক্ল্যাসিসিজম** neo-classicism. মূলত অষ্টাদশ শতকের ইয়োরোপে সাহিত্য চিত্রকলা স্থাপত্য ও ভাস্কর্যে প্রাচীন গ্রিক ও লাতিন ঐতিহ্যের পুনরভ্যুদয়-সংক্রান্ত মতবাদ।
**নিয়োরিয়ালিজম** neo-realism. ১৯৪৩ সালে উমবের্তো বারবারো (Umberto Barbaro) কর্তৃক প্রথম ব্যবহৃত শব্দ। শব্দটি মূলত ফরাসি সিনেমার শিল্পমণ্ডিত বাস্তবতাকে

বোঝাতে প্রয়োগ করা হয়েছিল। পরে ইতালীয় সিনেমায় নিয়োরিয়ালিজম আন্দোলন সূচিত হয় রস্‌সেল্লিনি, দে সিকা, ভিস্‌কন্তি প্রভৃতির চলচ্চিত্রে।

**নিয়োলিথিক** neolithic. বিণ· নব্যপ্রস্তর যুগ-সংক্রান্ত।

**নিরক্ষরতা দূরীকরণ** দুটি শব্দ।

**নিরক্ষরেখা, নিরক্ষবৃত্ত** equator (পরি·)। **বিষুবরেখা, বিষুববৃত্ত** বিকল্প শব্দ।

**নিরঙ্করি, নিরংকরি** শিখগোষ্ঠীবিশেষ যারা মনে করে যে ঈশ্বর নিরাকার।

**নিরঙ্কুশ** -ংকু- নয়।

**নিরপরাধ** বিণ· অপরাধহীন, নির্দোষ। -ধী নয়। স্ত্রীলিঙ্গে **নিরপরাধা**।

**নিরবকাশ** অবকাশহীন। -রা- নয়।

**নিরবচ্ছিন্ন** ছেদহীন, বিরামহীন। সংস্কৃতমতে **নিরবচ্ছেদ** শুদ্ধ হলেও **নিরবচ্ছিন্ন** বাংলা শব্দ হিসাবে গ্রহণীয়।

**নিরবয়ব** অবয়বহীন, নিরাকার। -রা- নয়।

**নিরর্থক, নিরর্থ** সমার্থক শব্দ বিণ· অর্থহীন। দ্বিতীয়টি অপ্র·।

**নিরলস** বিণ· আলস্যহীন। সংস্কৃতমতে **নিরালস্য** শুদ্ধ হলেও বাংলায় **নিরলস** গ্রহণীয়। 'নিরালস' নয়।

**নিরস্ত** নিবৃত্ত, ক্ষান্ত। নী- নয়, -স্থ নয়।

**নিরস্ত্র** অস্ত্রহীন। **নিরস্ত্রীকরণ** অস্ত্রহীন করা, disarmament. **নিরস্ত্রীকরণ সমস্যা** দুটি শব্দ। **নিরস্ত্রীকরণ সম্মেলন** দুটি শব্দ।

**নিরহংকার** বিণ· অহংকার নেই এমন। -কারী নয়, -ঙ্কা- নয়।

**নিরাকরণ** দূর করা, ভঞ্জন, নিরসন। উদা·— সংশয় নিরাকরণ। বিণ· **নিরাকৃত**।

**নিরাকাঙ্ক্ষ** বিণ· আকাঙ্ক্ষাহীন।

**নিরাকাঙ্ক্ষা** বি· আকাঙ্ক্ষাহীনতা, নিস্পৃহতা। সংস্কৃত ব্যাকরণমতে শব্দটি অসাধু, তবে বাংলায় গ্রহণীয়।

**নিরাপত্তা পরিষদ** দুটি পৃথক শব্দ হিসাবে লেখ্য, হাইফেন নয়।

**নিরাপদ, নিরাপদ্‌, নিরাপৎ** প্রথমটি গ্রহণীয়, দ্বিতীয় ও তৃতীয় বানান আছে কেবল সন্ধি-সমাসে—**নিরাপৎসু, নিরাপত্তা**।

**নিরামিষাশী**।

**নিরালা** দ্র **সূর্যকান্ত ত্রিপাঠী**।

**নিরাশা** বাংলামতে নিষ্পন্ন এবং গ্রহণীয়। উদা·— আশা-নিরাশার দোলা। সংস্কৃতমতে শুদ্ধ **নিরাশ** আধুনিক বাংলায় কেবল বিণ· হিসাবে আশাহীন অর্থে প্রচলিত, বিশেষ্যে অপ্র·।

**নিরাসক্ত** আসক্তিহীন। সংস্কৃতমতে অশুদ্ধ হলেও বাংলায় বহুলব্যবহৃত এবং গ্রহণীয়। সংস্কৃতমতে **নিরাসক্তি** শুদ্ধ।

**নিরাহার** বিণ· অনাহারী ; বি· উপবাস।

**নিরিন্দ্রিয়** ইন্দ্রিয়হীন। ি-ি লক্ষণীয়।

**নিরীক্ষমাণ** নিরীক্ষণ করছে এমন। **নিরীক্ষ্যমাণ** যাকে অন্য কেউ নিরীক্ষণ করছে এমন, নিরীক্ষিত হচ্ছে এমন।

**নিরীশ্বর**।

**নিরীহ** ি-ী লক্ষণীয়। বি· **নিরীহতা**।

**'নিরুক্ত'**[১] বেদের দুরূহ শব্দাবলির ব্যুৎপত্তি ও অর্থসংবলিত যাস্ক-প্রণীত অভিধানবিশেষ।

**নিরুক্ত**[২] বিশেষভাবে কথিত বা বর্ণিত বা নির্ণীত।

**নিরুৎসুক** বিণ· উৎসাহহীন, নিরুদ্যম, হতাশ ; অত্যন্ত উৎসুক। দুই অর্থেই ব্যবহার্য।

**নিরুদ্দিষ্ট** সংস্কৃতমতে অশুদ্ধ হলেও বাংলায় প্রচলিত। বিণ· সন্ধানহীন।

**নিরুদ্দেশ** বিণ· সন্ধানহীন। উদা·— নিরুদ্দেশ হওয়া।

**নিরুদ্বিগ্ন, নিরুদ্বেগ** উদ্বেগহীন। সংস্কৃতমতে দ্বিতীয়টিই শুদ্ধ, প্রথমটি নয়। বাংলায় দুটিই সমান প্রচলিত।

**নিরূপণ**। বিণ· **নিরূপিত**।

**নির্ঘাত** -ৎ নয়।

**নির্ঘৃণ** বিণ· ঘৃণাহীন ; দয়াহীন, নিষ্ঠুর। -ণা নয়।

**নির্জন বন** দুটি শব্দ।

**নির্জনবাস** একটি শব্দ।

**নির্জল উপবাস** দুটি শব্দ। কিংবা **নির্জলা উপবাস**।

**নির্জলা**[১] বিণ· জলহীন, নিরম্বু। উদা·— নির্জলা উপবাস।

**নির্জলা**[২] বিণ· ডাহা। উদা·— নির্জলা মিথ্যা।
**নির্ঝরিণী** -নী নয়।
**নির্ণয়** বি·। বিণ· **নির্ণীত**।
**নির্দোষ**। 'নির্দোষী' নয়।
**নির্দ্বিধ** বিণ· দ্বিধাহীন।
**নির্দ্বিধা** বি· দ্বিধাহীনতা। বাংলামতে গঠিত। উদা·— নির্দ্বিধায় বলে ফেলো।
**নির্বর্তক** বিণ· ক্রিয়া সম্পাদন। বি· **নির্বর্তন**। বিণ· **নির্বর্তিত**।
**নির্বর্ষ** বর্ষাহীন, বৃষ্টিহীন। বৎসরহীন অর্থে প্রয়োগ ভুল।
**নির্বাক** -ক্ বর্জিত।
**নির্বাণ** বি· বৌদ্ধমতে মুক্তি; নির্বাপণ, নিভে যাওয়া। বিণ· নির্বাপিত; অস্তমিত। **নির্বাণোন্মুখ** বিণ· প্রায় নিভে যাচ্ছে এমন। উদা·— নির্বাণোন্মুখ প্রদীপ।
**নির্বাহি** বিণ· নির্বাহ করে বা সম্পাদন করে এমন। উদা·— নির্বাহি সম্পাদক, নির্বাহি আধিকারিক। এই অর্থে নির্বাহ+বাং· ই এইভাবে নিষ্পন্ন। **নির্বাহী** (+ইন্) বিশেষণে অর্থ নিঃস্রাবী, নিঃসরণকারী, অতএব **কার্যনির্বাহি, নির্বাহি** প্রভৃতি শব্দে -হী নয়।
**নির্বিণ্ণ** দুঃখিত; নিরাশ। -ন্ন নয়।
**নির্বিবাদ, নির্বিবাদী** সংস্কৃতমতে প্রথমটি শুদ্ধ, বাংলায় দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।
**নির্বীজীকরণ** বীজহীন করা। কিন্তু **নির্বীজিত**। উদা·— 'হাসপাতালের নির্বীজিত কামরা' বু·ব·।
**নির্ভর, নির্ভরতা** প্রথমটি বিশেষ্য ও বিশেষণ দুই অর্থেই প্রচলিত। দ্বিতীয়টি ব্যাকরণগতভাবে অশুদ্ধ হলেও নির্ভরশীলতা dependence অর্থে বহুলব্যবহৃত।
**নির্ভাবনা** সংস্কৃত ব্যাকরণের নিয়মে অশুদ্ধ হলেও বিশেষ্যে ভাবনাহীনতা অর্থে বাংলায় ব্যবহার আছে। উদা·— 'নির্ভাবনায় ঝাঁপ দিয়ে পড় অজানিতের পথে' : রবীন্দ্র।
**নির্মলীকরণ** নির্মল করা। বিণ· **নির্মলীকৃত**।
**নির্মাণপদ্ধতি** একটি শব্দ।
**নির্মাণশৈলী** একটি শব্দ।
**নির্মিতি** নির্মাণ, রচনা, composition.
**নির্মীয়মান** -মাণ নয়।
**নির্মূলীকরণ** নির্মূল বা উচ্ছেদ করা। বিণ· **নির্মূলীকৃত**।
**নির্লিপ্ত** বিণ· অনাসক্ত, উদাসীন। বি· **নির্লিপ্ততা, নির্লিপ্তি**।
**নির্লোভ** বিণ· লোভশূন্য। উদা·— নির্লোভ ব্যক্তি। **নির্লোভী** অশুদ্ধ এবং বর্জনীয়।
**নিশপিশ** নিস- নয়, -পিস নয়।
**নিশ্চিতি** বি· নিশ্চয়তা।
**নিশ্চুপ** চুপ, নীরব। বাংলামতে গঠিত শব্দ।
**নিষণ্ণ** -ন্ন নয়। রয়েছে বা পড়ে আছে এমন।
**নিষ্কাশন** বি· বার করা; নিঃসারণ। -ষণ নয়। বিণ· **নিষ্কাশিত**।
**নিষ্কোষণ** কোষ বা খাপ থেকে বার করা। -শন নয়। বিণ· **নিষ্কোষিত** -শিত নয়।
**নিষ্ঠীবন** থুতু। -ষ্ঠি- নয়।
**নিষ্ঠ্যূত** মুখ থেকে বার করা হয়েছে এমন, নিঃসারিত।
**নিষ্পেষণ** -শ- নয়, -ন নয়।
**নিষ্প্রদীপ, অপ্রদীপ** প্রথমটি বিশেষণ, অর্থ— নিরালোক, প্রদীপহীন। উদা·— নিষ্প্রদীপ রাত্রি। দ্বিতীয়টি বিশেষ্য, আলোকহীনতা, blackout.
**নিস্তারিণী**।
**নিস্পন্দ, নিঃস্পন্দ** বানানভেদ, প্রথমটি গ্রহণীয়।
**নিস্পৃহ, নিঃস্পৃহ** বানানভেদ, প্রথমটি গ্রহণীয়।
**নীচ** বিণ· নিকৃষ্ট, হীন; নিম্ন। প্রথম অর্থে 'নিচ' ভুল।
**নীবি, নীবী** দুই বানানই শুদ্ধ, প্রথমটি অধিকতর প্রচলিত।
**নীরক্ত** রক্তহীন; ফ্যাকাশে। নি- নয়।
**নীরন্ধ্র** ছিদ্রহীন। নি- ভুল।
**নীরোগ** বিণ· রোগহীন। 'নীরোগী' ভুল।
**নীলকর** নীলচাষকারী ইংরেজ বণিক।
**নীলবিদ্রোহ** একটি শব্দ।
**নীলরতন সরকার, সার** ১৮৬১-১৯৪৩ প্রখ্যাত চিকিৎসক।
**নীলাম্বরি** বি· নীলরঙের শাড়ি। বিণ· নীলরঙের। উদা·— নীলাম্বরি শাড়ি। -রী নয়। < নীল+অম্বর+ই।

**নীলোৎপল** নীলপদ্ম।
**নীহার** নি- নয়।
**নুভেল ভাগ** ফরাসি ভাষায় (nouvelle vague) অর্থ নতুন ঢেউ, new wave. দ্বিতীয় মহাযুদ্ধের পরে ফ্রান্সের নতুন রীতির চলচ্চিত্র সম্পর্কে প্রযুক্ত।
**নুরিসিয়ে, ফ্রাঁসোয়া** François Nourissier জন্ম 1927. ফরাসি ঔপন্যাসিক।
**নেই-আঁকড়া** বিণ· একগুঁয়ে। হাইফেন আবশ্যিক।
**নেংটা** দ্র **ন্যাংটা**।
**নেংটি** -টী নয়।
**নেকড়া, ন্যাকড়া** দ্বিতীয়টি সংগততর।
**নেকড়ে বাঘ** দুটি পৃথক শব্দ।
**নেকনজর** একটি শব্দ।
**নেকা** দ্র **ন্যাকা**
**নেকি— ন্যাকা**-র স্ত্রীলিঙ্গে, -কী নয়।
**নেটা** দ্র **ন্যাটা**।
**নেড়া** দ্র **ন্যাড়া**।
**নেড়ি—ন্যাড়া**-র স্ত্রীলিঙ্গে। -ড়ী নয়।
**নেতা** দ্র **ন্যাতা**।
**নেপথ্য** বি· ও বিণ· উদা·— বি· নেপথ্যের বাণী। বিণ· নেপথ্য সংলাপ।
**নেপাম বোমা** napalm bomb. 'নাপাম' নয়।
**নেপালি** -লী নয়।
**নেপিয়ের, চার্লস, সার** Sir Charles Napier 1782-1853. ব্রিটিশ সেনাধ্যক্ষ। 'নাপিয়ের' নয়।
**নেফ্রাইটিস** nephritis মূত্রগ্রন্থির প্রদাহজনিত রোগ।
**নেবুলা, নেবিউলা** nebula. নীহারিকা (পরি·)।
**নেরুদা, পাবলো** Pablo Neruda 1904-1973. চিলির কবি।
**নেভিগেশন** দ্র **ন্যাভিগেশন**।
**নেহরু, জওহরলাল** ১৮৮৯-১৯৬৪। 'নেহেরু' নয়।
**নেহরু, মোতিলাল** ১৮৬১-১৯৩১। 'নেহেরু' নয়। 'মতিলাল' নয়।
**নেহাত** অব্য· নিতান্ত। -ৎ নয়।
**নৈঃশব্দ্য** বি· নীরবতা। -ব্দ নয়।
**নৈতিকচরিত্র** একটি শব্দ। কিন্তু **নৈতিক মূল্যবোধ** দুটি শব্দ।
**'নৈবেদ্য'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৩০৮)।
**নৈমিষারণ্য** পুরাণোক্ত তপোবনবিশেষ। -ষ্যা- নয়।
**নৈর্ঋত** দক্ষিণ-পশ্চিম কোণ। **নৈর্ঋতকোণ** একটি শব্দ।
**নৈর্ব্যক্তিক** ব্যক্তি-সম্পর্কিত নয় এমন। -র্ব- নয়।
**নৈশ অভিযান** দুটি শব্দ।
**নৈশপ্রহরী** একটি শব্দ।
**নৈশভোজ** একটি শব্দ।
**নৈষ্কর্ম্য** বি· নিষ্ক্রিয়তা ; কর্ম থেকে মুক্তি। -র্ম নয়।
**নোঙর, নোঙ্গর** বর্তমানে প্রথমটি অধিকতর প্রচলিত। ন- বর্ত· অপ্র·।
**নোটিস** notice. -শ নয়।
**নোতুন—নতুন**-এর সংগততর বানানভেদ।
**নোনতা** -স্তা নয়।
**নোবেল, অ্যালফ্রেড** Alfred Nobel 1833-1896. সুইডিশ উদ্‌ভাবক, নোবেল পুরস্কারের প্রবর্তক।
**নৌকাজীবী** -বি নয়। **নৌকাজীবিতা**।
**'নৌকাডুবি'** রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস (১৯০৬)।
**নৌকাবিহার** একটি শব্দ। অনুরূপভাবে, নৌকাযাত্রা।
**নৌবাণিজ্য** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**নৌবাহিনী** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**ন্যক্কার** বমি। **ন্যক্কারজনক** ঘৃণ্য। একটি শব্দ।
**ন্যস্ত** ন্যা- নয়।
**ন্যাওটা—নেওটা**-র সংগততর বানান।
**ন্যাংটা** নেং-নয়।
**ন্যাকড়া** নে- নয়।
**ন্যাকা, ন্যাকামি** নে- নয়।
**ন্যাটা** নে- নয়।
**ন্যাড়া** নে- নয়।
**ন্যাতা** নে- নয়।
**ন্যাতপেতে** নে- নয়। কিন্তু **ন্যাতপ্যাত**।
**ন্যাপকিন** napkin.

# ন ◆ প

**ন্যাভিগেশন** navigation. নে- নয়।
**ন্যায়ত, ন্যায্যত** সমার্থক শব্দ হিসাবে ব্যবহৃত।
**ন্যায়সংগত** -ঙ্গ- নয়। **ন্যায়সম্মত** সমার্থক শব্দ।
**ন্যায়াধীশ** প্রধান বিচারপতি।
**ন্যালন্যাল**। কিন্তু **ন্যালনেলে**।
**ন্যাস** বি· গচ্ছিত রাখা ; গচ্ছিত বস্তু। বিণ· **ন্যস্ত** ন্যা- নয়।
**ন্যুব্জ** নু- নয়।
**ন্যূন** বিণ· কম, ঊন। বি· **ন্যূনতা**।

◆

**পইতা** পৈ- প্রচলিত কিন্তু সংগত নয়।
**পই-পই** বারবার ; ক্রমাগত। হাইফেন বাঞ্ছিত।
**পওয়ার** মরাঠি পদবিবিশেষ। রোমান হরফে Pawar. 'পাওয়ার' নয়।
**পঁইত্রিশ** দ্র **পঁয়ত্রিশ**।
**পঁচাশি** -শী বর্জিত।
**পঁজ, ফ্রাঁসিস** Francis Ponge জন্ম 1899. ফরাসি কবি।
**পঁয়ত্রিশ, পঁইত্রিশ** দ্বিতীয়টি নিতান্তই কথ্য, আঞ্চ· এবং লেখ্য ভাষায় বর্জনীয়।
**পঁয়ষট্টি**। 'পঁইষট্টি' নয়।
**পক্ব** -ক্ক নয়।
**পক্ষচ্ছেদ, পক্ষচ্ছেদন** সমাসবদ্ধ শব্দে -চ্ছে- আবশ্যিক, -ছে- নয়। কিন্তু **পক্ষ ছেদন করা**।
**পক্ষপাতিত্ব, পক্ষপাতিতা** সমার্থক শব্দ।
**পক্ষসঞ্চালন** একটি শব্দ।
**পক্ষসমর্থন** বিশেষ্য হিসাবে একটি শব্দ। কিন্তু **আত্মপক্ষ সমর্থন করা**।
**পক্ষিরাজ, পক্ষীরাজ** সংস্কৃত নিয়মে দ্বিতীয়টি অশুদ্ধ হলেও বাংলায় বহুলব্যবহৃত এবং গ্রহণীয়।
**পক্ষিশালা, পক্ষীশালা** দ্বিতীয়টি সংস্কৃত নিয়মে অশুদ্ধ হলেও বাংলায় গ্রহণীয়।
**পক্স** pox. 'পকস' নয়।
**পগার, পগারপার** -ড় নয়।
**পগারপার হওয়া** কিংবা **পগার পার হওয়া**।
**পঙ্‌ক্তি**। 'পঙ্‌ক্তি' নয়, 'পংক্তি' নয়।
**পঙ্‌ক্তিভোজন** একটি শব্দ।
**পক্ষি** পাখি। -ক্ষী নয়। উদা·— ময়ূরপক্ষি নাও।
**পছন্দমাফিক** একটি শব্দ।
**পজ্‌ঝটিকা** ষোলো মাত্রার সংস্কৃত ছন্দ। হস্-চিহ্ন অপরিহার্য।
**পজিটিভ** positive.
**'পঞ্চতন্ত্র'** বিষ্ণুশর্মা-রচিত পাঁচভাগে বিভক্ত প্রাচীন সংস্কৃত নীতিমূলক আখ্যানগ্রন্থ।
**পঞ্চবার্ষিক** সংস্কৃতমতে অশুদ্ধ হলেও শুদ্ধ **পাঞ্চবর্ষিক**-এর চেয়ে অধিকতর প্রচলিত ও গ্রহণীয়।
**পঞ্চবার্ষিক পরিকল্পনা** দুটি শব্দ। 'পঞ্চবার্ষিকী' নয়।
**পঞ্চমুখি** বিণ· -খী নয়। পঞ্চমুখ+বাং ই। উদা·— পঞ্চমুখি জবা। তু· মুখোমুখি।
**পঞ্চশীল** বৌদ্ধধর্মের পাঁচ নীতি ; ১৯৫৫ সালে বানদুং সম্মেলনে আন্তর্জাতিক শান্তি ও সহাবস্থানের ভিত্তি হিসাবে ঘোষিত নীতি।
**পঞ্চায়েত**। 'পঞ্চায়ত' অপ্র·।
**পঞ্চায়েতি** বিণ· বি·। -তী নয়। উদা·— পঞ্চায়েতি রাজ ; পঞ্চায়েতি বিধান।
**পঞ্চাল** প্রাচীন ভারতের রাজ্যবিশেষ। পা- নয়।
**পঞ্জাব** (আ·বা·প·) ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলের রাজ্যবিশেষ। **পঞ্জাবি** বি· পঞ্জাবের ভাষা বা অধিবাসী ; বিণ· পঞ্জাব-সম্বন্ধীয়। -বী নয়। দ্র **পাঞ্জাব**।
**পঞ্জি, পঞ্জী** বানানভেদ, অতএব প্রথমটি গ্রহণীয়।
**পটনা** বিহারের রাজধানী শহর। কিংবা **পাটনা**।
**পটমঞ্জরি** -রী নয়।
**পটাশ** potash. উচ্চশক্তিবিশিষ্ট রাসায়নিক

# প

ক্ষার। -স নয়।

**পটাসিয়াম** potassium. -শি- নয়।

**পটীয়সী** বিণ· স্ত্রী· পটু। -টি- নয়।

**পটেল** গুজরাতি পদবিবিশেষ, Patel. প্যা- নয়।

**পটোল** সবজিফলবিশেষ·। 'পটল' অসংগত কিন্তু বহুলপ্রচলিত।

**পঠন-পাঠন** হাইফেন আবশ্যিক।

**পড়তা** সৌভাগ্য, ভাগ্য ; বনিবনা ; মোট খরচ। 'পরতা' নয়। উদা·— পড়তা হবে না, পড়তা পোষাবে না।

**পড়পড়** দ্র **পড়োপড়ো**।

**পড়শি** প্রতিবেশী। -শী নয়। **পড়োশি** রূপভেদ।

**পড়াশুনা, পড়াশোনা, পড়াশুনো** প্রথম ও দ্বিতীয়টি সর্বক্ষেত্রে ব্যবহার্য। তৃতীয়টি কথ্য।

**পড়ো** দ্র **পোড়ো**।

**পড়োপড়ো** বিণ· পতনোন্মুখ। 'পড়পড়' নয়।

**পণ্ডিতম্মন্য** -মন্য নয়।

**পণ্ডিতি** বিণ· পাণ্ডিত্যপূর্ণ ; উদা·— পণ্ডিতি ভাষা। বি· পাণ্ডিত্য ; উদা·— পণ্ডিতি জাহির করা। -তী নয়। < পণ্ডিত+বাং· ই।

**পণ্যজীবী** -বি নয়। বিশেষ্যে **পণ্যজীবিতা**।

**পতঞ্জলি** খ্রিস্টীয় প্রথম শতাব্দের সংস্কৃত টীকাকার, পাণিনির ব্যাকরণের ব্যাখ্যাগ্রন্থ 'মহাভাষ্য'-এর রচয়িতা। -লী নয়।

**পতপত** পতাকা ঘুড়ি ইত্যাদি বাতাসে ওড়ার শব্দ। -ত্- নয়, -ৎ- নয়।

**পতাকী** পতাকাধারী, পতাকাবহনকারী। -কি নয়। স্ত্রীলিঙ্গে **পতাকিনী**।

**পত্তনি, পত্তনিদার** -নী নয়।

**পত্রমঞ্জরি, পত্রমঞ্জরী** বানানভেদ, প্রথমটি গ্রহণীয়।

**পত্রাবলি, পত্রাবলী** দুইই শুদ্ধ, তবে প্রথমটিই গ্রহণীয়।

**পত্রালি, পত্রালী** প্রথমটি গ্রহণীয়।

**পত্রোত্তর** পত্র+উত্তর। -ত্র- নয়।

**পথচলতি** -ল্- অপ্রয়োজনীয়।

**পথপ্রদর্শক** একটি শব্দ।

**পথিকৃৎ** -ত নয়।

**পথিমধ্যে, পথমধ্যে** প্রথমটি সংস্কৃত নিয়মে গঠিত, দ্বিতীয়টি বাংলামতে। দ্বিতীয় শব্দটিকে অশুদ্ধ বলে বর্জন করা যায় না।

**'পথের দাবী'** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৯২৬)।

**পদছায়া, পদচ্ছায়া** প্রথমটি কেবল কাব্যে ব্যবহার্য, দ্বিতীয়টি সবক্ষেত্রে।

**পদত্যাগপত্র** একটি শব্দ।

**পদবি** -বী পুরনো এবং বর্জনীয়।

**পদমর্যাদা, পদসঞ্চার, পদসঞ্চালন**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।

**পদাবলি** প্রেমমূলক বৈষ্ণব কবিতাবলি। -লী নয়।

**পদারবিন্দ** চরণপদ্ম।

**পদার্থবিজ্ঞান, পদার্থবিদ্যা** physics.

**পদে-পদে** হাইফেন বাঞ্ছিত।

**পদ্মপাণি**।

**পদ্মযোনি**।

**পনজি** গোয়ার শহর ও বন্দর Panaji. 'পানাজি' নয়।

**পনির** ছানার তৈরি খাবারবিশেষ। -নী- নয়।

**'পদ্মানদীর মাঝি'** মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৩৬)।

**পনেরো**। 'পনের' নয়, 'পনর' নয়, 'পনরো' নয়।

**পন্থি** বিণ· মত বা পথ অবলম্বনকারী। -স্থী নয়। উদা·— রবীন্দ্রপন্থি, মাইকেলপন্থি, উগ্রপন্থি। < পন্থা (< সং· পন্থাঃ)+বাং· ই।

**পবননন্দন** একটি শব্দ।

**পবিত্রিত**। কিন্তু **পবিত্রীকৃত**।

**পয়দল,পায়দল** পায়ে হাঁটা। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**পয়ন্ট, পয়েন্ট** বাংলা শব্দ হিসাবে দ্বিতীয়টি লেখ্য, প্রতিবর্ণীকরণে প্রথমটি।

**পরওয়ানা** দ্র **পরোয়ানা**।

**পরকীয়া** -কি- নয়। <সং· পরক+ঈয়+আ।

**পরগনা** -ণা বর্জিত।

**পরজীবী** parasite. -বি নয়। বিশেষ্যে **পরজীবিতা**।

**পরদা, পর্দা** দ্বিতীয়টি প্রচলিত, কিন্তু প্রথমটি সংগত।

**পরদেশি** বিদেশি। -শী নয়।
**পরভৃৎ** পরকে পালনকারী অর্থাৎ কাক ; **পরভৃত** পরের দ্বারা পালিত অর্থাৎ কোকিল। এই পার্থক্য স্মরণীয়।
**পরমপিতা, পরমপুরুষ, পরমব্রহ্ম।** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**পরমমান** একটি বাস্তব সংখ্যার চিহ্নবর্জিত মান, absolute value. একটি শব্দ।
**পরমহংস** একটি শব্দ।
**পরমাণু** atom. বিণ· **পারমাণবিক,** atomic. তু· **অণু,** molecule. বিণ· **আণবিক,** molecular.
**পরমাণু বোমা** দুটি শব্দ।
**পরমাণু শক্তি** দুটি শব্দ।
**পরমার** প্রাচীন ভারতীয় শাসক বংশবিশেষ। 'পারমার' নয়। রোমান হরফে Paramar.
**পরমুখাপেক্ষী** বিণ· অন্যের উপর নির্ভরশীল। বি· **পরমুখাপেক্ষা, পরমুখাপেক্ষিতা।**
**পরলোকগমন** একটি শব্দ।
**পরলোকপ্রাপ্তি** একটি শব্দ।
**পরশুরাম** রাজশেখর বসুর ছদ্মনাম, এই নামে লেখকের প্রধান রচনা 'হনুমানের স্বপ্ন', 'কজ্জলী', 'গড্ডলিকা' প্রভৃতি।
**পরহিতাকাঙ্ক্ষী** -কাংক্ষী নয়, -কাঙ্খী নয়।
**পরহিতৈষণা** অপরের উপকার বা হিতসাধন প্রবৃত্তি।
**পরাঙ্মুখ** বিমুখ। কিংবা **পরাঙ্‌মুখ।**
**পরান** প্রাণ। -ণ নয়।
**পরান্নজীবী।** বি· **পরান্নজীবিতা।**
**পরাবৃত্ত** hyperbola (পরি·)।
**পরামর্শ** যুক্তি, মন্ত্রণা, উপদেশ। **পরামর্ষ** ক্ষমা।
**পরামানিক** নাপিত। -ণি- নয়।
**পরাহ্ন** (হ্‌+ণ) অপরাহ্ন, বিকাল। -হ্ন (হ্‌+ন) নয়।
**পরি** fairy. 'পরী' বর্জনীয়। < ফা· পরী।
**পরিকেন্দ্র** circumcentre (পরি·)।
**পরিক্ষিৎ** দ্র **পরীক্ষিৎ।**
**পরিচলন** convection (পরি·)।
**পরিজ** porridge.
**পরিণতবুদ্ধি** বিণ· পরিণতবুদ্ধিযুক্ত। **পরিণত বুদ্ধি** যে বুদ্ধি পরিণত।
**পরিণাহ** বাহ্যরেখা, contour (পরি·)।
**পরিত্যাগ, পরিত্যক্ত, পরিত্যাজ্য।**
**পরিত্রাণ।**
**পরিদেবন, পরিদেবনা** খেদ, খেদোক্তি, বিলাপ। -বেদন, -বেদনা নয়।
**পরিপক্ব** -ক্ক নয়।
**পরিপন্থী** -ন্থি নয়।
**পরিপাটি** -টী বর্জিত।
**পরিপৃক্ত** সম্পূর্ণ সিক্ত saturated (পরি.)।
**পরিবহণ** conduction, conveyance, transport. উদা.—তাপ-পরিবহণ ; -ন নয়।
**'পরিব্রাজক'** স্বামী বিবেকানন্দের ভ্রমণনিবন্ধ (১৩১২ বঙ্গাব্দ)।
**পরিযাণ** migration. -ন নয়। বিণ. **পরিযায়ী** migratory, পরিযাণকারী।
**পরিষদ্** বা **পরিষৎ** ব্যাকরণমতে শুদ্ধ, কিন্তু **পরিষদ** প্রচলিত। বিণ. **পরিষদীয়।**
**পরিষেবা** nursing (পরি.)।
**পরিষ্কার। পরিষ্করণ। পরিষ্কৃত।**
**পরিসংখ্যান** statistics (পরি.)। তু. **রাশিবিজ্ঞান** Statistics.
**পরিস্ফুট** -স্ফু- নয়, -স্ফূ- নয়।
**পরিস্রবণ, পরিস্রাবণ** ক্ষরণ ; ছাঁকন, শোধন, filtration (পরি.)। -ন নয়।
**পরিহরণ** বি. পরিহার, বর্জন। বিণ. **পরিহরণীয়, পরিহর্তব্য।** 'পরিহারণীয়' নয়।
**পরীক্ষিৎ** (মহাভারতে) অর্জুনের পৌত্র। **পরিক্ষিৎ** বিকল্প বানান, তবে অপ্র.।
**পরীক্ষোত্তীর্ণ।**
**পরোক্ষ কর, পরোক্ষ জ্ঞান, পরোক্ষ প্রমাণ।** পৃথকভাবে দুটি শব্দ হিসাবে লেখ্য। কিন্তু **পরোক্ষভাবে** একটি শব্দ।
**পরোপজীবী** বিণ.। -বি নয়, তবে বি. **পরোপজীবিতা।**
**পরোয়ানা, পরওয়ানা** বাংলায় প্রথমটিই সংগত।
**পর্ণকুটির** একটি শব্দ।
**পর্তুগিজ** পো-নয়, -গী- নয়।
**পর্দা** দ্র **পরদা।**
**পর্দানশিন, পরদানশিন** দ্বিতীয় বানান অধিকতর

সংগত। -শী- নয়।

**পর্নোগ্রাফি** pornography অশ্লীল রচনা। -র্ণো- নয়।

**পর্বতগহ্বর, পর্বতগুহা, পর্বতজাত, পর্বতপতি, পর্বতপ্রমাণ, পর্বতসংকুল**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।

**পর্বতীয়, পার্বত** বিণ. পর্বতসম্বন্ধীয়। কিন্তু অপ্রচলিত। প্রচলিত কিন্তু অশুদ্ধ রূপ **পার্বত্য**।

**পর্যঙ্ক** (river) basin (পরি.)।

**পর্যাবৃত্তি** বি. পর্যায়-অনুসারে অর্থাৎ মাঝে-মাঝে ঘটা, periodicity (পরি.)। বিণ. **পর্যাবৃত্ত,** periodic (পরি.)।

**পর্যুদস্ত** -স্থ নয়।

**পর্যেষণ** গবেষণা, অন্বেষণ। -ন নয়। অপ্র.।

**পর্ষদ্** কিংবা **পর্ষৎ** শুদ্ধ, কিন্তু হসন্তবর্জিত **পর্ষদ** প্রচলিত।

**পর্সিলিন** porcelain. পো- নয়, -লেইন নয়।

**পলডিং, জেমস** James Paulding 1778-1860. আমেরিকান লেখক।

**পলস্তারা, পলেস্তারা** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত।

**পলায়নি** বিণ. < পলায়ন+বাং. ই। -নী নয়। উদা.— পলায়নি মনোবৃত্তি।

**পলায়মান** -ণ নয়।

**পলাশি** বাংলার ইতিহাসবিশ্রুত স্থান। -শী বর্জনীয়।

**'পলাশীর যুদ্ধ'** নবীনচন্দ্র সেনের কাব্যগ্রন্থ (১৮৭৫)।

**পলিক্লিনিক** polyclinic.

**পলিগ্যামি** polygamy.

**পলিগ্লট** polyglot. যে ব্যক্তি বহু ভাষায় কথা বলতে পারে।

**পলিটিকস** -ক্স অপ্রয়োজনীয়।

**পলিপাস** polypus. নাকের ভিতরের ফোড়া বা উদ্ভেদ।

**পলেস্তারা** দ্র **পলস্তারা**।

**পল্লি, পল্লী** বানানভেদ। দ্বিতীয়টি এখনও অধিকতর প্রচলিত হলেও প্রথমটিই লেখ্য।

**পল্লি-উন্নয়ন** হাইফেন বাঞ্ছিত।

**পল্লিকথা, পল্লিগীতি, পল্লিগ্রাম, পল্লিবাসী, পল্লিমঙ্গল, পল্লিসংগীত**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য, হাইফেন অপ্রয়োজনীয়।

**পশতো ভাষা** দক্ষিণ-পূর্ব ও উত্তর-পশ্চিম আফগানিস্তানে ও বেলুচিস্তানে প্রচলিত ভাষাবিশেষ। কিংবা **পুশতু**।

**পশমি** -মী বর্জিত।

**পশ্চাৎপদ**।

**পশ্চাৎমুখী, পশ্চাৎমুখীন, পশ্চাৎমুখিতা, পশ্চাৎমুখীনতা**। **পশ্চাদ্‌গতি**। **পশ্চাদ্‌গামী** বিণ.। বি. **পশ্চাদ্‌গামিতা**। **পশ্চাদপসরণ**।

**পশ্চাদ্‌বর্তী** -দ্- আবশ্যিক।

**পশ্চার্ধ** দেহের নিম্নার্ধ।

**পশ্চিমঘাট** পর্বতবিশেষ। একটি শব্দ।

**পশ্চিমবঙ্গ, পশ্চিমবাংলা**। 'পশ্চিম বঙ্গ' নয়।

**পশ্চিমি** -মী নয়। < পশ্চিম+বাং. ই

**পস্তানো** ক্রি. বি. -সতা- নয়, -ন নয়।

**পা, পায়, পায়ে** দ্র **পায়ে**।

**পাইকারি** -রী বর্জিত।

**পাইখানা**। **পায়খানা**-র কথ্য ও আঞ্চ. রূপ, শিষ্ট লেখ্য ভাষায় বর্জনীয়।

**পাইয়োনিয়ার** pioneer. পায়ো-নয়, -নী- নয়।

**পাইয়োরিয়া** pyorrhoca. পায়ো- নয়।

**পাউন্ড** pound. ওজনের একক=৪৫৫ গ্রাম; ইংল্যান্ডের টাকার একক।

**পাওয়ানো** ক্রি. বি.। -ন নয়।

**পাংক্তেয়** দ্র **পাঙ্‌ক্তেয়**।

**পাংশুবর্ণ** ছাইয়ের রং, ধূসর, পাঁশুটে।

**পাঁউরুটি, পাউরুটি** দুটিই নির্দোষ, প্রথমটি ব্যুৎপত্তি-অনুগ এবং অধিকতর প্রচলিত।

**পাঁচড়া** খোস, চর্মরোগবিশেষ। -রা নয়, পা- নয়।

**পাঁচনরি** -রী নয়। উদা.—পাঁচনরি হার।

**পাঁচমড়ি** মধ্যপ্রদেশের শৈলশহর। 'পাঁচমারি' নয়।

**পাঁচমিশালি, পাঁচমিশেলি** -লী বর্জিত।

**পাঁচালি** -লী বর্জিত।

**পাঁঠি, পাঁটি** স্ত্রী-পাঁঠা। -ঠী, -টী নয়।

**পাঁপর, পাঁপড়** দুটিই প্রচলিত। < সং. পর্পট।

**পাঁয়তারা** পা- নয়, -ড়া নয়।

# প

**পাকড়াত, পাকড়ানো, পাকড়াল** ।

**পাকশাট, পাখশাট** পাখির ডানা-ঝাপটানি । -সা- নয় ।

**পাকস্থলী** -লি নয় ।

**পাকস্থালী** রন্ধনপাত্র । -লি নয় ।

**পাকা আম, পাকা কথা, পাকা খবর** । প্রতিটি দুটি শব্দ হিসাবে লেখ্য ।

**পাকাচুল, পাকা চুল** চুলকে বোঝালে দ্বিতীয়টি, গৌণ অর্থে পাকা চুলের মালিককে বোঝালে প্রথমটি । উদা.— পাকাচুলের বুদ্ধি নিয়ো ।

**পাকানো** ক্রি. বি. । -ন নয় । কিন্তু **পাকাত পাকাল** ।

**পাকি** বিণ. -কী নয় । উদা.— পাকি ওজনের সোনা ।

**পাকেচক্রে পাকেপ্রকারে** একটি শব্দ হিসাবে লেখ্য, হাইফেন অপ্রয়োজনীয় ।

**পাখশাট** দ্র **পাকশাট** ।

**পাখি** -খী নয় ।

**পাখোয়াজ** তালবাদ্যবিশেষ, মূলত ধ্রুপদাঙ্গ সংগীতে ব্যবহৃত । 'পাখওয়াজ' নয় । **পাখোয়াজি** পাখোয়াজ-বাদক । -জী নয় ।

**পাগড়ি** -ড়ী বর্জিত ।

**পাগলি** বি. স্ত্রী. -লী অপ্রয়োজনীয় । **পাগলিনি** -নী নয় ।

**পাঙ্‌ক্তেয়** < পঙ্‌ক্তি+এয় । 'পাংক্তেয়' নয় ।

**পাঙাশ** মাছবিশেষ, -ঙ্গা- বর্জিত ।

**পাচনবাড়ি** ছোট লাঠিবিশেষ । -রি নয় ।

**পাছাপেড়ে** একটি শব্দ, বিণ. ।

**পাজামা** । 'পায়জামা' নয় ।

**পাঞ্চজন্য** শ্রীকৃষ্ণের শঙ্খ, পঞ্চজন নামে অসুরের অস্থি দিয়ে নির্মিত বলে এই নাম ।

**পাঞ্চবর্ষিক** পাঁচ বছর স্থায়ী বা পাঁচ বছরে সম্পাদনীয় । কিন্তু শব্দটি অপ্র. । অশুদ্ধ **পঞ্চবার্ষিক** বরং প্রচলিত হয়েছে ।

**পাঞ্চালী** দ্রৌপদী । -লি নয় ।

**পাঞ্জাব, পাঞ্জাবি**[১] **পঞ্জাব**-এর বিকল্প ।

**পাঞ্জাবি**[২] জামাবিশেষ । -বী নয় ।

**পাটনা** । কিংবা **পটনা** (আ.বা.প.) ।

**পাটনি** খেয়ামাঝি । -নী নয় ।

**পাটরানি** -নী, -ণী নয় ।

**পাটলিপুত্র** প্রাচীন মগধের রাজধানী । -লী নয় ।

**পাটিগণিত** -টী- বিকল্প হলেও বর্জনীয় ।

**পাটিসাপটা** পিঠে । -সাপ্টা নয় ।

**পাটোয়ারি** -রী নয় ।

**পাঠক্রম, পাঠ্যক্রম** পাঠের ক্রম অর্থে প্রথমটি, সিলেবাস অর্থে দ্বিতীয়টি ।

**পাঠাত, পাঠানো, পাঠাল** ।

**পাঠসূচি** পাঠের তালিকা, lesson contents.

**পাঠানি** বি., বিণ., স্ত্রী. সব অর্থেই -নী বর্জিত ।

**পাঠ্যগ্রন্থ** একটি শব্দ ।

**পাঠ্যতালিকা** একটি শব্দ ।

**পাঠ্যপুস্তক** একটি শব্দ ।

**পাঠ্যসূচি** একটি শব্দ, -চী বিকল্প হলেও বর্জনীয় ।

**পাড়াপড়শি** একটি শব্দ, -শী নয় ।

**পাণি** হাত । -ণী নয়, -নি নয় ।

**পাণিগ্রহণ** বিবাহ ।

**পাণিনি** প্রাচীন ভারতীয় (খ্রিস্টপূর্ব ৩য়, মতান্তরে ৮ম শতকের) পণ্ডিত ও বৈয়াকরণ, 'অষ্টাধ্যায়ী'-র প্রণেতা ।

**পাণ্ডু** হালকা হলুদ রং বা রঙের ; ফ্যাকাশে । **পাণ্ডুর** সমার্থক শব্দ ।

**পাণ্ডে, পাঁড়ে** উত্তর-ভারতীয় হিন্দুস্থানি ব্রাহ্মণের পদবিবিশেষ ।

**পাতকী** পাপী । -কি নয় ।

**পাতকুড়ানি, পাতকুড়ুনি** যে-স্ত্রীলোক পাত বা পাতা কুড়ায় । -নী অপ্রয়োজনীয় । **পাতাকুড়ানি, পাতাকুড়ুনি** সমার্থক শব্দ ।

**পাতঞ্জল** বিণ. পতঞ্জলি-কৃত বা পতঞ্জলি-সম্বন্ধীয় ; বি. পতঞ্জলির তত্ত্ব বা দর্শন ।

**পাতন** চুয়ানো distillation.

**পাতশাহি** বাদশাহি ; রাজকীয় । -হী নয় ।

**পাতাকুড়ানি** দ্র **পাতকুড়ানি** ।

**পাতিবুর্জোয়া** petit bourgeois. একটি শব্দ ।

**পাতিব্রত্য** পতিব্রতার ধর্ম বা প্রকৃতি ।

**পাদটীকা** footnote -টি- নয় ।

**পাদপীঠ, পাদপূরণ, পাদপ্রদীপ** । প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য ।

# প

**পাদরি** খ্রিস্টান ধর্মযাজক বা মিশনারি। -রী নয়, 'পাদ্রি' নয়।
**পাদ্রি** দ্র **পাদরি**।
**পানতা, পান্তা** দ্বিতীয়টি প্রচলিত হলেও প্রথমটিই সংগত।
**পানতুয়া, পান্তুয়া** দ্বিতীয়টি অধিকতর প্রচলিত, কিন্তু প্রথমটিই সংগত।
**পানসি** ছোট দ্রুতগামী নৌকাবিশেষ। -সী বর্জিত।
**পান্তা** দ্র **পানতা**। **পান্তাভাত, পানতাভাত** একটি শব্দ হিসাবে লেখ্য।
**পান্তুয়া** দ্র **পানতুয়া**।
**পান্থপাদপ** একটি শব্দ।
**পাপক্ষালন** বিশেষ্যে একটি শব্দ হিসাবে লেখ্য। ক্ষালন-কে ক্রিয়াপদের কর্ম হিসাবে ব্যবহার করতে হলে পৃথকভাবে। উদা.— পাপ ক্ষালন করতে। -স্খা- নয়।
**পাপড়ি** পাঁ- নয়, -ড়ী নয়।
**পাপিয়া** কোকিলজাতীয় পাখিবিশেষ, hawk-cuckoo. অন্য নাম **পিউ কাঁহা,** ইংরেজি নামান্তর brain-fever.
**পাপোশ** -ষ নয়।
**পামারস্টন, জন হেনরি (লর্ড),** (Lord) John Henry Palmerston 1784-1865. ব্রিটিশ রাজনীতিবিদ। -স্টোন নয়।
**পায়াভারি** -রী নয়।
**পায়ে, পায়** পা+এ (৭মী বিভক্তি), অতএব প্রথমটিই সংগত। উদা.— পায়ে ব্যথা, পায়ে ধরা, পায়ে পড়ি।
**পায়ে-পায়ে** অতি ধীরে বা সন্তর্পণে ; প্রতি পদে। হাইফেন আবশ্যিক।
**পারংগম, পারঙ্গম** অনুস্বার বৈকল্পিক, অতএব প্রথমটিই গ্রহণীয়।
**পারকিনসন্স ডিজিজ** Parkinson's disease নার্ভের রোগবিশেষ।
**পারগ** বিণ. সমর্থ। বাংলায় বর্ত. অপ্র.। তবে **অপারগ** প্রচলিত।
**পারঙ্গম** দ্র **পারংগম**।
**পারজিটার, ফ্রেডারিক ইডেন** Frederick Eden Pargiter 1852-1929. ব্রিটিশ সিভিলিয়ান এবং ভারতের পুরাতত্ত্ব-বিশেষজ্ঞ।
**'পারথেনন'**[১] Parthenon. ডিরোজিয়ো প্রতিষ্ঠিত (১৮৩০) ইংরেজি সাপ্তাহিক।
**পারথেনন**[২] Parthenon. আথেন্স নগরে দেবী আথেনি-র মন্দির। -র্থে- নয়।
**পারদর্শী** বিণ. দক্ষ। স্ত্রী. **পারদর্শিনী**। বি. **পারদর্শিতা**।
**পারফিউম** -র্ফি- নয়।
**পারমাণবিক** atomic. তু. আণবিক molecular. **পরমাণু বোমা** atom bomb. 'আণবিক বোমা' ভুল।
**পারমিট** permit.
**পারম্যাংগানেট** permanganate.
**পারম্পর্য** অনুক্রম, একটির পর আর একটি ঘটা বা হওয়া।
**পারলৌকিক** বি. ও বিণ.। **পারলৌকিক কর্ম, পারলৌকিক ক্রিয়া**।
**পারশি** ভারতের পারস্যাগত জরথুশত্রপন্থি সম্প্রদায়। -র্শি, -শী নয়।
**পারশে** মাছবিশেষ। -সে নয়, -র্সে নয়।
**পারসিক** বিণ. পারস্যদেশীয় ; বি. পারস্যের ভাষা।
**পারসেন্ট** percent. -র্সে- নয়।
**পারসেল** parcel -র্সে- নয়।
**পারাদীপ** Paradip ভারতের পূর্ব-উপকূলের বন্দরবিশেষ।
**পারানি** পারের মাশুল, খেয়া পারাপারের কড়ি। -নী নয়।
**পারিপাট্য** পরিপাটি অবস্থা বা ভাব।
**পারিপার্শ্বিক** বিণ.।
**পারিভাষিক** বিণ. terminological.
**পারিশ্রমিক** শুধুই বি.।
**পার্ক** park. 'পারক' নয়।
**পার্চমেন্ট** parchment. পারচ-নয়।
**পার্ট** part. 'পারট' নয়।
**পার্টনার, পার্টনারশিপ**।
**পার্থেনন** দ্র **পারথেনন**।
**পার্বণি** উৎসবাদি উপলক্ষ্যে যে উপহার বা পারিতোষিক দেওয়া হয়। -ণী নয়।
**পার্বণী**। **পার্বণ**-এর স্ত্রীলিঙ্গে।

**পার্বত** দ্র **পার্বত্য** ।
**পার্বত্য** সংস্কৃত নিয়মে অশুদ্ধ হলেও বাংলায় দীর্ঘপ্রচলিত এবং গ্রহণীয় । শুদ্ধ শব্দ **পার্বত** অপ্র. ।
**পার্ল হারবার** Pearl Harbour. ১৯৪১ সালের ৭ ডিসেম্বর এই বন্দরে জাপানি বোমারু বিমান থেকে বোমা বর্ষিত হয় ।
**পার্লামেন্ট** ।
**পালকি** -কী বর্জিত, -ল্কি বর্জিত ।
**পালং, পালঙ** শাকবিশেষ । প্রথমটি সংগত ।
**পালটাত, পালটানো, পালটাল** -তো, -ন, -লো নয় ।
**পালটাপালটি** -ল্টা-, -ল্টি নয়, হাইফেন নয় ।
**পালটিঘর** একটি শব্দ ।
**পালুসকর, দত্তাত্রেয় বিষ্ণু** ১৯২১-১৯৫৫ মার্গসংগীতের দিক্‌পাল গায়ক ।
**পাশ্চাত্য, পাশ্চাত্ত্য** দুটিই শুদ্ধ শব্দ, পশ্চাৎ+য=পাশ্চাত্য, পশ্চাৎ+ত্য (ত্যক্)= পাশ্চাত্ত্য । তবে সরলতার জন্য প্রথমটিই গ্রহণীয় ।
**পাষণ্ড** পাপিষ্ঠ ।
**পাষাণমূর্তি** একটি শব্দ ।
**পাসকাল, ব্লেজ** Blaise Pascal 1623-1662. ফরাসি বিজ্ঞানী, দার্শনিক ও লেখক ।
**পাসত্যুর, লুই** Louis Pasteur 1822-1895. ফরাসি রসায়নবিদ ।
**পাসপোর্ট** passport.
**পাস্কারেল্লি, চেজারে** Cesare Pascarelli 1858-1940. ইতালীয় কবি ।
**পাস্তেরনাক, বোরিস** Boris Pasternak 1890-1960. রুশ সাহিত্যিক ।
**পাহাড়ি** -ড়ী নয় ।
**পিউরিটান** puritan. মূলত ধর্ম বিষয়ে বিশুদ্ধতাবাদী ; Puritan মূলত ইংল্যান্ডের ইতিহাসে টিউডর যুগে অভ্যুদিত প্রটেস্টান্ট গোষ্ঠী ।
**পিউলি** ফুলবিশেষ । -লী বর্জিত ।
**পিওন** দ্র **পিয়ন** ।
**পিঁচুটি** চন্দ্রবিন্দু আবশ্যিক ।
**পিঁপুল** মরিচ বা তার গাছবিশেষ । চন্দ্রবিন্দু অপরিহার্য ।
**পিকার, ওগ্যুস্ত** Auguste Piccard 1884-1962. সুইস (ফরাসিভাষী) পদার্থবিজ্ঞানী ।
**পিকাস্‌সো, পাবলো** Pablo Picasso 1881-1973. স্পেনীয় চিত্রশিল্পী, সম্পূর্ণ নাম পাবলো রুইথ ই (Ruiz y) পিকাস্‌সো ।
**পিগ আয়রন** pig iron. ঢালাই না-করা লোহাপিণ্ড । 'আয়রণ' নয় ।
**পিগমেন্ট** pigment. রঞ্জক পদার্থ ।
**পিগু, আরথার সিসিল** Arthur Cecil Pigou 1877-1959 ব্রিটিশ অর্থনীতিবিদ ।
**পিঙ্গল** হলদেটে লাল রং, কপিশ ।
**পিচকারি** -রী নয় ।
**পিচবোর্ড** কিংবা **পিজবোর্ড** । < pasteboard.
**পিছলানো** বি. ক্রি. -ন নয় ।
**পিজবোর্ড** দ্র **পিচবোর্ড** ।
**পিজিন** pidgin. মূলত উনিশ শতকে চিনা ও ইংরেজদের কথোপকথনে ব্যবহৃত বাজারি ইংরেজিবিশেষ । বর্তমানে সাধারণভাবে মিশ্রভাষা বোঝাতে ব্যবহৃত হয় ।
**পিটটান** । 'পিট্টান' নয় ।
**পিণ্ডারি** ইতিহাসোক্ত দস্যুদলবিশেষ । -রী নয় ।
**পিতৃতর্পণ** একটি শব্দ ।
**পিতৃপুরুষ** একটি শব্দ । অনুরূপভাবে, **পিতৃবিয়োগ পিতৃভূমি পিতৃযজ্ঞ পিতৃশ্রাদ্ধ পিতৃস্থানীয় পিতৃস্নেহ পিতৃহত্যা** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য ।
**পিত্ত** gall, bile.
**পিত্তাশয়** কিংবা **পিত্তকোষ** gall-bladder (পরি.) ।
**পিনাকী** -কি নয় ।
**পিপীলিকা** ।
**পিপুল** অশ্বত্থগাছ । পিঁ- নয় ।
**পিয়ারসন, উইলিয়াম উইনস্ট্যানলি** William Winstanley Pearson 1881-1924. ভারতবন্ধু ও রবীন্দ্র-অনুরাগী ইংরেজ ।
**পির** মুসলমান সাধু । পী- নয় ।
**পিরানদেল্লো, লুইজি** Luigi Pirandello 1867-1936 ইতালীয় নাট্যকার ।

# প

**পিল্লই** Pillai দক্ষিণ-ভারতীয় পদবিবিশেষ। 'পিল্লাই' নয়।
**পিসতুতো** -তুত নয়।
**পিসি, পিসিমা** -সী নয়।
**পুংশ্চিহ্ন** পুরুষের চিহ্ন। 'পুংচিহ্ন' নয়।
**পুঁজ** পূঁ- নয়।
**পুঁজিবাদি** -দী নয়।
**পুঁতি** মুক্তোর মতো কাচের গোলাকার টুকরো। চন্দ্রবিন্দু আবশ্যিক।
**পুঁথি, পুথি** চন্দ্রবিন্দু অপ্রয়োজনীয়, তবে চন্দ্রবিন্দুযুক্ত বানানই অধিকতর প্রচলিত।
**পুঁথিগত বিদ্যা** দুটি শব্দ।
**পুকুর কাটা** দুটি শব্দ।
**পুকুরচুরি** কিংবা **পুকুর-চুরি**।
**পুঙ্খানুপুঙ্খ** -ংখা- নয়, -ণু নয়।
**পুজারি** -রী নয়। কিংবা **পূ-**
**পুজো** বাংলা শব্দ। অতএব পূ- অপ্রয়োজনীয়।
**পুঞ্জ** পূ- নয়
**পুঞ্জিত**। কিন্তু **পুঞ্জীভূত**।
**পুনে** মহারাষ্ট্রের শহর। 'পুনা' বর্জিত।
**পুণ্ডরীক** শ্বেতপদ্ম ; পদ্ম।
**পুণ্য** পূ- নয়, -ন্য নয়।
**পুণ্যক্ষেত্র পুণ্যতোয়া পুণ্যভূমি পুণ্যলোক পুণ্যসঞ্চয়** প্রতিটি সমাসবদ্ধ শব্দ। একটি শব্দ হিসাবে লেখ্য।
**পুণ্যার্থী**।
**পুণ্যোদক** পবিত্র জল।
**'পুতুলনাচের ইতিকথা'** মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস (১৯৩৬)।
**পুত্তলি** -লী বিকল্প, কিন্তু বর্জনীয়।
**পুথি** দ্র **পুঁথি**।
**পুদুচ্চেরি** পন্ডিচেরি-র বর্তমান ও স্থানীয় ভাষার নাম।
**পুনঃ পুনঃ** গদ্যরচনায় দুটি বিসর্গই আবশ্যিক।
**পুনর্নবা** শাকবিশেষ। -র্ণ- নয়।
**পুনর্বসতি, পুনর্বাসন** rehabilitation.
**পুনর্মূষিকো ভব**।
**পুবালি** পুবদিক থেকে আগত বা প্রবাহিত। পূ-নয়, -লী নয়।
**পুর** উদা.—শিঙাড়ার পুর। পূ- নয়।
**পুরঃসর** উদা.—সম্মানপুরঃসর, যথাবিহিত প্রণামপুরঃসর। বিসর্গ আবশ্যিক।
**পুরতঃ** সামনে, আগে। চলিত বাংলায় **পুরত, পুরতো** ব্যবহৃত।
**পুরনো, পুরোনো** বা **পুরানো**। 'পুরোন' নয়।
**পুরসভা** corporation বা municipality. **পৌরসভা** প্রচলিত হলেও **পুরসভা** অধিকতর সংগত।
**পুরাণ** কোনো দেশের ইতিহাস-পূর্ব কাহিনী।
**পুরানো**[১] দ্র **পুরনো**।
**পুরানো**[২] ক্রি. বি. পূর্ণ করা, মিটানো। পূ- নয়।
**পুরাপুরি** বা **পুরোপুরি** পূ- অপ্রয়োজনীয়।
**পুরীষ** মল, বিষ্ঠা। পূ- নয়, -রি- নয়।
**পুলটিস** < poultice. -শ নয়।
**পুলস্ত্য** পৌরাণিক ঋষিবিশেষ। য-ফলা আবশ্যিক।
**পুলাঁক, ফ্রাঁসিস** Francis Poulenc 1899-1963. ফরাসি সংগীতস্রষ্টা।
**পুলিন** -লী- নয়।
**পুলিনবিহারী সেন** ১৯০৮-১৯৮৪ রবীন্দ্র-বিশেষজ্ঞ।
**পুলিশ** -স নয়।
**পুলিশি** -শী নয়। উদা.—পুলিশি আদব-কায়দা, পুলিশি জেরা।
**পুলোমা** পুরাণোক্ত ভৃগুমুনির পত্নী। 'পুলমা' নয়।
**পুশতু** কিংবা **পুস্তু** পাঠানদের ভাষাবিশেষ।
**পুষ্প** -স্প নয়।
**পুষ্পাঞ্জলি** -লী নয়।
**পূজা** তৎসম শব্দ। অতএব দীর্ঘ-ঊকার অপরিবর্তনীয়।
**পূজাপার্বণ, পূজামণ্ডপ, পূজাসামগ্রী**।
**পূজারি** দ্র **পুজারি**।
**পূজারিনি** -ণী নয়, নী নয়।
**পূত** পবিত্র। পু- নয়।
**পূতনা** পুরাণোক্ত দানবীবিশেষ। পু- নয়।
**পূতিগন্ধ, পূতিগন্ধময়** পু- নয়, পুঁ- নয়, পূঁ- নয়।
**'পূরবী'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ (১৩৩২)।
**পূর্ণচ্ছেদ** -ছে- নয়।
**পূর্বকালিক**।

## প

**পূর্বকালীন** ।
**পূর্বপরিকল্পনা** একটি শব্দ ।
**পূর্বফল্গুনী** নক্ষত্রবিশেষ । একটি শব্দ । 'পূর্বফাল্গুনী' নয় ।
**পূর্বভাদ্রপদ** নক্ষত্রবিশেষ । একটি শব্দ ।
**'পূর্বমীমাংসাসূত্র'** জৈমিনি-রচিত 'পূর্বমীমাংসা'-বিষয়ক প্রাচীন গ্রন্থ ।
**পূর্বাষাঢ়া** ।
**পূর্বাহ্ণ** -হ্ন নয় ।
**পূষন** সূর্য । পু- নয়, -ণ নয় ।
**পৃথক্‌করণ, পৃথক্‌কৃত** হস্‌-চিহ্ন আবশ্যিক ।
**পৃথ্বী, পৃথ্বীনাথ, পৃথ্বীশ** ।
**পৃষ্ঠটান** surface tension (পরি.) ।
**পেইন্ট** paint. 'পেন্ট' নয় ।
**পেঁচোয়-পাওয়া** বিণ. উদা.—পেঁচোয়-পাওয়া ছেলে । ক্রি. **পেঁচোয় পাওয়া** ।
**পেজোমি** পাজির ভাব ।
**পেটমরা** বিণ. একটি শব্দ ।
**পেটমোটা** বিণ. একটি শব্দ ।
**পেটেন্ট** কিংবা **প্যাটেন্ট** patent. তবে প্রথমটিই অধিকতর প্রচলিত ।
**পেট্রিয়ার্ক** patriarch. প্যা- নয় ।
**পেডিগ্রি** pedegree.
**পেতনি** -ত্নি, -ত্নী নয় ।
**পেতেঁ, আঁরি** Henri Pétain 1856-1951. ফরাসি সেনাধ্যক্ষ ।
**পেনসিল** -ন্সি- নয় ।
**পেনসিল-কাটা** বিণ. হাইফেন আবশ্যিক । উদা.—পেনসিল-কাটা কল ।
**পেরনো** ক্রি. বি. পার হওয়া । 'পেরোনো' নয় ।
**পেরিজি** perigee. -গি নয় ।
**পেরিমিটার** ১ সমতল ক্ষেত্রের পরিসীমা ; ২ দৃষ্টিগোচর ক্ষেত্রের পরিমাপক ।
**পেরো, শার্ল** Charles Perrault 1628-1703. ফরাসি লেখক ।
**পেশাদারি** -রী নয় ।
**পেস্ট** paste. -ষ্ট নয় ।
**পেস্তালৎসি, ইয়োহান হাইনরিখ** Johann Heinrich Pestalozzi 1746-1827. সুইস শিক্ষাবিদ ।
**পৈতা** দ্র **পইতা** ।
**পৈতৃক** -ত্রি- নয় ।
**পোড়ো** পরিত্যক্ত ও জীর্ণ । উদা.—পোড়োবাড়ি । 'পড়ো' নয় ।
**পোতাশ্রয়, বন্দর** শব্দদুটির অর্থে পার্থক্য আছে । প্রথমটি harbour, জাহাজের আড্ডা ; দ্বিতীয়টি port, যেখানে মালপত্র ও যাত্রী পরিবহণের জন্য জাহাজ ভিড়ানো হয় ।
**পোয়াঁকারে, ঝুল আঁরি** Jules Henri Poincaré 1854-1942. ফরাসি গণিতবিদ ।
**পোয়াঁকারে, রেমঁ** Raymond Poincaré 1860-1934. ফরাসি রাজনীতিবিদ ।
**পোর্ট** port. 'পোরট' নয় ।
**পোর্ট আর্থার** Port Arthur.
**পোর্টার, সার জর্জ** Sir George Porter জন্ম 1920. ব্রিটিশ বিজ্ঞানী, রসায়নে নোবেল পুরস্কার (১৯৬৭) ।
**পোর্সিলিন** দ্র **পর্সিলিন** ।
**পোলিয়ো** poliomyelitis এর সংক্ষিপ্ত রূপ । 'পোলিও' নয় ।
**পোশাক** -ষা- বর্জিত ।
**পোশাকি** -কী বর্জিত ।
**পোষানো** পুষিয়ে যাওয়া । -ন নয়, -ণো নয় ।
**পোস্ট** post.
**পোস্টার** poster.
**পোস্টাল অর্ডার** দুটি শব্দ ।
**পৌনঃপুনিক** বিণ. বারবার ঘটে এমন । বি. **পৌনঃপুনিকতা, পৌনঃপুন্য** ।
**পৌরসভা** দ্র **পুরসভা** ।
**পৌরোহিত্য** < পুরোহিত+য । 'পৌরহিত্য' নয় ।
**পৌর্বাপর্য** বি. পূর্বাপরতা ।
**পৌর্বাহ্ণিক** -হ্নি- নয় ।
**পৌলস্ত্য** পুলস্ত্য মুনির পুত্র । -স্ত নয় ।
**পৌলোমী** পুলোমা-র কন্যা । অতএব 'পৌলমী' নয় ।
**পৌষালি** < সং পৌষ+বাং. আলি প্রত্যয় । অতএব -লী নয় ।
**প্যাঁক প্যাঁক** । 'পেঁক পেঁক' বর্জিত ।
**প্যাঁচ** । 'পেঁচ' বর্জিত ।

# প

**প্যাঁলভে, পোল প্রুদাঁ** Paul Prudent Painlevé 1863-1933. ফরাসি গণিতবিদ ও রাজনীতিবিদ।
**প্যাচপেচে, প্যাচপ্যাচ** চন্দ্রবিন্দু নেই।
**প্যানজিয়া** Pangea. কল্পিত আদিম মহাদেশ।
**প্যানপ্যান** কিন্তু **প্যানপেনে।**
**প্যারাশুট** -সু- নয়।
**প্যারি** ১ প্রেমপাত্রী ; ২ রাধা। < হি. পেয়ার। অতএব -রী অনাবশ্যক। **প্যারিচরণ, প্যারিমোহন**। তবে নামের ক্ষেত্রে **প্যারীচরণ** ও **প্যারীমোহন** প্রচলিত।
**প্যারিস** Paris. ফরাসি উচ্চারণ অনুসারে **পারি।**
**প্যারীচাঁদ মিত্র** ১৮১৪-১৮৮৩ 'আলালের ঘরের দুলাল' এর রচয়িতা।
**প্রকরণ** প্রক্রিয়া ; গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ। নতুন অর্থ কৌশল, কলাকৌশল, টেকনিক।
**প্রকাম** যথেষ্ট, পর্যাপ্ত। বর্তমানে অপ্র.।
**প্রকাশ্য দিবালোকে।** কিংবা **প্রকাশ্যদিবালোকে**।
**প্রকৃতপ্রস্তাবে** একটি শব্দ।
**'প্রকৃতি'** রামেন্দ্রসুন্দর ত্রিবেদী-র প্রবন্ধগ্রন্থ (১৩০৩)।
**প্রকৃতিপ্রত্যয়** একটি শব্দ।
**প্রকৌশল** যন্ত্রবিদ্যা, এনজিনিয়ারিং।
**প্রগল্‌ভ** হস্‌চিহ্ন বাঞ্ছিত।
**প্রচল** বিণ. প্রচলিত ; বি. প্রথা, রীতি, convention.
**প্রচারমাধ্যম** একটি শব্দ।
**প্রজেক্ট** কিংবা **প্রোজেক্ট** project.
**প্রজ্ঞাপারমিতা**[১] বৌদ্ধ দেবী।
**'প্রজ্ঞাপারমিতা'**[২] সংস্কৃতে রচিত মহাযানসূত্র সম্পর্কিত প্রাচীন দার্শনিক গ্রন্থ।
**প্রজ্বলন** জ্বালানো। -জ্জ্ব- নয়। **প্রজ্বলিত** -জ্জ্ব- নয়।
**প্রজ্বালিত** জ্বালা হয়েছে এমন। -জ্জ্বা- নয়, -জ্জা- নয়।
**প্রটেস্টান্ট** Protestant. প্রো- নয়।
**প্রণামি** < সং. প্রণাম+বাং. ই। -মী নয়। উদা.—প্রণামি শাড়ি।
**প্রণালী** দুই মহাদেশ বা বৃহৎ স্থলভাগের মধ্যবর্তী সংকীর্ণ জলভাগ।
**প্রতর্ক** বি. সন্দেহ ; অনুমান ; বিবেচনা।
**প্রতিবন্ধ, প্রতিবন্ধকতা** সমার্থক শব্দ। তবে দ্বিতীয়টি বর্তমানে অধিকতর প্রচলিত।
**প্রতিবর্ত ক্রিয়া** reflex action (পরি)।
**প্রতিমান** standard. নতুন শব্দ।
**প্রতিযোগিতা।** কিন্তু **প্রতিযোগী।**
**প্রতিহার, প্রতিহারী** যথাক্রমে **প্রতীহার** ও **প্রতীহারী**-র অধিকতর প্রচলিত রূপভেদ।
**প্রতীকী** বিণ. symbolic.
**প্রতীক্ষমাণ** যে প্রতীক্ষা করছে।
**প্রতীক্ষ্যমাণ** যার জন্য প্রতীক্ষা করা হচ্ছে।
**প্রতীচী** বি. পাশ্চাত্য, West. **প্রতীচ্য** বিণ. তু. **প্রাচ্য**।
**প্রতীতি** বিশ্বাস, প্রত্যয়।
**প্রত্যয়িত** অসংশয়িত ; প্রমাণিত।
**প্রত্যুৎপন্নমতি** বিণ. উপস্থিতবুদ্ধিযুক্ত। বি. **প্রত্যুৎপন্নমতিত্ব**।
**প্রত্যুদ্‌গমন** হস্‌চিহ্ন আবশ্যিক।
**প্রত্যুষ** কিংবা **প্রত্যূষ**।
**প্রদ্যোত** -ৎ নয়।
**প্রফুল্লকুমার সরকার** ১৮৮৪-১৯৪৪। যশস্বী সাংবাদিক ও সাহিত্যিক, আনন্দবাজার পত্রিকার অন্যতম প্রতিষ্ঠাতা।
**প্রফুল্লচন্দ্র রায়, আচার্য** ১৮৬১-১৯৪৪ বিজ্ঞানাচার্য।
**প্রফুল্ল চাকী** ১৮৮৮-১৯০৮।
**প্রবক্তা** মূল অর্থ বাক্‌পটু। বর্ত. প্রচলিত অর্থ মুখপাত্র, spokesman.
**প্রবচন** প্রবাদ, proverb. তু. বাগ্‌ধারা, idiom.
**প্রবহমান** সংস্কৃতমতে গঠিত নয়। সেইজন্য -ণ অপ্রয়োজনীয়।
**'প্রবাসী'** রামানন্দ চট্টোপাধ্যায় প্রতিষ্ঠিত (১৯০১) মাসিকপত্র।
**প্রবেশপথ** একটি শব্দ।
**প্রবোধচন্দ্র বাগচী** ১৮৯৮-১৯৫৬ ভারতবিদ্যা বিশারদ।
**প্রবোধচন্দ্র সেন** ১৮৯৭-১৯৮৬। ছান্দসিক।
**'প্রবোধচন্দ্রোদয়'** আনু. একাদশ শতকের সংস্কৃত নাটক, রচয়িতা কৃষ্ণমিশ্র।

# প

**প্রভাতকিরণ** একটি শব্দ।
**প্রভাতকুমার মুখোপাধ্যায়** ১৮৭৩-১৯৩২ কথাসাহিত্যিক।
**প্রভাতকুমার মুখোপাধ্যায়** ১৮৯২-১৯৮৫ রবীন্দ্রজীবনীকার।
**প্রভাতরশ্মি** একটি শব্দ।
**'প্রভাতসংগীত'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ (১৮৮৩)।
**প্রভাস, প্রভাসতীর্থ** গুজরাতের জুনাগড় জেলায় সমুদ্রতীরের শহর, হিন্দুতীর্থ।
**প্রভিজো** proviso -সো নয়।
**প্রভিডেন্ট ফান্ড** provident fund.
**প্রভিন্স** province.
**প্রভিসো** দ্র **প্রভিজো**।
**প্রমথ চৌধুরী** (বীরবল) ১৮৬৮-১৯৪৬।
**প্রমাণপত্র** একটি শব্দ।
**প্রমাণসাপেক্ষ** একটি শব্দ।
**প্রমাণিত** কিন্তু **প্রমাণীকৃত**।
**প্রমীলা** -মি- নয়।
**প্রমোদভবন** একটি শব্দ।
**প্রমোদভ্রমণ** একটি শব্দ।
**প্রযত্ন** বারবার চেষ্টা ; অধ্যবসায়।
**প্রযত্নে** care of অর্থে প্রয়োগ ভুল। শব্দটির প্রকৃত অর্থ অধ্যবসায় ; বিশেষ যত্ন।
**প্রলয়ংকর, প্রলয়ঙ্কর** বানানভেদ, প্রথমটি গ্রহণীয়।
**প্রলয়মূর্তি** একটি শব্দ।
**প্রশান্তচন্দ্র মহলানবিশ** ১৮৯৩-১৯৭২ রাশিবিজ্ঞানী।
**প্রসঙ্গত** -তঃ বর্জিত।
**প্রসববেদনা**। 'প্রসব বেদনা' নয়। অনুরূপভাবে, **প্রসবযন্ত্রণা**।
**প্রসার** বিস্তার, বিস্তৃতি। উদা.—মনের প্রসার। 'প্রসারতা' ভুল এবং বর্জনীয়।
**প্রসীদ** প্রসন্ন হও।
**প্রসূন** -সু- নয়।
**প্রসেনিয়াম** দ্র **প্রোসিনিয়াম**।
**প্রস্তরীভবন** বি. পাথর হয়ে যাওয়া। বিণ. **প্রস্তরীভূত**। -রি- নয়।
**প্রস্থানোদ্যত**।
**প্রস্ফুটিত** -স্ফূ- নয়।
**প্রস্ফুরণ** -স্ফূ- নয়, -ন নয়।
**প্রাক্‌কথন** হস্‌চিহ্ন আবশ্যিক।
**প্রাক্‌কলন** estimate (পরি.)। হস্‌চিহ্ন আবশ্যিক।
**'প্রাকৃতপৈঙ্গল'** অবহট্‌ঠ ভাষায় রচিত চতুর্দশ শতকের ছন্দবিষয়ক গ্রন্থ।
**প্রাকৃতিক গ্যাস** দুটি শব্দ।
**প্রাকৃতিক বিপর্যয়** natural calamity. দুটি শব্দ।
**প্রাক্কালে** কিংবা **প্রাক্‌কালে**। **প্রাক্কালীন** কিংবা **প্রাক্‌কালীন**।
**প্রাগ** Prague. চেখ ভাষায় **প্রাহা**।
**প্রাগ্‌জ্যোতিষ, প্রাগ্‌জ্যোতিষপুর** হস্‌চিহ্ন আবশ্যিক।
**প্রাগৈতিহাসিক** সংস্কৃত নিয়মে অশুদ্ধ হলেও একটি অতি-প্রচলিত বাংলা শব্দ হিসাবে গ্রহণীয়।
**'প্রাগৈতিহাসিক'** মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পগ্রন্থ (১৯৩৭)।
**প্রাগ্রসর** অত্যন্ত অগ্রসর। উদা.—প্রাগ্রসর পাশ্চাত্য বিজ্ঞান।
**প্রাঙ্‌মুখ** কিংবা **প্রাঙ্মুখ**।
**প্রাঙ্গণ** -ন নয়।
**প্রাচী** বি. পূর্বদিক। বিপ. **প্রতীচী**। বিণ. **প্রাচ্য**।
**প্রাচীন কাল** কিংবা **প্রাচীনকাল**।
**প্রাচীন সভ্যতা** দুটি শব্দ।
**প্রাচীন সমাজ** দুটি শব্দ।
**প্রাচীন সাহিত্য** দুটি শব্দ।
**প্রাণচঞ্চল** বিণ. একটি শব্দ। বি. **প্রাণচাঞ্চল্য**।
**প্রাণপ্রতিষ্ঠা** বিশেষ্য হিসাবে একটি শব্দ। পরে 'করা' কিংবা 'হওয়া' ক্রিয়া থাকলে **প্রাণ প্রতিষ্ঠা করা** কিংবা **প্রাণপ্রতিষ্ঠা করা** ; **প্রাণ প্রতিষ্ঠা হওয়া**।
**প্রাণবায়ু, প্রাণশক্তি, প্রাণস্পন্দন**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**প্রাণান্তকর** ও **প্রাণান্তিক** সমার্থক শব্দ। **প্রাণান্তক** বিরল।
**প্রাণিজ** -ণী- নয়।

**প্রাণী, প্রাণীরা, প্রাণীদের** কিন্তু **প্রাণিজগৎ, প্রাণিবিদ্যা, প্রাণিহত্যা** ।

**প্রাতঃক্রিয়া, প্রাতঃপ্রণাম, প্রাতঃস্নান, প্রাতঃস্মরণীয়** ।

**প্রাতরাশ** । 'প্রাতঃরাশ' নয় ।

**প্রাতর্ভোজন, প্রাতর্ভ্রমণ** ।

**প্রাদুর্ভাব** মন্দ বা ক্ষতিকর ঘটনা বা বিষয়ের বহুল বা ব্যাপক আবির্ভাব । কেবল মন্দার্থেই ব্যবহার্য । উদা.— কলেরার প্রাদুর্ভাব, মশার প্রাদুর্ভাব ।

**প্রাপ্তিসংবাদ** একটি শব্দ ।

**প্রাপ্তিস্বীকার** একটি শব্দ ।

**প্রায়** বিশেষণ পদের আগে বসলে পৃথকভাবে লেখ্য—**প্রায় অন্ধ, প্রায় বন্ধ** । সমাসে পরপদে থাকলে সমাসবদ্ধভাবে লেখ্য—**ধ্বংসপ্রায়, লুপ্তপ্রায়** ।

**প্রার্থনীয়** প্রার্থনার যোগ্য, যা প্রার্থনা করা উচিত । 'পরীক্ষা প্রার্থনীয়' ভুল প্রয়োগ । এক্ষেত্রে **প্রার্থিত** যথার্থ প্রয়োগ ।

**প্রিজার্ভ** preserve.

**প্রিন্ট** print. **প্রিন্টার** । **প্রিন্টিং** ।

**প্রিন্সেপ, জেমস** James Prinsep 1799-1839. ইংরেজ ভারততত্ত্ববিদ, অশোকের লিপির পাঠোদ্ধারকর্তা ।

**প্রিফেক্ট** prefect.

**প্রিয়ংকর** -ঙ্কর বিকল্প, তবে বর্জনীয় ।

**প্রিয়ংবদা** -ম্বদা নয় ।

**প্রিয়্যাম্বল** preamble.

**প্রি-র‍্যাফেলাইট** Pre-Raphaelite উনিশ শতকের শেষার্ধে ইংল্যান্ডে মূলত হান্ট ও রসেটি-প্রবর্তিত শিল্প-সাহিত্যের ধারাবিশেষ ।

**প্রিস্টলি, জন বয়নটন** John Boynton Priestley জন্ম 1894-1984. 'প্রিস্টলে' নয় ।

**প্রীতি উপহার** দুটি শব্দ, অসংলগ্ন সমাস ।

**প্রীতিভোজ, প্রীতিভোজন, প্রীতিসম্ভাষণ, প্রীতিসম্মেলন** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য ।

**প্রুদঁ, পিয়ের ঝসেফ** Pierre Joseph Proudhon 1809-1865. ফরাসি রাষ্ট্রতাত্ত্বিক ও সাংবাদিক ।

**প্রুফ** প্রূ- নয় ।

**প্রুস্ত, মার্সেল** Marcel Proust 1871-1922. ফরাসি ঔপন্যাসিক ।

**প্রেজেন্ট** present. **প্রেজেন্টেশন** presentation.

**প্রেমচন্দ, মুনশি** ১৮৮০-১৯৩৬ । 'প্রেমচাঁদ' নয় ।

**প্রেমদাস, রণসিংহে** শ্রীলঙ্কার রাজনীতিবিদ । রোমান হরফে প্রতিবর্ণীকরণের অনুসরণে 'প্রেমদাসা' নয় ।

**প্রেমেন্দ্র মিত্র** ১৯০৪-১৯৮৮ ।

**প্রেশার** pressure.

**প্রেসবিটারিয়ান** Presbyterian. মূল উচ্চারণ প্রেজ্‌বিটেয়ারিয়ান হলেও বাংলায় **প্রেসবিটারিয়ান** লেখ্য ।

**প্রোক্টর** proctor.

**প্রোগ্রাম** কিংবা **প্রোগ্র্যাম** programme.

**প্রোজ্জ্বল** বিশেষভাবে উজ্জ্বল, প্র+উজ্জ্বল । -জ্ব- নয় ।

**প্রোটিন** protein. -টী- নয় ।

**প্রোটেস্টান্ট** দ্র **প্রটেস্টান্ট** ।

**প্রোটোকল** protocol. কূটনৈতিক রীতি বা আচরণ-বিধি ।

**প্রোটোটাইপ** prototype. মূল রূপ, আদিরূপ ।

**প্রোটোপ্ল্যাজম** protoplasm. প্রাণকোষের মূল উপাদান । -প্লা- নয় ।

**প্রোবেট** probate.

**প্রোসিনিয়াম** proscenium. প্রসে- নয় ।

**প্র্যাকটিস** practice, practise. -ক্টি- নয় ।

**প্র্যাগমেটিজম** pragmatism.

**প্র্যাগম্যাটিক** pragmatic.

**প্লঁবিয়ের** Plombieres ফরাসি শহর । সম্পূর্ণ নাম প্লঁবিয়ের-লে-ব্যাঁ Plombières-les-Bains.

**প্লবতা** buoyancy (পরি.) ।

**প্লাইউড** plywood.

**প্লাকার্ড** দ্র **প্ল্যাকার্ড** ।

**প্লাটফর্ম** দ্র **প্ল্যাটফর্ম** ।

**প্লান্ট** plant প্ল্যা- নয় ।

**প্লান্টাজেনেট** দ্র **প্ল্যান্টাজেনেট** ।

**প্লাবী** বিণ. প্লাবনকারী । বি. **প্লাবিতা** ।

**প্লাস্টার** plaster.

# প ◆ ফ

**প্লাস্টিক** কিংবা **প্ল্যাস্টিক** plastic.
**প্লিডার** pleader. প্লী- নয়।
**প্লিমথ** Plymouth. 'প্লাইমাউথ' নয়।
**প্লীহা** প্লি- নয়।
**প্লেটুন** platoon. লেফটেনান্টের অধীনস্থ সেনাদলবিশেষ ; একই উদ্দেশ্য সাধনের জন্য কর্মরত দল।
**প্লেটো** Plato গ্রিক দার্শনিক। কিংবা **প্লাতো**।
**প্লেন** plane; plain. 'প্লেইন' নয়।
**প্লেবিসিট** plebiscite গণভোট। 'প্লেবিসাইট' বিরল।
**প্ল্যাকার্ড** placard. প্লা- নয়।
**প্ল্যাজমা** plasma. প্লা- নয়।
**প্ল্যাটফর্ম** platform. প্লাট- নয়।
**প্ল্যানেট** planet. **প্ল্যানেটারিয়াম** planetarium.
**প্ল্যান্টাজেনেট** Plantagenet. ইংল্যান্ডের রাজবংশবিশেষ। প্লান্টা- নয়।

◆

**ফইজত** ঝগড়া-বিবাদ ; ঝঞ্ঝাট। -ৎ নয়।
**ফকির** -কী- নয়।
**ফক্কড়, ফক্কড়ি**। কথ্য **ফক্কুড়ি**।
**ফজলুল হক, আবুল কাসেম** ১৮৭৩-১৯৬২, অবিভক্ত বাংলা ও পূর্ব পাকিস্তানের জননেতা।
**ফজ্জা** Foggia. দক্ষিণ ইতালির শহর।
**ফটকাবাজ** দ্র **ফাটকা**।
**ফটোগ্রাফ** দ্র **ফোটোগ্রাফ**।
**ফড়কে, বাসুদেও বলবন্ত** মরাঠি জাতীয়তাবাদী নেতা। 'ফাড়কে' নয়।
**ফড়িং** -ঙ নয়। **ফড়িঙের** 'ফড়িং-এর' নয়, 'ফড়িং-য়ের' নয়।
**ফণী**, কিন্তু **ফণিনী**।
**ফণীমনসা, ফণীশ্বর**।
**ফণীশ্বরনাথ রেণু** ১৯২১-১৯৭৭ হিন্দি সাহিত্যিক, প্রকৃত নাম ফণীন্দ্রনাথ মুখোপাধ্যায়, বিখ্যাত গ্রন্থ 'ময়লা আঁচল'।
**ফপরদালাল** দ্র **ফোপরদালাল**
**ফরওয়ার্ড** কিংবা **ফরওআর্ড**। 'ফরোয়ার্ড' নয়।
**ফরদাফাঁই** ফর্দা- নয়।
**ফরমায়েশ** কিংবা **ফরমাশ**। কিন্তু বিশেষণে সচরাচর **ফরমায়েশি**।
**ফরসা** -র্সা নয়।
**ফরাকত** বিচ্ছেদ ; ছাড়াছাড়ি। -ৎ নয়।
**ফতেহ্ দোয়াজ দাহাম**।
**ফরাসি** -সী নয়, -শী নয়, -শি নয়।
**ফরিয়াদি** -দী বর্জিত।
**ফর্মা**। 'ফরমা' নয়।
**ফলত** ফলস্বরূপ। -তঃ বর্জিত।
**ফলিত জ্যোতিষ** দুটি শব্দ। অনুরূপভাবে **ফলিত বিজ্ঞান** দুটি শব্দ।
**ফল্গুনী** যুগ্ম নক্ষত্র।
**ফসলি, দো-ফসলি**। -লী নয়।
**ফাইফরমাশ** একটি শব্দ।
**ফাউন্ড্রি** foundry.
**ফাংশন** function.
**ফাঁকা আওয়াজ** দুটি শব্দ।
**ফাঁড়ি** -ড়ী নয়।
**ফাঁসি** -সী নয়।
**ফাটকা** -ট্- নয়।
**ফারেনহাইট, গ্যাব্রিয়েল ড্যানিয়েল** Gabriel Daniel Fahrenheit 1686-1736. জার্মান পদার্থবিজ্ঞানী। 'ফারেনহিট' নয়।
**ফার্নেস** furnace. 'ফারনেস' নয়।
**ফার্মেসি** pharmacy.
**ফাশিবাদ** fascism. ফ্যাশি- নয়, ফ্যাসি- নয়।
**ফি** fee. 'ফী' নয়।
**ফিকটে, ইয়োহান** Johann Fichte 1762-1814. জার্মান দার্শনিক।
**ফিজিয়োলজি** physiology. ফিজিও- নয়।
**ফিটসজেরাল্ড, এডওআর্ড** Edward FitzGerald 1809-1883. ইংরেজ কবি ও অনুবাদক। 'ফিটজেরাল্ড' নয়।
**ফিরত, ফিরব, ফিরল** -তো, -বো, -লো নয়।

# ফ

**ফিরোজশাহ মেটা** ১৮৪৮-১৯১৫ জাতীয়তাবাদী, ভারতের জাতীয় কংগ্রেসের অন্যতম প্রতিষ্ঠাতা ।

**ফিলটার** filter. -ল্টা- নয় ।

**ফিলাম** phylum. 'ফাইলাম' নয় ।

**ফিল্ড** field. 'ফিলড' নয় ।

**ফিল্ড গ্লাস** field glass. দুটি শব্দ ।

**ফিল্ড মার্শাল** field marshal. দুটি শব্দ ।

**ফিল্ডিং, হেনরি** Henry Fielding 1707-1754. ইংরেজ ঔপন্যাসিক ।

**ফিল্ম** film.

**ফিস্ট**১ fist -ষ্ট নয় ।

**ফিস্ট**২ feast. ফী- নয়, -ষ্ট নয় ।

**ফুকো, ঝাঁ ব্যের্নার লেয়ঁ** Jean Bernard Leon Foucault 1819-1868. ফরাসি পদার্থবিজ্ঞানী ।

**ফুঙ্গি** ব্রহ্মদেশীয় বৌদ্ধ পুরোহিত । -ঙি নয় ।

**ফুটপাত, ফুটপাথ** দ্বিতীয়টি মূলানুগ, প্রথমটি বাংলা শব্দ হিসাবে অধিকতর প্রচলিত ।

**ফুটবোর্ড** footboard. পাদানি ।

**ফুৎকার** -ত- নয় ।

**ফুরসত** -ৎ নয় ।

**ফুলটন, রবার্ট** Robert Fulton 1765-1815 মার্কিন প্রযুক্তিবিদ ও উদ্‌ভাবক ।

**ফুলসক্যাপ** foolscap. -স্ক্যাপ নয়, -সকেপ নয় ।

**ফুলার, রয়** Roy Fuller জন্ম 1912. ইংরেজ কবি ।

**ফুসকুড়ি** -রি নয়, -স্কু- নয় ।

**ফেকাসে, ফেকাশে** দ্র **ফ্যাকাশে** ।

**ফেচাং** দ্র **ফ্যাচাং** ।

**ফেণী, ফেণীবাতাসা** যথাক্রমে **ফেনি** ও **ফেনিবাতাসা**-র বর্জিত বানান ।

**ফেনায়মান** -ণ নয় ।

**ফেনি** বড় বাতাসাবিশেষ । **ফেনিবাতাসা** একটি শব্দ ।

**ফেব্রুআরি** -য়া- নয় ।

**ফেরত** -ৎ নয় ।

**ফেরভুর্ট, হেনড্রিক** Hendrik Verwoerd 1901-1966. দক্ষিণ আফ্রিকার রাজনীতিবিদ ।

**ফেরারি** -রী নয় । উদা.— ফেরারি আসামি ।

**'ফেরারি ফৌজ'** প্রেমেন্দ্র মিত্রের কাব্যগ্রন্থ (১৯৪৮) ।

**ফেরেববাজ, ফেরেববাজি** । ফেরেপ- নয় ।

**ফেরেশতা** দেবদূত । -স্তা নয়, -শ্‌- নয় ।

**ফেল্লিনি, ফেদেরিকো** Federico Fellini জন্ম 1920. ইতালীয় চলচ্চিত্রস্রষ্টা La Dolce Vita, La Strada প্রভৃতির নির্মাতা ।

**ফেসাদ** দ্র **ফ্যাশাদ** ।

**ফৈয়াজ খাঁ** ১৮৮৬-১৯৫০ আগ্রা ঘরানার যশস্বী সংগীতজ্ঞ ।

**ফোঁড়া** কিংবা **ফোড়া** স্ফোটক ; ফুটো করা ।

**ফোটো, ফোটোগ্রাফ** । 'ফটো' নয় ।

**ফোপরদালাল** কিংবা **ফোঁপরদালাল** । ফপর- নয় ।

**ফোর্ট** fort. **ফোর্ট উইলিয়াম** 'ফর্ট' মূলানুগ হলেও বাংলা শব্দ হিসাবে **ফোর্ট** গ্রহণীয় । অনুরূপভাবে **ফোর্স** force, 'ফর্স' নয় ।

**ফৌজি** -জী নয় ।

**ফ্যাঁকড়া** ফেঁ- নয় ।

**ফ্যাঁসফ্যাঁস** কিন্তু **ফ্যাঁসফেঁসে** ।

**ফ্যাকাশে** ফে- নয়, -সে নয় ।

**ফ্যাক্টর** factor. **ফ্যাক্টরি** factory.

**ফ্যাচাং** ফে- নয় ।

**ফ্যারাডি, মাইকেল** Michael Faraday 1791-1867. ইংরেজ বিজ্ঞানী । 'ফ্যারাডে' নয় ।

**ফ্যালফ্যাল** । 'ফেলফেল' বর্জিত ।

**ফ্যাশন** ফে- নয়, -শা- নয় ।

**ফ্যাশাদ** ফে- নয়, -সা- নয় ।

**ফ্যাশান** দ্র **ফ্যাশন** ।

**ফ্যাশিবাদ** দ্র **ফাশিবাদ** ।

**ফ্রয়বেল, ফ্রিডরিখ** Friedrich Froebel 1782-1852 জার্মান শিক্ষাতাত্ত্বিক ।

**ফ্রস্ট, রবার্ট** Robert Frost 1874-1963. মার্কিন কবি ।

**ফ্রাই, ক্রিস্টোফার** Christopher Fry জন্ম 1907. ইংরেজ নাট্যকার ।

**ফ্রাঁস, আনাতল** Anatole France 1844-1924. ফরাসি কবি ও পণ্ডিত, প্রকৃত নাম আনাতল-ফ্রাঁসোয়া তিবো Anatole Francois

Thibault.

**ফ্রাঞ্চেস্কা, পিয়েরো দেল্লা** Piero della Francesca 1416-1492. ইতালীয় চিত্রশিল্পী।

**ফ্রান্স** France. 'ফ্রানস' নয়।

**ফ্রান্সিস, সার ফিলিপ** Sir Philip Francis 1740-1818. ভারতে ব্রিটিশ রাজকর্মচারী।

**ফ্রান্সিসকান** Franciscan. সেন্ট ফ্রান্সিসের মত অনুসরণকারী খ্রিস্টান যাজক সম্প্রদায়।

**ফ্রি** free. 'ফ্রী' নয়। **ফ্রি-চার্চ, ফ্রি-কিক, ফ্রি-ভার্স, ফ্রিম্যান**।

**ফ্রিগেট** কিংবা **ফ্রিগিট** frigate. অপেক্ষাকৃত ছোট রণতরিবিশেষ।

**ফ্রেঞ্চ**। 'ফেনচ' নয়।

**ফ্রেম**। 'ফ্রেইম' নয়।

**ফ্রেস্কো** fresco. দেওয়ালচিত্র ; ভিত্তিচিত্র।

**ফ্র্যাকচার** fracture.

**ফ্র্যাংকো-জার্মান** Franco-German.

**ফ্র্যাংকো-রুশ** Franco-Russian.

**ফ্র্যানশাইজ** franchise. ভোটাধিকার। 'ফ্যাঞ্চাইজ' নয়।

**ফ্লানেল** দ্র **ফ্ল্যানেল**।

**ফ্লি** flea. 'ফ্লী' নয়।

**ফ্লিট** fleet. 'ফ্লীট' নয়।

**ফ্লেমিংগো** flamingo. ফ্ল্যা- নয়, ফ্লা- নয়।

**ফ্ল্যানেল** flannel. ফ্লা- নয়।

◆

**বই কী**। 'বইকি', 'বৈকি' নয়।

**বউ, বউদি, বউমা**। 'বৌ' নয়।

**বংকিম** বাঁকা। -ঙ্কি- নয়। দ্র **বঙ্কিম**।

**বংগ** দ্র **বঙ্গ**।

**বংশকৌলীন্য** একটি শব্দ। অনুরূপভাবে, **বংশগৌরব, বংশতিলক, বংশধারা, বংশপরিচয়, বংশবৃদ্ধি, বংশমর্যাদা**।

**বংশাবলি** -লী নয়।

**বঁইচি** ছোট ফলবিশেষ। 'বৈঁচি' নয়।

**বঁড়শি** -শী বর্জিত।

**বকধার্মিক** একটি শব্দ, 'বক ধার্মিক' নয়।

**বকর ইদ** কিংবা **বকরিদ** -ঈদ নয়, -রীদ নয়।

**বকশিশ** -খ- নয়, -শী- নয়।

**বঙ্কিম** দ্র **বংকিম**। অপ্রয়োজনীয় হলেও নামের ক্ষেত্রে **বঙ্কিম**। অন্যত্র **বংকিম**।

**বঙ্গ**। 'বংগ' নয়।

**'বঙ্গদর্শন'** বঙ্কিমচন্দ্র সম্পাদিত (১৮৭২) সাময়িকপত্র।

**'বঙ্গবিজেতা'** রমেশচন্দ্র দত্ত রচিত ঐতিহাসিক উপন্যাস (১৮৭৪)।

**বটগাছ** একটি শব্দ। অনুরূপভাবে, **বেলগাছ, জামগাছ, আমগাছ**। কিন্তু **জামরুল গাছ, নারকেল গাছ**।

**বড়** -ড়ো নয়।

**বড়মানুষি** বড়লোকের মতো ভাব। -ষী নয়।

**বড়োদা** গুজরাতের শহর, Baroda. 'বরোদা' নয়।

**বত্তিচেল্লি, সান্দ্রো** Sandro Botticelli 1440?—1510. ইতালীয় চিত্রশিল্পী।

**বদমায়েশ** দ্র **বদমাশ**।

**বদমায়েশি** কিংবা **বদমাশি**। -সী, -সি, -শী নয়।

**বদমাশ, বদমায়েশ** প্রথমটি অধিকতর প্রচলিত।

**বদরুদ্দিন তায়েবজি** ১৮৪৪-১৯০৬, জাতীয়তাবাদী নেতা, ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম যুগের নেতাদের অন্যতম।

**বদলি** -লী বর্জিত।

**বধূ** স্ত্রী, পত্নী। -ধু নয়।

**বধূবরণ, বধূহত্যা** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।

**বনফুল** ১৮৯৯-১৯৭৯ কথাসাহিত্যিক, প্রকৃত নাম বলাইচাঁদ মুখোপাধ্যায়।

**বনফোয়া, ইভ** Yves Bonnefoy জন্ম 1923. ফরাসি কবি।

**বনসাই** মূল অর্থ—ছোট গাছের চাষের জাপানি পদ্ধতি। বাংলায় প্রচলিত অর্থ—ঘরের ভিতর

গাছের চাষ।

**বনিয়াদ** দ্র **বুনিয়াদ**।

**বন্দি** আটক। -ন্দী নয়।

**বন্দী** বন্দনাকারী। -ন্দি নয়।

**বন্দেমাতরম্** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত (১৮৭৫) সংগীত।

**বন্দেমাতরম** Bandemataram. বিপিনচন্দ্র পাল সম্পাদিত (১৯০৬) ইংরেজি দৈনিকপত্র।

**বয়ঃকনিষ্ঠ** কিন্তু **বয়োজ্যেষ্ঠ, বয়োবৃদ্ধ**।

**বরগা**[1] (তু. **কড়িবরগা**)। 'বর্গা' নয়।

**বরগা**[2] ভাগচাষ অর্থে। দ্র **বর্গা**।

**বরগি** কিংবা **বর্গি**। < ফা. বার্‌গির। -গী নয়, -র্গী নয়। অষ্টাদশ শতকের প্রথমার্ধে বাংলায় হামলাকারী মরাঠি দস্যুদল।

**বরণ** সাদরে গ্রহণ, সংবর্ধনা। 'বরন' নয়।

**বরন** বর্ণ-র কোমল ও আঞ্চ. রূপ। -ণ নয়।

**বরনি** দ্র **জিয়াউদ্দিন বরনি**।

**বরবর্ণিনী** রমণীয়া বা শ্রেষ্ঠা নারী।

**বরবুদুর** Barabudur. নবম শতকে জাভায় নির্মিত বিখ্যাত বৌদ্ধ মন্দির। 'বোরোবুদুর' নয়।

**বরহেস, লুইস হরহে** Luis Jorge Borges 1899-1986. আরজেন্তিনীয় লেখক।

**বরিষ্ঠ** শ্রেষ্ঠ। কিন্তু **বরীয়ান্**।

**বরুয়া** অসমিয়া পদবি। 'বড়ুয়া' নয়।

**বর্গমিটার** একটি শব্দ। অনুরূপভাবে, **বর্গমাইল, বর্গসেন্টিমিটার**।

**বর্গা**। **বরগা**[2]- এর বানানভেদ।

**বর্গি** দ্র **বরগি**।

**বর্জা, চেজারে** Cesare Borgia 1476-1507. ইতালীয় যাজক ও শিল্পসংস্কৃতির পৃষ্ঠপোষক। 'সেজারে' নয়, 'বর্জিয়া' নয়।

**বর্ডার** border. 'বরডার' নয়।

**বর্ণবিপর্যয়** একটি শব্দ।

**বর্ণালি** spectrum. -লী নয়।

**'বর্তমান ভারত'** স্বামী বিবেকানন্দ রচিত গ্রন্থ।

**বর্ষাতি**[1] ছাতা বা ওআটারপ্রুফ কোট। -তী নয়।

**বর্ষাতি**[2] বিণ. বর্ষাকালে উৎপন্ন হয় এমন। উদা.— বর্ষাতি ধান, বর্ষাতি ফসল। -তী নয়।

**বর্ষীয়সী**।

**বল্‌গা** কিংবা **বল্গা**। 'বলগা' নয়।

**বলটিমোর** Baltimore. বালটি- নয়।

**বলবিদ্যা** mechanics (পরি.)। কিন্তু **বল** force.

**'বলাকা'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ (১৯১৬)।

**বলিয়ে-কইয়ে** কিংবা **কইয়ে-বলিয়ে**।

**বলোনিয়া** Bologna. উত্তর ইতালির প্রদেশ। 'বলোগ্‌না' নয়।

**বল্লভভাই পটেল** ১৮৭৫-১৯৫০ স্বাধীনতা-সংগ্রামী, স্বাধীন ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী। 'প্যাটেল' নয়।

**বল্লালসেন** দ্বাদশ শতকে বাংলার সেনবংশীয় রাজা, শিল্পসংস্কৃতির পৃষ্ঠপোষক ও স্বয়ং লেখক।

**বসন্তী** পীত বা হলদে রং। **বাসন্তী** সমার্থক শব্দ।

**বসুবন্ধু** খ্রিস্টীয় পঞ্চম শতকের বৌদ্ধ দার্শনিক।

**বস্ত্রহরণ** একটি শব্দ।

**বহুদূরবর্তী** একটি শব্দ।

**বাইকাল হ্রদ** Baikal, Baykal. 'বৈকাল' নয়।

**বাংলা**। 'বাঙলা' নয়। 'বাঙ্গলা', 'বাঙ্গালা' বর্জিত।

**বাঁধাধরা** কিংবা **ধরাবাঁধা**।

**বাক্‌পটু, বাক্‌বিতণ্ডা, বাক্‌রোধ, বাক্‌শক্তি, বাক্‌সিদ্ধ, বাক্‌সর্বস্ব, বাক্‌স্বাধীনতা**। প্রতিটিতে হস্‌চিহ্ন অপরিহার্য।

**বাকি** -কী নয়।

**বাকুনিন, মিখাইল** Mikhail Bakunin 1814-1876. রুশ বিপ্লবী।

**বাখ, ইয়োহান সেবাস্টিয়ান** Johann Sebastian Bach 1685-1750. জার্মান সংগীতস্রষ্টা।

**বাগ্‌দান, বাগ্‌ধারা**। হস্‌চিহ্ন আবশ্যিক।

**বাগিচা** plantation (পরি.); বাগান। -গী- নয়।

**বাগীশ্বর**। 'বাগেশ্বর' নয়। অনুরূপভাবে, **বাগীশ্বরী**।

**বাগ্দেবী** কিংবা **বাগ্‌দেবী**।

**বাগ্মী**। কিন্তু **বাগ্মিতা**।

# ব

**বাঘবন্দি**। -ন্দী নয়।
**বাঙ্‌নিষ্ঠ, বাঙ্‌নিষ্পত্তি, বাঙ্‌ময়**। হস্‌চিহ্ন আবশ্যিক।
**বাঙ্‌ময়** কিংবা **বাঙ্ময়**।
**বাঙালি** -লী নয়, 'বাঙ্গালি' নয়।
**বাঙালিপ্রীতি** একটি শব্দ। অনুরূপভাবে, **বাঙালিবিদ্বেষ, বাঙালিভীতি**।
**বাচ্চা-ঘোড়া** হাইফেন আবশ্যিক। অনুরূপভাবে, **বাচ্চা-মোষ, বাচ্চা-শুয়োর, বাচ্চা-হাতি**।
**বাছবিচার**। বাচ- নয়।
**বাণভট্ট** খ্রিস্টীয় ৭ম শতকের অন্যতম শ্রেষ্ঠ গদ্যগ্রন্থ লেখক, 'হর্ষচরিত' ও 'কাদম্বরী'-র রচয়িতা।
**বাতাই, জর্জ** Georges Bataille 1897-1962 ফরাসি লেখক।
**বাদল (বদল) খাঁ** ১৮৩৪-১৯৩৭ ? পাতিয়ালা ঘরানার যশস্বী সংগীতজ্ঞ।
**বাদলশেষ, বাদলশেষে**। অনুরূপভাবে, **বেলাশেষ, বেলাশেষে**।
**বাদশা** কিংবা **বাদশাহ**।
**বাদশা খান** দ্র **আবদুল গফ্‌ফর খান**।
**বাদশাজাদি** -দী নয়।
**বাদাহথ** Badajoz. দক্ষিণ-পশ্চিম স্পেনের শহর। 'বাদাজজ' নয়।
**বাধোবাধো** -ধ নয়। হাইফেন নয়।
**বানি** গয়না তৈরির মজুরি। 'বাণী' নয়, 'বানী' নয়, 'বাণি' নয়।
**বাপতা**। **বাফতা** মার্জিত রূপ। < ফা. বাফ্‌তা।
**বাপ-মা, বাপ-পিতামহ, বাপ-দাদা**। অনুরূপভাবে, **মা-বাপ**।
**বামন** খ্রিস্টীয় অষ্টম-নবম শতকের সংস্কৃত কবি, কাশ্মীররাজ জয়াপীড়ের সভাকবি।
**বায়রন, জর্জ গর্ডন** George Gordon Byron 1788-1824 ইংরেজ কবি।
**বায়ুমণ্ডল** atmosphere.
**বারনার্ড** Bernard. কিংবা **বার্নার্ড**।
**বারনাল, জন ডেসমন্ড** John Desmond Barnal 1901-1971 ইংরেজ বিজ্ঞানী ও লেখক, J.D. Barnal নামে প্রসিদ্ধ।
**বারীন্দ্রকুমার ঘোষ** ১৮৮০-১৯৫৯। বিপ্লবী, অরবিন্দ ঘোষের অনুজ।
**বারো** ১২ সংখ্যা। 'বার' বর্জিত।
**বারোহা ই নেস্‌সি, পিয়ো** Pio Baroja y Nessi 1872-1956 স্পেনীয় ঔপন্যাসিক।
**বার্কলি** Berkeley. মার্কিন যুক্তরাষ্ট্রের শহর। 'বার্কলে' নয়।
**বার্কলি, জর্জ** George Berkeley 1685-1753. আইরিশ দার্শনিক।
**বার্ত, রলাঁ** Roland Barthes 1915-1980. ফরাসি লেখক।
**বার্নিশ** কিংবা **বারনিশ** < ইং varnish.
**বার্লিন** Berlin. 'বারলিন' নয়।
**বার্লিন, আইজাইয়া** Isaiah Berlin জন্ম 1915 ইংরেজ লেখক।
**বালখিল্য** অঙ্গুলিপ্রমাণ ষাট হাজার পৌরাণিক ঋষি। অন্য অর্থ—শিশু বা ক্ষুদ্রকায়।
**বালগঙ্গাধর টিলক** দ্র **টিলক**।
**বালটিমোর** দ্র **বলটিমোর**।
**বালব** কিংবা **বাল্‌ব্‌** bulb. 'বাল্ব' নয়।
**বালাপোশ** -পোষ নয়।
**বালেশ্বর** ওড়িশার উত্তর-পূর্ব প্রান্তস্থ শহর ও জেলা। ইংরেজি নাম Balasore.
**বাল্মীকি** একাধিক বিকল্প বানান থাকলেও এটিই গ্রহণীয়।
**বাসন্তী**[১] দ্র **বসন্তী**।
**বাসন্তী**[২] দুর্গা।
**বাসি** পর্যুসিত। -সী নয়।
**বাসুকি** নাগরাজ। -কী নয়।
**বাহ্‌রেন** Bahrain. পারস্য উপসাগরীয় অঞ্চলের দেশ, রাজধানী অল মানামা Al Manama.
**বিউরি** Bury ইংরেজের পদবির ক্ষেত্রে। 'বেরি' নয়।
**বি এসসি** কিংবা **বি. এসসি**। 'বি. এস. সি' নয়।
**বিংশ শতাব্দ** কিংবা **বিংশ শতাব্দী** পৃথকভাবে লেখ্য।
**বিকীর্যমান** বিকীর্ণ হচ্ছে এমন। -মাণ নয়।
**'বিক্রমাঙ্কদেবচরিত'** দ্র **বিহ্লণ**।
**বিচার-বিবেচনা** হাইফেন অপরিহার্য।

# ব

**বিজন ভট্টাচার্য** ১৯১৭-১৯৭৮ নাট্যকার, অভিনেতা ও নাট্য-নির্দেশক, 'নবান্ন'-র রচয়িতা।

**বিট** beatroot. 'বীট' নয়।

**বিটন, জন ড্রিংকওআটার** John Drinkwater Bethune 1801-1851. আইনজ্ঞ, ভারতে শিক্ষাসংস্কারে আগ্রহী ভারতপ্রেমিক। 'বেথুন' প্রচলিত হলেও ভুল।

**বিঠোফেন, লুটভিগ ফন** Ludwig von Beethoven 1770-1827. জার্মান সংগীতস্রষ্টা।

**বিদুষী** -দূ- নয়।

**বিদেশি** বিদেশ+বাং. ই। -শী নয়।

**বিদ্যাপতি** পঞ্চদশ শতকের মৈথিলি কবি, পদাবলির রচয়িতা।

**বিদ্যাবুদ্ধি** একটি শব্দ, হাইফেন নয়।

**বিদ্যোৎসাহিনী সভা** কালীপ্রসন্ন সিংহ স্থাপিত (১৮৫০)।

**বিদ্যোৎসাহিনী পত্রিকা** কালীপ্রসন্ন সিংহ স্থাপিত (১৮৫৫)।

**বিদ্রূপ** সংস্কৃত শব্দ নয়। কাজেই দীর্ঘ-ঊকার আবশ্যিক নয়।

**বিধবাবিবাহ** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**বিধর্মী** সংস্কৃত ব্যাকরণের নিয়মে অশুদ্ধ হলেও বাংলা শব্দ হিসাবে গ্রহণীয়।

**বিধানচন্দ্র রায়** ১৮৮২-১৯৬২।

**বিধিনিষেধ** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়। অনুরূপভাবে, **বিধিবিধান**।

**বিধিবহির্ভূত** একটি সমাসবদ্ধ শব্দ। অনুরূপভাবে, **বিধিমতো**, **বিধিসংগত**, **বিধিসম্মত**।

**বিনয়কুমার সরকার** ১৮৮৭-১৯৪৯ সমাজতাত্ত্বিক ও অর্থনীতিবিদ।

**'বিনয়পিটক'** বৌদ্ধ শাস্ত্রগ্রন্থ, ত্রিপিটকের প্রথমটি।

**বিনা আয়াসে, বিনা কাজে, বিনা কারণে, বিনা দরকারে, বিনা প্রয়োজনে, বিনা বাক্যব্যয়ে, বিনা বাধায়, বিনা বিচারে** প্রতিটি পৃথকভাবে লেখ্য। কিন্তু **বিনামূল্যে** ও **বিনাযুদ্ধে** একটি শব্দ হিসাবে লেখ্য।

**বিনায়ক দামোদর সাভারকর** দ্র **সাভারকর**।

**বিনোদবিহারী মুখোপাধ্যায়** ১৯০৪-১৯৮০ চিত্রশিল্পী।

**বিপণন** পণ্য বিক্রয়ের ব্যবস্থা, markcting.

**বিপণি** দোকান। 'বিপণী' বিকল্প বানান, কিন্তু পরিহার্য।

**বিপৎকাল**। 'বিপদকাল' নয়। অনুরূপভাবে, **বিপৎপাত, বিপৎসংকুল, বিপৎসীমা**।

**বিপদসংকুল, বিপদসীমা** ব্যাকরণের নিয়মে অশুদ্ধ হলেও প্রচলিত।

**বিপাক** metabolism (পরি.)। হজম অর্থে ভুল প্রয়োগ।

**বিপাশা** সিন্ধুনদীর শাখাবিশেষ, Beas.

**বিপিনচন্দ্র পাল** ১৮৫৮-১৯৩২ জাতীয়তাবাদী নেতা, কংগ্রেসের চরমপন্থী আন্দোলনের অন্যতম হোতা।

**বিপ্রতীপ** বিপরীত ; প্রতিকূল।

**বিবদমান**। 'বিবাদমান' নয়।

**বিবাগি** উদাসীন ; সংসারত্যাগী। বাংলা শব্দ, কাজেই -গী নয়।

**বিবাদি** বিবাদ-সম্পর্কিত, যা নিয়ে বিবাদ চলছে এমন। উদা.—বিবাদি সম্পত্তি। < বিবাদ+ই। -দী নয়।

**বিবাহবিচ্ছেদ** একটি শব্দ।

**'বিবাহবিভ্রাট'** অমৃতলাল বসুর নাটক (১৮৮৪)।

**'বিবিধার্থ-সংগ্রহ'** রাজেন্দ্রলাল মিত্র-প্রকাশিত (১৮৫১) ও সম্পাদিত মাসিকপত্র।

**বিবেকানন্দ, স্বামী** ১৮৬৩-১৯০২। প্রকৃত নাম নরেন্দ্রনাথ দত্ত।

**বিবেকী** বিবেকসম্পন্ন। < বিবেক+ইন্। -কি নয়।

**বিভজনীয়** বিভাজ্য। **বিভাজনীয়**-র অপ্র. বিকল্প।

**বিভুঁই** বিদেশ। 'বিভূঁই' নয়।

**বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়** ১৮৯৪-১৯৫০। যশস্বী কথাসাহিত্যিক। 'পথের পাঁচালী', 'আরণ্যক', 'আদর্শ হিন্দু হোটেল' প্রভৃতি রচয়িতা।

**বিভূতিভূষণ মুখোপাধ্যায়** ১৮৯৪-১৯৮৭।

কথাসাহিত্যিক। 'রাণুর প্রথম ভাগ', 'নীলাঙ্গুরীয়' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।
**বিম** beam. 'বীম' নয়।
**বিমনা** আনমনা। 'বিমনাঃ' বর্জিত।
**বিমর্শ** বিশেষ বিচার বা বিবেচনা। বাংলায় অপ্র.।
**বিমর্ষ** বিষণ্ণ।
**বিমা** insurance. 'বীমা' নয়।
**বিয়েপাগলা** একটি শব্দ। অনুরূপভাবে, **বিয়েপাগলি**।
**বিয়োশিয়া** Boeotia. প্রাচীন গ্রিসের প্রদেশ, বর্তমান নাম Voiotia. 'বোয়েশিয়া' নয়।
**বিরলদর্শন** বিণ. যার দেখা পাওয়া যায় না। একটি শব্দ।
**বিরূপাক্ষ** -রু- নয়।
**বিরোধিতা**। কিন্তু **বিরোধী**।
**বিলম্বিত লয়** দুটি পৃথক শব্দ।
**বিলিবর্ন্দোবস্ত** একটি শব্দ।
**বিলিব্যবস্থা** একটি শব্দ।
**বিলিয়ন** billion. ইংল্যান্ড ও আমেরিকায় একশো কোটি অর্থে ব্যবহৃত। ফ্রান্সে ও জার্মানিতে এক লক্ষ কোটি অর্থে।
**বিলিয়ার্ডস** billiards.
**'বিল্বমঙ্গল'** গিরিশচন্দ্র ঘোষ রচিত নাটক।
**বিশাখদত্ত** নবম শতকের সংস্কৃত নাট্যকার, 'মুদ্রারাক্ষস' এর রচয়িতা।
**বিশ্বজগৎ** একটি শব্দ, হাইফেন নয়।
**বিশ্বজিৎ** -ত নয়।
**'বিশ্বপরিচয়'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রবন্ধগ্রন্থ (১৯৩৭)।
**বিশ্ববিধাতা** একটি শব্দ, হাইফেন নয়।
**বিষণ্ণ** -ন্ন নয়। **বিষণ্ণচিত্ত** বিণ. একটি শব্দ।
**বিষমবাহু, বিষমরাশি** প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য। 'বিসম' নয়।
**বিষমীকরণ**। **বিষমীভবন**।
**বিষয়-আশয়** হাইফেন বাঞ্ছিত।
**বিষয়তৃষ্ণা, বিষয়বাসনা, বিষয়বুদ্ধি, বিষয়বৈরাগ্য, বিষয়লালসা**। প্রতিটি একটি শব্দ হিসাবে লেখ্য।
**বিষয়বৈচিত্র্য** একটি শব্দ।
**'বিষাদ-সিন্ধু'** মীর মশাররফ হোসেনের বিখ্যাত গ্রন্থ (১২৯১-৯৭)।
**বিষ্ণু দিগম্বর পলুস্কর** ১৮৭২-১৯৩১ যশস্বী সংগীতজ্ঞ।
**বিষ্ণু দে** ১৯০৯-১৯৮২। রবীন্দ্রোত্তর যুগের যশস্বী কবি। প্রথম কাব্যগ্রন্থ 'উর্বশী ও আর্টেমিস' (১৯৩৩)।
**বিসমার্ক, অটো ফন, প্রিন্স** Otto von Bismarck 1815-1898. প্রথমে প্রুশিয়ার প্রধানমন্ত্রী ও পরে ঐক্যবদ্ধ জার্মানির চ্যান্সেলর।
**বিসমিল্লা**। 'বিসমিল্লাহ্' বর্ত. অপ্র.।
**'বিসর্জন'** রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক (১৮৯০)।
**বিসূচিকা** রোগবিশেষ। -সু- নয়।
**বিস্ফোরণ** -স্ফো- নয়।
**বিস্ময়বিহ্বল, বিস্ময়বিমূঢ়** প্রতিটি একটি শব্দ, একসঙ্গে লেখ্য। 'বিষ্ময়' নয়।
**বিহাগ** দ্র **বেহাগ**।
**বিহারি** বিহারের অধিবাসী। -রী নয়।
**বিহারী** যে বিহার করে। -রি নয়।
**বিহারীলাল চক্রবর্তী** ১৮৩৫-১৮৯৪।
**বিহ্লণ** একাদশ শতকের সংস্কৃত কবি, 'বিক্রমাঙ্কদেবচরিত' কাব্যের রচয়িতা।
**বীজবারক** antiseptic (পরি.)।
**বীজাণু** রোগজীবাণু অর্থে অশুদ্ধ, bacteria ও microbe অর্থে **জীবাণু** সংগত।
**বীট** beetroot. দ্র **বিট**।
**'বীণাবাদিনী'** জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর সম্পাদিত মাসিকপত্র।
**বীথি**। 'বীথী' বিকল্প বানান হলেও পরিহার্য।
**বীমা** দ্র **বিমা**।
**বীরেন্দ্র চট্টোপাধ্যায়** ১৯২০-১৯৮৫, কবি। প্রধান কাব্য 'উলুখড়ের কবিতা', 'বেঁচে থাকার কবিতা', 'এই জন্ম জন্মভূমি', 'আর এক আরম্ভের জন্য'।
**বুকফাটা** বিণ. একটি শব্দ। উদা.— বুকফাটা কান্না।
**বুক বাঁধা** বি. ক্রি. দুটি পৃথক শব্দ।
**বুকভাঙা** বিণ. হৃদয়বিদারক। একটি শব্দ। কিন্তু ক্রিয়া বা বিশেষ্য হলে **বুক ভাঙা**।

# ব

**বুগেনভিলিয়া** bougainvilia. 'বোগেনভিলিয়া' নয়।

**বুঝেশুনে চলা** 'বুঝে শুনে' নয়, 'বুঝে-শুনে' নয়।

**বুটি** -টী নয়।

**বুড়ি** বৃদ্ধা। -ড়ী বর্জিত।

**'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ'** মধুসূদন দত্তের প্রহসন (১৮৬০)।

**বুদ্ধদেব বসু** ১৯০৮-১৯৭৪।

**বুদ্ধিজীবী** -বি নয়।

**বুদ্ধিমতী** -তি নয়।

**বুদ্ধীন্দ্রিয়** -দ্ধি- নয়। < বুদ্ধি+ইন্দ্রিয়।

**বুনিয়াদ, বনিয়াদ** ভিত্তি, basis. প্রথমটি বর্তমানে অধিকতর প্রচলিত।

**বুনিয়াদি** -দী নয়।

**বুনিয়াদি শিক্ষা** Basic Education.

**বুনিয়ান, জন** John Bunyan 1628-1688 ইংরেজ সাহিত্যিক। Pilgrim's Progress এর রচয়িতা।

**বুন্দু খাঁ** ১৮৮০-১৯৫৫ পাতিয়ালা ঘরানার সংগীতজ্ঞ।

**বুমেরাং** boomerang. অস্ট্রেলিয়ার আদিবাসীদের ব্যবহৃত কাঠের তৈরি অর্ধচন্দ্রাকৃতি ক্ষেপণাস্ত্র, লক্ষ্যবস্তুকে আঘাত করার পর ক্ষেপণকারীর কাছে ফিরে আসে, কিন্তু ক্ষেপণকারীকে আঘাত করে না। বাংলায় শব্দটির প্রায়শ ভুল অর্থে প্রয়োগ হয়।

**বুয়েনস আইরেস** Buenos Aires. আরজেন্তিনার রাজধানী। 'এয়ারেস' নয়, 'এয়ার্স' নয়।

**বুর্জোয়া, বুর্ঝোয়া** bourgeois. প্রথমটি অধিকতর প্রচলিত, কিন্তু দ্বিতীয়টি সংগততর।

**বুলিয়ন** bullion. সোনা ও রুপোর পিণ্ড।

**বুলিয়ান অ্যালজেব্রা** Boolean algebra. George Boole (1815-1864) এর নামে প্রবর্তিত বীজগণিতের পদ্ধতি।

**বৃক্ক** kidney (পরি.)। -ক্ব নয়।

**বৃত্তিজীবী** -বি নয়।

**বৃত্তাংশ** sector (পরি.)।

**বৃত্রাসুর** পৌরাণিক অসুরবিশেষ। 'বৃত্তাসুর' নয়।

**বৃন্দাবন দাস** ১৫২০-১৫৯০, চৈতন্য জীবনীকার।

**বৃন্দাবনি সারং** প্রাতঃকালের রাগবিশেষ। 'বৃন্দাবনী' নয়।

**বেআইনি** -নী নয়।

**বেআক্কেল**। 'বেয়াক্কেল' নয়।

**বেআদব**। 'বেয়াদব' নয়।

**বেআদবি** -বী নয়। কিংবা **বেআদপি**।

**বেআবরু** -ব্রু নয়।

**বেইজ্জত** -ৎ নয়।

**বেইমানি** -নী নয়, 'বেঈমানী' নয়।

**বেইরা বাইশা** Beira Baixa দক্ষিণ পর্তুগালের প্রদেশ।

**বেইরুট** দ্র **বেরুট**।

**বেওয়ারিশ** -স নয়।

**বেকন, ফ্রান্সিস** Francis Bacon 1561-1626. ইংরেজ দার্শনিক ও লেখক।

**ব্যেকরেল, আঁরি** Henri Becquerel 1852-1908. ফরাসি পদার্থবিজ্ঞানী।

**বেকিট, স্যামুয়েল** Samuel Beckett 1906-1989. আইরিশ নাট্যকার ও ঔপন্যাসিক। 'বেকেট' নয়, 'শ্যামুয়েল' নয়।

**বেগ** velocity (পরি.)।

**বেগনি, বেগুনি** -নী বর্জিত।

**বেঙ** দ্র **ব্যাং**।

**বেঙ্গমা** দ্র **ব্যাঙ্গমা**।

**বেচারি** -রী নয়।

**বেজি** নকুল। -জী নয়।

**বেটজেম্যান, জন, সার** Sir John Betjeman 1906-1984 ইংরেজ কবি। বিকল্প উচ্চারণ **বেচ্‌ম্যান**।

**বেটি** ব্যাটা-র স্ত্রীলিঙ্গে। -টী নয়।

**বেডেন-পোয়েল, রবার্ট** Robert Baden-Powell 1857-1941 ইংরেজ সেনাধ্যক্ষ, বয়-স্কাউটের প্রতিষ্ঠাতা। 'ব্যাডেন-পাউয়েল' নয়।

**বেড়া-দেওয়া** বিণ. হাইফেন আবশ্যিক। উদা—বেড়া-দেওয়া বাড়ি।

**বেণি, বেণী** দুই বানানই শুদ্ধ, প্রথমটি কম

প্রচলিত হলেও গ্রহণীয়।
**বেতমিজ** অভদ্র। -মী- নয়।
**বেতার নাটক** দুটি পৃথক শব্দ।
**বেতারবার্তা** একটি শব্দ।
**বেতারযন্ত্র** একটি শব্দ।
**বেতারশিল্পী** একটি শব্দ।
**বেথলিহেম** Bethlehem. বর্তমানে জর্ডনের অন্তর্গত শহর। 'বেথলেহেম' নয়, বেথেলহেম' নয়।
**বেথুন, ড্রিংকওআটার** দ্র **বিটন**।
**বেথেলহেম** দ্র **বেথলিহেম**।
**বেদাঙ্গ**। 'বেদাংগ' নয়।
**বেদি, বেদী** বিকল্প বানান, তবে দ্বিতীয়টি এখনও অধিকতর প্রচলিত।
**বেদুইন**। 'বেদুঈন' নয়, 'বেদুয়িন' নয়।
**বেদেনি** বেদের স্ত্রী। -নী নয়।
**বেনামি** -মী নয়।
**বেনারসি** -সী নয়।
**বেনেলুক্স** Benelux. বেলজিয়াম, নেদারল্যান্ডস ও লুক্সেমবুর্গ।
**বেনেশ, এডুয়ার্ট** Eduard Benes 1884-1948. চেখ জাতীয়তাবাদী রাজনীতিবিদ।
**বেভান, অ্যানিউরিন** Aneurin Bevan 1897-1960. ইংরেজ রাজনীতিবিদ।
**বেভারিজ, অ্যালবার্ট জেরিমাইয়া** Albert Jeremiah Beveridge 1862-1927. আমেরিকান ঐতিহাসিক ও রাষ্ট্রতাত্ত্বিক।
**বেভারিজ, লর্ড উইলিয়াম** Lord William Beveridge 1879-1963 ইংরেজ অর্থনীতিবিদ।
**বেভিন, আরনেস্ট** Ernest Bevin 1881-1951. ইংরেজ রাজনীতিবিদ।
**বেয়াদপি** দ্র **বেআদবি**।
**বেয়ারা, বেহারা** প্রথমটি bearer শব্দের অ্যাংলো-ইন্ডিয়ান প্রয়োগ থেকে এসেছে, অর্থ ভৃত্য, পরিচারক। দ্বিতীয়টির অর্থ পালকিবাহক।
**বেরনো**। 'বেরোন' নয়। 'বেরুনো' নিতান্তই কথ্য। **বেরত, বেরল, বেরচ্ছিল**। কিংবা **বেরোনো, বেরোত, বেরোল, বেরোচ্ছিল**।
**বেরুট** Beirut. লেবাননের শহর। 'বেইরুট' নয়।
**বের্গসঁ, আঁরি** Henri Bergson 1859-1941. ফরাসি দার্শনিক। কিংবা **বের্গসন**।
**বেল, আলেকজান্ডার গ্র্যাম** Alexander Graham Bell. 1847-1922. আমেরিকান (জন্মসূত্রে স্কটিশ) বিজ্ঞানী, টেলিফোন ও গ্রামোফোনের উদ্‌ভাবক। 'গ্রাহাম' নয়।
**বেল, ড্যানিয়েল** Daniel Bell. জন্ম 1919. আমেরিকান সমাজতাত্ত্বিক।
**বেলক, ইলেয়ার** Hilaire Belloc 1870-1953. ইংরেজ সাহিত্যিক। কিংবা **হিলেয়ার**।
**বেলফুল** একটি শব্দ। অনুরূপভাবে, **বেলগাছ**। অনুরূপভাবে, **জুঁইফুল, বকফুল, কাশফুল**। কিন্তু **পারিজাত ফুল, চন্দ্রমল্লিকা ফুল, হাসনুহানা ফুল** পৃথক দুটি শব্দ হিসাবে লেখ্য।
**বেলো, সল** Saul Bellow জন্ম 1915. মার্কিন ঔপন্যাসিক।
**বেলোয়ারি** -রী নয়, -ড়ি নয়।
**বেল্ট** belt.
**বেশি** -শী বর্জিত।
**বেসরকারি** -রী নয়।
**বেসাতি** -তী নয়।
**বেসান্ট, অ্যানি** Annie Besant 1847-1933 ইংরেজ অধ্যাত্মবাদী, ভারতে থিয়োসফিকল সোসাইটির ও হোমরুল আন্দোলনের নেত্রী। 'বেসান্ত' নয়।
**বেসারাবিয়া** Bessarabia. আধুনিক Moldavia-র পূর্বনাম।
**বেহাগ** সংগীতে রাত্রিকালীন রাগবিশেষ। 'বিহাগ' বর্ত. অপ্র.।
**বেহারা** দ্র **বেয়ারা**।
**বেহিসাবি** -বী নয়।
**বেহেশ্‌ত্‌, বেহেস্ত** স্বর্গ। দ্বিতীয় বানান অধিকতর প্রচলিত হলেও প্রথমটিই সংগত।
**বৈঁচি** দ্র **বঁইচি**।
**বৈকাল হ্রদ** দ্র **বাইকাল হ্রদ**।
**বৈকালিক** কিন্তু **বৈকালীন**।
**বৈচিত্র, বৈচিত্র্য** দুইই শুদ্ধ, তবে দ্বিতীয়টিই

অধিকতর প্রচলিত।
**বৈজয়ন্ত** ইন্দ্রপুরী ; ইন্দ্রের পতাকা।
**বৈজয়ন্তী** জয়পতাকা।
**বৈঠকি** -কী নয়। উদা.— বৈঠকি গল্প।
**বৈতরণী**।
**বৈদগ্ধ্য, বৈদগ্ধ** দুই বানানই শুদ্ধ, প্রথমটি অধিকতর প্রচলিত।
**বৈবাহিকা** বেয়ান। **বৈবাহিকী** সংস্কৃতমতে শুদ্ধ হলেও বাংলায় অপ্রচলিত।
**বৈমাত্র, বৈমাত্রেয়** সমার্থক শব্দ।
**বৈশাখি** বৈশাখ মাসের। -খী নয়। উদা.— বৈশাখি পূর্ণিমা। < বৈশাখ+বাং. ই.।
**বৈশিষ্ট্য**। কোনো-কোনো বৈয়াকরণ বিশিষ্ট+অ এইভাবে নিষ্পন্ন বলে **বৈশিষ্ট** বানানও গ্রহণীয় বলেন। তবে **বৈশিষ্ট্য**-ই প্রচলিত এবং অসংশয়িত।
**বৈশেষিক দর্শন** কণাদমুনি-প্রবর্তিত প্রাচীন দর্শনবিশেষ।
**বোঁচকা** চন্দ্রবিন্দু অপরিহার্য।
**বোক্কাচ্চো, জোভান্নি** Giovanni Boccaccio 1313-1375. ইতালীয় সাহিত্যিক। 'জিয়োভান্নি' নয়, 'বোকাশিয়ো' নয়।
**বোগেনভিলিয়া** দ্র **বুগেনভিলিয়া**।
**'বোধোদয়'** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শিশুবোধ রচনা (১৮৫১)।
**বোটকা গন্ধ**। 'বোঁটকা' নয়।
**বোদলেয়ার, শার্ল** Charles Baudelaire 1821-1867 ফরাসি কবি। কিংবা **বোদল্যের**।
**বোধিসত্ত্ব** বুদ্ধত্বলাভের পূর্ববর্তী জন্মে বুদ্ধের নাম। -সত্ব নয়, -স্বত্ব নয়।
**বোভোয়ার, সিমন দ্য** Simone de Beauvoir জন্ম 1908. ফরাসি লেখিকা।
**বোয়েশিয়া** দ্র **বিয়োশিয়া**।
**বোর, নীলস** Henrik David Niels Bohr 1885-1962. ডেনীয় পদার্থবিজ্ঞানী, পরমাণু গবেষণার অন্যতম পথিকৃৎ।
**বোরোবুদুর** দ্র **বরবুদুর**।
**বোর্ড** board.
**বোর্নিয়ো** Borneo.
**বোল্ড** bold, bowled.
**বোহিমিয়া** Bohemia. বোহে- নয়, বহে- নয়।
**ব্যক্ত** ব্যা- নয়।
**ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ** একটি শব্দ।
**ব্যক্তিস্বাধীনতা** একটি শব্দ।
**ব্যঞ্জনবর্ণ** একটি শব্দ।
**ব্যতিহার** ব্যাতি- নয়, ব্যতী- নয়।
**ব্যবসায়** কিন্তু **ব্যাবসা**। **ব্যবসায়িক** ব্যাব- নয়।
**ব্যবহারজীবী** উকিল। কিন্তু **ব্যবহারজীবিতা**।
**ব্যবহারিক, ব্যাবহারিক** দুইই বর্তমানে প্রচলিত, তবে দ্বিতীয়টি অধিকতর সংগত।
**ব্যভিচার** ব্যা- নয়।
**ব্যয়সংকোচ** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**ব্যাং**। 'ব্যাঙ' নয়, 'বেঙ' নয়। কিন্তু **ব্যাঙাচি, ব্যাঙের**।
**ব্যাংক**। 'ব্যাঙ্ক' নয়। **ব্যাংকিং**।
**ব্যাংকক** Bangkok.
**ব্যাংকশাল, ব্যাঙ্কশাল** bankshall. অর্থ ১. গুদামঘর ; ২. বন্দর অধিকর্তার অফিস। **ব্যাংকশাল কোর্ট** কাস্টম আদালত। < মালয়ালি bangsal.
**ব্যাকটেরিয়া** bacteria.
**ব্যাকট্রিয়া** Bactria. রাশিয়ার আমু দরিয়া নদী ও আফগানিস্তানের হিন্দুকুশ পর্বতের মধ্যবর্তী অঞ্চলের প্রাচীন নাম।
**ব্যাঙ** দ্র **ব্যাং**।
**ব্যাঙ্ক** দ্র **ব্যাংক**।
**ব্যাঙ্গমা** রূপকথার পাখিবিশেষ। 'বেঙ্গমা' নয়।
**ব্যাঙ্গমি** -মী নয়।
**ব্যাজট, ওআল্টার** Walter Bagehot 1826-1877. ইংরেজ অর্থনীতিবিদ ও সংবিধান-বিশেষজ্ঞ। 'বেজহট' নয়।
**ব্যাটারি** -রী নয়।
**ব্যান্ড** band. -ণ্ড নয়। **ব্যান্ডমাস্টার**।
**ব্যাপটিস্ট** baptist, Baptist. -প্টিস্ট নয়।
**ব্যাপটিস্ট মিশন** Baptist Mission.
**ব্যাপারস্যাপার** হাইফেন পরিহার্য।
**ব্যাপারি** দোকানদার অর্থে। -রী নয়।
**'ব্যাপিকা-বিদায়'** অমৃতলাল বসুর নাটক

(১৯২৬)।
**ব্যাবসা** দ্র **ব্যবসায়**।
**ব্যাবসাদার**। 'ব্যবসাদার' নয়।
**ব্যাবহারিক** দ্র **ব্যবহারিক**।
**ব্যারোমিটার** barometer. চাপমান যন্ত্র, আবহমান যন্ত্র।
**ব্যার্লিন, সার আইজাইয়া** Sir Isaiah Berlin জন্ম 1909 ব্রিটিশ দার্শনিক ও লেখক।
**ব্যালফ্যুর, আর্থার** Arthur Balfour 1848-1930 ব্রিটিশ প্রধানমন্ত্রী এবং আরব সম্পর্কে 'ব্যালফ্যুর ঘোষণা'-র (১৯১৭) রচয়িতা। 'ব্যালফোর' নয়।
**ব্যাসকূট** মূল অর্থ, বেদব্যাসের রচনার যেসব অংশ দুর্বোধ। বর্তমানে প্রচলিত অর্থ, রচনার জটিল অংশ যার অর্থোদ্ধার বা ব্যাখ্যা সহজ নয়।
**ব্যুৎপত্তি** বি. শব্দের ধাতু প্রকৃতি ও প্রত্যয়াদির বিশ্লেষণ। বিণ. **ব্যুৎপন্ন**।
**ব্যূহ**।
**ব্রংকাইটিস** bronchitis.
**ব্রজবুলি** প্রাচীন মৈথিলি ভাষার অনুকরণে সৃষ্ট এবং বৈষ্ণব পদাবলিতে ব্যবহৃত মিশ্র ভাষাবিশেষ।
**ব্রজেন্দ্রনাথ শীল** ১৮৬৪-১৯৩৮ দার্শনিক।
**ব্রঞ্জ** bronze. **ব্রোঞ্জ** বাংলা রূপান্তর।
**ব্রন্টি, এমিলি** Emily Bronte 1818-1848 ইংরেজ লেখিকা, শার্লোটের ভগিনী।
**ব্রন্টি, শার্লোট** Charlotte Bronte 1816-1855 ইংরেজ লেখিকা।
**ব্রন্টোসরাস** brontosaurus ডাইনোসর গোষ্ঠীর অন্তর্ভুক্ত অতিকায় আদিম প্রাণী।
**ব্রহ্মপুত্র** উত্তর-পূর্ব ভারতের প্রধান নদী, দৈর্ঘ্যে ২৭০০ কি মি।
**ব্রহ্মবান্ধব উপাধ্যায়** ১৮৬১-১৯০৭। প্রকৃত নাম ভবানীচরণ উপাধ্যায়।
**ব্রহ্মসংগীত** ব্রহ্মের উপাসনার জন্য রচিত ও গীত সংগীত, মূলত ব্রাহ্মসমাজে প্রচলিত।
**ব্রাউনশুগার** brown sugar. নিষিদ্ধ মাদকবিশেষ।
**ব্রাউনিং, রবার্ট** Robert Browning 1812-1889. ইংরেজ কবি।
**ব্রাঞ্চ** branch. 'ব্র্যাঞ্চ' নয়।
**ব্রাজিল** Brazil. কিংবা **ব্রেজিল**।
**ব্রান্ডি** দ্র **ব্র্যান্ডি**।
**ব্রামস, ইয়োহান্নেস** Johannes Brahms 1833-1897. জার্মান সংগীতস্রষ্টা।
**ব্রাহ্মণ্যধর্ম** সনাতন ব্রাহ্মণপ্রধান হিন্দুধর্ম।
**ব্রাহ্মীলিপি** প্রাচীন ভারতে ব্যাপকভাবে ব্যবহৃত লিপি, যা প্রথম ব্যবহৃত হয়েছিল অশোকের লেখমালায়।
**ব্রিগেড** brigade. ডিভিসনের অন্তর্গত ও ব্যাটালিয়ন সৈন্যের দল ; তবে প্রসারিত অর্থে, সেনাদল।
**ব্রিগেডিয়ার** brigadier. ব্রিগেডের অধিনায়ক।
**ব্রিচ** breach. 'ব্রীচ' নয়। **ব্রিচ অব ট্রাস্ট** breach of trust. বিশ্বাসভঙ্গ।
**ব্রিজেস, রবার্ট** Robert Bridges 1844-1930 ইংরেজ কবি।
**ব্রিফ** brief. 'ব্রীফ' নয়।
**ব্রিয়াঁ, আরিস্তিদ** Aristide Briand 1862-1932 ফরাসি রাজনীতিবিদ।
**ব্রুক, রুপার্ট** Rupert Brooke 1887-1915 ইংরেজ কবি।
**ব্রুচ** brooch মেয়েদের কাপড় আটকাবার সেফটিপিন-জাতীয় অলংকারবিশেষ। 'ব্রোচ' নয়।
**ব্রেখট, বের্টোল্ট** Bertolt Brecht 1898-1956 জার্মান নাট্যকার।
**ব্রেতঁ, আঁদ্রে** André Breton 1896-1966. ফরাসি সাহিত্যিক।
**ব্রেন** brain. 'ব্রেইন' নয়।
**ব্রেস্ট লিটভস্ক** Brest-Litovsk.
**ব্র্যাঞ্চ** দ্র **ব্রাঞ্চ**।
**ব্র্যাডলি, ফ্রান্সিস হারবার্ট** Francis Herbert Bradley 1846-1924. ইংরেজ দার্শনিক।
**ব্র্যান্ডি** brandy. 'ব্রান্ডি' নয়।
**ব্লঁদ্যাঁ, আঁতোয়ান** Antoine Blondin জন্ম 1922. ফরাসি সাহিত্যিক।
**ব্লক, মার্ক** Marc Bloch 1886-1944 ফরাসি ঐতিহাসিক।

# ব ◆ ভ

**ব্লান্ডেন, এডমান্ড** Edmund Blunden জন্ম 1896. ইংরেজ কবি।

**ব্লিৎসক্রিগ** blitzkrieg. ঝড়ের গতিতে আক্রমণ, আক্ষরিক অর্থ lightning war.

**ব্লু বুক** Blue Book. পার্লামেন্টে উপস্থাপিত ব্রিটিশ সরকারের সরকারি নথি।

**ব্লুমফিল্ড, লেনার্ড** Leonard Bloomfield 1887-1949. মার্কিন ভাষাবিজ্ঞানী।

**ব্ল্যাকডায়ামন্ড** black diamond.

**ব্ল্যাকবোর্ড** blackboard. **ব্ল্যাকমার্কেট** blackmarket.

◆

**ভঁয়সা ঘি** কিংবা **ভয়সা ঘি**। 'ভঁইসা' নয়, 'ভইসা' নয়, 'ভঁয়ষা' নয়।

**ভক্তবৎসল** বিণ. ভক্তের প্রতি অনুরক্ত।' একটি শব্দ।

**ভক্তিগীতি** একটি শব্দ। অনুরূপভাবে, **ভক্তিতত্ত্ব, ভক্তিবাদ, ভক্তিমার্গ, ভক্তিযোগ**।

**ভক্ষণীয়** -ক্ষ্য- নয়। কিন্তু **ভক্ষ্য** ভক্ষণের যোগ্য, ভক্ষণ করতে হবে এমন।

**ভক্ষ্যাবশেষ** -ক্ষা- নয়।

**ভক্ষ্যাভক্ষ** ভক্ষ্য+অভক্ষ্য। -ক্ষা- নয়।

**ভগৎ সিং** ১৯০৭-১৯৩১ স্বাধীনতা সংগ্রামে পঞ্জাবের শহিদ।

**ভগবদ্গীতা** হস্চিহ্ন আবশ্যিক, কিংবা **ভগবদগীতা**।

**ভগবদ্দত্ত** কিংবা **ভগবদ্দত্ত**।

**ভগিনী নিবেদিতা** ১৮৬৭-১৯১১, প্রকৃত নাম Margaret Elizabeth Noble.

**ভগ্নদূত** একটি শব্দ।

**ভগ্নহৃদয়** বিণ. যার বুক ভেঙে গেছে। কিন্তু যে হৃদয় ভেঙেছে এই অর্থে **ভগ্ন হৃদয়**। উদা.— সে ভগ্ন হৃদয়ে ফিরে চলল।

**ভগ্নী** সংস্কৃত ব্যাকরণের নিয়মে অশুদ্ধ হলেও বাংলায় প্রচলিত।

**ভগ্নোৎসাহ**।

**ভগ্নোদ্যম**।

**ভঙ্গি** -ঙ্গী নয়।

**ভঙ্গিল পর্বত** fold mountain.

**ভজাত** ভজিয়ে দিত। -তো নয়।

**ভজানো** ভজিয়ে দেওয়া ; ফুসলানো। -ন নয়।

**ভজাল** -লো নয়।

**ভণিতা** -নি- নয়। প্রাচীন ও মধ্যযুগের কবিতার শেষে কবির নামের উল্লেখের রীতিকে ভণিতা বলে।

**ভদ্রাণী** শিবানী, দুর্গা।

**ভবভূতি** ৮ম শতকের সংস্কৃত নাট্যকার, 'মালতীমাধব' এবং 'উত্তররামচরিত'-এর রচয়িতা।

**ভবিষ্যৎ** -ত নয়।

**ভবিষ্যদ্দ্রষ্টা**। হস্চিহ্ন আবশ্যিক।

**ভবিষ্যদ্বক্তা** কিংবা **ভবিষ্যদ্বক্তা**।

**ভবিষ্যদ্বাণী** কিংবা **ভবিষ্যদ্বাণী**।

**ভবিষ্যনিধি** provident fund (পরি.)।

**ভবী** নাছোড়বান্দা স্ত্রীলোক কিংবা পুরুষ (সচরাচর ব্যঙ্গে)। -বি নয়।

**ভয়ংকর** -ঙ্ক- বিকল্প হলেও বর্জনীয়।

**ভয়সা** দ্র **ভঁয়সা**।

**ভরকেন্দ্র** centre of gravity (পরি.)।

**ভরণ** নিকৃষ্ট কাঁসা। দ্র **ভরন**।

**ভরণপোষণ**।

**ভরত** প্রাচীন ভারতীয় লেখক, 'নাট্যশাস্ত্র'-এর রচয়িতা।

**ভরতি** উদা.— মাঠ-ভরতি লোক ; কলেজে ভরতি হওয়া। 'ভর্তি' নয়।

**ভরতুকি**। 'ভর্তুকি' নয়।

**ভরন** নিকৃষ্ট কাঁসা। 'ভরণ' নয়।

**ভরপুর** -পূ- নয়।

**ভরো-ভরো** প্রায় ভরা। উদা.— পুকুর ভরো-ভরো। 'ভরভর' নয়।

**ভর্ৎসনা**। বিণ. **ভর্ৎসিত**।

**ভর্তৃহরি** আনু. ৭ম শতকের কবি ও বৈয়াকরণ।

# ভ

**ভলতেয়ার** Voltaire 1694-1778 ফরাসি দার্শনিক ও লেখক, প্রকৃত নাম ফ্রাঁসোয়া মারি আরুয়ে François Marie Arouet. কিংবা **ভলত্যের**।

**ভলানটিয়ার** volunteer. -টী- নয়।

**ভসকা** জলবসা, পানসে। 'ভস্কা' নয়।

**ভস্ম** -স্ম নয়।

**ভস্মীকরণ**। বিণ. **ভস্মীকৃত**।

**ভস্মীভূত** বিণ.। বি. **ভস্মীভবন**।

**ভাইমার প্রজাতন্ত্র** Weimar Republic. প্রথম মহাযুদ্ধের পর জার্মানিতে গঠিত প্রজাতন্ত্র (১৯১৯-১৯৩৩)।

**ভাইস-চ্যান্সেলর** vice-chancellor.

**ভাওয়াইয়া** উত্তরবঙ্গের লোকগীতিবিশেষ।

**ভাং** সিদ্ধির গাছ বা তার পাতা এবং তা থেকে তৈরি মাদকবিশেষ। 'ভাঙ' নয়, 'ভাঙ্গ' নয়।

**ভাংচি**। 'ভাঙচি' নয়।

**ভাঁটা** নদীতে জলস্ফীতির হ্রাস। কিংবা **ভাটা**। দুটিই সমান প্রচলিত হলেও দ্বিতীয়টিই সংগত।

**ভাঁড়ানো** (নাম) গোপন করা। চন্দ্রবিন্দু অপরিহার্য।

**ভাগচাষি** sharecropper. যে চাষি কেবল ফসলের ভাগের বিনিময়ে অন্যের জমিতে চাষ করে।

**ভাগনার, ভিলহেল্‌ম** Wilhelm Richard Wagner 1813-1883. জার্মান সংগীতস্রষ্টা।

**ভাগনি** ভগ্নীর কন্যা। -নী অপ্রয়োজনীয়।

**ভাগনে** -গ্নে নয়।

**ভাগবত** বিণ. ভগবান-বিষয়ক। বি. ভক্তিমার্গের অনুসরণকারী সাধক; বৈষ্ণবদের গোষ্ঠীবিশেষ।

**ভাগ-বাটোয়ারা** -বাঁটোয়ারা নয়।

**ভাগাড, ভাগানো, ভাগাল**।

**ভাগীদার** -গি- নয়।

**ভাগীরথী** -গি- নয়, -রথি নয়।

**ভাগ্যনিয়ন্তা** একটি শব্দ। অনুরূপভাবে, **ভাগ্যপরীক্ষা, ভাগ্যবিড়ম্বনা, ভাগ্যবিধাতা, ভাগ্যবিপর্যয়**।

**ভাঙচুর**। 'ভাংচুর' নয়।

**ভাঙত** -তো নয়।

**ভাঙন** -ঙ্গ- নয়।

**ভাঙল** -লো নয়।

**ভাঙা**। 'ভাঙ্গা' নয়।

**ভাঙানো** -ন নয়।

**ভাঙ্গি** ভাংখোর; ধাঙড়। -ঙি নয়, -ঙ্গী নয়।

**ভাটা** দ্র **ভাঁটা**।

**ভাটিয়ার** সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। -টী- নয়।

**ভাটিয়ালি** বিশেষত মাঝিদের গাওয়া লোকসংগীতবিশেষ। -টী- নয়, -লী নয়।

**ভাণ** দ্র **ভান**।

**ভাণ্ডারী** -রি নয়।

**ভাতখণ্ডে, বিষ্ণুনারায়ণ** ১৮৬১-১৯৩৬ জয়পুর ঘরানার সংগীতজ্ঞ ও সংগীততাত্ত্বিক।

**ভাতে-ভাত** হাইফেন বাঞ্ছিত।

**ভাদু** রাঢ়বাংলার লোকসংগীতবিশেষ।

**ভান** ছল। -ণ নয়।

**'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত (১৮৮৪)।

**ভাবনাচিন্তা** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**ভাবভঙ্গি** -ঙ্গী নয়।

**ভাবী** আগামী; ভবিষ্যৎ। -বি নয়।

**ভাবা, হোমি জাহাঙ্গির ১৯০৯-১৯৬৬ ভারতীয় পরমাণুবিজ্ঞানী**।

**ভাবে** বাংলা রীতিতে শব্দের সঙ্গে ক্রিয়া-বিশেষণে ব্যবহার করতে হলে পৃথকভাবে লেখ্য—**একই ভাবে, আলাদা ভাবে, নতুন ভাবে**। কিন্তু তৎসম শব্দের সঙ্গে সমাসবদ্ধভাবে একটি শব্দ হিসাবে লেখ্য—**ধীরভাবে, শুদ্ধভাবে, অন্যায়ভাবে**।

**ভামহ** ষষ্ঠ কিংবা সপ্তম শতকের সংস্কৃত অলংকারশাস্ত্রী।

**ভারতচন্দ্র রায়, রায়গুণাকর** ১৭১২-১৭৬০।

**'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়'** অক্ষয়কুমার দত্ত রচিত, প্রথম খণ্ড (১৮৭০), দ্বিতীয় খণ্ড (১৮৮৩)।

**ভারতীয় সংগীত সমাজ** জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত (১৮৯৭)।

# ভ

**ভারতেন্দু হরিশ্চন্দ্র** ১৮৫০-১৮৮৫ হিন্দি কবি ও নাট্যকার।

**ভারবি** ৭ম শতকের সংস্কৃত নাট্যকার, 'কিরাতার্জুনীয়' নাটকের রচয়িতা। -বী নয়।

**ভারি** বিণ. বিণ-বিণ. খুব। উদা.— 'খুকি তোমার ভারি ছেলেমানুষ' : রবীন্দ্র।

**ভারী** ১ ভারযুক্ত ; উদা.— ভারী বস্তা। ২ ভারবাহী। < ভার+ইন্।

**ভারুকচ্ছ** ভারতের পশ্চিম উপকূলে বর্তমান গুজরাতের অন্তর্গত ভারুচ শহরের প্রাচীন নাম। ইংরেজ শাসনকালে ব্রোচ Broach বলা হত।

**ভালো, ভাল** (আ.বা.প.) দুটিই প্রায় সমান প্রচলিত।

**ভালোমানুষি** -ষী নয়।

**ভাশুর** -সু- নয়।

**ভাশুর-ভাদ্রবউ সম্পর্ক**। হাইফেন আবশ্যিক।

**ভাষাতত্ত্ব, ভাষাবিজ্ঞান** সাধারণভাবে বর্তমানে philology অর্থে ভাষাতত্ত্ব এবং আধুনিক linguistics অর্থে ভাষাবিজ্ঞান বোঝায়।

**ভাস** কালিদাসের পূর্ববর্তী সংস্কৃত কবি, 'স্বপ্নবাসবদত্তা'-র রচয়িতা।

**ভাসত** ভেসে থাকত। **ভাসল**।

**ভাসাভাসা** অগভীর। হাইফেন অপ্রয়োজনীয়।

**ভাস্কর, ভাস্কর্য** -ষ্ক- নয়।

**ভাস্কর পণ্ডিত** ১৭৪৩-৪৫ সালে এই মারাঠি সেনাপতি বাংলা আক্রমণ করেছিলেন।

**ভিক্ষাজীবী**। কিন্তু **ভিক্ষাজীবিতা, ভিক্ষাজীবিনী**। **ভিক্ষোপজীবী**। **ভিক্ষোপজীবিতা, ভিক্ষোপজীবিনী**।

**ভিখারি** -রী নয়। **ভিখারিনি** -নী নয়, -ণী নয়।

**ভিটগেন্‌স্টাইন, লুটভিক** Ludwig Wittgenstein 1889-1951. জর্মান দার্শনিক।

**ভিডিয়ো** video. 'ভিডিও' নয়।

**ভিড়**। 'ভীড়' বর্জিত।

**ভিড়াত, ভিড়ানো, ভিড়াল**।

**ভিত** -ৎ নয়।

**ভিতরবাড়ি** একটি শব্দ। অনুরূপভাবে, **ভিতরমহল**। হাইফেন অপ্রয়োজনীয়।

**ভিতরে-ভিতরে** হাইফেন বাঞ্ছিত। উদা.— ভিতরে-ভিতরে এত শয়তানি!

**ভিতু**। 'ভীতু' নয়।

**ভিদ্যমান** ভেদ করা হচ্ছে এমন।

**ভিনদেশি** বিদেশি। -শী নয়।

**ভিমরুল**। 'ভীমরুল' নয়।

**ভিরমি**। 'ভির্মি' নয়।

**ভিসা** visa. বিদেশি রাষ্ট্রে প্রবেশের এবং সেই রাষ্ট্র ত্যাগ করার অনুমতিপত্র।

**ভীমরতি** বার্ধক্যজনিত বুদ্ধিলোপ। ভিম- নয়, -রথী, -রতী নয়।

**'ভীষ্ম'**[১] দ্বিজেন্দ্রলাল রায়ের নাটক (১৯১৪)।

**'ভীষ্ম'**[২] ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের নাটক (১৩২০)।

**ভীষ্মদেব চট্টোপাধ্যায়** ১৯০৯-১৯৭৭ সংগীতজ্ঞ।

**ভুঁই** ভূমি। ভূঁ- নয়। তু. **বিভুঁই**।

**ভুঁইফোঁড়** -ফোড় নয়।

**ভুঁইয়া**। 'ভুঁইঞা', 'ভূঁইয়া' বর্জিত।

**ভুটান** দেশবিশেষ। ভূ- নয়। **ভুটানি** -নী নয়।

**ভুতুড়ে** দ্র **ভূতুড়ে**।

**ভুয়া, ভুয়ো** ভূ-নয়।

**ভুল** ভূ- নয়।

**ভুলাত, ভুলানো, ভুলাল**।

**ভুশুড়ি** কাঁঠালের ভুতি। ভূ- নয়, -সু- নয়, -ড়ী নয়।

**ভুষি** দ্র **ভুসি**।

**ভুষো** দ্র **ভুসো**।

**ভুসি** ডাল গম প্রভৃতির খোসা। -ষি নয়।

**ভুসো** ঝুল বা ধোঁয়ার কালি। -ষো নয়।

**ভূঁই** দ্র **ভুঁই**।

**ভূঁইয়া** দ্র **ভুঁইয়া**।

**ভূকম্পনবিদ্যা** seismology.

**ভূতচতুর্দশী** কার্তিক মাসের কৃষ্ণপক্ষীয় চতুর্দশী তিথি।

**ভূতুড়ে**। ভু-নয়।

**ভূদেব মুখোপাধ্যায়** ১৮২৭-১৮৯৪।

**ভূপতি** ভু- নয়।

**ভূপরিক্রমা, ভূপর্যটন** হাইফেন অপ্রয়োজনীয়।

**ভূপালি** সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ। -লী নয়।

# ভ

**ভূপেন্দ্রনাথ দত্ত** ১৮৮০-১৯৬১। নৃতত্ত্ববিদ ও বিপ্লবী, স্বামী বিবেকানন্দের অনুজ।
**ভূমা**। 'ভুমা' নয়।
**ভূমিশয্যা** একটি শব্দ।
**ভূমি সংরক্ষণ** দুটি পৃথক শব্দ, অসংলগ্ন সমাস।
**ভূরি** প্রচুর, প্রভূত। 'ভুরি' নয়। **ভূরিভোজন**।
**ভূর্জ, ভূর্জপত্র**। ভু- নয়।
**ভূশণ্ডি, ভূশণ্ডী, ভূষণ্ডি** প্রত্যেকটিই শুদ্ধ, বানানভেদ। কিন্তু প্রথমটি প্রচলিত, অন্যগুলি প্রায় বর্জিত।
**ভেংচানো** দ্র **ভ্যাংচানো**।
**ভেংচি**। 'ভেঙচি' নয়।
**ভেড়ি** ভেড়ার স্ত্রীলিঙ্গে। -ড়ী নয়।
**ভেতর** কেবল কথ্যরীতির রচনায় কিংবা উক্তিতে প্রযোজ্য। অন্যত্র **ভিতর** লেখ্য।
**ভেবার, মাক্স** সম্পূর্ণ নাম Karl Emil Maximilian Weber 1864-1920. জার্মান সমাজতাত্ত্বিক। 'ওয়েবার' নয়, 'ম্যাক্স' নয়।
**ভেবো** ভাবিয়ো, ভবিষ্যৎ অনুজ্ঞায়। 'ভেব' নয়। উদা.— তোমরা একথা ভেবো না।
**ভেরা নভিকোভা** Vera Novikova 1918-1972. রুশ রবীন্দ্রবিশেষজ্ঞ।
**ভেলকি** -কী নয়, -ল্কি নয়।
**ভেলাসকেথ, ডিয়েগো রড্রিগেথ** Diego Rodriguez Velasquez 1599-1660. স্পেনীয় চিত্রশিল্পী।
**ভৈঁরো**। **ভৈরব** (রাগ)-এর হিন্দি-প্রভাবিত কথ্য রূপ। 'ভৈরোঁ' নয়।
**ভোগ্যপণ্য** consumer goods.
**ভোজনপাত্র** একটি শব্দ।
**ভোজনশালা** একটি শব্দ।
**ভোজপুরি** মূলত পশ্চিম বিহারের অন্তর্গত ভোজপুরের ভাষা বা অধিবাসী বা তৎসংক্রান্ত। -রী নয়।
**ভোজ্যতেল** edible oil. সচরাচর রান্নার তেল সম্বন্ধে প্রযুক্ত।
**ভোপাল** Bhopal. 'ভূপাল' নয়।
**ভোরবেলা** একটি শব্দ। অনুরূপভাবে, **ভোররাত**।
**ভোলা ময়রা** (আনু.) অষ্টাদশ-উনবিংশ শতকের কবিয়াল।
**ভোল্ট** volt. 'ভোলট' নয়।
**ভোল্টেজ** voltage. 'ভোলটেজ' নয়।
**ভৌগোলিক**। 'ভৌগলিক' নয়।
**ভৌতবিজ্ঞান** physical sciences. **ভৌতরসায়ন** physical chemistry.
**ভ্যাংচানো** ভেং-, ভেঙ- নয়। **ভ্যাংচাত, ভ্যাংচাল**। কিন্তু **ভ্যাঙানো**। দ্র **ভেংচি**।
**ভ্যাকিউম** vacuum. 'ভ্যাকুয়াম' নয়।
**ভ্যাকিউম ক্লিনার** vacuum cleaner. ক্লী- নয়।
**ভ্যানতারা**। 'ভ্যান্তারা' নয়।
**ভ্যাপসা, ভাপসা** দ্বিতীয়টি মার্জিত, প্রথমটি কথ্য ও চলিত। ভ্যাঁ-, ভাঁ- নয়।
**ভ্রমণবিলাসী** একটি শব্দ।
**ভ্রমণবৃত্তান্ত** একটি শব্দ।
**ভ্রমণসাহিত্য** একটি শব্দ।
**ভ্রমনিরসন** ভুল সংশোধন। একটি শব্দ।
**ভ্রমবশত** -তঃ নয়।
**ভ্রমসংকুল** -ঙ্কু- নয়।
**ভ্রান্তিবশত** -তঃ নয়।
**ভ্রাম্যমাণ** মূল অর্থ যাকে ঘোরানো হচ্ছে। যে ঘুরছে এই অর্থে ভ্রমমাণ, ভ্রমণশীল প্রভৃতি শুদ্ধ। তবে ভ্রমণশীল অর্থেই ভ্রাম্যমাণ প্রচলিত ও প্রতিষ্ঠিত।
**ভ্রূকুটি** ভ্রু- নয়।
**ভ্রূণ, ভ্রূণঘাতক, ভ্রূণঘাতী, ভ্রূণহত্যা**।
**ভ্রূবিলাস**।
**ভ্রূভঙ্গি** -ঙ্গী নয়।

# ম

**মউমাছি, মৌমাছি** দ্বিতীয়টি প্রচলিত, প্রথমটি সংগত।
**মউজ, মৌজ** প্রথমটি সংগত, কিন্তু প্রচলিত দ্বিতীয়টি।
**মওলানা মহম্মদ আলি** ১৮৭৮-১৯৩১ গান্ধিজির অনুগামী, খিলাফত নেতা।
**মঁ ব্লাঁ** Mont Blanc. ইতালি ও ফ্রান্সের সীমান্তবর্তী পর্বত।
**মকদ্দমা** দ্র **মোকদ্দমা**।
**মকরক্রান্তি রেখা** Tropic of Capricorn.
**মকরসংক্রান্তি** winter solstice.
**মকশো**। 'মকশ', 'মক্স' নয়।
**মঙ্গলকামনা** একটি শব্দ।
**মঙ্গল পাঁড়ে** মৃত্যু ১৮৫৭। মহাবিদ্রোহের প্রথম শহিদ।
**মঙ্গলবার্তা** একটি শব্দ।
**মচকাত** মচকে যেত। -তো নয়।
**মচকানো** ক্রি. বি. মচকে যাওয়া।
**মচকাল** মচকে গেল। -লো নয়।
**মচাৎ** মচকে যাবার বা ভেঙে যাবার শব্দ। 'মচাত' নয়।
**মজলিশ** -স নয়। **মজলিশি** -শী নয়।
**মজুত**। 'মজুদ' নয়। **মজুতদারি** -রী নয়।
**মজুরি** মজুরের কাজ ; পারিশ্রমিক। -রী নয়।
**মঞ্জরি, মঞ্জরী** বানানভেদ। যে-কোনোটি লেখা যেতে পারে।
**মঞ্জীর** নূপুর। তৎসম শব্দ, বানান অপরিবর্তনীয়। -ঞ্জি- নয়।
**মঞ্জুর** অনুমোদন। **মঞ্জুরি কমিশন**। কিন্তু **মঞ্জুরীকৃত**।
**'মডার্ন রিভিউ'** Modern Review রামানন্দ চট্টোপাধ্যায় প্রতিষ্ঠিত (১৯০৭) ও সম্পাদিত ইংরেজি মাসিকপত্র।
**মড়াৎ** ভেঙে যাবার শব্দ। 'মড়াত' নয়।
**মড়িঘর** হাসপাতালের মর্গ।
**মণ** ওজনবিশেষ। দ্র **মন**।
**মণি** মানিক ; চোখের তারা। 'মনি' নয়।
**মণিকাঞ্চন**। **মণিকাঞ্চন যোগ** কিংবা **মণিকাঞ্চনযোগ**।
**মণিপুরি** মণিপুর-সম্বন্ধীয় ; মণিপুরের অধিবাসী ; নাচের পদ্ধতিবিশেষ। -রী নয়।
**মণিমাণিক্য**।
**মণীন্দ্র** মণি+ইন্দ্র। 'মনীন্দ্র' নয়।
**মণীন্দ্রকুমার ঘোষ** ১৩০৪-১৩৯৬ বঙ্গাব্দ। বৈয়াকরণ ও পণ্ডিত।
**মণীন্দ্রচন্দ্র নন্দী, সার** ১৮৬০-১৯৩০ দানশীল ও বিদ্যোৎসাহী মহারাজা।
**মণীশ**। 'মনীশ' নয়।
**মণীশ ঘটক** ১৯০২-১৯৭৯ কল্লোল যুগের কবি।
**মণ্ডুক** ব্যাং। -ণ্ডু- নয়।
**মতপরিবর্তন** বিশেষ্যে একটি শব্দ। কিন্তু **মত পরিবর্তন করা**।
**মতপার্থক্য** একটি শব্দ। অনুরূপভাবে, **মতবিভেদ, মতবিরোধ**।
**মৎস্য, মৎস্যকন্যা**।
**মতৈক্য** ঐকমত্য। বিপ. **মতানৈক্য**।
**মতো** সদৃশ। 'মত' নয়।
**মদত** -ৎ নয়।
**মদনমোহন তর্কালংকার** ১৮১৮-১৮৫৮। সংস্কৃতজ্ঞ পণ্ডিত ও কবি।
**মদনমোহন মালব্য** ১৮৬১-১৯৪৬ জাতীয়তাবাদী, কংগ্রেসের নেতা।
**মদ্দানি—মর্দানি**-র কথ্য রূপ। -নী নয়।
**মধুচন্দ্র** honeymoon এর অনুকরণে, নবদম্পতির প্রমোদভ্রমণ। 'মধুচন্দ্রিকা', 'মধুচন্দ্রিমা' পরিহার্য।
**মধুবনি** চিত্রশৈলীবিশেষ। -নী নয়।
**মধুমাধবী** মদ, সুরা। একটি শব্দ।
**মধুমেহ** বহুমূত্ররোগ।
**মধুসূদন** -সু- নয়।
**মধুসূদন দত্ত, মাইকেল** ১৮২৪-১৮৭৩। যশস্বী কবি, অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক, 'মেঘনাদবধ কাব্য', 'ব্রজাঙ্গনা কাব্য', 'বীরাঙ্গনা কাব্য' প্রভৃতির রচয়িতা।
**মধূৎসব** বসন্তোৎসব। -ধু- নয়।
**মধ্য এশিয়া** কিংবা **মধ্য-এশিয়া**।
**মধ্যকার, মধ্যেকার** দ্বিতীয়টি কথ্য।
**মধ্যপ্রাচ্য** পাশ্চাত্য ঐতিহাসিকদের প্রবর্তিত Middle East এর অনুবাদ। **মধ্যপ্রাচ্য** বলতে

সাধারণত পশ্চিম এশিয়াকে বোঝানো হয়। 'মধ্য প্রাচ্য' নয়।
**মধ্যপ্রদেশ** একটি শব্দ।
**মধ্যবর্তী** < মধ্যবর্তিন্। বিশেষ্যে **মধ্যবর্তিতা**, স্ত্রীলিঙ্গে **মধ্যবর্তিনী**।
**মধ্যভারত** একটি শব্দ।
**মধ্যম পাণ্ডব** ভীম। দুটি শব্দ।
**মধ্যমবয়স্ক** বিণ. একটি শব্দ।
**মধ্যাহ্ন** -হ্ণ নয়।
**মধ্যাহ্নভোজন** একটি শব্দ।
**মধ্যে দিয়ে, মধ্য দিয়ে** দ্বিতীয়টি অপেক্ষাকৃত মার্জিত, প্রথমটি কথ্য।
**মাঝে-মধ্যে** মাঝেমাঝে। হাইফেন বাঞ্ছিত।
**মনঃকষ্ট**। 'মনোকষ্ট' নয়।
**মনঃপূত** বিসর্গ এবং দীর্ঘ-উকার দুইই আবশ্যিক।
**মনকষাকষি** একটি শব্দ।
**মনশ্চক্ষু**।
**মনস্কামনা**।
**মনস্তাপ**।
**মনস্তুষ্টি**।
**মনস্বী** বিণ. প্রাজ্ঞ। বি. **মনস্বিতা**। স্ত্রীলিঙ্গে, **মনস্বিনী**।
**মনিয়ের-উইলিয়ামস, সার** Sir Monier-Williams 1819-1897. ইংরেজ সংস্কৃতবিদ ও অভিধানকার।
**মনিহারি দোকান** নানান প্রয়োজনীয় ও শৌখিন জিনিসের দোকান, স্টেশনারি দোকান। বিকল্প, **মনোহারি দোকান**। 'মনিহারী' নয়, 'মনোহারী' নয়।
**মনীষা**। 'মণীষা' নয়।
**মনীষী** < মনীষিন্। -ণী- নয়, -ষি নয়। বিশেষ্যে, **মনীষিতা**।
**'মনে এলো'** ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়-রচিত গদ্যরচনা (১৯৫৬)।
**মনে-প্রাণে** কিংবা **মনেপ্রাণে**।
**মনোগত**। 'মনগত' নয়।
**মনোগ্রাহী** মনোজ্ঞ। বি. **মনোগ্রাহিতা**।
**মনোজ বসু** ১৯০১-১৯৮৭। যশস্বী কথাসাহিত্যিক। 'ভুলি নাই', 'বনমর্মর', 'চীন দেখে এলাম' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।
**মনোজগৎ, মনোদুঃখ, মনোনিবেশ, মনোবল, মনোবাঞ্ছা, মনোবাসনা, মনোবিকার, মনোবিচ্ছেদ, মনোবিজ্ঞান, মনোবিদ্যা, মনোবৃত্তি, মনোবেদনা, মনোভঙ্গ, মনোভাব, মনোমতো, মনোমন্দির, মনোমালিন্য, মনোমোহন**।
**মনোযোগ**। বিণ. **মনোযোগী**। বি. **মনোযোগিতা**। তবে মনঃসংযোগ অর্থে **মনোযোগ**-ই যথেষ্ট, 'মনোযোগিতা' অপ্রয়োজনীয়।
**মনোরঞ্জন**।
**মনোরঞ্জন ভট্টাচার্য**[১] ১৮৮৯-১৯৫৪ নট ও নাট্যকার।
**মনোরঞ্জন ভট্টাচার্য**[২] ১৯০৩-১৯৩৯ সাহিত্যিক। গোয়েন্দা হুকাকাশি-র স্রষ্টা।
**মনোরথ, মনোরম, মনোরাজ্য, মনোহর**।
**মনোহরা** মিষ্টান্নবিশেষ।
**মনোহারি** দ্র **মনিহারি**।
**মনোহারী** মনোজ্ঞ। বি. **মনোহারিতা**। স্ত্রীলিঙ্গে, **মনোহারিণী**।
**মন্তেস্‌সোরি, মারিয়া** Maria Montessori 1870-1952. ইতালীয় শিক্ষাবিদ।
**মন্ত্রপূত** বিসর্গহীন, -পু- নয়।
**মন্ত্রী**। **মন্ত্রিত্ব, মন্ত্রিসভা, মন্ত্রিমণ্ডল**। কিন্তু **মন্ত্রীদের, মন্ত্রীরা**।
**মন্দগামী** ধীরগতিসম্পন্ন বিণ.। বি. **মন্দগামিতা**।
**মন্দভাগ্য** বিশেষণে একটি শব্দ। যে ভাগ্য মন্দ এই অর্থে পৃথকভাবে—**মন্দ ভাগ্য**।
**মফস্‌সল, মফস্বল** দ্বিতীয় বানান প্রচলিত হলেও প্রথমটিই সংগত। 'মফঃস্বল' বর্জিত।
**ময়নাতদন্ত** একটি শব্দ।
**ময়রানি** ময়রা-র স্ত্রীলিঙ্গে। -নী, -ণী নয়।
**'ময়লা আঁচল'** ফণীশ্বরনাথ রেণু রচিত হিন্দি উপন্যাস।
**ময়াল** পাইথন বা অজগরের অন্য নাম।
**ময়ূখ** কিরণ, রশ্মি।
**ময়ূরকণ্ঠি** -ণ্ঠী নয়। ময়ূরকণ্ঠ+বাং. ই। অনুরূপভাবে, **ময়ূরপঙ্খি** -ঙ্খী নয়।

# ম

**মরজি** খুশি, ইচ্ছা। 'মর্জি' প্রচলিত, কিন্তু 'মরজি' সংগত।

**মরমি** সহানুভূতিশীল। -মী নয়।

**মরমিয়া** -মীয়া নয়।

**মরশুম** -সু নয়। **মরশুমি** বিণ. -মী নয়।

**মরাঠি** বি. ও বিণ. -ঠী নয়।

**মরিয়া** -রী- নয়।

**মরীচি, মরীচিকা**।

**মরুৎ** বাতাস। -রূ- নয়, -ত নয়।

**মরুস্থলী** মরুভূমি ; মরুময় স্থান।

**মরূদ্যান** মরু+উদ্যান। -রু- নয়।

**মর্গ** morgue. মড়িঘর।

**মর্টগেজ** < ইং. mortgage এটি প্রতিবর্ণীকরণ নয়। প্রতিবর্ণীকরণে **মরগিজ** হওয়া উচিত। **মর্টগেজ** শব্দটি ইংরেজি থেকে রূপান্তরিত শব্দ হিসাবে বিবেচ্য।

**মর্ত্য** পৃথিবী। কিংবা **মর্ত**। **মর্ত্যজগৎ, মর্ত্যধাম, মর্ত্যলোক, মর্ত্যলীলা**। কিংবা **মর্তজগৎ, মর্তধাম, মর্তলোক, মর্তলীলা**। দ্র **অমর্ত্য**।

**মর্লি, জন** John Morley (Lord) 1838-1923 ব্রিটিশ রাজনীতিবিদ।

**মলমাস** যে মাসে দুটি অমাবস্যা পড়ে অথচ যে মাস রবিসংক্রান্তি-বর্জিত এবং এইজন্য সেই মাসে শুভকার্য নিষিদ্ধ।

**মল্লিকা** বেলফুলের অন্য নাম।

**মশলা**। 'মসলা' নয়।

**মশান** শ্মশান। কিন্তু আধুনিক বাংলায় শব্দটির পৃথক প্রয়োগ নেই। শ্মশান-এর সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত। উদা.— শ্মশানে-মশানে ঘুরে বেড়ায়।

**মশারি** -রী বর্জিত।

**মসকো** কিংবা **মস্কো** Moscow. রুশভাষায় **মস্কভা**।

**মসিজীবী** কলম পেষাই যার জীবিকা ; কেরানি।

**মহব্বত** -ৎ নয়।

**মহম্মদ আলি জিন্না** ১৮৭৬-১৯৪৮ পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল।

**মহরত** -ৎ নয়।

**মহরম** ইমাম হাসান ও হোসেনের মৃত্যুর স্মরণে মুসলমানদের শোকপালনের পর্ব।

**মহাকর্ষ** gravitation. 'মাধ্যাকর্ষণ' বর্জিত।

**মহাজনি** মহাজন-সংক্রান্ত। -নী নয়। উদা.— মহাজনি কারবার।

**মহাত্মা গান্ধি** দ্র **গান্ধি**।

**মহাদেও গোবিন্দ রানাড়ে** ১৮৪২-১৯০১। মরাঠি জাতীয়তাবাদী নেতা।

**মহাফেজখানা** archives. রাষ্ট্রীয় দলিলঘর বা রেকর্ডরুম।

**'মহাবংশ'** সিংহলীয় রাজা মহানামের রাজত্বকালে পঞ্চম খ্রিস্টাব্দে রচিত সিংহলের ইতিহাস।

**মহাবিষুব** vernal equinox, সূর্যের মেষরাশিতে সংক্রমণ বা চৈত্রসংক্রান্তি।

**মহাবিশ্ব** universe. বর্তমানে **ব্রহ্মাণ্ড**-র অধিকতর প্রচলিত প্রতিশব্দ।

**মহারানি** -নী নয়, -ণী নয়।

**'মহারাষ্ট্র জীবনপ্রভাত'** রমেশচন্দ্র দত্ত রচিত ঐতিহাসিক উপন্যাস (১৮৭৪)।

**মহার্ঘ** -র্ঘ্য নয়।

**মহার্ঘভাতা** একটি শব্দ। অনুরূপভাবে, **মহার্ঘবস্তু**।

**মহিমময়, মহিমময়ী**। 'মহিমাময়' নয়, 'মহিমাময়ী' নয়। কিন্তু **মহিমান্বিত, মহিমাব্যঞ্জক**।

**মহিষমর্দিনী**। **মহিষাসুরমর্দিনী** সমার্থক শব্দ। দুর্গা।

**মহীয়সী** মহীয়ান্-এর স্ত্রীলিঙ্গে।

**'মহুয়া'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৩৩৬)।

**মহেন্দ্রলাল সরকার** ১৮৩৩-১৯০৪ চিকিৎসাবিজ্ঞানী ও জাতীয়তাবাদী।

**মহেন্দ্রাণী** ইন্দ্রপত্নী শচী।

**মাইল** পূর্বপ্রচলিত দূরত্বের এককবিশেষ, ১.৬০৯ কিলোমিটারের সমান। বর্ত. গণিতে পরিত্যক্ত এবং মূলত সাধারণ কথোপকথনে দূরত্বের পরিমাণবাচক শব্দ হিসাবে ব্যবহৃত।

**মাউন্টব্যাটেন, লর্ড** Lord Louis Mountbatten জন্ম 1901. ভারতের শেষ ইংরেজ ভাইসরয়।

**মাঁদেস-ফ্রাঁস, পিয়ের** Pierre Mendès-France 1907-1982. ফরাসি রাজনীতিবিদ।

**মাগি, মাগী** (অশালীন) মেয়েমানুষ বা বেশ্যা।

# ম

দ্বিতীয় বানান অযৌক্তিক এবং বর্জনীয়।
**মাগ্‌গি** কিংবা **মাগ্নি**। 'মাগ্যি' নয়। **মাগ্‌গিভাতা**।
**মাঘী** বিণ. মাঘ মাসের বা মাঘ-বিষয়ক।
**মাজাঘষা** কিংবা **ঘষামাজা**।
**মাড়াত** পদদলিত বা পদার্পণ করত। **মাড়াল**। কিন্তু **মাড়ানো**।
**মাঢ়ি** gum. সংস্কৃত শব্দ। তা থেকে বাংলা শব্দ **মাড়ি**। বাংলা **মাড়ি** ভুল ব'লে বর্জন করা সংগত নয়।
**মাণবক** দ্র **মানবক**।
**মাণিক** দ্র **মানিক**।
**মাণিক্য** সংস্কৃত শব্দ। 'মানিক্য' নয়।
**মাত** জিত, জয়। উদা— বাজিমাত। 'মাৎ' নয়।
**মাতঙ্গিনী হাজরা** ১৮৭০-১৯৪২ মেদিনীপুরের বীরাঙ্গনা, 'ভারত ছাড়ো' আন্দোলনের শহিদ।
**মাৎসিনি, জুসেপ্পে** Giuseppe Mazzini 1805-1872. ইতালীয় বিপ্লবী।
**মাৎস্যন্যায়** অরাজকতা।
**মাতাত** মাতিয়ে দিত, মাতিয়ে রাখত। **মাতাল**। কিন্তু **মাতানো**।
**মাতাপিতাহীন** বাংলামতে সিদ্ধ শব্দ। সংস্কৃত ব্যাকরণের নিয়মে **মাতাপিতৃহীন**।
**মাতিস, আঁরি** Henri Matisse 1869-1954. ফরাসি চিত্রকর। 'মাতিসে' নয়।
**মাতৃহীন**। 'মাতাহীন' নয়।
**'মাদার ইন্ডিয়া'** Mother India অরবিন্দ ঘোষ-রচিত ইংরেজি গদ্যগ্রন্থ।
**মাদার টেরিজা** টেরেসা নয়। জন্ম ১৯০৬।
**মাদি** মদ্দা-র স্ত্রীলিঙ্গে। -দী নয়।
**মাদুলি** -লী নয়।
**মাদ্রাজি** -জী নয়।
**মাদ্রিদ** Madrid.
**'মাধবীকঙ্কণ'** রমেশচন্দ্র দত্ত-রচিত ঐতিহাসিক উপন্যাস (১৮৭৭)।
**মাধ্যাকর্ষণ** gravitation. বর্ত. অপ্র.। দ্র **মহাকর্ষ**।
**মানত** দেবতার কাছে মানসিক, অঙ্গীকার। 'মানৎ' বর্জিত।
**মানতাসা** হাতের অলংকারবিশেষ। 'মান্তাসা' নয়।
**মানবক, মাণবক** বামনাকৃতি মানুষ। প্রথম বানান প্রচলিত হলেও দ্বিতীয়টিই শুদ্ধ ও সংগত।
**মানবজীবন** একটি শব্দ।
**মানবধর্ম** একটি শব্দ। **মানবসমাজ** একটি শব্দ, হাইফেন নয়।
**মানবেন্দ্রনাথ রায়** ১৮৮৭-১৯৫৪ বিপ্লবী ও তাত্ত্বিক, 'মানবতাবাদ'-এর প্রবর্তক, প্রকৃত নাম নরেন্দ্রনাথ ভট্টাচার্য।
**মানসনেত্র** একটি শব্দ। অনুরূপভাবে, **মানসজগৎ, মানসপুত্র, মানসপ্রতিমা, মানসমূর্তি, মানসসুন্দরী**। কিন্তু **মানস সরোবর** কিংবা **মানস-সরোবর**।
**'মানসী'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য (১৮৯০)।
**মানাউশ** Manoes. উত্তর-পূর্ব ব্রাজিলের শহর। ইংরেজি নাম Manaus.
**মানিক**। 'মাণিক' বর্জিত। < মাণিক্য।
**মানিক বন্দ্যোপাধ্যায়** ১৯০৮-১৯৫৬। যশস্বী কথাসাহিত্যিক।
**মানিয়েল্লি, আলবের্তো** Alberto Magnelli 1888-1971 ইতালীয় চিত্রশিল্পী। 'মাগ্‌নেল্লি' নয়।
**মানুচ্চি, নিক্কলো** Niccolo Manucci সপ্তদশ শতকে, মূলত ঔরঙ্গজেবের শাসনকালে ভারতে আগত ইতালীয় পর্যটক।
**মানুষি** বিণ. মানুষ-সংক্রান্ত। উদা.— মানুষি শক্তি। -ষী নয়।
**মান্ধাতা** পুরাণে বর্ণিত সূর্যবংশের রাজা যুবনাশ্বের পুত্র। **মান্ধাতার আমল** (গৌণার্থে) অতি প্রাচীন কাল।
**মাফিয়া** mafia ইতালীয় শব্দ। বর্তমানে প্রচলিত অর্থ, গুণ্ডাবদমাশ ধরনের অপরাধী।
**মা-বাবা** হাইফেন আবশ্যিক।
**মামি** মামার স্ত্রী। -মী নয়। **মামিমা**।
**মায়াকোভ্‌স্কি, ভ্লাদিমির** Vladimir Mayakovsky 1893-1930 রুশ কবি।
**মায়ানমার** Myanmar ব্রহ্মদেশের বর্তমান নাম।
**'মায়ার খেলা'** রবীন্দ্রনাথ ঠাকুরের গীতিনাট্য

(১৮৮৮)
**'মায়ের দেওয়া মোটা কাপড়'** রজনীকান্ত সেনের গান।
**মার** বৌদ্ধধর্মে বর্ণিত শয়তান।
**মারফত** মাধ্যমে। -ৎ নয়।
**মারাঠা** ও **মারাঠি**। কিংবা **মরাঠা** ও **মরাঠি** (আ.বা.প.)।
**মারি, গিলবার্ট** Gilbert Murray 1866-1957 ইংরেজ লেখক, সমালোচক। 'মারে' নয়।
**মারীচ** পৌরাণিক রাক্ষসবিশেষ। 'মারিচ' নয়।
**মার্কনি, গুলিয়েলমো** Guglielmo Marconi 1874-1937 ইতালীয় পদার্থবিজ্ঞানী।
**মার্কস, কার্ল** Karl Marx 1818-1883.
**মার্কিউরি** mercury পারদ। বাংলায় 'মার্কারি' বহুলপ্রচলিত কিন্তু বর্জনীয়।
**মার্কিন, মার্কিনি** মার্কিন বিশেষণ, অর্থ আমেরিকান বা আমেরিকা-সংক্রান্ত। কাজে কাজেই 'মার্কিনি' অনাবশ্যক বাহুল্য।
**মার্তণ্ড** সূর্য। -ণ্ড্য নয়।
**মার্শম্যান, জন ক্লার্ক** John Clark Marshman 1794-1877 ভারতে ইংরেজ মিশনারি।
**মার্শাল আর্ট** martial art. মূলত চিনা ও জাপানি ব্যক্তিগত যুদ্ধকৌশল অর্থাৎ ব্যক্তিগত আক্রমণ-প্রতি আক্রমণের কৌশল।
**মার্শাল ল** martial law. সামরিক আইন।
**মার্সেই** Marseille. ফরাসি বন্দর, ইংরেজি নাম Marseilles.
**মার্সেল, গাব্রিয়েল** Gabriel Marcel 1889-1973. ফরাসি দার্শনিক ও সাহিত্যিক।
**মালকোষ** রাগবিশেষ। কিংবা **মালকোশ**। বর্তমানে অপ্রচলিত অন্য নাম **মালবকৌশিক**।
**'মালঞ্চ'** রবীন্দ্রনাথ ঠাকুর (১৯৩৪)।
**মালতী** ফুলবিশেষ, চামেলি। 'মালতি' নয়।
**'মালবিকাগ্নিমিত্র'** কালিদাস-রচিত সংস্কৃত নাটক, রচনাকাল আনু. পঞ্চম শতক।
**মালরো, আঁদ্রে** André Malraux 1901-1976. ফরাসি ঔপন্যাসিক ও প্রাবন্ধিক।
**মালাচন্দন** একটি শব্দ।
**মালাবদল** একটি শব্দ।
**মালিন্য** -লী- নয়।
**মালী** মালাকর ; বাগানের কাজে নিযুক্ত ব্যক্তি। -লি নয়।
**মাশুল** ভাড়া। -সু- নয়।
**মাসতুতো**। 'মাসতুত' নয়।
**মাসি** -সী নয়।
**মাস্কানি, পিয়েত্রো** Pietro Mascagni 1863-1945. ইতালীয় সংগীতস্রষ্টা।
**মাস্ত্রোইয়ান্নি, মারচেল্লো** Marcello Mastroianni. জন্ম 1924. ইতালীয় চলচ্চিত্র-পরিচালক।
**মাহাত্ম্য** -ত্ম নয়।
**মাহেন্দ্রক্ষণ** একটি শব্দ। অনুরূপভাবে, **মাহেন্দ্রযোগ**।
**মিড়** সংগীতের অলংকারবিশেষ। 'মীড়' নয়।
**মিকেলাঞ্জেলো, বুয়োনারোতি** Buonarroti Michelangelo 1475-1564. ইতালীয় চিত্রকর ও ভাস্কর।
**মিতালি** বন্ধুতা। -লী নয়।
**মিত্রপক্ষ** Allied Powers. বিশেষ অর্থে প্রথম মহাযুদ্ধে জার্মানির বিরুদ্ধে ইংল্যান্ড, ফ্রান্স ও আমেরিকা যে মৈত্রী গড়ে তুলেছিল তাকেই মিত্রপক্ষ বলে। একই কথার পুনরুক্তি হল দ্বিতীয় মহাযুদ্ধের সময়।
**মিনিউ** Minho. পর্তুগালের নদী। 'মিনহো' নয়।
**মিন্টো, লর্ড** Earl of Minto 1845-1914. ভারতের ভাইসরয়।
**মির** প্রধান। 'মীর' নয়।
**মিরজাফর খাঁ** মৃত্যু ১৭৬৫। বাংলার নবাব।
**মিরাজ** mirage আলোর প্রতিসরণে সৃষ্ট দৃষ্টিবিভ্রমবিশেষ, যাতে দূরস্থিত বস্তুর প্রতিবিম্বকে বস্তু বলে বোধ হয়। বাংলা নাম **মরীচিকা**।
**মিরাট**। 'মীরাট' নয়। কিংবা মূলানুগ **মেরঠ**।
**মিলিগ্রাম** milligram / milligramme. এক গ্রামের এক হাজার ভাগের এক ভাগ। অনুরূপভাবে, **মিলিলিটার** millilitre. এক লিটারের এক হাজার ভাগের এক ভাগ।
**মিশনারি** missionary. ধর্মপ্রচারক। 'মিশনারী' নয়।

**মিশ্‌লে, জুল** Jules Michelet 1798-1874 ফরাসি ঐতিহাসিক। 'মিশেলে' নয়।
**মিশো, আঁরি** Henri Michaud জন্ম 1899. ফরাসি-ভাষী বেলজিয়ান কবি।
**মীড়** দ্র **মিড়**।
**মীনাক্ষী** মি- নয়, -ক্ষি নয়।
**মীর**। 'মির'-এর বর্জিত বানান।
**মীর মশাররফ হোসেন** ১৮৪৭-১৯১২। সাহিত্যিক, 'বিষাদ সিন্ধু'-র লেখক।
**মীরাবাঈ** রাজস্থানের রাজকুমারী কৃষ্ণসাধিকা ১৫০৪-১৫৫০।
**মুকুন্দদাস,** চারণকবি ১৮৭৮-১৯৩৪।
**মুকুন্দরাম চক্রবর্তী,** কবিকঙ্কণ; জন্ম আনু. ১৫৪৭। ষোড়শ শতকের কবি, মঙ্গলকাব্য রচয়িতা।
**'মুক্তধারা'** রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক (১৯২২)।
**মুক্তপুরুষ** বন্ধনহীন পুরুষ। একটি শব্দ।
**মুখচ্ছবি**। 'মুখছবি' নয়।
**মুখপত্র, মুখপাত্র** প্রথমটির অর্থ সংস্থাবিশেষের ইস্তাহার বা প্রচারপত্র। দ্বিতীয়টির অর্থ প্রতিনিধি। দ্বিতীয়টির অন্য অর্থ, প্রধান বা শ্রেষ্ঠ, বর্তমানে অপ্রচলিত।
**মুখরুচি**। 'মুখোরুচি' নয়।
**মুখস্থ**। 'মুখস্ত' নয়।
**মুখেভাত** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**মুখ্যমন্ত্রী, মুখ্যসচিব**।
**মুঘল** দ্র **মোগল**।
**মুজতবা আলী, সৈয়দ** ১৯০৪-১৯৭৪।
**মুজফ্‌ফর আহমদ** ১৮৮৯-১৯৭৩ কমিউনিস্ট তাত্ত্বিক ও নেতা।
**মুজিবর রহমান** ১৯২০-১৯৭৫ স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের প্রতিষ্ঠাতা।
**মুটে-মজুর** হাইফেন আবশ্যিক।
**মুঠোমুঠো** একটি শব্দ।
**মুণ্ডক উপনিষদ** কিংবা **মুণ্ডকোপনিষৎ**।
**মুতসুদ্দি** মুৎ- নয়।
**মুতাবিক** দ্র **মোতাবেক**।
**'মুদ্রারাক্ষস'** বিশাখদত্ত-রচিত সংস্কৃত নাটক. সম্ভবত গুপ্তযুগে রচিত।
**মুনাফা** লাভ। 'মুনফা' বর্জিত।
**মুনীর চৌধুরী** ১৯২৫-১৯৭১ বাংলাদেশের ভাষাতাত্ত্বিক।
**মুমূর্ষু**।
**মুরগি** -গী নয়, -র্গি নয়।
**মুর, স্টার্জ** Sturge Moore 1870-1944. ইংরেজ কবি। 'মূর' নয়।
**মুরলী**। 'মুরলি' নয়।
**মুরশিদকুলি খাঁ** বাংলার দেওয়ান ও সুবাদার। মৃত্যু ১৭২৭।
**মুরশিদাবাদ, মুর্শিদাবাদ** প্রথমটি সংগত, দ্বিতীয়টি প্রচলিত।
**মুরারি** -রী নয়।
**মুলকরাজ আনন্দ** জন্ম ১৯০৫। গল্পকার ও ঔপন্যাসিক, Coolie, Two Leaves and a Bud প্রভৃতির রচয়িতা।
**মুলতান** পাকিস্তানের শহর। 'মূলতান' নয়।
**মুলতানি** -নী নয়।
**মুশকিল** -স- নয়; 'মুস্কিল' নয়।
**মুষ্টি** -ষ্ঠি নয়। **মুষ্টিবদ্ধ, মুষ্টিভিক্ষা, মুষ্টিযুদ্ধ**।
**মুষ্ট্যাঘাত** ঘুসি, মুষ্টির আঘাত।
**মুসলমান শাসন** দুটি শব্দ। অনুরূপভাবে, **মুসলমান বিজয়**।
**মুসৌরি** -রী নয়।
**মুহম্মদ আবদুল হাই** ১৯১৯-১৯৬৯ বাংলাদেশের ভাষাতাত্ত্বিক।
**মুহুর্মুহু**। 'মুহর্মুহুঃ' বর্জিত।
**মুহূর্ত**।
**মুহ্যমান, মোহ্যমান** সংস্কৃত নিয়মে দুটিই সমান অশুদ্ধ। শুদ্ধ শব্দ 'মুহ্যন্' বাংলায় সম্পূর্ণ অপরিচিত ও অব্যবহৃত। সে-হিসাবে **মুহ্যমান** অসিদ্ধ হলেও বাংলায় বহুল-ব্যবহৃত এবং বর্তমানে একটি বাংলা শব্দ হিসাবে স্বীকৃতিযোগ্য।
**মূক** ভাষাহীন; বোবা।
**মূর্খ, মূর্খামি**।
**মূর্ছনা**।
**মূর্ধন্য** -ণ্য নয়।
**মূলদরাশি** rational number.
**মূলধনি** মূলধন-সংক্রান্ত। -নী নয়।
**মূলা** আনাজবিশেষ। কিন্তু **মুলো**।

# ম

**মূলোচ্ছেদ** < মূল+উচ্ছেদ। অনুরূপভাবে, **মূলোৎপাটন**।
**মূল্যায়ন** -ণ নয়।
**মূষিক** ইঁদুর।
**'মৃচ্ছকটিক'** আনু. খ্রিস্টীয় ষষ্ঠ শতকে শূদ্রক রচিত সংস্কৃত নাটক।
**মৃণাল**। **মৃণালিনী**।
**'মৃণালিনী'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৮৬৯)।
**মৃৎপাত্র** -ত- নয়। **মৃৎশিল্প**।
**মৃত্যুঞ্জয় বিদ্যালংকার** আনু. ১৭৬২-১৮১৯ ফোর্ট উইলিয়াম কলেজের শিক্ষক ও বৈয়াকরণ।
**মৃন্ময়** -ণ্ম- নয়। **মৃন্ময়ী**।
**মেইয়ে, আঁতোয়ান** Antoine Meillet 1866-1936 ফরাসি ভাষাবিজ্ঞানী।
**মেক আপ** কিংবা **মেক-আপ** make-up.
**মেকলি, টমাস ব্যাবিংটন** Thomas Babington Macaulay 1800-1859. 'মেকলে' নয়।
**মেগা** mega-. দুটি অর্থ, ১. মিলিয়ন বা দশ লক্ষ, উদা.— মেগাওয়াট। ২. বিরাট মাপের বা বহুসংখ্যক, উদা.— মেগাস্টার।
**'মেঘনাদবধ কাব্য'** মধুসূদন দত্তের কাব্যগ্রন্থ (১৮৬১)।
**মেঘনাদ সাহা** ১৮৯৩-১৯৫৬। যশস্বী পদার্থবিজ্ঞানী।
**মেজাজি** (চড়া) মেজাজসম্পন্ন। উদা.— মেজাজি লোক। -জী নয়।
**মেথরানি** -নী নয়।
**মেদা** দ্র **ম্যাদা**।
**মেদুর** -দূ- নয়।
**মেনিনজাইটিস** meningitis.
**মেনোত্তি, জান-কার্লো** Gian-Carlo Menotti. জন্ম 1911. আমেরিকা-প্রবাসী ইতালীয় সংগীতস্রষ্টা।
**মেনডেলসন, ফেলিক্স** Felix Mendelssohn 1809-1847. জার্মান সংগীতস্রষ্টা। সম্পূর্ণ নাম লুটভিক ফেলিক্স মেনডেলসন-বার্থোলডি Ludwig Felix Mendelssohn-Bartholdy.
**মেনডেলেয়েফ, দমিত্রি ইভানোভিচ** Dmitri Ivanovich Mendeleev 1834-1907 রুশ রসায়নবিদ।
**মেনি** বিড়ালী। -নী নয়।
**'মেবারপতন'** দ্বিজেন্দ্রলাল রায়ের নাটক (১৯০৮)।
**মেয়াদি** মেয়াদযুক্ত। -দী নয়।
**মেরামতি** বি. ও বিণ. -তী নয়।
**মেরিমে, প্রসপের** Prosper Mérimée 1803-1870. ফরাসি ঔপন্যাসিক।
**মেরুকরণ** polarization. নতুন শব্দ, গ্রহণীয়।
**মেশাত** মিশিয়ে ফেলত। -তো নয়। অনুরূপভাবে, **মেশাল**। কিন্তু **মেশানো**।
**মেসফিল্ড, জন** John Masefield 1878-1967. ইংরেজ কবি।
**মেহগনি** মূল্যবান কাঠবিশেষ। < mahogany ইংরেজি উচ্চারণ ম্যাহোগ্যানি।
**মেহনত** -ৎ নয়। **মেহনতি** -তী নয়।
**মৈথিলীশরণ গুপ্ত** ১৮৮৬-১৯৬৪ হিন্দি কবি।
**মোকদ্দমা** মামলা। 'মকদ্দমা' নয়।
**মোগল**। 'মুঘল', 'মোঘল' নয়।
**মোজেইক** কিংবা **মোজেক** mosaic. 'মোজাইক' নয়।
**মোজেস** Moses. হিব্রুজাতির ধর্মগুরু।
**মোটরগাড়ি** একটি শব্দ।
**মোৎসার্ট, ভোল্ফ্গাং আমাডিউস** Wolfgang Amadeus Mozart 1756-1791. জার্মান (অস্ট্রিয়ান) সংগীতস্রষ্টা।
**মোতাবেক** ক্রি-বিণ. অনুযায়ী। 'মুতাবিক' নয়।
**মোতিলাল নেহরু** ১৮৬১-১৯৩১।
**মোপলা** মালাবার উপকূল অঞ্চলের মুসলমান গোষ্ঠীবিশেষ।
**মোর, টমাস** Thomas More, Sir 1478-1535. ইংরেজ লেখক, 'Utopia'-র রচয়িতা।
**মোরচা** দ্র **মোর্চা**।
**মোরোয়া, আঁদ্রে** André Maurois 1881-1967 ফরাসি ঔপন্যাসিক।
**মোর্চা, মোরচা** দ্বিতীয়টি অধিকতর সংগত, প্রথমটি অধিকতর প্রচলিত।
**মোহন্ত** কিংবা **মোহান্ত** মঠাধ্যক্ষ। 'মহন্ত' নয়, 'মহান্ত' নয়।

**মোহম্মদ, হজরত** ৫৭০-৬৩২ ইসলাম ধর্মের প্রবর্তক।

**মোহিতলাল মজুমদার** ১৮৮৮-১৯৫২ কবি ও সমালোচক।

**মোহিনী আট্যম** দক্ষিণ ভারতীয় উচ্চাঙ্গ নৃত্যপদ্ধতি, যার উদ্ভব মালাবার অঞ্চলে।

**মৌচাক, মৌমাছি**। 'মউচাক', 'মউমাছি' এখনও অপ্র.।

**মৌন** বিণ. নীরব ; বি. নীরবতা। উদা. সাধুর মৌন ভঙ্গ হল। 'মৌনতা' ভুল। **মৌনী** বিণ. মৌন অবলম্বন করেছে এমন, কথা বলে না এমন।

**মৌরসি** দ্র **মৌরুসি**।

**মৌরি** মশলাবিশেষ। -রী নয়।

**মৌরুসি** কিংবা **মৌরসি**।

**মৌলবি** -বী নয়।

**মৌসুমি** -মী নয়।

**ম্যাংগানিজ** manganese. -ঙ্গা- নয়, -নীজ নয়।

**ম্যাকনিস, লুই** Louis MacNeice 1907-1963. ইংরেজ কবি।

**ম্যাজেন্টা** magenta. বেগনি আভাযুক্ত লাল রং।

**ম্যাটম্যাট**। কিন্তু **ম্যাটমেটে**। অনুরূপভাবে, **ম্যাড়ম্যাড়**, কিন্তু **ম্যাড়মেড়ে**।

**ম্রিয়মাণ**। বাংলা অর্থ কাতর, নির্জীব, নিরুদ্যম।

◆

**যক, যখ** যক্ষ। প্রথমটিই সংগত।

**যক্ষ্মা** -ক্ষা নয়।

**যখন-তখন** হাইফেন বাঞ্ছিত।

**যজুর্বেদ** যজুঃ+বেদ। মূলত গদ্যে রচিত যাগযজ্ঞের বিধি-সংবলিত প্রধান বেদত্রয়ের অন্যতম।

**যজ্ঞোপবীত** যজ্ঞ+উপবীত।

**যৎ** মূলত উচ্চাঙ্গ সংগীতে ব্যবহৃত ১৪ মাত্রার তালবিশেষ।

**যত-কিছু** হাইফেন বাঞ্ছিত।

**যৎপরোনাস্তি** যার-পর-নাই, অত্যধিক।

**যতীন**। 'যতিন' নয়।

**যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়,** বাঘা যতীন ১৮৭৯-১৯১৫।

**যতীন্দ্রনাথ সেনগুপ্ত** ১৮৮৭-১৯৫৪। কবি। প্রধান কাব্য 'অনুপূর্বা', 'ত্রিযামা'।

**যতীন্দ্রমোহন বাগচি** ১৮৭৮-১৯৪৮। কবি। প্রধান কাব্য 'লেখা', 'অপরাজিতা'।

**যতীন্দ্রমোহন সেনগুপ্ত** ১৮৮৫-১৯৩৩। আইনজীবী ও স্বাধীনতা সংগ্রামী।

**যথা পূর্বং তথা পরম্**।

**যদুনাথ সরকার,** সার ১৮৭৪-১৯৫৮। যশস্বী ঐতিহাসিক।

**যদু ভট্ট** ১৮৩৪-১৮৮০ বিষ্ণুপুর ঘরানার আদি সংগীতজ্ঞদের অন্যতম।

**যবক্ষার** carbonate of potash.

**যবদ্বীপ** জাভার পূর্বনাম।

**যবনিকা** দুই অর্থ, ১. পরদা, নাটকের সিন ; ২. সমাপ্তি।

**যশস্কর** যশঃ + কর।

**যশস্কামনা** যশঃ + কামনা।

**যশাকাঙ্ক্ষা** বাংলা সন্ধি, যশ + আকাঙ্ক্ষা।

**যশোগান** যশঃ + গান। অনুরূপভাবে, **যশোধন, যশোলিপ্সা, যশোভাগ্য, যশোরাশি, যশোমতী, যশোহানি, যশোহীন**।

**যষ্টি** -ষ্ঠি নয়।

**যষ্টিমধু** মিষ্টি স্বাদের শিকড়বিশেষ ; এই শব্দে মধুকে বোঝায় না, ওই শিকড়কেই বোঝায়।

**যাওয়া-আসা** হাইফেন আবশ্যিক।

**যাজ্ঞবল্ক্য** যজুর্বেদের ব্যাখ্যাকারী ঋষিবিশেষ। -ল্ক নয়।

**যাজ্ঞসেনী** দ্রৌপদীর অন্য নাম।

**যা-তা** বিণ. যথেচ্ছ ; বাজে। —যা-তা জিনিস। সর্ব. ভালো নয় এমন কিছু। উদা.—যা-তা করে বেড়াচ্ছে।

**যানজট** কিংবা **যান-জট** traffic jam.

# য

**যাবৎ** -ত নয়।

**যামিনী রায়** ১৮৮৭-১৯৭২। যশস্বী চিত্রশিল্পী।

**যায় না** পৃথক দুটি শব্দ। কিন্তু **যায়নি** একটি শব্দ।

**যারপরনাই** বিণ. যৎপরোনাস্তি-র অনুবাদ। একটি শব্দ। উদা.—যারপরনাই দুঃখিত।

**যাস্ক** নিরুক্ত (অর্থাৎ ব্যুৎপত্তি) রচনাকারী প্রাচীন ভারতীয় লেখক, কারও কারও মতে পাণিনির সমসাময়িক।

**যিশু, যীশু** দ্র **জিশু**।

**যুক্তরাজ্য** United Kingdom মূলত ব্রিটেনকে বোঝায়।

**যুক্তরাষ্ট্র** United States মূলত আমেরিকা যুক্তরাষ্ট্রকে বোঝায়।

**যুগলমূর্তি** একটি শব্দ।

**যুগোপযোগী** যুগ + উপযোগী।

**যুগোস্লাভিয়া** Yugoslavia জু-নয়, -শ্লা- নয়।

**যুদ্ধনিপুণ** একটি শব্দ।

**যুদ্ধবন্দি** -ন্দী নয়।

**যূথ** যু-নয়।

**যূপ, যূপকাষ্ঠ** যু- নয়।

**যে-কেউ** হাইফেন আবশ্যিক।

**যেখান, যেদিন, যেভাবে, যেসব**। কিন্তু অন্যত্র বিশেষণে হাইফেন চাই—**যে-মুহূর্তে, যে-গান, যে-কবিতা, যে-মানুষ**। এই হাইফেন সংযোজক 'যে' এবং বিশেষণ 'যে' এই দুয়ের মধ্যে পার্থক্য নির্ণয়ে সহায়ক হবে। একই বাক্যে সংযোজক ও বিশেষণ 'যে'-র উদাহরণ—তিনি বললেন যে, যে-সাহিত্য এদেশে লেখা হচ্ছে তা নিকৃষ্ট নয়।

**যেখানে-সেখানে** হাইফেন আবশ্যিক।

**যেতে-যেতে** হাইফেন আবশ্যিক।

**যেন-তেন-প্রকারেণ** যেভাবেই হোক। কিংবা **যেনতেনপ্রকারেণ**।

**যেমন-তেমন** হাইফেন আবশ্যিক। উদা. যেমন-তেমন একটা ঘর হলেই চলবে।

**যোগক্ষেম** যা অলব্ধ আছে তা লাভ করা এবং যা আছে তাকে সংরক্ষণ করা।

**যোগরূঢ়** (শব্দ) ব্যাকরণের নিয়মে প্রকৃতি-প্রত্যয়যোগে গঠিত হয়েও যে শব্দ অন্য কোনো অর্থকে বা বিশেষ অর্থকে নির্দেশ করে। যেমন জলদ, পঙ্কজ।

**যোগসাজশ**। 'যোগসাজস' বর্জিত।

**যোগাড়, জোগাড়** দ্বিতীয়টি সংগত।

**যোগান, জোগান** দ্বিতীয়টি সংগত।

**যোগীন্দ্রনাথ সরকার** শিশুসাহিত্যিক। ১২৭৩-১৩৪৪ বঙ্গাব্দ।

**যোগেশচন্দ্র রায়, বিদ্যানিধি** ১৮৫৯-১৯৫৬। 'বাঙ্গালা শব্দকোষ', 'পূজাপার্বণ', 'চণ্ডীদাসচরিত' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।

**যোঝা** লড়াই করা, **জোঝা** সংগততর।

**যৌগ** দুই বা ততোধিক মৌলের রাসায়নিক সংযোগে গঠিত পদার্থ, compound.

**যৌবরাজ্য** যুবরাজের পদ। উদা.—যৌবরাজ্যে অভিষিক্ত হলেন। < যুবরাজ + য।

# য় ◆ র

**য়-শ্রুতি** পাশাপাশি অবস্থিত দুটি স্বরধ্বনির মধ্যে উচ্চারণের স্বাচ্ছন্দ্যের জন্য যে য়্-ধ্বনির আগম হয় তাকেই য়-শ্রুতি (glide) বলে। মা(য়) আমার, পিআনো (পিয়ানো)।

**য়েসপেরসেন, অটো** Otto Jespersen 1860-1943 ডেনীয় ভাষাতাত্ত্বিক ও বৈয়াকরণ। কিংবা **ইয়েসপেরসেন।** 'জেসপারসেন' নয়।

◆

**রওনা।** 'রওয়ানা' বর্জিত।

**রং।** 'রঙ' নয়। কিন্তু **রঙিন, রঙের।**

**রংমশাল** -ঙ- নয়।

**'রক্তকরবী'**[১] রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক (১৯১৬)।

**রক্তকরবী**[২] একটি শব্দ। অনুরূপভাবে, **রক্তকাঞ্চন, রক্তজবা, রক্তনিশান, রক্তপিপাসু, রক্তমৃত্তিকা।**

**রক্তরস** plasma (পরি.)।

**রক্ষ** রাক্ষস। 'রক্ষঃ' বর্তমানে অপ্র.।

**রক্ষিবর্গ, রক্ষিবাহিনী।** < রক্ষিন্। কিন্তু **রক্ষী।**

**রগড়াত, রগড়াল** -তো নয়, -লো নয়। কিন্তু **রগড়ানো** বি. ক্রি.।

**রঙিন** -ঙী- নয়, 'রঙ্গিন' নয়।

**রঙ্গ** কৌতুক, তামাশা। উচ্চারণ রংগো।

**রচনাকৌশল** একটি শব্দ। অনুরূপভাবে, **রচনাপদ্ধতি, রচনারীতি, রচনাশৈলী।**

**রচনাবলি** -লী নয়।

**রজতজয়ন্তী** পঁচিশ বছর পূর্তির উৎসব। তু. ইং. Silver Jubilee.

**'রজনী'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৮৭৭)।

**রজনীকান্ত সেন** ১৮৫৬-১৯১০।

**রজস্বলা।** 'রজঃস্বলা' নয়।

**রজোগুণ** রজঃ + গুণ।

**রজোদর্শন** রজ- নয়।

**রঞ্জিত** রঞ্জন করা বা রঙিন করা হয়েছে এমন। -ৎ নয়।

**রণজিৎ** যুদ্ধে জয়ী। -ত নয়।

**রণোন্মাদনা।** বিণ. **রণোন্মত্ত।**

**রথী** রথারূঢ় ব্যক্তি ; যোদ্ধা। -থি নয়। কিন্তু **সারথি।**

**রদ্রিগেথ, ক্লাউদিয়ো** Claudio Rodriguez জন্ম 1934. স্পেনীয় কবি। 'রদ্রিগেজ' নয়।

**রপ্তানি** কিংবা **রফতানি।** -নী নয়।

**রব-গ্রিইয়ে, আলেঁ** Alain Robbe-Grillet জন্ম 1922. ফরাসি ঔপন্যাসিক।

**রবাহূত।** -হু- নয়।

**রবীন্দ্রনাথ ঠাকুর** ১৮৬১-১৯৪১।

**রমজান** হিজরি বর্ষপঞ্জির নবম মাস, যে-মাসে রোজা হয়।

**রমন, সি. ভি.** দ্র **রামন।**

**রমেশচন্দ্র দত্ত** ১৮৪৮-১৯০৯। ঐতিহাসিক ও ঔপন্যাসিক।

**রয়ে-সয়ে** হাইফেন আবশ্যিক।

**রলাঁ, রম্যাঁ** Romain Rolland 1866-1944. ফরাসি মনীষী ও ঔপন্যাসিক।

**রলি, সার ওআল্টার** Sir Walter Raleigh 1552-1618 ইংরেজ সাহিত্যিক ও পণ্ডিত। 'র‍্যালে' নয়।

**রশুন** -সু- নয়, 'লসুন' বর্জিত।

**রসকষ, রসকষহীন।**

**রস্তাঁ, এদ্‌মঁ** Edmond Rostand 1863-1918 ফরাসি কবি।

**রাইটার্স বিল্ডিং** Writers' Building. যে বিশাল ভবনে মহাকরণ অবস্থিত।

**রাইয়ত** দ্র **রায়ত।**

**রাং** পাঁঠা-খাসি ইত্যাদির জঙ্ঘা ; রাংতা।

**রাঁড়ি** বিধবা। -ড়ী নয়, -ঢ়ি নয়।

**রাঁধুনি** যে রান্না করে। -নী নয়।

**রাকা** পূর্ণিমাতিথি, প্রতিপদযুক্ত পূর্ণিমাতিথি। কাজেই চাঁদ অর্থে প্রয়োগ ভুল।

**রাখালদাস বন্দ্যোপাধ্যায়** ১৮৮৫-১৯৩০

ঐতিহাসিক।
**রাখি** -খী বর্জিত।
**রাগিণী** -নী নয়।
**রাঙা** লাল। -ঙ্গা বর্জিত।
**'রাজতরঙ্গিণী'** দ্র **কহ্লণ**।
**রাজনারায়ণ বসু** ১৮২৬-১৮৯৯। সংস্কারক ও লেখক। 'সেকাল আর একাল', 'আত্মচরিত' প্রভৃতি গ্রন্থের লেখক।
**রাজনীতিক** বি: বিণ.। 'রাজনৈতিক' ভুল কিন্তু প্রচলিত।
**রাজবন্দি** -ন্দী নয়।
**'রাজর্ষি'** রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস (১৮৮৭)।
**রাজশেখর** আনু. খ্রিস্টীয় দশম শতকের নাট্যকার ও সমালোচক।
**রাজশেখর বসু** ১৮৮০-১৯৬০।
**'রাজা'** রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক (১৯১০)।
**রাজাগোপালাচারি, চক্রবর্তী** ১৮৭৮-১৯৭২ রাজনীতিবিদ, স্বাধীন ভারতের প্রথম ভারতীয় গভর্নর-জেনারেল।
**রাজা রাও** জন্ম ১৯০৯। ঔপন্যাসিক, বিখ্যাত গ্রন্থ The Serpent and and the Rope.
**রাজি** সম্মত। -জী নয়।
**রাজেন্দ্রপ্রসাদ** ১৮৮৪-১৯৬৩ স্বাধীনতা-সংগ্রামী, ভারতের প্রথম রাষ্ট্রপতি।
**রাজেন্দ্রলাল মিত্র** ১৮২২-১৮৯১ ইতিহাসবিদ, পুরাতত্ত্ববিদ, লেখক, সম্পাদক।
**রাজেন্দ্রাণী**।
**রাজ্যজয়** একটি শব্দ। উদা.—রাজ্যজয়ের জন্য। কিন্তু **রাজ্য জয় করার জন্য**।
**রাজ্যবিস্তার** একটি শব্দ; হাইফেন অপ্রয়োজনীয়।
**রাডার** দ্র **রেডার**।
**রাণা** দ্র **রানা**।
**রাত্র্যন্ধ** রাতকানা। < রাত্রি + অন্ধ।
**রাধাকান্ত দেব** ১৭৮৩-১৮৬৭। 'শব্দকল্পদ্রুম'-প্রণেতা।
**রাধাকুমুদ মুখোপাধ্যায়** ১৮৮২-১৯৬৩। ঐতিহাসিক।
**রাধাকৃষ্ণন, সর্বেপল্লি** ১৮৮৫-১৯৭৫। দার্শনিক, ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি।
**রাধাগোবিন্দ বসাক** ১৮৮৫-১৯৮২। ঐতিহাসিক।
**রাধানাথ শিকদার** ১৮১৩-১৮৭০।
**রাধাবল্লভি** কচুরিজাতীয় খাবারবিশেষ। -ভী নয়।
**রানা** রাজপুত শাসকের উপাধি। 'রাণা' বর্জিত।
**রানাড়ে, মহাদেও গোবিন্দ** ১৮৪২-১৯০১। মরাঠি সমাজ-সংস্কারক ও জাতীয়তাবাদী নেতা।
**রানি** রাজার পত্নী কিংবা সম্রাজ্ঞী। 'রাণী' নয়, 'রানী' নয়।
**রানি লক্ষ্মীবাই** ১৮৩৫-১৮৫৮। মহাবিদ্রোহের অন্যতম নেত্রী।
**রাবলে, ফ্রাঁসোয়া** François Rabelais আনু. 1495-1553. ফরাসি সাহিত্যিক।
**রামকিঙ্কর বেইজ** ১৯০৬-১৯৮০। চিত্রশিল্পী ও ভাস্কর।
**রামকৃষ্ণ পরমহংস** ১৮৩৬-১৮৮৬।
**রামকৃষ্ণ মিশন** স্বামী বিবেকানন্দ প্রতিষ্ঠিত (১৮৯৭)।
**রামতনু লাহিড়ী** ১৮১৩-১৮৯৮ ডিরোজিয়োর অনুগামী সমাজসংস্কারক।
**রামন, চন্দ্রশেখর বেঙ্কট** ১৮৮৮-১৯৭০ নোবেলজয়ী পদার্থবিজ্ঞানী।
**রামনাথ বিশ্বাস** ১৮৯৪-১৯৫৫। ভূপর্যটক।
**রামপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়** ১৮৭১-১৯২৮ বিষ্ণুপুর ঘরানার যশস্বী সংগীতজ্ঞ। 'সংগীত-মঞ্জরী'র লেখক।
**রামপ্রসাদ সেন** আনু. ১৭২০-১৭৮১। কালীসাধক ও গায়ক।
**রামপ্রসাদি** রামপ্রসাদ সেনের শ্যামাসংগীত বা তদ্‌বিষয়ক। বি. বিণ.। -দী নয়। < রামপ্রসাদ + বাং. ই।
**রামমোহন রায়, রাজা** ১৭৭২-১৮৩৩।
**রামরাম বসু** ১৭৫৭-১৮১৩। অনুবাদক, লেখক এবং উইলিয়াম কেরির মুনশি।
**রামানন্দ চট্টোপাধ্যায়** ১৮৬৫-১৯৪৩।
**রামানুজ** মৃত্যু আনু. ১১৩৭। দক্ষিণ ভারতীয় অদ্বৈতবাদী ও বৈষ্ণব ধর্মাচার্য।

# র

**রামানুজন, শ্রীনিবাস** ১৮৮৭-১৯২০। গণিতবিদ।
**রামেন্দ্রসুন্দর ত্রিবেদী** ১৮৬৪-১৯১৯।
**রাশিবিজ্ঞান** statistics. Statistics অর্থে হিসাব ইত্যাদি বোঝালে **পরিসংখ্যান** এবং অধীতব্য বা অনুশীলনীয় বিষয় বোঝালে **রাশিবিজ্ঞান**।
**রাশীকৃত** -শি- নয়।
**রাষ্ট্রপ্রধান** একটি শব্দ। অনুরূপভাবে, **রাষ্ট্রবিজ্ঞান, রাষ্ট্রবিপ্লব**।
**রাষ্ট্রসংঘ** United Nations Organisation.
**রাসবিহারী ঘোষ** ১৮৪৫-১৯২১, শিক্ষাবিদ, জাতীয়তাবাদী।
**রাসবিহারী বসু** ১৮৮৫-১৯৪৫। বিপ্লবী, আজাদ হিন্দ ফৌজের স্রষ্টা।
**রাসেল, বার্ট্রান্ড** Bertrand Russell 1872-1970. ইংরেজ দার্শনিক, গণিতজ্ঞ এবং A History of Western Philosophy, Principia Mathematica, Mysticism and Logic প্রভৃতি গ্রন্থের লেখক।
**রাহুগ্রস্ত** -গ্রস্থ নয়।
**রাহুল** বুদ্ধের পুত্র।
**রাহুল সাংকৃত্যায়ন** ১৮৯৩-১৯৬৩ বিশিষ্ট পণ্ডিত ও হিন্দি লেখক, 'মানবসমাজ', 'ভোলগা সে গঙ্গা', 'মেরী জীবনযাত্রা' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।
**রিকশা** -শ, -শো নয়, -ক্সা নয়।
**রিড, হারবার্ট** Herbert Read 1893-1953. ইংরেজ কবি ও সমালোচক।
**রিডলার, অ্যান** Anne Ridler জন্ম 1912. ইংরেজ কবি।
**রিপু** জীর্ণসংস্কার। দ্র **রিফু**।
**রিপোর্ট, রিপোর্টার** report, reporter.
**রিফু** বস্ত্রাদির জীর্ণ সংস্কারবিশেষ। -পু নয়।
**রিভলভার**। 'রিভলবার' নয়।
**রিশার, জাঁ-পিয়ের** Jean-Pierre Richard. জন্ম 1922. ফরাসি সাহিত্য-সমালোচক।
**রীতিমতো** -ত নয়।
**রীতিসংগত** একটি শব্দ, -সঙ্গত নয়।
**রীতিসম্মত** একটি শব্দ।
**রুক্মিণী** শ্রীকৃষ্ণের পত্নী।
**রুক্ষ** রূঢ়, অমসৃণ। -রূ নয়।
**রুগ্‌ণ** -গ্ন নয়।
**রুচিমান** -বান নয়।
**রুজিরোজগার** কিংবা **রুজি-রোজগার**।
**রুড়কি** Roorkee. 'রুরকি', 'রুরকী' নয়।
**রুণুঝুণু** দ্র **রুনুঝুনু**।
**রুদ্রাণী** শিবানী, দুর্গা।
**রুনুঝুনু** নূপুর ঘুঙুর প্রভৃতির আওয়াজ। 'রুণুঝুণু' নয়।
**রুপা** রৌপ্য। 'রূপা' নয়। **রুপো**। রূ- নয়।
**রুপালি** -লী নয়।
**রুয়ো, জর্জ** George Rouault 1871-1958 ফরাসি চিত্রশিল্পী।
**রুশদি, সলমন** Salman Rushdie জন্ম 1947 ইংল্যান্ডে অভিবাসী ঔপন্যাসিক, 'Midnight's Children', 'The Painter and the Pest', 'Satanic Verses' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।
**রুসো, ঝাঁ ঝাক** Jean Jacques Rousseau 1712-1778. ফরাসি দার্শনিক। 'রুশো' নয়।
**রূঢ়** কঠোর।
**রূপনারায়ণ** একটি শব্দ।
**রূপ-বৈচিত্র্য** কিংবা **রূপবৈচিত্র্য**।
**রূপা**[1] রৌপ্য দ্র **রুপা**।
**রূপা**[2] রূপবতী। রু- নয়।
**রূপোপজীবিনী** বেশ্যা।
**রেকর্ড** record.
**রেকর্ডিং** recording.
**রেখাব** সংগীতে দ্বিতীয় স্বর অর্থাৎ 'ঋষভ'-এর কথ্য রূপ।
**রেজিস্টার** register.
**রেজিস্ট্রার** Registrar.
**রেজিস্ট্রি** registry. 'রেজেস্ট্রি' নয়।
**রেডার** radar. 'রাডার' নয়, 'র‍্যাডার' নয়।
**রেডিয়ো** radio. 'রেডিও' নয়। শেষ দুটি ধ্বনির মধ্যবর্তী শ্রুতি বা glide এর জন্য **-য়ো**।
**রেড়ি** ভেরেণ্ডা। -ড়ী নয়।
**রেণু** পরাগ, গুঁড়ো। -নু নয়।
**রেণুকা** -নু- নয়।
**রেতঃ** বীর্য। 'রেত' নয়। **রেতঃপাত**।
**রেনিয়ে, ইভ** Yves Régnier. জন্ম 1914 ফরাসি

কবি।

**রেনিয়ো, আঁরি ভিক্তর** Henri Victor Regnault 1810-1878. ফরাসি রসায়নবিদ ও পদার্থবিজ্ঞানী। 'রেগনোল্ট' নয়।

**রেনেসাঁস** renaissance. 'রেনেশাঁস' নয়, 'রেনেসাঁ' নয়। কিংবা **র‍্যানেসাঁস**।

**রেনোয়ার, ঝাঁ** Jean Renoir 1894-1979 ফরাসি চলচ্চিত্র-নির্মাতা।

**রেনোয়ার, পিয়ের ওগ্যুস্ত** Pierre Auguste Renoir 1841-1919 ফরাসি চিত্রকর।

**রেবতী** নক্ষত্রবিশেষ ; বলরামের পত্নী। -তি নয়।

**রেমব্রান্ট, ফ্যান রাইন** Van Rijn Rembrandt 1606-1669. ওলন্দাজ চিত্রকর।

**রেয়ন** rayon. কৃত্রিম রেশমবিশেষ। -ণ নয়।

**রেস্তোরাঁ** restaurant. বাংলায় প্রচলিত ফরাসি উচ্চারণ। -স্ত- নয়, -স্তোঁ- নয়।

**'রৈবতক'** নবীনচন্দ্র সেনের কাব্যগ্রন্থ (১৮৮৭)।

**রোঁয়া** আঁশ, লোম ! চন্দ্রবিন্দু আবশ্যিক।

**রোপণ** -ন নয়।

**রোয়া** রোপণ করা। রোঁ- নয়।

**রোয়া, ক্লোদ** Claude Roy জন্ম 1915. ফরাসি ঔপন্যাসিক।

**রোয়া, ঝুল** Jules Roy জন্ম 1907. ফরাসি ঔপন্যাসিক।

**রোহিণী** নক্ষত্রবিশেষ।

**রোহিতাশ্ব** রাজা হরিশ্চন্দ্রের পুত্র। 'রুহিতাশ্ব' নয়।

**র‍্যাঁদা** ছুতোরের যন্ত্রবিশেষ। চন্দ্রবিন্দু আবশ্যিক।

**র‍্যাঁবো, ঝাঁ আর্ত্যুর** Jean Arthur Rimbaud 1854-1891. ফরাসি কবি।

**র‍্যাঁস** Rheims ফরাসি শহর। 'রেইমস' নয়।

**র‍্যাডার দ্র রেডার।**

◆

**লং** long.

**লংকা** মরিচ। -ঙ্কা অপ্রয়োজনীয়।

**লং জাম্প** long jump.

**লংপ্লেয়িং রেকর্ড** longplaying record.

**লক্ষ**$_১$ একশো হাজার।

**লক্ষ**$_২$ নজর দেওয়া, দেখা অর্থে ক্রিয়াপদে। লক্ষ্য নয়। উদা.—লক্ষ করে দেখো। লক্ষ করিনি। কিন্তু বিশেষ্যে ও বিশেষণে **লক্ষ্য**। উদা.—স্থির লক্ষ্য, লক্ষ্যভেদ, লক্ষ্য স্থির রাখো।

**লক্ষণ** চিহ্ন। -ক্ষ্ম- নয়।

**লক্ষণীয়** বিণ. লক্ষ করার যোগ্য। -ক্ষ্য- নয়।

**লক্ষিত** লক্ষ করা হয়েছে এমন।

**লক্ষ্ণৌ** দ্র **লখনউ**।

**লক্ষ্মণ** রামচন্দ্রের ভ্রাতা। 'লক্ষণ' নয়।

**লক্ষ্মী** -ক্ষী নয়।

**লক্ষ্মীনাথ বেজবরুয়া** ১৮৬৮-১৯৩৮ অসমিয়া সাহিত্যিক ও জাতীয়তাবাদী।

**লক্ষ্মীবান্** সংস্কৃত শব্দ, বাংলায় প্রয়োগ নেই। বাংলায় **লক্ষ্মীমন্ত** প্রচলিত।

**লক্ষ্য** দ্র **লক্ষ**$_২$।

**লক্ষ্যচ্যুত, লক্ষ্যভেদ, লক্ষ্যভ্রষ্ট, লক্ষ্যহীন।**

**লক্ষ্যার্থ**। 'লক্ষার্থ' নয়।

**লখনউ**। 'লক্ষ্ণৌ' নয়, 'লখনৌ' নয়।

**লগ্নি** টাকা সুদে বা ব্যাবসায় খাটানো। -গ্নী নয়। কিন্তু **লগ্নীকরণ, লগ্নীকৃত**।

**লঘুগুরুজ্ঞান** একটি শব্দ।

**লঘু পাপে গুরুদণ্ড** তিনটি শব্দ।

**লঘুভার** বিণ. হালকা। একটি শব্দ।

**লঘুসংগীত** একটি শব্দ।

**লঘূকরণ** গণিতের প্রণালীবিশেষ। 'লঘুকরণ' নয়।

**লঙ্কা** মরিচ। দ্র **লংকা**।

**লয়কারি** সংগীতে, বিশেষত যন্ত্রসংগীতে লয়ের নানান বৈচিত্র্য-প্রদর্শন। -রী নয়।

**লয়ড জর্জ, ডেভিড** David Lloyd George 1863-1945 ইংরেজ রাজনীতিবিদ।

**ললিতকলা** চারুকলা, fine arts.

# ল

**লরকা, ফেদেরিকো গারথিয়া** Federico Garcia Lorca 1898-1936 স্পেনীয় কবি।

**লরেন্স, ডেভিড হারবার্ট** (ডি এইচ) David Herbert Lawrence 1885-1930. ইংরেজ ঔপন্যাসিক ও কবি।

**লস অ্যাঞ্জেলেস** Los Angeles.

**লস্‌সি** ঠাণ্ডা সরবতবিশেষ। 'লস্যি' নয়।

**লাইপনিৎস, ফন ভিলহেলম** von Wilhelm Leibniz 1646-1716 জার্মান দার্শনিক ও গণিতবিদ।

**লাগছ** -ছো নয়। উদা.—ওর পিছনে লাগছ কেন ? অনুরূপভাবে, **লাগাচ্ছ**।

**লাগছিল, লাগত, লাগল। লাগাচ্ছ, লাগাচ্ছিল, লাগাত, লাগাল। কিন্তু লাগানো।**

**লাজপত রায়, লালা** দ্র **লালা লাজপত রায়**।

**লাপিস লাজুলি** lapis lazuli. উজ্জ্বল আকাশ-নীল রঙের মূল্যবান খনিজ পাথর।

**লাভোয়াজিয়ে, আঁতোয়ান লোরাঁ** Antoine Laurent Lavoisier 1743-1794. ফরাসি রসায়নবিদ।

**লালকৃষ্ণ আডবাণী** নামধারীর নিজস্ব বানানপদ্ধতি অনুসারে **আডবাণী**। -বানি নয়, আদ- নয়।

**লালন ফকির** ১৭৭২-১৮৮৮(?)। বাউলগানের রচয়িতা।

**লালবিহারী দে, রেভারেন্ড** ১৮২৪-১৮৯৪। Folk Tales of Bengal-এর রচয়িতা।

**লালা লাজপত রায়** ১৮৬৫-১৯২৮।

**লিউইস, উইনড্যাম** Wyndham Lewis 1884-1954. ইংরেজ কবি।

**লিউকিমিয়া** leukaemia, 'লিউকোমিয়া' নয়।

**লিজবোয়া** Lisboa. পর্তুগালের রাজধানী শহর, ইংরেজি নামই অধিকতর পরিচিত—Lisbon.

**লিডার** leader. লী- নয়।

**লিৎভিনফ, মাকসিম** Maksim Litvinov 1876-1951. রুশ রাজনীতিবিদ।

**লিয়াকত আলি খান** ১৮৯৫-১৯৫১ পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী।

**লিসবন** Lisbon. পর্তুগালের রাজধানী, পর্তুগিজ ভাষায় Lisboa.

**লিস্টারশিয়ার** Leicestershire. 'লিসেস্টারশায়ার' নয়। কিংবা **লে-**।

**লুকাচ, গেয়র্ক** Georg Lukacs 1885-1971. হাঙ্গেরীয় দার্শনিক ও লেখক।

**লুকাচ্ছে** কিংবা **লুকোচ্ছে**। কথ্য রীতিতে শুধুই দ্বিতীয়টি।

**লুকাত** লুকিয়ে থাকত। কিংবা **লুকোত**।

**লুকানো** বি. ক্রি.। -ন নয়।

**লুঙ্গি** -ঙি নয়।

**লুট** কিংবা **লুঠ**।

**লুটাচ্ছে** কিংবা **লুটোচ্ছে**।

**লুটাত** কিংবা **লুটোত**।

**লুটানো**। কিন্তু **লুটাল**।

**লুটেরা** কিংবা **লুঠেরা**। প্রথমটি অধিকতর প্রচলিত।

**লুথার, মারটিন** Martin Luther 1483-1546. জার্মান ধর্মসংস্কারক।

**লুদোভিচি, চেজারে ভিকো** Cesare Vico Ludovici 1885-1968, ইতালীয় নাট্যকার।

**লুনাচারস্কি, আনাতোলি ভাসিলিয়েভিচ** Anatoly Vasilyevich Lunacharsky 1875-1933. রুশ লেখক ও রাষ্ট্রতাত্ত্বিক।

**লেওনার্দো দা ভিঞ্চি** দ্র **দা ভিঞ্চি**।

**লেকঁৎ দ্য লিল** Leconte de Lisle 1818-1894. ফরাসি কবি। প্রকৃত নাম শার্ল মারি Charles Marie.

**লেজ, ল্যাজ** বর্তমানে যেহেতু এই শব্দটির দুটি উচ্চারণই মান্য, তাই বানানের ক্ষেত্রেও পার্থক্য রক্ষা করা সংগত। অতএব উচ্চারণ অনুযায়ী বানান লেজ কিংবা ল্যাজ হবে।

**লেনিন, ভ্লাদিমির ইলিচ** প্রকৃত নাম Vladimir Ilych Ulianov 1870-1924. রুশ বিপ্লবী ও পূর্বতন সোভিয়েত ইউনিয়নের প্রতিষ্ঠাতা।

**লেফাফা** খাম। 'লেপাফা' কথ্য।

**লেবেদেফ, হেরাসিম** Herasim Lebedev 1749-1818 রুশ নাট্যকার ও অনুবাদক, বাংলা নাটকের অন্যতম পথিকৃৎ।

**লেভি, কার্লো** Carlo Levi জন্ম 1902 ইতালীয় ঔপন্যাসিক।

**লেভি, সিলভ্যাঁ** Sylvain Lévi 1853-1935 ফরাসি প্রাচ্যবিদ।

**লেভি-স্ত্রস, ক্লোদ** Claude Lévi-Strauss জন্ম 1908 ফরাসি সমাজতাত্ত্বিক।

**লোকগণনা** একটি শব্দ। অনুরূপভাবে, **লোকগীতি, লোকচক্ষু, লোকচরিত্র, লোকপরম্পরা, লোকবসতি, লোকসংগীত, লোকসমাগম, লোকসাহিত্য, লোকহিতব্রতী।**

**'লোকরহস্য'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত নিবন্ধ (১৮৭৪)।

**লোদি** ভারতের শাসকবংশবিশেষ। 'লোদী' নয়।

**লোয়েল, অ্যামি** Ami Lowell আমেরিকান কবি। 'লাওয়েল' নয়।

**ল্যাংচা**। 'লেংচা' নয়।

**ল্যাংচানো** খোঁড়ানো। লেং- নয়।

**ল্যাংটা**। 'লেংটা' নয়।

**ল্যাংড়া**। 'লেংড়া' নয়।

**ল্যাগব্যাগ**, কিন্তু **ল্যাগবেগে।**

**ল্যাঙট**। 'ল্যাঙ্গট' নয়, 'লেঙট' নয়।

**ল্যাজ** দ্র **লেজ।**

**ল্যাটা** মাছবিশেষ। 'লেটা' নয়।

**ল্যাঠা** ঝামেলা। 'লেঠা' নয়।

**ল্যাতপ্যাত**, কিন্তু **ল্যাতপেতে।**

**ল্যাভেনডার** -গু- নয়।

**ল্যাম, চার্লস** Charles Lamb 1775-1834 ইংরেজ প্রাবন্ধিক। 'ল্যাম্ব' নয়।

◆

**শংকর, শংকরা, শংকরী** -ঙ্ক- নয়।

**শক্তি চট্টোপাধ্যায়** ১৯৩৩-১৯৯৫। প্রতিভাধর কবি, প্রথম কাব্য 'হে প্রেম হে নৈঃশব্দ্য' (১৯৬০)।

**শক্তিপ্রয়োগ** একটি শব্দ। তু. **বলপ্রয়োগ।** অনুরূপভাবে, **শক্তিসঞ্চয়।**

**শখ**। 'সখ' বর্জিত।

**শঙ্কা**। 'শংকা' নয়।

**শঙ্কু**। 'শংকু' নয়।

**শঙ্খ**। 'শংখ' নয়।

**শচী** ইন্দ্রের পত্নী। -চি নয়।

**শচীন্দ্র, শচীশ।**

**শজনে, শজিনা**। 'সজনে', 'সজিনা' নয়।

**শজারু**। 'সজারু' নয়।

**শঠে শাঠ্যং** দুটি পৃথক শব্দ।

**শণ** -ন নয়। উদা.—শণের নুড়ি, শণের দড়ি।

**'শতনরী'** করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের কাব্য (১৩৩৭)।

**'শতপথব্রাহ্মণ'** শত অধ্যায়ে বিভক্ত বেদের অংশবিশেষ।

**শতবর্ষজীবী** শতায়ু। -জীবি নয়।

**শতরঞ্চ** কিংবা **শতরঞ্জ** দাবাখেলা।

**শতরঞ্চি** কিংবা **শতরঞ্জি** পেতে বসার জন্য মোটা সুতোয় তৈরি চাদর। প্রথমটি অধিকতর প্রচলিত।

**শতসহস্র** অজস্র, অসংখ্য। একশত হাজার বা দশ লক্ষ বোঝাতে **শত-সহস্র।**

**শতাব্দ** century. **'শতাব্দী'** প্রচলিত কিন্তু অনাবশ্যক তবে দ্বিতীয় শব্দের বানান **শতাব্দি** হওয়া উচিত। < শত + অব্দ + (বাং.) ই।

**শত্রুজিৎ** শত্রুকে জয়কারী। -ত নয়।

**শত্রুমিত্র** হাইফেন অপ্রয়োজনীয়।

**শনশন** কিংবা **শন শন**। হস্-চিহ্ন অপ্রয়োজনীয়। -ণ নয়।

**শনাক্ত** স- নয়।

**শনৈঃ শনৈঃ** দুটি পৃথক শব্দ। বিসর্গ বর্জন করা যাবে না।

**শফর**[১] মুসলমানি মাসবিশেষ।

**শফর**[২] ভ্রমণ, পর্যটন। 'সফর' প্রচলিত কিন্তু অসংগত।

**শফরী** কিংবা **সফরী** পুঁটিমাছ। -রি নয়।

**শবব্যবচ্ছেদ** একটি শব্দ। অনুরূপভাবে, **শবসাধনা।**

**শবেবরাত** মুসলমানদের বিবাহ বা শ্রাদ্ধাদির জন্য

নির্দিষ্ট দিন।
**'শব্দকথা'** রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর প্রবন্ধগ্রন্থ (১৯১৭)।
**শব্দভেদী, শব্দবেধী** সমার্থক শব্দ। তু. **লক্ষ্যভেদ ও লক্ষ্যবেধ।**
**শব্দযোজনা** একটি শব্দ।
**শম** শান্তি ; মনঃসংযোগ।
**শমনভবন** একটি সমাসবদ্ধ শব্দ। অনুরূপভাবে, **শমনদমন, শমনসদন।**
**শমি** কিংবা **শমী**[১] বাবলাজাতীয় গাছবিশেষ।
**শমী**[২] শমগুণবিশিষ্ট ; সংযমী। এই অর্থে **'শমি'** ভুল।
**শমীক** পৌরাণিক ঋষিবিশেষ। 'শমিক' নয়।
**শয়িত, শায়িত** প্রথমটির অর্থ শুয়েছে এমন বা নিদ্রিত। দ্বিতীয়টির অর্থ শুইয়ে দেওয়া হয়েছে এমন।
**শরচ্চন্দ্র** ব্যাকরণের নিয়মে এটিই শুদ্ধ। **শরৎচন্দ্র** ব্যাকরণের নিয়মে অসিদ্ধ কিন্তু এটিই প্রচলিত ও প্রতিষ্ঠিত বাংলা শব্দ হিসাবে দীর্ঘকাল স্বীকৃত।
**শরৎচন্দ্র চট্টোপাধ্যায়** ১৮৭৬-১৯৩৮।
**শরৎচন্দ্র বসু** ১৮৮৯-১৯৫০। রাজনীতিজ্ঞ।
**শরদিন্দু বন্দ্যোপাধ্যায়** ১৮৯৯-১৯৭০। যশস্বী লেখক, সত্যান্বেষী ব্যোমকেশ বক্সী চরিত্রের স্রষ্টা।
**শরবত** -ৎ নয়, 'সরবত' নয়।
**শরাফত** আভিজাত্য। -ৎ নয়।
**শরিক** অংশীদার। -রী নয়, স- নয়।
**শরিকি** বিণ. শরিক-সম্বন্ধীয়। উদা.—শরিকি বিবাদ। -কী নয়।
**শরিফ** -রী- নয়।
**শরিয়ত** -ৎ নয়। **শরিয়তি** -তী নয়।
**শরীর-মন** হাইফেন বাঞ্ছিত।
**শরীরী** দেহবিশিষ্ট, দেহধারী ; মূর্ত। -রি নয়।
**শর্ত**। 'সর্ত' বর্জিত।
**শর্বাণী** কিংবা **সর্বাণী** শিবপত্নী দুর্গা। প্রথমটি অধিকতর প্রচলিত।
**'শর্মিষ্ঠা'** মধুসূদন দত্তের নাটক (১৮৫৯)।
**শশী** কিন্তু **শশিভূষণ, শশিশেখর, শশিকান্ত, শশিমুখী।**
**শস্য** -ষ্য নয়।
**শস্যক্ষেত্র** একটি শব্দ। অনুরূপভাবে, **শস্যভাণ্ডার।**
**শহিদ** -হী- নয়।
**শহীদুল্লাহ্, মুহম্মদ** ১৮৮৫-১৯৬৯ ভাষাতাত্ত্বিক।
**শাঁকচুন্নি** চন্দ্রবিন্দু আবশ্যিক, -ন্নী নয়।
**শাঁখারি** শঙ্খব্যবসায়ী। -রী বর্জিত।
**শাকরেদ** দ্র **শাগরেদ।**
**শাক্তপদাবলি** একটি সমাসবদ্ধ শব্দ।
**শাক্তমতে** একটি শব্দ।
**শাগরেদ** চেলা। 'শাকরেদ' অধিকতর প্রচলিত কিন্তু অসংগত।
**শাড়ি** -ড়ী বর্জিত।
**শাণিত** তীক্ষ্ণ।
**শাতোব্রিয়াঁ, ফ্রাঁসোয়া র‍্যনে দ্য** François René de Chateaubriand 1768-1848. ফরাসি সাহিত্যিক।
**শাদা** সা- নয়।
**শাদি** বিবাহ। সা- নয়, -দী নয়।
**শানবাঁধানো** বিণ. একটি শব্দ।
**শান্তিনিকেতনি** বিণ. -নী নয়।
**শান্তিপুরি** বিণ. -রী নয়। উদা.—শান্তিপুরি ভদ্রতা।
**শাবাশ** সা- নয়, -স নয়।
**শামিয়ানা** সা- নয়।
**শামিল** সা- নয়।
**শার, র‍্যনে** René Char জন্ম 1907. ফরাসি কবি।
**শারীরবৃত্ত** কিংবা **শারীরবিজ্ঞান** কিংবা **শারীরবিদ্যা** physiology. শরীর- নয়।
**শারীরস্থান** anatomy. 'শরীরস্থান' নয়।
**শারীরিক।**
**শার্ঙ্গদেব** দ্বাদশ শতকের সংগীতশাস্ত্রী ও অলংকারশাস্ত্রী, 'সঙ্গীতরত্নাকর' গ্রন্থের রচয়িতা।
**শার্দূল** বাঘ। -র্দু- নয়।
**শালু** লেপ ইত্যাদি তৈরির উপযোগী লাল কাপড়বিশেষ। -সা নয়।
**শাল্মলী** শিমুলগাছ। -লি নয়।

# শ

**শাসনকর্তা** একটি শব্দ। অনুরূপভাবে, **শাসনকার্য, শাসনতন্ত্র, শাসনযন্ত্র, শাসনবিধি, শাসনব্যবস্থা।**

**শাস্ত্রীয় সংগীত** দুটি শব্দ।

**শাহ্জাদি** -দী নয়।

**শাহি** -হী নয়।

**শিউলি** ফুলবিশেষ। -লী নয়, সি- নয়।

**শিক** লোহার তৈরি সরু দণ্ড। সি- বর্জিত।

**শিকাগো** Chicago. 'চিকাগো' নয়।

**শিকারি** -রী বর্জিত।

**শিখী** ময়ূর। কিন্তু **শিখিধ্বজ, শিখিবাহন।**

**শিঙাড়া** সি- নয়। রা- নয়। বিকল্পে, **শিঙ্গাড়া।**

**শিঞ্জিনী** নূপুর। -নি ভুল।

**শিফন** chiffon. পাতলা কাপড়বিশেষ।

**শিবচতুর্দশী** ফাল্গুনমাসের কৃষ্ণপক্ষীয় চতুর্দশী।

**শিবনাথ শাস্ত্রী** ১৮৪৭-১৯১৯।

**শিবরাম চক্রবর্তী** ১৯০৩-১৯৮০ রসসাহিত্যিক।

**শিবালিক** হিমালয়ের দক্ষিণে অবস্থিত অনুচ্চ ছোট পাহাড়শ্রেণীর সমবেত নাম।

**শিমুল** -মূল নয়।

**শিম্পাঞ্জি** ইংরেজি চিম্প্যাঞ্জি বা chimpanzee থেকে।

**শিয়া** পারস্যে সৃষ্ট মুসলমান গোষ্ঠী।

**শিরঃপীড়া।**

**শিরনাম, শিরনামা** দ্র **শিরোনাম**

**শিরশ্ছেদ।** 'শিরঃছেদ' নয়।

**শিরোদেশ** মাথা ; উপরদিক ; শীর্ষ।

**শিরোধার্য।** 'শিরধার্য' নয়, 'শিরঃ ধার্য' নয়।

**শিরোনাম** heading, caption. 'শিরনাম', 'শিরনামা' 'শিরোনামা' নয়।

**শিলমোহর।** 'সীলমোহর' নয়।

**শিলার, ফ্রিডরিখ ফন** Friedrich von Schiller 1759-1805. জার্মান কবি ও নাট্যকার।

**শিল্ড** shield. 'শীল্ড' নয়।

**শিল্পকৌশল** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

**শিল্পনির্দেশক** একটি শব্দ।

**শিল্পায়ন** -ণ নয়।

**শিল্পিক, শৈল্পিক** শিল্পসম্বন্ধীয় ; শিল্পীসম্বন্ধীয়।

**শিশিক্ষু** শিখতে আগ্রহী। শিক্ষার্থী বা ছাত্র অর্থে প্রয়োগ বিরল।

**শিশিরকুমার ঘোষ** ১৮৪০-১৯১১। সাংবাদিক ও দেশহিতব্রতী।

**শিশিরকুমার ভাদুড়ী** ১৮৮৯-১৯৫৯। যশস্বী নট।

**শিশুসাহিত্য** একটি শব্দ, হাইফেন নয়।

**শিহরন** বাংলা শব্দ। কাজেই -ণ নয়।

**শীততাপনিয়ন্ত্রিত** airconditioned. শীত + তাপ। কিংবা **শীতাতপনিয়ন্ত্রিত।** শীত + আতপ।

**শীতাংশু** চাঁদ। তু. **সিতাংশু।**

**শুঁটকিমাছ** চন্দ্রবিন্দু আবশ্যিক।

**শুঁঠ** উদা.—আদার শুঁঠ। চন্দ্রবিন্দু আবশ্যিক।

**শুক্ত** তিক্ত ব্যঞ্জনবিশেষ। 'শুক্তনি' আঞ্চলিক।

**শুদ্ধাশুদ্ধ** শুদ্ধ + অশুদ্ধ।

**শুদ্ধীকৃত** -দ্ধি- নয়।

**শুদ্ধ্যশুদ্ধি** শুদ্ধি + অশুদ্ধি।

**শুনতে-শুনতে** হাইফেন বাঞ্ছিত।

**শুনানি** hearing. -নী নয়।

**শুবার্ট, ফ্রানৎস** Franz Schubert 1797-1828 অস্ট্রিয়ার সংগীতস্রষ্টা।

**শুভংকর** পঞ্চদশ বা ষোড়শ শতকের সংগীততাত্ত্বিক, 'সংগীত দামোদর' গ্রন্থের রচয়িতা।

**শুভমুহূর্ত, শুভসংকল্প, শুভসংবাদ, শুভসূচনা,** প্রতিটি একটি শব্দ।

**শুভাকাঙ্ক্ষা, শুভাকাঙ্ক্ষী।**

**শুভানুধ্যায়ী।**

**শুয়ে-বসে** হাইফেন বাঞ্ছিত। উদা.—আর কতকাল শুয়ে-বসে কাটাবে ?

**শুয়ে-শুয়ে** হাইফেন বাঞ্ছিত। উদা.—শুয়ে-শুয়ে বই পড়া।

**শুশনিক, কুর্ট ফন** Kurt von Schuschnigg 1897-1977. অস্ট্রিয়ান রাজনীতিবিদ।

**শুশ্রূষা।**

**শুষনি** জলজ শাকবিশেষ। কিংবা **শুশনি।** 'সুষনি' নয়।

**শূককীট** শু- নয়।

**শূকর** কিন্তু **শুয়োর।**

**শূদ্রক** আনু. খ্রিস্টীয় প্রথম শতকের সংস্কৃত

# শ

নাট্যকার, 'মৃচ্ছকটিক'-এর রচয়িতা।
**শূদ্রাণী** শূদ্র-এর স্ত্রীলিঙ্গ।
**শূন্য** -ণ্য নয়, শু- নয়।
**শূন্যগর্ভ** একটি সমাসবদ্ধ শব্দ।
**'শূন্যপুরাণ'** ত্রয়োদশ থেকে ষোড়শ শতকের মধ্যে রামাইপণ্ডিত রচিত ধর্মীয় কাব্য।
**শূর** সূর্য।
**শূর্প** কুলো।
**শূল** যন্ত্রণা বা বেদনা ; প্রাচীন অস্ত্রবিশেষ।
**শূলপাণি** বিণ.।
**শৃঙ্খলবদ্ধ, শৃঙ্খলাবদ্ধ,** দুইই শুদ্ধ। শৃঙ্খলদ্বারা বদ্ধ ; শৃঙ্খল + আবদ্ধ।
**শেকসপিয়ার, উইলিয়াম** 1564-1616. -ক্স- নয়, -পী- নয়।
**শেখাত, শেখাল**। কিন্তু **শেখানো** বি. বিণ. ক্রি.।
**শেফালি**। 'শেফালী' শুদ্ধ কিন্তু বর্জিত।
**শেরওয়ানি** কিংবা **শেরোয়ানি** -নী নয়।
**শেরিফ**sheriff. (ভারতে) সরকার-নির্দিষ্ট কিংবা সর্বসাধারণের বিধিনির্দিষ্ট অনুষ্ঠানাদি পরিচালনা ও তত্ত্বাবধানের জন্য সরকার-নিযুক্ত পদস্থ কর্মচারি ; (ইংল্যান্ডে) মহকুমা বা জেলার শাসক।
**শেলি, পার্সি বিশ** Percy Bysshe Shelley 1792-1822. 'শেলী' নয়, 'বাইসি' নয়, 'বিসি' নয়।
**শেষতম** বিণ. সবার শেষে ঘটে বা হয় এমন। < শেষ + ওতমচ্।
**শৈলজানন্দ মুখোপাধ্যায়** ১৯০১-১৯৭৬ ঔপন্যাসিক।
**'শেষের কবিতা'** রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস (১৯২৯)।
**শৈল্পিক** শিল্পসংক্রান্ত, শিল্পীসংক্রান্ত। দ্র **শিল্পিক**।
**শৈশবসঙ্গী** একটি শব্দ। অনুরূপভাবে, **শৈশবস্মৃতি**।
**শোকগাথা** একটি শব্দ। অনুরূপভাবে, **শোকজর্জর, শোকতপ্ত, শোকদগ্ধ, শোকপ্রবাহ, শোকব্যঞ্জক, শোকযাত্রা, শোকসংগীত, শোকসভা**।
**শোণিত** রক্ত।
**শোধরানো** বি. বিণ. -ন নয়।
**শোনাত, শোনাল**। কিন্তু **শোনানো** ক্রি. বি.।
**শোপেনহাউয়ের, আর্থার** Arthur Schopenhauer 1788-1860. জার্মানি দার্শনিক।
**শোপ্যাঁ, ফ্রেদেরিক ফ্রাঁসোয়া** Frédéric François Chopin 1810-1849. ফরাসি সংগীতস্রষ্টা।
**শোভন, শোভনীয়** সমার্থক শব্দ, অর্থ সুন্দর, মানানসই ; উপযুক্ত। দ্বিতীয়টি বাহুল্য, অতএব, পরিহার্য।
**শোয়াইটসার, আলবার্ট** Albert Schweitzer 1875-1965. ফরাসি (জন্মসূত্রে জার্মানি) যাজক, সংগীতজ্ঞ ও মানবতাবাদী।
**শোষণ**।
**শোহরত** ঘোষণা, প্রচার। -ৎ নয়।
**শৌখিন** সৌ- নয়, -খী- নয়।
**শৌরি** শূরবংশের সন্তান ; শ্রীকৃষ্ণ ; শনিগ্রহ। -রী নয়।
**শ্বদন্ত** মুখের দুই পাশের ছুঁচলো দাঁত, canine tooth.
**শ্বশ্রু, শ্বশ্রূমাতা** শাশুড়ি। 'শ্বশ্রু' নয়।
**শ্বেতকণিকা** একটি শব্দ। অনুরূপভাবে, **শ্বেতকরবী, শ্বেতকাঞ্চন, শ্বেতচন্দন, শ্বেতপতাকা, শ্বেতপদ্ম, শ্বেতপাথর**।
**শ্বেতপত্র** White Paper. মূলত জনস্বার্থসম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের নীতি ও মনোভাবের প্রকাশ্য বিজ্ঞপ্তি।
**শ্বেতাম্বর** জৈন গোষ্ঠীবিশেষ।
**শ্বেতি** ধবলরোগ। 'শ্বেতী' বর্জনীয়।
**শ্মশান**।
**শ্মশানকালী** একটি শব্দ।
**শ্মশানযাত্রী** একটি শব্দ।
**শ্মশ্রু** দাড়িগোঁফ।
**'শ্যামা'** রবীন্দ্রনাথ ঠাকুরের নৃত্যনাট্য (১৯৩৯)।
**শ্যামাচরণ গঙ্গোপাধ্যায়** ১৮৩৮-১৯২৮ ? শিক্ষাবিদ ও ভাষাচিন্তার অগ্রপথিক।
**শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়** ১৯০১-১৯৫৩। ব্যবহারজীবী ও রাজনীতিজ্ঞ।

# শ ◆ ষ

**শ্যামোয়া** chamois হরিণবিশেষ। 'শ্যাময়' নয়।

**শ্যাম্পু** shampoo.

**শ্যাম্পেন** champagne.

**শ্যেন** বাজপাখি। **শ্যেনদৃষ্টি** বাজপাখির মতো তীক্ষ্ণ দৃষ্টি।

**শ্রদ্ধাঞ্জলি** -লী নয়।

**শ্রদ্ধাস্পদ** -স্পদ নয়।

**শ্রমজীবী** -জীবি নয়।

**শ্রমণ** বৌদ্ধ ভিক্ষু বা সন্ন্যাসী, -ন নয়।

**শ্রমবিমুখ** একটি শব্দ।

**শ্রমিকসংঘ** একটি সমাসবদ্ধ শব্দ।

**শ্রমিক সংগঠন** দুটি শব্দ, অসংলগ্ন সমাস।

**শ্রীনিবাস রামানুজন** ১৮৮৭-১৯২০ প্রতিভাধর গণিতজ্ঞ।

**শ্রীমতী**। 'শ্রীমতি' নয়।

**শ্রুতলিপি**। 'শ্রুতিলিপি' নয়।

**শ্রুতিমধুর** একটি শব্দ। অনুরূপভাবে, **শ্রুতিরঞ্জক, শ্রুতিসুখকর**।

**শ্রূয়মাণ** শোনা হচ্ছে এমন। উদা.—শ্রূয়মাণ সংগীত। শ্রু- নয়, -মান নয়।

**শ্রেণি** কিংবা **শ্রেণী**।

**শ্রেয়স্কর** মঙ্গলজনক, হিতকর। 'শ্রেয়কর' নয়। শ্রেয়ঃ + কর।

**শ্রেয়োজনক** শ্রেয়ঃ + জনক।

**শ্রেয়োলাভ** শ্রেয়ঃ + লাভ।

**শ্রোণি** কিংবা **শ্রোণী**। যেহেতু দুটিই শুদ্ধ, সেইজন্য প্রথমটিই গ্রহণীয়।

**শ্রোতব্য** শোনার যোগ্য।

**শ্রোতৃবর্গ**। 'শ্রোতাবর্গ' নয়। অনুরূপভাবে, **শ্রোতৃমণ্ডল, শ্রোতৃমণ্ডলী**।

**শ্রোত্র** বি. শ্রবণেন্দ্রিয়; বেদ।

**শ্রোত্রিয়** বেদজ্ঞ ব্রাহ্মণ। 'শ্রোত্রীয়' নয়।

**শ্লথ গতি** যে গতি শ্লথ বা মন্থর। কিন্তু **শ্লথগতি** বিণ. মন্থর গতিসম্পন্ন। উদা.—শ্লথগতি যান।

**শ্লেষ্মা**। বিণ. **শ্লৈষ্মিক**।

**শ্লোগান** দ্র **স্লোগান**।

◆

**ষট্‌কর্ম, ষট্‌পদ**।

**ষড়ঋতু, ষড়্‌দর্শন, ষড়্‌রিপু, ষড়্‌বর্গ**।

**ষড়্‌যন্ত্র, ষড়যন্ত্র** ব্যাকরণমতে প্রথমটি শুদ্ধ হলেও দ্বিতীয়টি বাংলায় বহুলপ্রচলিত।

**ষণ্ডামার্কা** গাঁট্টাগোট্টা।

**ষণ্ণবতি** ছিয়ানব্বই। < ষট্‌ + নবতি। -ন্ন- নয়।

**ষণ্মাস** ছয় মাস। -ন্মা- নয়।

**ষত্ববিধান** হাইফেন অপ্রয়োজনীয়।

**ষষ্টি** ষাট।

**ষষ্ঠী** বি. দেবীবিশেষ। বিণ. ছয়ের পূরক; বিভক্তিবিশেষ।

**ষাঁড়াষাঁড়ির বান** (সচরাচর নদীতে) প্রবল জলোচ্ছ্বাস।

**ষাণ্মাতুর** কার্তিকেয়।

**ষাণ্মাসিক** ছয় মাস অন্তর ঘটে বা প্রকাশিত হয় এমন।

**ষেটেরা** শিশুর জন্মের পর ষষ্ঠ দিনের বা রাতের ষষ্ঠীপূজা বা ওই জাতীয় মাঙ্গলিক অনুষ্ঠান।

**ষোড়শোপচার** ষোড়শ + উপচার।

**ষোলো** 'ষোল' নয়।

**ষোলোআনা** একটি শব্দ হিসাবে লেখ্য। অনুরূপভাবে, **ষোলোকলা**।



# স

**সওদাগরি** -রী বর্জিত।

**সওয়া** উদা.—সওয়া এক, সওয়া দুই। 'সোওয়া' নয়, 'সোয়া' কথ্য।

**সংকট** -ঙ্ক- নয়।

**সংকটকাল** একটি শব্দ। অনুরূপভাবে, **সংকটমোচন।**

**সংকর** মিশ্র। -ঙ্ক- নয়।

**সংকলন** সংগ্রহ করে একত্র করা। -ঙ্ক- নয়।

**সংকীর্ণ** -ঙ্কী- নয়।

**সংকুচিত, সংকোচ, সংকোচন** -ঙ্কু-, -ঙ্কো- নয়।

**সংকুলান** -ঙ্কু- নয়।

**সংকেত** -ঙ্কে- নয়।

**সংক্রমণ** কিংবা **সংক্রাম** বি. 'সংক্রামণ' নয়।

**সংক্রমিত** কিংবা **সংক্রামিত** বিণ.।

**সংক্রামক** কিংবা **সংক্রামী** বিণ. 'সংক্রমক' নয়।

**সংক্ষিপ্ত** ছোট, আকারে ছোট। উদা.—সংক্ষিপ্ত ভাষণ। **সংক্ষেপিত** ছোট করা হয়েছে এমন। উদা.—রচনাটি সংক্ষেপিত আকারে ছাপা হয়েছে।

**সংক্ষেপণ** বি. সংক্ষেপ করা।

**সংখ্যাশব্দ** বাংলায় কথায় সংখ্যা লেখার সমস্যা মূলত বানানঘটিত। যেগুলির বানান নিয়ে সংশয় হতে পারে সেগুলির গ্রহণীয় রূপ লক্ষণীয়—এগারো, বারো, তেরো, পনেরো, ষোলো, সতেরো, আঠারো, আঠাশ কিংবা আটাশ, বিয়াল্লিশ (বেয়াল্লিশ নয়), ছাপ্পান্ন (ছাপান্ন নয়), সাতাশি (সপ্তআশি নয়), অষ্টাশি কিংবা অষ্টআশি, নিরানব্বই (নিরেনব্বই নয়)।

বড় সংখ্যা অঙ্কে লেখার ক্ষেত্রে কমা প্রয়োগ করতে হবে কোটির পরে, লক্ষের পরে, হাজারের পরে। উদা.—৫,৮৯,০৭১ ; ৮১,৫৩,২৯৪ ; ১,৪৩,২৮,৪৫৬ ; ১৪,৫৭৩ ইত্যাদি।

অযুত এবং নিযুত বর্তমানে সংখ্যার ক্ষেত্রে ব্যবহৃত হয় না। অতএব কথায় লেখার সময় অযুত ও নিযুত লেখা যাবে না।

**সংগ** দ্র **সঙ্গ।**

**সংগত, সংগতি** -ঙ্গ- বৈকল্পিক হলেও বর্জনীয়।

**সংঘ** -ঙ্ঘ- বৈকল্পিক কিন্তু বর্জনীয়।

**সংজ্ঞা, সংজ্ঞার্থ** প্রথমটির অর্থ পরিভাষা, নাম, আখ্যা ; দ্বিতীয়টির অর্থ পারিভাষিক অর্থ বা ব্যাখ্যা, definition. Definition এর বাংলা প্রতিশব্দ হিসাবে সংজ্ঞা নয়, সংজ্ঞার্থ লেখ্য।

**সংবৎসর** প্রকৃত অর্থ একটি পুরো বছর। কিন্তু, বর্তমানে প্রচলিত অর্থ সারা বছর। 'সম্বৎসর' নয়।

**সংবরণ** উদা.—লোভ সংবরণ কথা। 'সম্বরণ' নয়।

**সংবর্ত** মহাপ্রলয়।

**সংবর্ধনা**। 'সম্বর্ধনা' নয়।

**সংবলিত**। 'সম্বলিত' নয়।

**'সংবাদ প্রভাকর'** ঈশ্বরচন্দ্র গুপ্ত প্রতিষ্ঠিত (১৮৩১)-ও সম্পাদিত সংবাদপত্র।

**সংবিৎ** চেতনা, জ্ঞান। 'সম্বিৎ' নয়।

**সংবিধানবহির্ভূত**। হাইফেন অপ্রয়োজনীয়।

**সংবিধানবিরোধী**। হাইফেন অপ্রয়োজনীয়।

**সংবিধান বিশেষজ্ঞ** দুটি পৃথক শব্দ, অসংলগ্ন সমাস।

**সংরাগ** তীব্র প্রেম বা অনুরাগ।

**সংশপ্তক** শ্রীকৃষ্ণের অংশজাত সেনাদল, নারায়ণী সেনা।

**সংশয়**। বিণ. **সংশয়াকুল, সংশয়িত, সংশয়াপন্ন, সংশয়ান্বিত।**

**সংশ্লিষ্ট** বিণ. জড়িত, যুক্ত ; সম্বন্ধযুক্ত।

**সংসক্ত** সংযুক্ত ; জড়িত, যুক্ত।

**সংসদীয় গণতন্ত্র** যে গণতন্ত্রে সংসদ বা প্রতিনিধি-সভা বা পার্লামেন্টই প্রকৃত ক্ষমতার অধিকারী, parliamentary democracy.

**সংসারত্যাগ, সংসারত্যাগী** একটি শব্দ। অনুরূপভাবে, **সংসারমোহ, সংসারসমুদ্র।**

**সংস্কারবিমুখ** একটি শব্দ। অনুরূপভাবে, **সংস্কারবিরোধী।**

**সংস্কৃতিমান**। 'সংস্কৃতিবান' নয়।

**সংস্রব** সম্পর্ক ; মিলন।

**সংহিতা** বেদের কর্মকাণ্ডবিষয়ক মন্ত্রসমষ্টি ; সংকলিত রচনা ; সকলের পালনীয় নির্দেশসংবলিত গ্রন্থ।

**সংহৃত** সংগৃহীত ; নিহত, বিনাশিত।

**সকরুণ** সংস্কৃতমতে স- বাহুল্য, কিন্তু সকরুণ একটি বাংলা শব্দ হিসাবে প্রতিষ্ঠিত।

# স

**সকাতরে** স- বাহুল্য হলেও শব্দটি বাংলায় প্রচলিত ও গ্রহণীয়।
**সকাল-সকাল** ক্রি-বিণ. তাড়াতাড়ি, হাইফেন বাঞ্ছিত।
**সক্রেটিস** দ্র **সোক্রাতেস**।
**সক্ষম** সংস্কৃতমতে অশুদ্ধ। কিন্তু বাংলায় সমর্থ অর্থে **সক্ষম** গ্রহণীয়।
**সখারাম গণেশ দেউস্কর**১৮৬৯-১৯১২ মরাঠি বিপ্লবী, বাংলায় বাস করতেন, 'দেশের কথা'-র. লেখক।
**সঙ্গ**। 'সংগ' নয়। **সঙ্গী** -ংগী নয়।
**সঙ্গিন** বেয়নেট। -ঙ্গী- নয়।
**সঙ্ঘ** দ্র **সংঘ**।
**সচিত্র** চিত্রযুক্ত। 'সচিত্রিত' নয়।
**সচ্ছল** আর্থিক স্বাচ্ছন্দ্যযুক্ত। 'স্বচ্ছল' ভুল।
**সঞ্চরমাণ** সঞ্চরণশীল। -ন নয়।
**সঞ্জয় ভট্টাচার্য** ১৯০৯-১৯৬৯। কবি এবং 'পূর্বাশা' পত্রিকার সম্পাদক।
**সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়** ১৮৩৪-১৮৮৯ সাহিত্যিক। 'পালামৌ', 'মাধবীলতা' প্রভৃতি গ্রন্থের লেখক, বঙ্কিমচন্দ্রের অগ্রজ।
**'সঞ্জীবনী'** কৃষ্ণকুমার মিত্র সম্পাদিত সাপ্তাহিক (১৮৮২)।
**সট করে** হসন্ত অপ্রয়োজনীয়।
**সটকানো** হসন্ত অপ্রয়োজনীয়।
**সটান** সোজাসুজি। 'সটাং' বিরল।
**সঠিক** ব্যাকরণমতে স বাহুল্য হলেও বাংলায় বর্ত. অপরিহার্য শব্দ।
**সতর্কীকরণ**। বিণ. **সতর্কীকৃত**।
**সতিন** সপত্নী। -তী- বর্জিত।
**সতী, সতীত্ব**। 'সতিত্ব' নয়।
**সতীত্বহানি** একটি শব্দ।
**সতীনাথ ভাদুড়ী** ১৯০৬-১৯৬৫।
**সতৃষ্ণনয়নে** একটি শব্দ।
**সতেরো**। 'সতের' নয়, 'সতর' নয়।
**সত্তা** অস্তিত্ব ; নিত্যতা। -ত্ত্বা নয়।
**সত্ত্ব** অস্তিত্ব ; ত্রিগুণের অন্যতম ; চৈতন্য।
**সত্ত্বেও** -ত্বে- নয়।
**সত্বর** দ্রুত।
**সত্যজিৎ রায়** ১৯২১-১৯৯২। যশস্বী চলচ্চিত্র স্রষ্টা, লেখক ও চিত্রশিল্পী।
**সত্যনারায়ণ** একটি শব্দ।
**সত্যপালন** একটি শব্দ। অনুরূপভাবে, **সত্যলঙ্ঘন, সত্যসন্ধান**।
**সত্যপির** -পী- নয়। একটি শব্দ।
**সত্যান্বেষণ**। **সত্যান্বেষী**।
**সত্যেন্দ্রনাথ ঠাকুর** ১৮৪২-১৯২৩। কবি ও জাতীয়তাবাদী, প্রথম ভারতীয় আই সি এস, রবীন্দ্রনাথের অগ্রজ।
**সত্যেন্দ্রনাথ বসু,** বিজ্ঞানাচার্য ১৮৯৪-১৯৭৪।
**সদ্‌গতি** হসন্ত আবশ্যিক। অনুরূপভাবে, **সদ্‌গুণ, সদ্‌বাসনা, সদ্‌বিচার, সদ্‌বুদ্ধি**।
**সদর্থক** অস্তিত্ববোধক। বিপ. **নঞর্থক**।
**সদলবলে** ব্যাকরণের বিচারে অশুদ্ধ। তবে বহুলপ্রচলিত। **সদলে** শুদ্ধ কিন্তু বিরল।
**সদসৎ** সৎ ও অসৎ : অস্তিত্ববিশিষ্ট ও অস্তিত্বহীন।
**সদালাপী** প্রীতিকর আলাপ বা কথাবার্তা বলতে পারে এমন।
**সদাহাস্যময়** একটি শব্দ।
**সদ্যঃকৃত** বিসর্গ আবশ্যিক। অনুরূপভাবে, **সদ্যঃপক্ব, সদ্যঃপাতী, সদ্যঃপ্রসূত**। কিন্তু **সদ্য সদ্য**। উদা.—তিনি সদ্য সদ্য ঘুম থেকে উঠেছেন।
**সদ্যোজাত, সদ্যোমৃত**। 'সদ্যজাত' নয়, 'সদ্য মৃত' নয়।
**'সধবার একাদশী'** দীনবন্ধু মিত্র রচিত প্রহসন (১৮৬৬)।
**সনদ** ফরমান, charter. 'সনন্দ' বর্জিত।
**সনাতন** চিরন্তন। শিথিলভাবে পুরাতন অর্থে প্রয়োগ অনুচিত।
**সন্তানসন্ততি** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**সন্তানসম্ভাবনা** একটি শব্দ।
**সন্তোষকুমার ঘোষ** ১৯২০-১৯৮৫ ঔপন্যাসিক, গল্পকার, সম্পাদক।
**সন্দিগ্ধ** সন্দেহপূর্ণ; সংশয়াকুল। উদা.—সন্দিগ্ধ মন।
**সন্দিহান** সন্দেহপূর্ণ, সংশয়াকুল ; সন্দেহপ্রবণ, সন্দিগ্ধমনা।

# স

**সন্দীপক** বিণ. দীপ্তকারক, প্রজ্বালক। **সন্দীপন** বি. দীপ্তকরণ, জ্বালানো।

**সন্ধে** সন্ধ্যা-র কথ্য রূপ। 'সন্ধ্যে' অপ্রয়োজনীয়।

**সন্ধ্যক্ষর** যৌগিক স্বরধ্বনি বা দ্বিস্বরধ্বনি-র অন্য নাম। উদা.—আয়্, আই্, আও্, ওই্। ইংরেজি নাম diphthong, এতে একটি পূর্ণ স্বরধ্বনি এবং একটি অর্ধ স্বরধ্বনি থাকে।

**'সন্ধ্যা'** ব্রহ্মবান্ধব উপাধ্যায় ও পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায় সম্পাদিত সান্ধ্য দৈনিক (১৯০৪)।

**সন্ধ্যাভাষা** সাংকেতিক ভাষা, সাধারণের পক্ষে দুর্বোধ ভাষা।

**সন্ন্যাসরোগ** একটি শব্দ।

**সন্ন্যাসী। অনেক (অধিক) সন্ন্যাসীতে গাজন নষ্ট।**

**সন্ন্যাসী বিদ্রোহ** হিন্দু সন্ন্যাসী ও মুসলমান ফকিরদের ব্রিটিশ-বিরোধী বিদ্রোহ (১৭৬৩-১৮০০)।

**সপক্ষ, স্বপক্ষ** শব্দদুটির পার্থক্য লক্ষণীয়। প্রথমটির দুটি অর্থ, পক্ষ অবলম্বনকারী ; পক্ষযুক্ত, ডানাযুক্ত। দ্বিতীয়টির অর্থ আত্মপক্ষ, নিজের পক্ষ বা দল। উদা.—ধর্মনিরপেক্ষতার সপক্ষতা করা ; এই নীতির সপক্ষে বক্তৃতা করা। অনেক বিরোধী নেতাকে তিনি স্বপক্ষে আনতে সমর্থ হলেন।

**সপরিবার, সপরিবারে** প্রথমটি বিণ. ও ক্রি-বিণ. দুইভাবেই ব্যবহার্য। উদা.—তিনি সপরিবার এলেন। অর্থাৎ পরিবারের সঙ্গে এলেন। কাজেই ব্যাকরণমতে দ্বিতীয়টি অপ্রয়োজনীয়। তবে বাংলা প্রয়োগ হিসাবে দ্বিতীয়টি দূষণীয় নয়।

**সপ্তর্ষিমণ্ডল** মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ এই সাত নক্ষত্রের সমবেত নাম। ইংরেজি নাম Great Bear.

**সবজি।** 'সব্জি' নয়।

**সবপেয়েছির দেশ।** 'সব পেয়েছির দেশ' নয়।

**সবরি কলা।** 'সবড়ি' নয়।

**সবিস্ময়** বিণ. বিস্ময়যুক্ত, বিস্মিত। উদা.—সবিস্ময় প্রশ্ন।

**'সভ্যতার সংকট'** রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত বক্তৃতা (১৯৪১), পরে প্রবন্ধাকারে প্রকাশিত।

**সমকালীন** একই সময়ের। কিন্তু **সমকালিক।**

**সমচাপ** isobar (পরি.)।

**সমঝদার।** 'সমজদার' কথ্য এবং আলোচনামূলক রচনায় বর্জনীয়।

**সমঝোতা** বোঝাপড়া। 'সমঝওতা' নয়।

**সমদর্শী** বিণ. সবদিক সমানভাবে দেখে বা পর্যালোচনা করে এমন ; নিরপেক্ষ। বি. **সমদর্শিতা।**

**সমদূরবর্তী** একটি শব্দ।

**সমধর্মা, সমধর্মী** একই ধর্ম বা গুণযুক্ত। প্রথমটি সংস্কৃতাগত শব্দ। দ্বিতীয়টি বাংলা শব্দ।

**সমভিব্যাহার** বি. সঙ্গ ; একসঙ্গে থাকা বা যাওয়া। বিশেষ্যে প্রয়োগ নেই। ক্রি-বিণ. হিসাবে **সমভিব্যাহারে** শব্দটির কিছু প্রয়োগ আছে। তবে বর্তমানে বিরল।

**সময়মতো** একটি শব্দ।

**সময়-সময়** ক্রি-বিণ. মাঝে-মাঝে। হাইফেন আবশ্যিক। কিংবা **সময়ে-সময়ে।**

**সময় সারণি** time table. দুটি শব্দ।

**সময়সীমা** একটি শব্দ।

**সমরসজ্জা** একটি শব্দ।

**সমর সেন** ১৯১৬-১৯৮৭ কবি ও সাংবাদিক।

**সমরেশ বসু** ১৯২৪-১৯৮৮। যশস্বী কথাসাহিত্যিক।

**সমষ্টি উন্নয়ন** কিংবা **সমষ্টি-উন্নয়ন।**

**সমসাময়িক** ব্যাকরণগত অশুদ্ধি সত্ত্বেও গ্রহণীয়।

**সমাচারদর্পণ** মিশনারিদের দ্বারা প্রতিষ্ঠিত (১৮১৮) বাংলা মাসিকপত্র।

**সমাজব্যবস্থা** একটি শব্দ।

**সমাজসংস্কার** একটি শব্দ। অনুরূপভাবে, **সমাজসংস্কারক, সমাজসেবা, সমাজহিতৈষী।**

**সমাধিভবন** একটি শব্দ। অনুরূপভাবে, **সমাধিমন্দির।**

**সমাসক্তি, সমাসোক্তি** প্রথমটির অর্থ আসক্তি, সম + আসক্তি। দ্বিতীয়টি অলংকারবিশেষ, সমাস + উক্তি।

**সমাহর্তৃ, সমাহর্তা।**

**সমীকরণ, সমীভবন** ।
**সমীক্ষণ, সমীক্ষা** । সমার্থক শব্দ ।
**সমীচীন** ।
**সমুচ্ছ্বাস** ।
**সমুদ্রতট** একটি শব্দ । অনুরূপভাবে, **সমুদ্রতীর, সমুদ্রপথ, সমুদ্রবিজ্ঞান, সমুদ্রমন্থন, সমুদ্রযাত্রা, সমুদ্রহৃদয়** ।
**সমোষ্ণ রেখা** isotherm (পরি.) ।
**সম্বৎসর** দ্র **সংবৎসর** ।
**সম্বদ্ধ** বিণ. সম্পর্কযুক্ত ; যুক্ত ।
**সম্বন্ধ** বি. সম্পর্ক ।
**সম্বলিত** দ্র **সংবলিত** ।
**সম্বাদ কৌমুদী** রামমোহন রায় ও ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত সাপ্তাহিক পত্রিকা (১৮২১) ।
**সম্ভূত** উৎপন্ন, জাত ।
**সম্ভূয়সমুত্থান** যৌথ বাণিজ্য । একটি শব্দ । প্রয়োগ বিরল ।
**সম্মান** । 'সন্মান' নয় ।
**সম্মানদক্ষিণা** একটি শব্দ । অনুরূপভাবে, **সম্মানমূল্য** ।
**সম্মাননীয়** সম্মানের যোগ্য । 'সম্মানীয়' নয় ।
**সম্মিলন, সম্মেলন** বিকল্প শব্দ, অর্থে পার্থক্য নেই ।
**সম্মুখনীতি** একটি শব্দ । অনুরূপভাবে, **সম্মুখগমন, সম্মুখগামী, সম্মুখবর্তী, সম্মুখসংগ্রাম** ।
**সম্মুখবর্তী** বিণ. । বি. **সম্মুখবর্তিতা** । স্ত্রী. **সম্মুখবর্তিনী** ।
**সম্মেলক** সমবেত । **সম্মেলক সংগীত** দুটি পৃথক শব্দ ।
**সম্মেলন** দ্র **সম্মিলন** ।
**সম্যক** -ক্ বর্জিত ।
**সম্রাট** -ট্ বর্জিত ।
**সরকারি** -রী নয় ।
**সরণি, সরণী** পথ, সড়ক ; শ্রেণি, সারি । দুই বানানই শুদ্ধ, অতএব প্রথমটি গ্রহণীয় ।
**সরফরাজি** বি. মাতব্বরি, মোড়লি । -জী নয় । দ্র **শরবত** ।
**সরবতি** -তী নয় ।
**সরলচিত্ত** বিণ. একটি শব্দ । অনুরূপভাবে, **সরলপ্রকৃতি, সরলমতি, সরলহৃদয়** ।
**সরলবর্গীয়** coniferous. একটি শব্দ ।
**সরলবাক্য** একটি শব্দ । অনুরূপভাবে, **সরলবিশ্বাস** ।
**সরলাদেবী চৌধুরাণী** ১৮৭২-১৯৪৫ জাতীয়তাবাদী আন্দোলনের নেত্রী ।
**সরলাবালা সরকার** ১৮৭৫-১৯৬১ জাতীয়তাবাদী আন্দোলনের নেত্রী, লেখিকা ।
**সরষে** সরিষা । 'সর্ষে' নয় ।
**সরসিজ** । 'সরসীজ' নয় ।
**সরসী** সরোবর । 'সরসি' নয় ।
**সরস্বতী** । স্বর- নয়, -তি নয় ।
**সরাত** সরিয়ে দিত । **সরাল, সরাব** । কিন্তু **সরানো** ক্রি. বি. ।
**সরানো** দ্র **সরাত** ।
**সরিক—শরিক**-এর অপ্র. বানানভেদ ।
**সরিৎ** নদী । -ত নয়, -রী- নয় ।
**সরীসৃপ** । সরি- নয় ।
**সরেজমিন** কিংবা **সরজমিন** ।
**সরোজ আচার্য** ১৯০৬-১৯৬৮ মার্কসবাদী তাত্ত্বিক ও প্রাবন্ধিক ।
**সরোজিনী** ।
**সরোজিনী নাইডু** ১৮৭৯-১৯৪৯ । কবি ও রাজনীতিজ্ঞ ।
**সর্গ** পরিচ্ছেদ, অধ্যায় ।
**সর্ত** দ্র **শর্ত** ।
**সর্দি** । 'সরদি' নয় ।
**সর্বজনশ্রদ্ধেয়** একটি শব্দ ।
**সর্বজনীন** সার্ব- নয় । কিংবা **সার্বজনিক** ।
**সর্বতোভাবে** ।
**সর্বময়কর্তা** একটি শব্দ । বি. **সর্বময়কর্তৃত্ব** ।
**সর্বস্বান্ত** সর্বনাশগ্রস্ত । 'সর্বসান্ত' নয় ।
**সর্বাঙ্গীণ** ।
**সর্বাণী** দুর্গা ।
**সলাপরামর্শ** একটি শব্দ ।
**সলিলসমাধি** একটি শব্দ ।
**সহজপাচ্য** একটি শব্দ । অনুরূপভাবে, **সহজলভ্য, সহজসাধ্য** ।
**সহজবুদ্ধি** একটি শব্দ ।

# স

**সহধর্মিণী** । -নী নয় ।
**সহবত** -ৎ নয় ।
**সহমর্মিতা** । বিণ. **সহমর্মী** ।
**সহযাত্রী** । স্ত্রী. **সহযাত্রিণী** ।
**সহযোগ, সহযোগিতা, সহযোগী** ।
**সহাধ্যায়ী** সহপাঠী ।
**সহায়সম্বল** একটি শব্দ । **সহায়সম্বলহীন** একটি শব্দ ।
**সাংকেতিক** । 'সাঙ্কেতিক' নয় ।
**সাংখ্য** । 'সাঙ্খ্য' বর্জিত ।
**সাংবৎসরিক** । 'সাম্বৎসরিক' নয় ।
**সাংসদ** সংসদের সদস্য, এম পি ।
**সাঁওতাল বিদ্রোহ** সিধু ও কানহু-র নেতৃত্বে সাঁওতাল আন্দোলন, জুন ১৮৫৫ ।
**সাঁড়াশি** -শী নয় ।
**সাঁতরানো** বি. ক্রি. । কিন্তু **সাঁতরাত, সাঁতরাল** ।
**সাঁতলানো** -ৎ- নয় ।
**সাকি** সুরা পরিবেশক ; প্রীতিভাজন । -কী নয় ।
**সাক্ষর, স্বাক্ষর** প্রথমটির (স + অক্ষর) অর্থ অক্ষরযুক্ত অর্থাৎ লেখাপড়া জানে এমন ; দ্বিতীয়টির (স্ব + অক্ষর) অর্থ সই, signature.
**সাক্ষাৎকুটুম** একটি শব্দ । অনুরূপভাবে, **সাক্ষাৎদর্শন, সাক্ষাৎপ্রমাণ, সাক্ষাৎসম্বন্ধ** ।
**সাক্ষি** সাক্ষ্য । -ক্ষী নয় । < সাক্ষ্য ।
**সাক্ষিগোপাল** -ক্ষী- নয় ।
**সাগাঁ, ফ্রাঁসোয়াজ** Françoise Sagan জন্ম 1935. ফরাসি লেখিকা ।
**'সাগর থেকে ফেরা'** প্রেমেন্দ্র মিত্রের কাব্য (১৯৫৬) ।
**সাঙ্কেতিক** দ্র **সাংকেতিক** ।
**সাঙ্খ্য** দ্র **সাংখ্য** ।
**সাঙ্গোপাঙ্গ** । 'সাঙ্গপাঙ্গ' নয় ।
**সাজসরঞ্জাম** একটি শব্দ ।
**সাতসকাল** একটি শব্দ ।
**সাতসতেরো** একটি শব্দ ।
**সাত্ত্বিক** শুদ্ধাচারী ; সংযমী ।
**সাথি** সঙ্গী । 'সাথী' নয় । বাংলা শব্দ ।
**সাদাসাপটা** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়, -সাপ্টা নয় ।
**সাধ্যসাধনা** একটি শব্দ ।
**সান্তাইয়ানা, জর্জ** George Santayana 1863-1952. আমেরিকান (জন্মসূত্রে স্পেনীয়) কবি ও দার্শনিক ।
**সান্ত্বনা** -ন্ত- নয় ।
**সান্ত্রি** সেপাই, প্রহরী । < ইং. sentry. -ন্ত্রী নয় ।
**সাপ্‌ফো** Sappho জন্ম আনু. খ্রি.- পূ. 600. গ্রিক কবি ।
**সাবধানী** বিণ. বাংলামতে গঠিত শব্দ, তবে **সাবধানি** বানান অধিকতর সংগত । < সং. সাবধান + বাং. ই ।
**সাবলীল** বিণ. । বি. **সাবলীলতা** ।
**সাবাতিয়ে, পোল** Paul Sabatier 1854-1941. ফরাসি রসায়নবিদ ।
**সাবাস** দ্র **শাবাশ** ।
**সাবেক** বিণ. পুরনো । **সাবেকি** বিণ. সমার্থক শব্দ । -কী নয় ।
**সাবোতাজ** অন্তর্ঘাত । < ফরাসি sabotage. উচ্চারণ সাবোতাঝ্ ।
**সাভারকর, বিনায়ক দামোদর** ১৮৮৩-১৯৬৬ স্বাধীনতা-সংগ্রামী ।
**সামনাসামনি** একটি শব্দ, হাইফেন নয় ।
**সামরিক অভ্যুত্থান** দুটি শব্দ । অনুরূপভাবে, **সামরিক আইন, সামরিক আদালত, সামরিক শাসন** ।
**সামসময়িক** । **সমসাময়িক**-এর শুদ্ধ কিন্তু অপ্র. রূপ ।
**সামান্তরিক** parallelogram. 'সামন্তরিক' নয় ।
**সামিয়ানা** দ্র **শামিয়ানা** ।
**সামিল** দ্র **শামিল** ।
**সামীপ্য** নৈকট্য, সমীপবর্তিতা ।
**'সাম্য'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রবন্ধগ্রন্থ (১৮৭৯) ।
**সাযুজ্য** মিল, সংগতি, সামঞ্জস্য ।
**সায়ন্তন** বিণ. সন্ধ্যাকালীন ।
**সায়মাশ** সায়ংকালের অর্থাৎ বিকালের আহার ।
**সায়াহ্ন** -হ্ণ নয় ।
**সারকিট** circuit. **সারকিউলার** circular. -র্কি- নয় ।

# স

**সারগ্রাহী** বিণ. সারাংশ বা গুরুত্ব বুঝতে সমর্থ। বি. **সারগ্রাহিতা।**

**সারঙ্গি, সারেঙ্গি** সারিন্দা জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। -ঙ্গী নয়।

**সারজন, সারজেন্ট** যথাক্রমে **সার্জন** ও **সার্জেন্ট** দ্র।

**সারণি** ছোট নদী : নির্ঘণ্ট, তালিকা। 'সারণী' শুদ্ধ বিকল্প কিন্তু বর্জনীয়।

**সারথি** রথচালক। কিন্তু **রথী। সারথ্য** রথ চালনা করার কাজ বা বৃত্তি।

**সারবন্দি** -ন্দী নয়।

**সারস্বত সমাজ** দুটি পৃথক শব্দ।

**সারাইয়েভো** Sarajevo. -জেভো নয়।

**সারাজীবন** ক্রি-বিণ. হিসাবে চিরকাল অর্থে একটি শব্দ। অনুরূপভাবে, **সারাদিন, সারাবছর, সারাবেলা, সারারাত, সারাসকাল।** কিন্তু পরের বিশেষ্য শব্দের বিশেষণ হিসাবে **সারা** পৃথকভাবে লেখ্য।

**সারিগান** একটি শব্দ।

**সারেঙ্গি** দ্র **সারঙ্গি।**

**সার্কাস** কিংবা **সারকাস।**

**সার্চলাইট।** 'সারচলাইট' নয়।

**সার্জন** শল্যচিকিৎসক surgeon. কিংবা **সারজন।**

**সার্জেন্ট** পুলিশ কর্মচারী-বিশেষ, sergeant. কিংবা **সারজেন্ট।**

**সার্টিফিকেট** certificate.

**সার্বজনিক** সকলের সঙ্গে সম্বন্ধযুক্ত। উদা.—সার্বজনিক মঙ্গল।

**সার্বজনীন** সকলের জন্য অনুষ্ঠিত, সকলের পক্ষে মঙ্গলজনক এই অর্থে 'সার্বজনীন' প্রচলিত হলেও বর্জনীয়। দ্র **সর্বজনীন।**

**সালংকারা** -ঙ্কা- নয়।

**সালফার** sulphur. 'সলফার' নয়, 'সলফর' নয়।

**সালাক্রু, আরমাঁ** Armand Salacrou জন্ম 1899. ফরাসি নাট্যকার।

**সালিশ** বি. মধ্যস্থ বা মধ্যস্থ ব্যক্তি। **সালিশি** মধ্যস্থতা। -শী নয়, -সী নয়।

**সালু** দ্র **শালু।**

**সাহায্যলাভ** কিংবা **সাহায্য-লাভ** বিশেষ্য। কিন্তু পরে ক্রিয়াপদ থাকলে পৃথক শব্দ হিসাবে লেখ্য। উদা.—সাহায্যলাভে ব্যর্থ। তাঁর সাহায্য লাভ করল।

**সাহিত্যরস** একটি শব্দ। অনুরূপভাবে, **সাহিত্যসভা।** কিন্তু **সাহিত্য সম্মেলন** দুটি শব্দ।

**সিউড়ি** বীরভূম জেলার সদর-শহর। -ড়ী বর্জিত।

**সিউলি** দ্র **শিউলি।**

**সিংহাবলোকন** সিংহের মতো যাবার সময় পিছনে ফিরে ফিরে দেখা ; গৌণার্থে, অতীত ঘটনার পর্যালোচনা, retrospection.

**সিঁদুর** -দূ- নয়। দ্র. **সিন্দূর।**

**সিক** দ্র **শিক।**

**সিঙাড়া** দ্র **শিঙাড়া।**

**সিঙ্গাপুরি** -রী নয়।

**সিটওয়েল, এডিথ** Edith Sitwell 1887-1964 ইংরেজ (মহিলা) কবি।

**সিতাংশু** চাঁদ। < সিত (=শুভ্র) + অংশু। তু. **শীতাংশু।**

**সিদ্ধকাম** একটি শব্দ। অনুরূপভাবে, **সিদ্ধপুরুষ, সিদ্ধমনোরথ।**

**সিনেট** senate শব্দের বাংলা রূপান্তর। কিন্তু প্রতিবর্ণীকরণে মূল ইংরেজি উচ্চারণ অনুসরণ করে **সেনিট** লেখা উচিত।

**সিন্ডিকেট** syndicate.

**সিন্দুক** বড় ও মজবুত বাক্স। 'সিন্ধুক' নয়।

**সিন্দূর** -ন্দু- নয়। কিন্তু **সিঁদুর।**

**সিন্ধি** সিন্ধু প্রদেশ সংক্রান্ত ; সিন্ধু প্রদেশের লোক বা ভাষা। -ন্ধী নয়।

**সিন্ধুঘোটক** একটি শব্দ। অনুরূপভাবে, **সিন্ধুসভ্যতা।**

**সিপাহি** কিংবা **সিপাই।** 'সিপাহী' নয়।

**সিমঁ, ক্লোদ** Claude Simon জন্ম 1913. ফরাসি ঔপন্যাসিক।

**সিমঁ স্যাঁ** দ্র **স্যাঁ-সিমঁ।**

**সিমনঁ, জর্জ** Georges Simenon জন্ম 1903. ফরাসি ঔপন্যাসিক।

**সিলমোহর** < ইং. seal + মোহর (ছাপ)। সীল- নয়। কিংবা **শিলমোহর।**

সিলিং ceiling সী- নয়।
সিলোনে (কিংবা **জিলোনে**), **ইনিয়াৎসিয়ো** Ignazio Silone 1900-1978. ইতালীয় ঔপন্যাসিক। 'ইগনাৎসিয়ো' নয়।
**সিসা, সিসে** lead. < সং. সীস + বাং. আ। সী- নয়।
**সীতা দেবী** ১৮৯৫-১৯৭৪ লেখিকা।
**'সীতারাম'** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস (১৮৮৭)।
**সীবন** সেলাই। সি- নয়।
**সীমন্ত** সিঁথি ; মাথা।
**সীমান্তগান্ধি** দ্র **আবদুল গফফর খান/বাদশা খান**।
**সীসা** দ্র **সিসা**।
**সুঁদুরি** গাছবিশেষ। -রী নয়।
**সুকানি** জাহাজের প্রধান চালক, সারেং। -নী নয়।
**সুকান্ত ভট্টাচার্য** ১৩৩৩-১৩৫৪ বঙ্গাব্দ।
**সুকুমার কলা** দুটি শব্দ। অনুরূপভাবে, **সুকুমার বিদ্যা, সুকুমার শিল্প**। কিন্তু বিশেষণে একটি শব্দ হিসাবে **সুকুমারমতি**।
**সুকুমার রায়** ১৮৮৭-১৯২৩। প্রতিভাধর শিশুসাহিত্যিক, 'আবোল তাবোল', 'হযবরল' প্রভৃতির রচয়িতা।

**সুকুমার সেন** ১৯০০-১৯৯২। ভাষাতাত্ত্বিক।
**সুকৃতি, সুকৃতী** প্রথমটি বিশেষ্য, অর্থ সৎকর্ম ; দ্বিতীয়টি বিশেষণ, অর্থ ভাগ্যবান।
**সুকেশা, সুকেশী** সমার্থক শব্দ। দুয়েরই অর্থ সুন্দর কেশযুক্তা। প্রথমটি সংস্কৃত ব্যাকরণমতে সিদ্ধ, দ্বিতীয়টি বাংলামতে গঠিত।
**সুখলতা রাও** ১৮৮৬-১৯৬৯। শিশুসাহিত্যিক।
**সুখস্বাচ্ছন্দ্য** একটি শব্দ, হাইফেন নয়।
**সুগন্ধ** বি. সুবাস, মধুর গন্ধ, উদা.—বাতাসে সুগন্ধ ভেসে আসে ; বিণ. সুরভিত, সুবাসিত, উদা.—সুগন্ধ কেশতৈল।
**সুগন্ধি** বিণ. (নিজস্ব) সুগন্ধ আছে এমন, উদা.—সুগন্ধি ফুল। বিশেষ্যে প্রয়োগ বিরল।
**সুগ্রাহী** কিংবা **সুবেদী** sensitive (পরি.)।
**সুগ্রীব** -গ্রি- নয়।
**সুচরিতেষু** পুরুষকে সম্বোধন। কিন্তু নারীকে সম্বোধন, **সুচরিতাসু**।
**সুতলি** পাট ইত্যাদি দিয়ে তৈরি সরু দড়ি। সু- বর্জিত, -লী বর্জিত।
**সুদূরপরাহত** একটি শব্দ। অনুরূপভাবে, **সুদূরপ্রসারী**।
**সুধন্বা** শ্রেষ্ঠ ধনুর্ধর ; পুরাণোক্ত রাজাবিশেষ।
**সুধীন্দ্রনাথ দত্ত** ১৯০১-১৯৬০। যশস্বী কবি ও প্রাবন্ধিক, 'তন্বী', 'অর্কেস্ট্রা', 'সংবর্ত', 'স্বগত' প্রভৃতি গ্রন্থের রচয়িতা।
**সুনয়না, সুনয়নী** সমার্থক শব্দ, সুন্দর চোখবিশিষ্টা। প্রথমটি সংস্কৃতমতে গঠিত, দ্বিতীয়টি বাংলা নিয়মে।
**সুনির্মল বসু** ১৯০২-১৯৫৭। ছন্দনিপুণ কবি ও শিশুসাহিত্যিক।
**সুনীতিকুমার চট্টোপাধ্যায়** ১৮৯০-১৯৭৭।
**সুন্নত** মুসলমান পুরুষদের মধ্যে প্রচলিত লিঙ্গত্বক ছেদনের সংস্কার, বর্তমানে যা মুসলমানি নামেও প্রচলিত, circumcision.
**সুন্নি** প্রধান দুটি মুসলমান সম্প্রদায়ের অন্যতম, যারা সুন্না অর্থাৎ পুরনো মুসলিম আইনকে শ্রদ্ধা করে এবং প্রথম দুই বা তিনজন খলিফাকে মানে। মধ্যযুগের সুলতানগণ ও মোগল সম্রাটগণ সুন্নি ছিলেন।
**সুপারিনটেনডেন্ট** superintendent.
**সুপ্রিমকোর্ট** ইংরেজিতে পৃথক দুটি শব্দ হলেও (Supreme Court) বাংলায় একটি শব্দ হিসাবেই লেখ্য। 'সুপ্রীম' নয়।
**সুফি** অতীন্দ্রিয়বাদী মুসলমান ধর্মসম্প্রদায়বিশেষ বা সাধক সম্প্রদায়বিশেষ।
**সুবেদী** sensitive. কিংবা **সুগ্রাহী**।
**সুবোধ ঘোষ** ১৯০৯-১৯৮০।
**সুব্রহ্মণ্য ভারতী** ১৮৮২-১৯২১ দক্ষিণ ভারতীয় সাহিত্যিক, সাংবাদিক ও জাতীয়তাবাদী।
**সুভাষচন্দ্র বসু** ১৮৯৭-১৯৪৫(?)।
**সুমিত্রানন্দন পন্ত** জন্ম ১৯০০। হিন্দি কবি, 'পন্থ' নয়।
**সুমেরুবৃত্ত** একটি শব্দ।
**সুযোগমতো** একটি শব্দ, -মত নয়।

# স

**সুয়োরানি** -রানী নয়, -রাণী নয়।
**সুরঙ্গ,** কিংবা **সুড়ঙ্গ।**
**সুরদাস** ১৪৭৮-১৫৬৩ হিন্দি কবি ও সাধক।
**সুরধুনী** স্বর্গের নদী। -ধুনি নয়।
**সুরভি**[১] সুগন্ধ। **'সুরভী'** অপ্রচলিত বিকল্প বানান।
**সুরভি**[২] কিংবা **সুরভী** পৌরাণিক গাভী, কামধেনু।
**সুরাত** গুজরাতের শহর ও বন্দর। 'সুরাট' Surat-এর ভুল প্রতিবর্ণীকরণ।
**সুরেন্দ্রনাথ ঠাকুর** ১৮৭২-১৯৪০। বিপ্লবী, সমবায় আন্দোলনের অন্যতম পথিকৃৎ, সাহিত্যিক।
**সুরেন্দ্রনাথ দাসগুপ্ত** ১৮৮৭-১৯৫২ দার্শনিক।
**সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সার (রাষ্ট্রগুরু)** ১৮৪৮-১৯২৫।
**সুরেন্দ্রনাথ সেন** ১৮৯০-১৯৬২ ঐতিহাসিক।
**সুরেশচন্দ্র মজুমদার** ১৮৮৮-১৯৫৪ সাংবাদিক, জাতীয়তাবাদী।
**সুরেশচন্দ্র সমাজপতি** ১৮৭০-১৯২১। সাহিত্যসমালোচক।
**সুলুকসন্ধান** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**সুশীলকুমার দে** ১৮৯০-১৯৬৮। সংস্কৃত ও বাংলা ভাষা ও সাহিত্যের যশস্বী গবেষক ও পণ্ডিত।
**সুশোভন সরকার** ১৯০০-১৯৮২ ঐতিহাসিক।
**সুষনি** দ্র **শুষনি।**
**সুষম, সুষমা** প্রথমটি বিশেষণ, অর্থ, সামঞ্জস্যপূর্ণ, সুসংগতিপূর্ণ; দ্বিতীয়টি বিশেষ্য, অর্থ লাবণ্য, সৌন্দর্য। উদা.—সুষম বণ্টন, সুষম খাদ্য; চাঁদের সুষমা।
**সুসংগত** -ঙ্গ- নয়।
**সুহৃৎ, সুহৃদ্, সুহৃদ** বন্ধু, মিত্র। প্রথম ও দ্বিতীয় বানানই সংস্কৃতমতে শুদ্ধ হলেও বাংলায় তৃতীয়টি বহুকাল যাবৎ বহুলপ্রচলিত এবং সেই কারণে গ্রহণীয়।
**সুহৃদ্বর, সুহৃদ্বরেষু।**
**সূক্ত** বেদের ঋক বা স্তোত্র; সৎ উক্তি বা বচন।
**সূক্ষ্ম। সূক্ষ্মাতিসূক্ষ্ম।**
**সূক্ষ্মকোণ** একটি শব্দ।
**সূক্ষ্মবুদ্ধি, সূক্ষ্মশরীর** বিশেষণ হিসাবে একটি শব্দ। সূক্ষ্ম শব্দটি বুদ্ধি ও শরীরের বিশেষণ হলে পৃথক দুটি শব্দ হিসাবে লেখ্য—**সূক্ষ্ম বুদ্ধি, সূক্ষ্ম শরীর।** উদা.—তিনি সূক্ষ্ম শরীর ধারণ করলেন।
**সূচক** index (পরি.)। **সূচক সংখ্যা** index number.
**সূচি, সূচিপত্র।** 'সূচী' ও 'সূচীপত্র' বানানভেদ, তবে বর্জনীয়।
**সূচ্যগ্র।** 'সূচ্যাগ্র' নয়।
**সূর্য সেন,** মাস্টারদা ১৮৯৩-১৯৩৪। সম্পূর্ণ নাম সূর্যকুমার সেন।
**সূর্যকান্ত ত্রিপাঠী,** 'নিরালা' ১৮৯৭-১৯৬১ হিন্দি কবি।
**সূর্যাবর্ত** সূর্যের আবর্তন বা পরিক্রমা।
**সৃক্কণী** ঠোঁটের দুই প্রান্ত, কশ।
**সেইজন্য, সেই জন্য** প্রথমটি অধিকতর সংগত। কিন্তু **সেই থেকে, সেই পর্যন্ত, সেই অবধি।**
**সেইসব** একটি শব্দ।
**সেই সময়** দুটি পৃথক শব্দ হিসাবে লেখ্য।
**সেই হেতু** দুটি শব্দ।
**'সেঁজুতি'** রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ (১৩৪৫)।
**সেঁতসেঁত** কিংবা **স্যাঁতস্যাঁত** এবং **সেঁতসেঁতে** কিংবা **স্যাঁতসেঁতে।** দুই ক্ষেত্রেই দ্বিতীয় বানান সংগততর।
**সেকরা** দ্র **স্যাকরা।**
**সেক্রেটারি** -রী বর্জিত।
**সেখানকার, সেখানের** প্রথমটি মান্য রূপ। দ্বিতীয়টি আঞ্চলিক এবং সেই কারণে সাধারণভাবে বর্জনীয়।
**সেজান, পোল** Paul Cézanne 1839-1906. ফরাসি চিত্রশিল্পী।
**সেজো** পরিবারের মধ্যে জন্মের ক্রম অনুসারে তৃতীয়। **সেজোকাকা, সেজোমামা, সেজোপিসি** ইত্যাদি। কিন্তু **সেজদা।**
**সেনানিবাস** একটি শব্দ। অনুরূপভাবে, **সেনাবাহিনী, সেনাবিভাগ।**

**সেপটিক** septic. 'সেপ্টিক' নয়।
**সেফটিপিন** safety-pin.
**সেবন্তী, সেমন্তী, সেঁউতি** সাদা গোলাপজাতীয় ফুলবিশেষ।
**সেমিকোলন** -কোলোন নয়।
**সেমিফাইনাল** একটি শব্দ। 'সেমি ফাইনাল' নয়।
**সেলসিয়াস** সেন্টিগ্রেডের বদলে বর্তমানে বহুলপ্রচলিত তাপমাত্রার যন্ত্র বা স্কেল। শব্দটি এসেছে উদ্‌ভাবক সুইডিশ জ্যোতির্বিদ Anders Celsius (1701-1744)-এর নাম থেকে।
**সৈনাপত্য, সেনাপতিত্ব** সেনাপতির পদ বা কাজ। প্রথমটি সংস্কৃতমতে গঠিত শব্দ। দ্বিতীয়টি সংস্কৃতে অলভ্য কিন্তু বাংলায় নির্দোষ ও ব্যবহারযোগ্য।
**সৈন্যপরিচালনা** একটি শব্দ।
**সৈন্যাধ্যক্ষ**। 'সৈনাধ্যক্ষ' নয়।
**সৈয়দ আহমদ খান, সার** ১৮১৭-১৮৯৮ উনিশ শতকে ভারতে মুসলিম সাংস্কৃতিক ও সামাজিক জাগরণের নেতা।
**সৈয়দ মুজতবা আলী** দ্র **মুজতবা আলী**।
**সোক্রাতেস, সক্রেটিস** Socrates প্রথমটি বিখ্যাত গ্রিক দার্শনিকের (470?—399 B.C.) গ্রিক উচ্চারণানুসারী প্রতিবর্ণীকরণ, দ্বিতীয়টি ইংরেজি উচ্চারণানুসারী বানান।
**সোনার পাথরবাটি** -'পাথর বাটি' নয়।
**সোনালি** -লী নয়।
**সোফোক্লেস** Sophocles 496?—406 B.C.গ্রিক নাট্যকার।
**সোমপ্রকাশ** দ্বারকানাথ বিদ্যাভূষণ সম্পাদিত সাপ্তাহিক (১৮৫৮)।
**সোয়েটার** sweater. 'সোএটার' নয়।
**সোস্যুর, ফ্যর্দিনাঁ দ্য** Ferdinand de Saussure 1857-1913. সুইস (ফরাসিভাষী) ভাষাবিজ্ঞানী।
**সৌজন্য-বিনিময়** একটি শব্দ, হাইফেন বাঞ্ছিত।
**সৌজন্য-প্রকাশ** বিশেষ্য হিসাবে হাইফেনযুক্ত একটি শব্দ। উদা.—সৌজন্য-প্রকাশে বিলম্ব হল না। পরে করা ইত্যাদি ক্রিয়াপদ থাকলে হাইফেন আবশ্যিক নয়। উদা.—সৌজন্য প্রকাশ করতে দ্বিধা করলেন না।
**সৌজন্য সাক্ষাৎ** দুটি শব্দ, অসংলগ্ন সমাস।
**সৌম্যেন্দ্র**। 'সৌমেন্দ্র' নয়।
**সৌরজগৎ** একটি শব্দ।
**সৌরমাস** একটি শব্দ। কিন্তু **সৌর বৎসর**।
**সৌরীন্দ্রমোহন ঠাকুর, সার** ১৮৪০-১৯১৪ বিষ্ণুপুর ঘরানার সংগীতজ্ঞ ও সংগীততাত্ত্বিক।
**সৌহার্দ, সৌহার্দ্য** দুইই শুদ্ধ, বৈকল্পিক। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত। **সৌহৃদ্য** সমার্থক শব্দ, কিন্তু অপেক্ষাকৃত কম প্রচলিত।
**স্খলন** পতন, বিচ্যুতি, বিপথগমন। বিণ. **স্খলিত**।
**স্খালন, দোষস্খালন** দুটিই ভুল শব্দ। দ্র **ক্ষালন**।
**স্টকহলম** Stockholm.
**স্টারলিং**[১] starling. পাখিবিশেষ।
**স্টারলিং**[২] sterling. ব্রিটিশ মুদ্রা। 'স্টার্লিং' নয়।
**স্টিম** steam. স্টী- নয়।
**স্টিমার** steamer. স্টী- নয়।
**স্টুডিয়ো** studio. ষ্টু- নয়, -ডিও নয়।
**স্টেশন** ষ্টে- বর্জিত।
**স্টোর** store. ষ্টো-বর্জিত।
**স্টোরস** stores. ষ্টো- নয়, -র্স নয়।
**স্ট্রিট** street. ষ্ট্রী- নয়, স্ট্রী- নয়।
**স্ট্রেচি, লিটন** Lytton Strachey 1880-1932. ইংরেজ লেখক ও জীবনীকার। 'স্ট্র্যাচি' নয়।
**স্ট্র্যাটোস্ফিয়ার** stratosphere.
**স্তন্যজীবী** -বি নয়।
**স্তাল, মাদাম দ্য** Madame de Stael 1766-1817. ফরাসি লেখিকা, প্রকৃত নাম Anne-Louise Germaine Necker.
**স্তিমিতনেত্র** বিশেষণে একটি শব্দ, অর্থ স্তিমিত নেত্রযুক্ত। কিন্তু 'যে নেত্র স্তিমিত' এই অর্থ হলে দুটি পৃথক শব্দ। উদা.—তার স্তিমিত নেত্র তার মনের ভাব বুঝিয়ে দিল।
**স্তুতি**। কিন্তু **স্তূয়মান** স্তুতি করছে এমন।
**স্তূপ, স্তূপাকার**। কিন্তু **স্তূপীকৃত**।
**স্তূয়মান** দ্র **স্তুতি**।
**স্ত্রীআচার** হাইফেন অপ্রয়োজনীয়।
**স্ত্রীচরিত্র** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।

# স

অনুরূপভাবে, **স্ত্রীজাতি, স্ত্রীধর্ম, স্ত্রীভূমিকাবর্জিত, স্ত্রীরোগ, স্ত্রীলিঙ্গ, স্ত্রীসংসর্গ।**
**স্থাণু** -নু নয়।
**স্থায়িত্ব,** কিন্তু **স্থায়ী।**
**স্থায়ীভাবে** বাংলায় নির্দোষ। **স্থায়িভাব** সংস্কৃতানুগ।
**স্থিতাবস্থা** status quo.
**স্থিরনিশ্চয়** বিশেষণে একটি শব্দ। অনুরূপভাবে, **স্থিরনেত্র, স্থিরপ্রতিজ্ঞ।**
**স্থিরীকরণ।** বিণ. **স্থিরীকৃত।**
**স্থূল, স্থূলকোণ। স্থূলবুদ্ধি** বিণ.।
**স্নায়ুদৌর্বল্য** একটি শব্দ।
**স্নেহবন্ধন** একটি শব্দ। অনুরূপভাবে, **স্নেহস্পর্শ।**
**স্নেহাশিস** -স্ অপ্রয়োজনীয়, 'স্নেহাশীষ' নয়।
**স্পলডিং, অ্যালবার্ট** Albert Spalding 1883-1953. আমেরিকান সংগীতস্রষ্টা।
**স্পষ্টীকৃত** বিণ.। বি. **স্পষ্টীকরণ।**
**স্পিকার** speaker, Speaker. স্পী- নয়।
**স্পিনোজা, বেনেডিক্ট** Benedict Spinoza 1632-1677. ওলন্দাজ (ডাচ) দার্শনিক।
**স্পেংলার, অসভাল্ট** Oswald Spengler 1880-1936. জার্মান দার্শনিক। ইংরেজিমতে **অসওয়ালড।**
**স্পেনডার, স্টিভন** Stephen, Spender জন্ম 1909. ইংরেজ কবি। 'স্টিফেন' নয়, 'স্পেন্ডার' নয়।
**স্পেশ্যাল প্রোটেকশন গ্রুপ** দ্র **এস পি জি।**
**স্পোর্টস** sports.
**স্পোর্টিং শু** sporting shoe. 'স্পোরটিং' নয়।
**স্ফটিক** স্ফ- নয়।
**স্ফর্ৎসা, কার্লো** Carlo Sforza 1873-1952. ইতালীয় রাজনীতিবিদ।
**স্ফুটন, স্ফুটনাঙ্ক, স্ফুটনোন্মুখ।** স্ফূ- নয়।
**স্ফুরণ** কম্পন; প্রকাশ। স্ফূ- নয়। বিণ. **স্ফুরিত।** উদা.—স্ফুরিত অধর।
**স্ফূর্তি** স্ফু- নয়। কিন্তু **ফুর্তি।**
**স্বকপোলকল্পিত** একটি শব্দ। অর্থ, নিজের মনগড়া।
**স্বখাতসলিল** একটি শব্দ।
**স্বচ্ছতা, স্বচ্ছসলিলা।**
**স্বচ্ছদৃষ্টি** বিশেষণ, স্বচ্ছ দৃষ্টিযুক্ত। কিন্তু যে দৃষ্টি স্বচ্ছ এই অর্থে **স্বচ্ছ দৃষ্টি।**
**স্বচ্ছন্দ** বিণ. সহজ।
**স্বচ্ছল** দ্র **সচ্ছল।**
**স্বতঃস্ফূর্ত** বিসর্গ আবশ্যিক, -স্ফু- নয়।
**স্বত্ব** অধিকার। স- নয়। -ত্ত নয়, -ত্ত্ব নয়। **স্বত্বভোগী, স্বত্বাধিকারী।**
**স্বদেশী আন্দোলন** দুটি শব্দ।
**স্বপক্ষ** নিজ পক্ষ বা দল। এই অর্থে 'সপক্ষ' ভুল। দ্র **সপক্ষ।**
**'স্বপ্নপ্রয়াণ'** দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ (১৮৭৫)।
**স্বপ্নে-দেখা, স্বপ্নে-পাওয়া** বিশেষণে হাইফেন আবশ্যিক। উদা.—স্বপ্নে-দেখা রাজকন্যা, স্বপ্নে-পাওয়া ওষুধ।
**স্বভাব-অনুযায়ী** বিশেষণে হাইফেন আবশ্যিক।
**স্বভাবগম্ভীর** বিশেষণ, অর্থ স্বভাবতই গম্ভীর। একটি শব্দ।
**স্বভাবচরিত্র** একটি শব্দ।
**স্বয়ংক্রিয়** automatic.
**স্বয়ংবর।** 'স্বয়ম্বর' প্রচলিত হলেও অশুদ্ধ।
**স্বয়ম্ভর** self-supporting.
**স্বয়ম্ভু, স্বয়ম্ভূ** দুইই শুদ্ধ, বিকল্প বানান।
**স্বর্ণময়ী দেবী** ১৮৫৫-১৯৩২।
**'স্বর্ণলতা'** তারকনাথ গঙ্গোপাধ্যায়ের উপন্যাস (১৮৭৩)।
**স্বল্পমেয়াদি** short-term বিশেষণ। -দী নয়।
**স্বস্ত্যয়ন** -স্ত্য- লক্ষণীয়।
**স্বাক্ষর** দ্র **সাক্ষর**
**স্বাচ্ছন্দ্য** বিশেষ্য, স্বচ্ছন্দতা। সা- নয়।
**স্বাধীনতা আন্দোলন** দুটি শব্দ। অনুরূপভাবে, **স্বাধীনতা সংগ্রাম।** কিন্তু **স্বাধীনতাহীনতা** একটি শব্দ।
**স্বামী** কিন্তু **স্বামিত্ব।**
**স্বামী অভেদানন্দ** ১৮৬৬-১৯৩৯। দার্শনিক ও ধর্মতত্ত্বজ্ঞ।
**স্বামীজি** -জী নয়, -মি- নয়।
**স্বামী দয়ানন্দ** দ্র **দয়ানন্দ সরস্বতী।**

**স্বামী বিবেকানন্দ** ১৮৬৩-১৯০২।

**স্বায়ত্ত** নিজ অধিকারভুক্ত। **স্বায়ত্তশাসন** নিজের পরিচালনা। সা- নয়, -ত্ত্ব নয়, -ত্ব নয়।

**স্বাস্থ্যকেন্দ্র** একটি শব্দ। অনুরূপভাবে, **স্বাস্থ্যনিবাস, স্বাস্থ্যপালন**।

**স্বাস্থ্যোদ্ধার** -স্থো- নয়।

**স্বেচ্ছাচারী** বিণ.। বি. **স্বেচ্ছাচারিতা**।

**স্বেচ্ছানুবর্তী** বিণ.। বি. **স্বেচ্ছানুবর্তিতা**।

**স্যাঁৎ-ব্যভ্‌, শার্ল** Charles Auguste Sainte-Beuve 1804-1869. ফরাসি লেখক।

**স্যাঁ-সিমঁ, কঁৎ দ্য** Comte de Saint-Simon 1760-1825 ফরাসি চিন্তাবিদ ও সমাজতন্ত্রী। সম্পূর্ণ নাম Claude-Henri de Saint-Simon.

**স্যাঁতস্যাঁত**। কিন্তু **স্যাঁতসেঁতে**। স্যাঁৎ- নয়, 'স্যাঁতস্যাঁতে' নয়।

**স্যাকরা**। 'সেকরা'-র অধিকতর সংগত বানান। স্ত্রীলিঙ্গে **স্যাকরানি**।

**স্রোতস্বিনী**। 'স্রোতঃস্বিনী' নয়।

**স্রোতহীন, স্রোতোহীন** দ্বিতীয়টি সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী গঠিত, প্রথমটি বাংলামতে গঠিত এবং বাংলায় নির্দোষ।

**স্লেট** slate. 'শ্লেট' নয়

**স্লোগান** slogan. 'শ্লোগান' নয়।

◆

**হইচই**। 'হৈচৈ' নয়।

**হইহই**। 'হৈহৈ' নয়।

**হকিকত** বিবরণ ; সঠিক বিবরণ। -ৎ নয়।

**হজরত মোহম্মদ** দ্র **মোহম্মদ**।

**হদিশ** -স নয়।

**হনহন** হসন্ত অপ্রয়োজনীয়। **হনহনিয়ে**। 'হন্‌হনিয়ে' নয়।

**হপকিনস, জেরাল্ড ম্যানলি** Gerald Manley Hopkins 1844-1889. ইংরেজ কবি।

**হবচন্দ্র, হবুচন্দ্র** দুইই লেখা যেতে পারে। দ্বিতীয়টি অধিকতর প্রচলিত। **হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী**।

**হয়তো** -ত নয়।

**হয়রান** -ণ বর্জিত।

**হরতুকি**। 'হর্তুকি' নয়। -কী নয়।

**হরকত** বাধা। -ৎ নয়।

**হরপ্রসাদ শাস্ত্রী, মহামহোপাধ্যায়** ১৮৫৩-১৯৩১।

**হরবকত** কিংবা **হরবখত** -ৎ নয়।

**হরিচরণ বন্দ্যোপাধ্যায়** ১৮৬৭-১৯৫৯। 'বঙ্গীয় শব্দকোষ' প্রণেতা।

**হরিৎ, হরিত** বি. বিণ. প্রচলিত অর্থ অনুজ্জ্বল সবুজ। কিন্তু সংস্কৃতে অনুজ্জ্বল হলুদ অর্থও হয়।

**হরিদাস সিদ্ধান্তবাগীশ, মহামহোপাধ্যায়** ১৮৭৬-১৯৬১ সংস্কৃত পণ্ডিত।

**হরিনাথ দে** ১৮৭৭-১৯১১ বহুভাষাবিদ পণ্ডিত।

**হরিশ্চন্দ্র** পৌরাণিক রাজাবিশেষ। 'হরিশচন্দ্র' নয়।

**হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়** ১৮২৪-১৮৬১ সমাজসেবক ও সাংবাদিক, Hindu Patriot এর সম্পাদক।

**হরিসংকীর্তন** একটি শব্দ, -সঙ্কীর্তন নয়।

**হরিহর আত্মা** দুটি শব্দ। 'হরিহরাত্মা' না লেখাই সমীচীন।

**হরীতকী** বিকল্প বানান নেই। চলিত ও কথ্য **হরতুকি**।

**হর্টিকালচার** horticulture. অল্প জায়গায় ফলফুল ইত্যাদি ফলানো।

**'হর্ষচরিত'** সপ্তম শতকে বাণভট্ট রচিত সংস্কৃতগ্রন্থ।

**হলডেন জে বি এস** John Berdon Sanderson Haldane 1892-1964 ভারতে অভিবাসনকারী বিশ্ববিখ্যাত জীববিজ্ঞানী। 'হ্যালডেন' নয়।

**হস্তচ্যুত** -চ্যূত নয়।

**হাইগেনজ, ক্রিস্টিয়ান** Christian Huygens 1629-1695 ওলন্দাজ গণিতবিদ ও

পদার্থবিজ্ঞানী।
**হাইড্রলিকস** hydraulics. **হাইড্রলিক প্রেস** hydraulic press.
**হাইড্রো-ইলেকট্রিক** hydro-electric জলবিদ্যুৎ (পরি.)।
**হাইড্রোক্লোরিক অ্যাসিড** hydrochloric acid. **লবণাম্ল** (পরি.)।
**হাইড্রোস্ট্যাটিকস** hydrostatics. তরল পদার্থের স্থিতিশক্তি-সংক্রান্ত বিজ্ঞান, **ঔদস্থিতিবিদ্যা** (পরি.)।
**হাউসম্যান, অ্যালফ্রেড** Alfred Housman 1859-1936 ইংরেজ কবি ও সমালোচক।
**হাঁকড়ানো** -ন নয়।
**হাঁড়ি** রন্ধনপাত্রবিশেষ। চন্দ্রবিন্দু অপরিহার্য।
**হাঁপ** কিংবা **হাঁফ**। কিন্তু **হাঁপাত, হাঁপাল, হাঁপাচ্ছে**। -ফা- নয়।
**হাঁসিয়া** কিংবা **হাঁসুয়া** কাস্তের মতো অস্ত্রবিশেষ। কথ্য **হেঁসো**।
**হাঁসুলি** কণ্ঠহারবিশেষ। 'হাসুলি' নয়।
**হাঘরে**। 'হাগরে' নয়।
**হাক্সলি, অলডাস** Aldous Huxley 1894-1963. ইংরেজ সাহিত্যিক। 'হাক্সলে' নয়।
**হাঙর**। 'হাঙ্গর' নয়।
**হাঙ্গামা** -ঙা- নয়, 'হ্যাঙ্গামা' নয়।
**হাজারদুয়ারি** একটি শব্দ।
**হাড়কৃপণ** একটি শব্দ। কথ্য **হাড়কিপটে**।
**হাড়গোড়** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়।
**হাড়জিরজিরে** কিংবা **হাড়-জিরজিরে**।
**হাড়পাকা** একটি শব্দ, হাইফেন অপ্রয়োজনীয়। অনুরূপভাবে, **হাড়ভাঙা, হাড়জ্বালানো, হাড়হদ্দ, হাড়হাভাতে**।
**হাড়ি** অনুন্নত বর্ণের হিন্দু। চন্দ্রবিন্দু নয়।
**হাড়ে-হাড়ে** ক্রি-বিণ. হাইফেন বাঞ্ছিত।
**হাতি**। 'হাতী' বর্জিত।
**হাতুড়ি** -ড়ী বর্জিত।
**হাতে-নাতে** কিংবা **হাতেনাতে**।
**হাতে-পায়ে** হাইফেন বাঞ্ছিত। উদা.—হাতে-পায়ে ধরা।
**হান্ডেল, জর্জ ফ্রিডারিক** George Frideric Handel 1685-1759. জার্মান সংগীতস্রষ্টা। প্রকৃত নাম **গেয়র্ক ফ্রিডরিখ হান্ডেল**।
**হাফ-আখড়াই** কিংবা **হাফ আখড়াই**।
**হাফ-গেরস্ত** হাইফেন বাঞ্ছিত।
**হাবশি** আবিসিনিয়ার অধিবাসী বা কাফরি। -শী নয়, -সী নয়।
**হাবিয়া দোজখ** মুসলিমমতে সপ্তম নরক।
**হাবেলি** কিংবা **হাভেলি** বড় ইমারত বা পাকা ঘরবাড়ির শ্রেণী। -লী নয়।
**হামেশা** -সা বর্জিত।
**হাম্বির** সংগীতের রাগিণীবিশেষ। 'হম্বির' নয়, 'হম্বীর' নয়, 'হাম্বীর' নয়, 'হামির' নয়।
**হায়দরাবাদ**। 'হায়দ্রাবাদ' নয়, 'হায়দারাবাদ' নয়।
**হায়দরাবাদি** বি. বিণ.। -দী নয়।
**হারমনি** harmony. 'হার্মনি' নয়।
**হারমোনিয়াম** -র্মো- নয়।
**হারাকিরি** hara-kiri, পেট চিরে আত্মহত্যা করার জাপানি প্রথা।
**হারিকেন**। 'হ্যারিকেন' নয়।
**হার্ডি, টমাস** Thomas Hardy 1840-1928. কিংবা **হারডি**। 'থমাস' নয়।
**হার্ডিং, লর্ড** Lord Hardinge 1858-1944. ভারতে ব্রিটিশ ভাইসরয়। 'হার্ডিঞ্জ' নয়।
**হার্দ** কিংবা **হার্দ্য**। বি. হৃদ্যতা ; বিণ. আন্তরিক।
**হার্দিক** বিণ. হৃদয়ঘটিত ; আন্তরিক। 'হার্দ্যিক' নয়।
**হার্ভি, উইলিয়াম** William Harvey 1578-1657 ইংরেজ চিকিৎসাবিজ্ঞানী ও শারীরবিজ্ঞানী। 'হার্ভে' নয়।
**হালাক** কিংবা **হাল্লাক**। ধ্বংস, সর্বনাশ ; হয়রানি।
**হালি** চাষি ; মাঝি। 'হালী' নয়।
**হাসপাতাল** হাঁস- নয়।
**হাস্যকৌতুক** একটি শব্দ।
**হিউম, অ্যালান অক্টেভিয়ান** Allan Octavian Hume 1829-1912 ভারতে ব্রিটিশ সিভিলিয়ান।
**হিউজ, টেড** Ted Hughes জন্ম 1930. ইংরেজ

কবি।

**হিউস্টন** Houston আমেরিকার শহর। 'হাউস্টন' নয়, 'হুস্টন' নয়।

**হিচড়ানো** চন্দ্রবিন্দু অপরিহার্য। উদা.—টেনে-হিঁচড়ে নিয়ে যাওয়া।

**হিকমত** ক্ষমতা। -ৎ নয়।

**হিকি, জেমস** James Augustus Hicky 1728-1802. Bengal Gazette-এর প্রতিষ্ঠাতা।

**হিজরি** হজরত মোহম্মদের মক্কা থেকে মদিনা যাবার দিন থেকে অর্থাৎ ৬২২ খ্রিস্টাব্দ থেকে যে অব্দ শুরু হয়েছে। 'হিজরী' নয়।

**হিতাকাঙ্ক্ষী**।

**হিতৈষণা, হিতৈষা** সমার্থক শব্দ। উদা.—দেশহিতৈষণা, দেশহিতৈষা।

**হিন্দু-মুসলমান** হাইফেন আবশ্যিক।

**হিন্দুমেলা** ১৮৬৭ সালে নবগোপাল মিত্র, রাজনারায়ণ বসু প্রমুখের চেষ্টায় প্রবর্তিত।

**হিমানী**। -নি নয়।

**হিমেনেথ, হুয়ান রামোন** Juan Ramon Jimenez 1881-1958 স্পেনীয় কবি।

**হিম্মত** -ৎ নয়।

**হিসাবি** -বী নয়।

**হুগলি** -লী নয়।

**হুজ্জত** -ৎ নয়।

**হুমবোল্ট, ভিলহেলম ফন** Wilhelm von Humboldt 1767-1835. জার্মান চিন্তাবিদ, মনীষী ও ভাষাতত্ত্বের অন্যতম পথিকৃৎ।

**হুমায়ুন কবির** ১৯০৬-১৯৬৯ কবি ও সমালোচক।

**হুলস্থুল**, কথ্য **হুলুস্থুল**। -স্থুলু নয়, -স্থূল নয়।

**হুশাক, গুস্টাফ** Gustav Husak জন্ম 1913. চেখ রাজনীতিবিদ।

**হৃৎকম্প, হৃৎকমল, হৃৎপিণ্ড, হৃৎস্পন্দন**।

**হৃদ্‌যন্ত্র, হৃদ্‌রোগ**।

**হৃষীকেশ** -ষি- নয়, ঋষি- নয়।

**হেডমাস্টার** একটি শব্দ। অনুরূপভাবে, **হেডপণ্ডিত, হেডক্লার্ক**। কিন্তু **হেড অফিস**।

**হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়** ১৮৩৮-১৯০৩। 'বৃত্রসংহার কাব্য', 'চিন্তাতরঙ্গিণী' প্রভৃতি কাব্যের রচয়িতা।

**হেমচন্দ্র রায়চৌধুরি** ১৮৯২-১৯৫৭ ঐতিহাসিক।

**হেমাঙ্গ বিশ্বাস** ১৯১২-১৯৮৭।

**হেমেন্দ্রকুমার রায়** ১৮৮৮-১৯৬৩।

**হেয়ার, ডেভিড** David Hare 1775-1842 স্কটিশ ব্যবসায়ী, ভারতপ্রেমিক ও বিদ্যোৎসাহী।

**হেস্টিংস, ওয়ারেন** Warren Hastings 1732-1818 ভারতে ব্রিটিশ গভর্নর-জেনারেল।

**হোঁদল কুতকুত** -কুৎকুৎ নয়।

**হোক** হউক। 'হক' নয়, 'হ'ক' নয়।

**হ্যাংলামি**। 'হেংলামি' নয়।

**হ্যাঁচকা**। 'হেঁচকা' নয়। অনুরূপভাবে, **হ্যাঁচড়ানো**।

**হ্যাজলিট, উইলিয়াম** William Hazlitt 1778-1830. ইংরেজ প্রাবন্ধিক।

**হ্যাজাক** অতি উজ্জ্বল বাতিবিশেষ। অন্য নাম **পেট্রোম্যাক্স**। এগুলি বাজারি নাম।

**হ্যামশায়ার** Hampshire. হ্যাম্প- নয়।

**হ্যালহেড, ন্যাথানিয়েল ব্র্যাসি** Nathaniel Brassy Halhed 1751-1830. ভারতে বসবাসকারী ইংরেজ, A Grammar of the Bengal Language (1778)-এর রচয়িতা। 'হালহেদ' নয়, 'হালহেড' নয়।

# পরিশিষ্ট ১

## বিরামচিহ্নের ব্যবহার

মুখের ভাষায় শব্দের উচ্চারণে তীক্ষ্ণতা বা মৃদুতা, দৃঢ়তা বা কোমলতা প্রভৃতি থেকেই বক্তার মনোভাব বা উদ্দেশ্য বোঝা যায়। বক্তার সুর ও স্বরক্ষেপণের রীতি বা কৌশল থেকেই বক্তব্য বোঝা যায়। কিন্তু লিখিত ভাষায় সেই সুর ধরা পড়ে না। তাই লিখিত ভাষায় লেখকের বক্তব্য নির্দিষ্টভাবে বা যথাযথভাবে উপস্থিত করার জন্য বিরামচিহ্নের প্রয়োগ হয়। বাংলায় নানা ধরনের বিরামচিহ্ন ব্যবহৃত হয়। সবগুলিকে যথার্থ বিরামচিহ্ন বলা যায় না। কোনো-কোনো ক্ষেত্রে শুধু বিরামের জন্য বা যতির জন্য নয়, শব্দ বা বাক্য প্রয়োগের সুবিধার জন্যও কিছু লিখনরীতি উদ্‌ভাবিত হয়েছে। বাংলায় ব্যবহৃত এইসব চিহ্নের মধ্যে আছে ঊর্ধ্বকমা, কোলন, কমা, সেমিকোলন, পূর্ণচ্ছেদ বা দাঁড়ি, হাইফেন, ড্যাশচিহ্ন, বন্ধনী, প্রশ্নচিহ্ন, বিস্ময়বোধক চিহ্ন, বক্রাক্ষর বা ইটালিকস, অধোরেখাঙ্কন বা আন্ডারলাইনিং, তরঙ্গরেখা বা তিলদে, বিন্দুচিহ্ন, উদ্ধৃতিচিহ্ন প্রভৃতি। এখানে প্রধান কয়েকটির প্রয়োগরীতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করা হল।

### ক. পূর্ণচ্ছেদ বা দাঁড়ি

গঠনগতভাবে পূর্ণচ্ছেদ বা দাঁড়ি একটি বাক্যের সমাপ্তি নির্দেশ করে। যে-বাক্য প্রশ্নসূচক নয়, যে-বাক্য বিস্ময়বোধক নয় তার সমাপ্তি হবে দাঁড়ি দিয়ে। সাধারণভাবে বলা যায় বিবৃতিমূলক, নির্দেশাত্মক, অনুজ্ঞাসূচক বাক্য দাঁড়ি দিয়ে শেষ করতে হয়।

উদাহরণ—

(ক) ভদ্রলোক বোধহয় খুবই ক্লান্ত।

(খ) 'আধুনিক ভাষায় তর্জমা করলে ব্যাপারটা দাঁড়ায় তিনি আফগানিস্তান থেকে আসাম পর্যন্ত তৎকালীন নিখিলভারত এবং তার উপর তিব্বত ও মধ্য-এশিয়াও জয় করেছিলেন'।

সংক্ষিপ্ত নাতিদীর্ঘ এবং অতিদীর্ঘ বাক্য দাঁড়ি দিয়ে সমাপ্ত হতে পারে। তবে যেহেতু অতিদীর্ঘ বাক্য পাঠকের কিছু অসুবিধার কারণ হতে পারে, তাই একটি অতিদীর্ঘ বাক্যকে ভেঙে দাঁড়ি ব্যবহার করে দুই বা ততোধিক বাক্যে লেখাই অধিকাংশক্ষেত্রে সংগত। শুধু মনে রাখতে হবে যে বাংলায় পরোক্ষ প্রশ্ন (indirect question) বা পরোক্ষ বিস্ময় (indirect exclamation) থাকলে সেসব ক্ষেত্রেও প্রশ্নচিহ্ন ও বিস্ময়বোধক চিহ্নের বদলে দাঁড়ি ব্যবহার্য।

উদাহরণ—

(গ) বুঝতে পারছি না লোকটা কোথায় গেল।

(ঘ) খুলে বল তো তোমার মনের কথাটা কী।

(ঙ) ভেবে অবাক হতে হয় কত সহজে সে কাজটা করে ফেলল।

এই তিনটি বাক্য বিবৃতিমূলক। গ ও ঘ বাক্যে প্রচ্ছন্ন প্রশ্ন আছে বটে। সেইজন্যই এগুলিকে পরোক্ষ প্রশ্ন বলে। তবে যেহেতু সেই প্রশ্নই প্রধান নয় বা প্রধান বাক্যাংশ নয় তাই এসব ক্ষেত্রে দাঁড়ি দিতে হবে। ঙ বাক্যেও অনুরূপভাবে প্রচ্ছন্ন বিস্ময় থাকলেও প্রধান বাক্যাংশ বিবৃতিমূলক—ভেবে অবাক হতে হয়।

### খ. কমা

বাংলা বাক্যরীতিতে কমা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কিন্তু প্রায়ই অপব্যবহৃত বিরামচিহ্ন। কমার যথার্থ প্রয়োগগুলি নিম্নরূপ—

১. বাক্যের মধ্যে স্বাভাবিক বিরতির স্থানে কমার প্রয়োজন হয়,

(ক) পরে যখন আমি পত্রিকাটি হাতে পেলাম, তখন আমার ভুল ভাঙল।
(খ) তাঁর এক হাতে বই, অন্য হাতে কলম।

২. বাক্যের মধ্যে একাধিক বিশেষ্য বিশেষণ প্রভৃতি পদের বিবৃতির ক্ষেত্রে কমা,
(ক) ছেলেটি সৎ, কর্মঠ এবং যুক্তিবাদী।
(খ) সে নিয়ে এল গাছের ডাল, ফুল, পাতা আর ঝুড়ি।

৩. বাক্যের কিংবা বাক্যাংশের শুরুতে অবশ্য, পক্ষান্তরে, নতুবা ইত্যাদি সাপেক্ষবোধক বা শর্তজ্ঞাপক শব্দ থাকলে,
(ক) পক্ষান্তরে, সে যে নির্দোষ সে বিষয়ে কেউই নিশ্চিত নয়।

৪. সম্বোধনপদের পরে কমা,
(ক) হে ভগবান, কোথায় তুমি।
(খ) যতীন, তুমি কি তাকে একথা বলেছ ?

৫. বাক্যের মধ্যে প্যারেনথেসিস বা ব্যাকরণগত সংযোগহীন অংশকে পৃথক করতে কমা,
(ক) আমরা দুপুরে, শুধু দুপুরেই বা কেন, রাতেও, সেখানে যাই।

৬. বাক্যে পরোক্ষ উক্তির পর প্রত্যক্ষ উক্তি থাকলে পরোক্ষ উক্তির পরে কমা,
(ক) তিনি এগিয়ে এসে বললেন, 'তাই হোক'।
(খ) তাকে বললাম, 'ওকথা আমি বলিনি'।

৭. বড় সংখ্যা লিখতে কমার ব্যবহার হয়। সুবিধাজনক ও বর্তমানে প্রচলিত নিয়ম হল কোটি, লক্ষ, সহস্র প্রভৃতির পরে কমা,
(ক) ৬৪,০৬৭
(খ) ৪৩,৬০,৯১২
(গ) ৬,৫৩,৮৪,৫৩২

## গ. হাইফেন

বাংলায় হাইফেন নানাভাবে নানা প্রয়োজনে ব্যবহৃত হয়।

১. অনুগামী শব্দে (tag words) এবং অনুকার শব্দে হাইফেন,
(ক) বাসন-পত্র গুছিয়ে রাখা।
(খ) টাকা-পয়সা হাতে তেমন নেই।

২. দুটি বিশেষ্যপদের দ্বন্দ্ব সমাসে হাইফেন,
(ক) বাবা-মা ছেলের মঙ্গলই চাইবেন।
(খ) এত রাতে বাস-ট্রাম পাওয়া যাবে না।

৩. অন্যত্র সমাসবদ্ধ পদে হাইফেন,
(ক) কবি-প্রতিভার উন্মেষ।
(খ) শরৎচন্দ্র-বর্ণিত কাহিনী।

৪. দুইয়ের বেশি শব্দ মিলিত হয়ে একটি শব্দ গঠন করলে হাইফেন,
(ক) হারিয়ে-যাওয়া-মানিকের মতো।
(খ) সদ্য-ঘুম-থেকে-ওঠা শিশু।

৫. যেখানে সন্ধি সম্ভব নয় বা অবাঞ্ছিত বা অনুচিত সেখানে হাইফেন,
(ক) এক মহা-উৎসবে মেতেছে।
(খ) বজ্র-আঘাতে ভেঙে দাও।

৬. যৌগিক ক্রিয়া বিশেষণ হিসাবে ব্যবহৃত হলে,
(ক) ঘুম-পাওয়া চোখে তাকানো।
(খ) শেষ-হয়ে-আসা নাটক

৭. শব্দের দ্বিত্ব করে ক্রিয়া-বিশেষণ করতে,

(ক) আস্তে-আস্তে এগিয়ে যাও।
(খ) পায়ে-পায়ে চলল।
(গ) মানুষে-মানুষে ভেদাভেদ।

৮. বহুবর্ণযুক্ত দুটি শব্দের সমাস হলে হাইফেন ব্যবহার করা সংগত,
(ক) ক্ষত্রিয়কুলসুলভ-নিয়মপালন।
(খ) 'ফলভারে অবনত, এবং পুংস্কোকিল-সমাকুল'।

৯. দুই বা ততোধিক নাম-বিশেষ্যের দ্বন্দ্ব সমাসে হাইফেন,
(ক) 'ভীষ্ম-দ্রোণ-কর্ণও তা পারেননি।'

১০. দুইয়ের বেশি পদের সমাসে হাইফেন,
(ক) 'বহু-বৃক্ষ-লতা-গুল্ম-সমাকীর্ণ এই বনে'।
(খ) ধর্ম-অর্থ-কাম-মোক্ষ।

## ঘ. সেমিকোলন

দাঁড়ি যেমন পূর্ণচ্ছেদ, কমা যেমন বাক্যে স্বল্প বিরতির জন্য ব্যবহৃত, সেমিকোলনও তেমনি এক বিরামচিহ্ন, ওই দুইয়ের মাঝামাঝি। কমার চেয়ে বেশি কিন্তু দাঁড়ির চেয়ে কম বিরাম হলে সেমিকোলন ব্যবহৃত হয়।

১. দুটি স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে প্রায়ই সেমিকোলন দিয়ে তাদের যুক্ত করতে হয়,
(ক) এ বিষয়ে কোনও মন্তব্য করতে চাই না ; আর তা শুনবেই বা কে ?
(খ) যা কিছু শুভ তারই পক্ষে তিনি ; যা কিছু অশুভ তারই বিরুদ্ধে।

২. বাক্যের বাক্যাংশগুলি যখন যদিও, নতুবা, নয়তো, তা ছাড়া, পক্ষান্তরে, উপরন্তু, এইভাবে ইত্যাদি সংযোজক অব্যয় দিয়ে যুক্ত হয় তখন তাদের মাঝে সেমিকোলন বসে,
(ক) আমরা যা চেয়েছি তাই তারা দিয়েছে ; কাজেই তাদের অনুরোধ উপেক্ষা করা যায় না।
(খ) সে মোটেই তোমাকে অপমান করেনি ; বরং তুমিই তাকে কটুকথা বলেছ।

৩. নাম, পদ, গুণ ইত্যাদির শ্রেণিবিভাগের সময় একই শ্রেণিভুক্ত বিষয়গুলিকে সেমিকোলন দিয়ে একত্র করা হয়,
(ক) ছাগল, গোরু, মোষ ; বক, সারস ; বাঘ, সিংহ।
(খ) বইপত্র, কালি, কলম ; ঘড়ি, চশমা, বোতাম।

৪. অভিধান ইত্যাদিতে নানান সমার্থক শব্দকে ঈষৎ ভিন্নার্থক শব্দ থেকে কিংবা ভিন্ন অর্থগুলিকে পৃথক করবার জন্য সেমিকোলনের ব্যবহার,
(ক) অক্ষ=পাশা ; মেরুকেন্দ্ররেখা ; গ্রহের পরিভ্রমণ পথ।
(খ) কঠোর=কঠিন, দৃঢ় ; নিষ্ঠুর।

৫. বাক্যের এক অংশে বক্তব্য অস্পষ্ট বা অসম্পূর্ণ থাকলে তাকে পরবর্তী অংশে স্পষ্ট বা সম্পূর্ণ বা বিশদ করার জন্য সেমিকোলনের ব্যবহার,
(ক) তিনি বিচিত্রকর্মা ; কত দিকে যে তাঁর কর্মকাণ্ড প্রসারিত তার ঠিক নেই।
(খ) আজ থাক ; আজ আমি বড় ক্লান্ত।

## ঙ. কোলন

•কোলনের দুটি প্রয়োগ বিশেষভাবে স্মরণীয়।

১. বাক্যের কোনো অংশে বক্তা উদাহরণ হিসাবে ব্যক্তি বস্তু ইত্যাদির কথা বললে সেই ব্যক্তি বা বস্তুর নাম বিবৃত করতে হলে কোলনের ব্যবহার হয়,
(ক) যাঁদের কথা বলতে চাই তাঁরা হলেন : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ ঠাকুর এবং রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।

(খ) তিনটি রং বাতিল করা হল : গাঢ় সবুজ, কমলা এবং লাল।

২. উদ্ধৃতির আগে কোলনের ব্যবহার হয়,

(ক) ক্লান্ত কণ্ঠে তিনি বললেন : 'আমি এখন একটু বিশ্রাম চাই। দয়া করে আমাকে উত্তেজিত করবেন না।'

(খ) দিব্যেন্দু হঠাৎ বলে উঠল : 'ঈশ্বর আছেন, না নেই ?'

## চ. ড্যাশচিহ্ন

১. বাক্যে বিবৃতি সম্পূর্ণ করতে বা বিশদ করতে ড্যাশের ব্যবহার,

(ক) তিনটি 'ক' হল—কালি, কলম, কবিতা।

(খ) তারা চলল উত্তরদিকে—অর্থাৎ দিঘির দিকে।

২. প্যারেনথেসিসে কমা বা বন্ধনীর পরিবর্তে ড্যাশ ব্যবহৃত হয়,

(ক) তাঁরা সবাই মিলে—না, ভুল হল, অনেকে মিলে—ওইদিকে ছুটে গেল।

(খ) স্পষ্টই বোঝা গেল—অন্তত আমার তাই ধারণা—তারা আমাদের বিপক্ষে।

৩. বাক্য অসম্পূর্ণ রাখতে হলে ড্যাশ ব্যবহৃত হয়,

(ক) একথা বলেছিলাম কারণ আমি—।

(খ) আপনার মনের কথা বুঝেছি। তবু—।

## ছ. ঊর্ধ্বকমা

বাংলায় ঊর্ধ্বকমার প্রয়োগের ক্ষেত্র খুবই সীমিত। লুপ্ত বা বর্জিত বা অনুক্ত বর্ণের ক্ষেত্রে ঊর্ধ্বকমা অনাবশ্যক। কোনো কোনো অসমাপিকা ক্রিয়ায় ঊর্ধ্বকমা দেওয়া কেউ কেউ পছন্দ করলেও তাও অনাবশ্যক। বাংলায় কেবল শতাব্দকে অঙ্কে লেখার সময় সংক্ষেপ করার প্রয়োজনে ঊর্ধ্বকমা দেওয়া যেতে পারে,

(ক) ১৫ আগস্ট '৪৭।

(খ) ৩০ এপ্রিল '৯৩।

## জ. বিস্ময়চিহ্ন

বাক্যটি বিস্ময়সূচক হলে তবেই বিস্ময়চিহ্ন ব্যবহৃত হবে। যেমন,

(ক) কী আরাম !

(খ) অবাক কাণ্ড, সব গেল কোথায় !

অবশ্য দুঃখ, বেদনা, আবেগ ইত্যাদির প্রকাশেও বিস্ময়চিহ্ন ব্যবহৃত হয়ে থাকে।

## ঝ. প্রশ্নচিহ্ন

প্রধানত দুটি ক্ষেত্রে প্রশ্নচিহ্নের ব্যবহার সীমিত রাখা উচিত।

১. বাক্যটি প্রশ্নাত্মক হলে,

(ক) কে এগুলো এখানে রেখেছে ?

(খ) তুমি এখনই যাবে না কি ?

২. কোনো বক্তব্য সম্পর্কে কিংবা বক্তব্যের কোনো অংশ সম্পর্কে বক্তার সন্দেহ থাকলে সেই অংশের পর প্রশ্নচিহ্ন,

(ক) জনৈক ছাত্রদরদি (?) শিক্ষক।

(খ) সভায় হাজার পঞ্চাশেক (?) লোক হয়েছিল।

পরোক্ষ প্রশ্নে প্রশ্নচিহ্ন ব্যবহার করা উচিত নয়।

(ক) তিনি জানেন না ছেলে কোথায় কী করছে।

(খ) ভেবে পাই না সে কী করে এত কাজ করে।

এ ক্ষেত্রে প্রশ্নগুলি পরোক্ষ। মূল বাক্য সদর্থক বিবৃতিতে রয়েছে। তাই এখানে প্রশ্নচিহ্ন হবে না।

## ঞ. উদ্ধৃতিচিহ্ন

উদ্ধৃতিচিহ্ন (ইংরেজিতে quotation marks বা quotes) দুই রকমের—একটি বা দুটি উদ্ধৃতিচিহ্ন ব্যবহার করা যায়। সচরাচর বাক্যের মধ্যে উক্তি বোঝাতে দুটি এবং বাক্যের অন্তর্গত কোনো একটি শব্দে কেবল একটি উদ্ধৃতিচিহ্ন প্রয়োগ করা হয়। উদ্ধৃতিচিহ্ন ব্যবহারের নিয়মগুলি নিম্নরূপ,

১. বাক্যের মধ্যে কারও উক্তি হুবহু নির্দেশ করতে হলে অর্থাৎ প্রত্যক্ষ উক্তিতে (Direct Speech বা Narration) উদ্ধৃতিচিহ্ন,
   (ক) তাঁকে প্রশ্ন করতেই তিনি বলে উঠলেন, "না, আমি যাইনি।"
   (খ) সে ক্ষোভের সঙ্গে বলল, "আমি তার আচরণে বিরক্ত।"

২. কোনো বাক্যের মধ্যে একটি শব্দ, গ্রন্থ ইত্যাদির উল্লেখ থাকলে উদ্ধৃতিচিহ্ন,
   (ক) 'গোরা' উপন্যাস এক নিঃশ্বাসে পড়ে ফেলার নয়।
   (খ) লেওনার্দো দা ভিঞ্চির 'মোনালিসা' 'লা জকন্দা' নামেও পরিচিত।

৩. বাক্যের অন্তর্গত কোনো শব্দকে বিশেষভাবে লক্ষণীয় করে তুলতে হলে, বিদ্রূপে এবং শব্দবিশেষে বিশেষ গুরুত্ব দিতে হলে,
   (ক) হাত দেখে কে যেন বলেছিল সুদিন আসবে। এই কি সেই 'সুদিন' ?
   (খ) 'প্রবন্ধ' কথাটা বাংলা অর্থে বলিনি, হিন্দি অর্থে বলেছি।

৪. উদ্ধৃতির মধ্যে উদ্ধৃতি থাকতে পারে। সে ক্ষেত্রে তিনটি উদ্ধৃতিচিহ্ন (triple quotes) ব্যবহার করা প্রয়োজন হয়,
   (ক) "রাজকন্যা তখন নির্ভয়ে এগিয়ে এসে বলল, 'তুমি কোন দেশের রাজপুত্র ?'"

৫. একাধিক অনুচ্ছেদ উদ্ধৃতির মধ্যে থাকতে পারে। সেক্ষেত্রে উদ্ধৃতি শুরুর জায়গায় উদ্ধৃতিচিহ্ন থাকবে। এবং পরের অনুচ্ছেদের শুরুতে আবার উদ্ধৃতিচিহ্ন থাকবে। যেখানে উদ্ধৃতি শেষ হচ্ছে সেখানে উদ্ধৃতি-শেষের চিহ্ন থাকবে। যেমন,

   "দুর্বল দেহে তিনি হেঁটে চললেন। তৃষ্ণায় কাতর, পা অবসন্ন। তবু চলতেই হবে।

   "প্রায় একঘণ্টা এইভাবে চলবার পর তিনি যেখানে এসে উপস্থিত হলেন সেই জায়গাটির নাম যোশীমঠ।

   "কিন্তু তাঁর যাত্রাশেষ এখনও হয়নি। তবে আপাতত এখানে দুদিন থাকা যাবে।"

# পরিশিষ্ট ২

## অনুচ্ছেদের নিয়ম

গল্প-প্রবন্ধ ইত্যাদিতে অনুচ্ছেদ রচনার গুরুত্ব অনুপেক্ষণীয়। বিশেষত প্রবন্ধাদিতে বক্তব্যকে কতকগুলি অনুচ্ছেদে বিভক্ত করলে তাতে লেখকের উদ্দিষ্ট অর্থ সহজেই পাঠকের পক্ষে বোধগম্য হয়। সাধারণত একটি মূল ভাবই একটি অনুচ্ছেদে থাকে। ভিন্ন যুক্তি কিংবা ভিন্ন ভাব ভিন্ন অনুচ্ছেদেরই উপজীব্য হওয়া উচিত। অনুচ্ছেদ রচনা সম্বন্ধে দুটি নিয়ম বিশেষভাবে লক্ষ করতে হবে—

১. প্রতিটি অনুচ্ছেদের শুরুতে কিছুটা জায়গা ছেড়ে লিখতে হবে। একে বলা হয় ইনডেন্ট বা প্যারা-ইনডেন্ট। মুদ্রাকরের ভাষায় ১ এম (1 em), যার চিহ্ন □।

২. যেখানে প্রবন্ধটির শুরু সেখানেও প্যারা-ইনডেন্ট দেওয়া এক সময় প্রচলিত ছিল। কিন্তু বর্তমানে প্রবন্ধ শুরুর জায়গায় প্যারা-ইনডেন্ট না দিলেও চলে।

# পরিশিষ্ট ৩

## দিন-তারিখ লেখার নিয়ম

দিন তারিখ বছর লেখার কয়েকটি নিয়ম পালন করা উচিত।

১. সাধারণ গদ্যরচনায় অঙ্কে ১লা, ২রা, ৩রা, ৪ঠা লেখা চলবে না। সেক্ষেত্রে পয়লা দোসরা তেসরা চৌঠা লিখতে হবে।

২. তারিখ মাস ও বছর লেখা হবে এই ক্রমে—লিখব ৭ বৈশাখ ১৩৯৮। কিন্তু বলব সাতই বৈশাখ তেরোশো আটানব্বই।

লিখব ৫ মার্চ ১৯৯৩। কিন্তু বলব পাঁচই মার্চ উনিশশো তিরানব্বই।

এসব ক্ষেত্রে কমা অনাবশ্যক।

৩. পাশাপাশি দুটি সংখ্যা থাকলে, অর্থাৎ তারিখ ও বছর থাকলে কমা দিয়ে তাদের আলাদা করতে হবে—

বৈশাখ ৭, ১৩৯৮

৪. শতাব্দকে সংক্ষেপে লিখতে হলে শেষ দুটি সংখ্যা লিখতে হবে এবং তার আগে অনুক্ত বা ঊহ্য দুটি সংখ্যার জন্য একটি ঊর্ধ্বকমা (উলটো নয়) থাকবে—'৯২, '৯৩, '০১, '০

# পরিশিষ্ট ৪

## পঙ্‌ক্তির শেষে শব্দ ভাঙার নিয়ম

মুদ্রিত গ্রন্থে পঙ্‌ক্তি বা লাইনের শেষে একটি শব্দকে ভেঙে পরের পঙ্‌ক্তি বা লাইনে নিয়ে যাওয়ার দরকার হতে পারে। কিন্তু শব্দ ভাঙার কোনো সুনির্দিষ্ট নিয়ম বাংলায় নেই। ইংরেজিতে শব্দ ভাঙার ক্ষেত্রে কতকগুলি নিয়ম আছে, যথা সিলেবল অনুযায়ী ভাঙা, সাফিক্স বা প্রিফিক্স অনুযায়ী ভাঙা, ইত্যাদি। বাংলায় সিলেবল অনুযায়ী ভাঙা যায় না। কেননা সেক্ষেত্রে বানানকে বদলাতে হয়, যেহেতু বাংলায় যুক্তাক্ষরের প্রাচুর্য রয়েছে। প্রথমে বলা যাক কীভাবে শব্দ ভাঙা যায় না—

১. তিন চার পাঁচ বা তার বেশি অক্ষরযুক্ত কোনো শব্দকে এমনভাবে ভাঙা চলবে না যাতে একটি লাইনের শুরুতে একটি অক্ষর থাকবে। এম/ন, বিপ/দ—এভাবে ভাঙা যাবে না।

২. কোনো ভাঙা শব্দ যেন পরের লাইনে যুক্তাক্ষর দিয়ে শুরু না হয়। নীলা/ম্বুধি, কল/ঙ্কজনক—এভাবে ভাঙা যাবে না।

এবারে শব্দ ভাঙার নিয়মগুলি বিবৃত হল—

১. ভাঙা শব্দের প্রতিটি অংশে অন্তত দুটি অক্ষর থাকবে—কলম/দানি, নেত্র/রোগ, আম/গাছ।

২. সমাসের দুটি পদের মাঝখানে ভাঙা যাবে যদি তাতে শব্দের অর্থবোধ ব্যাহত না হয়—চিন্তা/জনক, পথ/প্রান্তে, ক্ষুৎ/পিপাসা, শোক/সাগর।
কিন্তু শোকা/কুল নয়, দৈবা/নুগ্রহ নয়।

৩. যেসব শব্দ স্বাভাবিকভাবেই দুটি অংশে বিভজনীয় সেগুলিকে সেইভাবে ভাঙা যাবে—আঁশ/ফল, হাঁড়ি/মাটি, গজর/গজর, গণ্ডে/পিণ্ডে, আতালি/পাতালি, আকচা/আকচি।

৪. যেসব চার বা পাঁচ বা ততোধিক অক্ষরযুক্ত শব্দ অর্থের দিক থেকে দুই ভাগে বিভজনীয় না হলেও ধ্বনির দিক থেকে অর্থাৎ সিলেবলের দিক থেকে ভাঙা যায়, সেগুলিকে ভাঙা যাবে—আক/কুটে, আতু/পাতু, ছিট/কিনি।

৫. হাইফেনযুক্ত শব্দ ভাঙতে হলে হাইফেনটি পরের লাইনের শব্দের সঙ্গে গেলেই ভালো, যথা—উলটি/-পালটি, কল্পি/-কল্পনা।

৬. ভাঙা শব্দের প্রথম অংশের শেষে সব সময়ই একটি হাইফেন বসবে—উলটি-/-পালটি, গণ্ডে-/পিণ্ডে, পথ-/প্রান্তে ক্ষুৎ-/পিপাসা।
যেখানে এক লাইনের শেষে এবং পরের লাইনের গোড়ায় দুই জায়গাতেই হাইফেন থাকবে সেখানে বুঝতে হবে শব্দটি হাইফেনযুক্ত।

৭. একটি লাইনের শেষে একটি অক্ষর থাকতে পারে, যার বাকি অংশ পরের লাইনে। সেক্ষেত্রে দুটি অংশের স্বাভাবিক বিভাগ থাকা চাই—স্ব/জাতি, স্ব/জাতীয়, প্র/জাতি।

আনন্দবাজার পত্রিকা
ব্যবহারবিধি গ্রন্থমালা

# বাংলা : কী লিখবেন, কেন লিখবেন

শব্দপ্রয়োগের ব্যাপারে কোনও সমস্যা দেখা দিলে আনন্দবাজার পত্রিকার সম্পাদকীয় বিভাগের কর্মীরা যার সাহায্য নেন, সেই নির্দেশাবলি এখানে বর্ণানুক্রমিক পাওয়া যাচ্ছে। শুধু সাংবাদিকদের জন্য নয়, বাংলা ভাষায় যাঁরাই কিছুমাত্র লেখালেখি করেন, সংশয় নিরসনের এই বই তাঁদের সবার জন্য।

*"হাতের কাছে থাকবে, যখনই মনে কোনো দ্বিধা উপস্থিত হবে, নির্দেশ খুঁজব।"* ডঃ ভবতোষ দত্ত

মাত্র ২০ মাসে এ-বই প্রায় ২২ হাজার কপি ছাপতে হয়েছে।



9 788172 152444